ধর্ম-গীতী।

রচয়িত্রী—— শ্রীমতী প্রমীলা সুন্দরা মিত্র

প্রকাশক— শ্রীমতী স্বর্গপ্রভা মরিক >ম ছইতে ২২শ কর্মা প্যারি প্রেসে শ্রীহীরেন্দ্রনাথ সরকার দার। ৩২।৭ বিডন ট্রাট্

অবশিষ্ট কর্মা স্কুদর্শন যন্ত্রালয় ৮০ বেচুচ্যাটার্জ্জি ট্রাট্ হইতে শ্রীবীরেন্দ্রকুমার দে ধারা মুদ্রিত।

নিবেদন।


ে অকালে তুইটি জামাতা রক্ত হারাইয়া আমার প্রমারাধ্যা জননী স্বর্গপতা প্রমীলা স্থলরী মিত্র অত্যস্ত কাতরা হইয়া পড়েন এবং প্রমার্থ লাভের আশায় ১৩২৫ সালের বৈশাধ মাসে অক্ষয় ভূতীয়া দিবসে গৃহ পরিত্যাপ করিয়া ৺জাহুবীভটে—প্রথমে কামারহাটীতে ও তৎপরে যতদিন জীবিত ছিলেন বরাহনগরে—
যাইয়া বাস করেন। ১৩৩৬ সালে ৫ই প্রাবণ তিনি পরলোক গ্রমন করেন।

শেংসার ত্যাপ করিয়া অবধি তিনি পৃদ্ধাদি লইয়াই সময় অতিবাহিত করিতেন। অবসর পাইলেই মনে যখন যে ভাবের উদয় হইত তাহা তথনই কবিতার আকারে লিপিয়া যাইতেন।) এরপ অনেক লিখিয়াছিলেন, সেই সকল কবিতা যতদ্র পাওয়া গিয়াছে সংগ্রহ করিয়া তাঁহার পুণ্য স্থতিতে এবং আত্মীয় স্বন্ধন গবের পাঠার্থে কয়েকটা মাত্র প্রকাশ করা হইল।

মৃলে মৃদ্রান্ধনের অভিপ্রায়ে কবিতাগুলি লেখা হয় নাই এবং শুদ্ধান্তদির লক্ষ্য রাখিতে লেখিকার চিস্তার সময় ছিল না। স্তরাং কোন কোন স্থানে রচনার বৈগুণ্য দেখা ঘাইতে পারে। তাহ। উপোক্ষা করিয়া পাঠক এই কবিতাসমূহ সাদরে গ্রহণ করিলে আমার চেষ্টা সার্থক মনে করিব।

এই স্থানে বিশেষ উল্লেখ যোগ্য যে এই পুত্তক মূজাকন কার্য্যে শ্রীযুক্ত গিরীক্ত বিহারী দত্ত বি, এল্ ও শ্রীমান্ গোপিক। রঞ্জন মিত্র এম্, বি, বিশেষ সাহায্য করিয়াছেন, উহাদের ঐকান্তিক যত্নও পরিশ্রম বিনা আমার পক্ষে এ কার্য্য সম্পন্ন করা ত্রহ হইত।

ভবানীপুর ৫ই সেপ্টেম্বর ১৯৩২। শ্ৰীকৰ্ণপ্ৰভা মল্লিক।



স্চিপত্র।

বিষয়		બુ ક્રો
ন্তব ও বন্দনা	•••	>09
প্রার্থনা		9 b—8b
কীৰ্ত্তন	•••	83-48
স্থো ত্র	•••	ee—e &
শ্ৰদাঞ্জলি	•••	৫9—৬৫
আনন্দোচ্ছ্বাস	•••	৬৬
গুণকীর্ত্তন	•••	৬৭
শোকোচ্ছ্বাস	•••	৬৮১৩৬
শুভবিবাহোৎসব	•••	১৩ ৭—১ ৭৬
শুভকামনা	•••	১ ৭৭—8৩ ৬
•		

खव ७ वन्मना ।

বিষয়			পৃষ্ঠা
অন্নপূৰ্ণা পূজা	•••	•••	ં
কাৰ্ত্তিক পূজা	•••	•••	29
কালী পূজা	•••		>4
গুরুপ্রণাম	•••	•••	>
গোষ্ঠবিহার	•••	•••	24
জগদ্ধাত্ৰী পূজা	•••	•••	>9
জন্মান্টমী	•••	•••	9

বিষয়			भृ ष्ठे।
দশহর\	•••	•••	৬
ত্বৰ্গাপূ <u>জা</u>	•••	•••	>>
দোলযাত্ৰা	•••	•••	وه
ফুলদোল	•••	•••	೨
বাসন্তী পূজা	•••	•••	⊍ 8
বিজয়া দশমী	•••	•••	১ २, ১८
বৈকুণ্ঠ চতুর্দ্দশী	•••	•••	٤5
মনসা পূজা	•••	•••	> 0
রাধাফমী	•••	•••	৯
রাসলীলা	•••	•••	૨૨
লক্ষ্মীপূজা	•••	•••	২৫, ৩৬
লীলাবতী পূজা	•••	•••	৩৭
শিবরা ত্রি	•••	•••	೨۰
শ্যামাপূজা	•••	•••	20
ষষ্ঠীপূ জ া	•••	•••	••
সাবিত্ৰীব্ৰত	•••	•••	8
সরস্বতীপৃঞা	•••	•••	२१, २৮
	প্রার্থনা	1	
গঙ্গাবন্দনা	•••	•••	85
গীতি	•••	•••	৩৮, ৩৯
নৃতনদিনের প্রার্থনা		•••	80
পরমহংসদেবের জনে	াৎসব	•••	80
প্রভাত বর্ণনা	•••	•••	8३

8¢

স্প্তির সৌন্দর্যা

কীৰ্ত্তন।

বিষয়			পৃষ্ঠা
নববর্ষের আবাহন	•••	•••	88
প্রাতঃ প্রণাম	•••	•••	લ ર
বসস্ত উপহার	•••	•••	¢ 8
বিশ্বেশ্বরায় নমঃ	•••	•••	¢>

ভোত্ৰ।

স্তোত্র ... ১০০ ৫৫, ৫৬

শ্রদ্ধাঞ্জলি।

কামারহাটি	•••	•••	Cr
চরণ বন্দনা (স্বর্গীয়	পিতা ও য	দাতার)	৬8
ভক্তি-উপহার			
স্বৰ্গীয় দাদামহ	াশয় ও ঠাকু	রমার উদ্দেশে	હ ર
নকাকা মহাৰ	য়ের প্রতি		હર
সন্ধি স্থাপন দিনে ক	ৰ্য্যে অবস	র	e 9

षानत्माञ्चाम ।

বিষয়			পृष्ठे।
রাঁচি হইতে সপরিবা	রে স্থস্থ	শরীরে নকাকা	বাবুর
প্রত্যাগমনে আনন্দ	•••	•••	৬৬
	গুণকী	ার্ভন ।	
গুণকীৰ্ত্তন (স্বৰ্গীয়া	নক া কি	মার) •••	৬৭
G	শাকো	চ্ছ্বাস।	
ব্যক্তি			ગુ ષ્ટે
চারুচন্দ্র দে	• • • •	•••	৬৮
জ্বয় হুৰ্গা (বৌমা)	•••	. •••	> 8
দেবেন্দ্রনাথ (মল্লিক)	•••	>>
নলিনী বালা	•••	•••	ఎం
ভূপেন্দ্ৰ নাথ	•••	•••	১२৯, ১৩২
রবি চাঁদ	•••	***	92-20
শরৎকুমারী	•••	•••	558, 55 6
শরৎচন্দ্র (বস্থ)	•••	•••	>0>
সতীশ নন্দিনী	•••	•••	నల
সরলাবালা	•••	•••	27
স্থনীলচন্দ্ৰ (বুড়ো)	•••	•••	>09
সে জ কাকিমা	***	***	১২৬
সোঁৱেন্দ্ৰ নাথ (খোৰ	(19		228. 222

শুভবিবাহোৎসব

ব্যক্তি			नु क्षेत
অনাথ	•••	•••	>49
অমিয় বালা (খুকু)		•••	১৬ १ — ১ ৭৬
প্ৰেমলতা (বীণা)	•••	•••	১৬৫
বিপেন্দ্র নাথ (শুকুর)		•••	১৫৪, ১৫৬
লক্ষীমণি (শান্তি)		•••	260
শচীন্দ্রনাথ	•••	•••	509
শোভারাণী		•••	১৬১
স্থারাণী	•••	•••	>8> − >৫৩
ন্মেহলতা (রাণু)		• • •	১৫৯
(9	ভকামনা		

অব্দিতকুমার (প্রকাশ	মণি)		
শেঠের। পূজা	•••	•••	299
ষদ্মী পূজা	•••	••	540
মাতার কোলে নিজ	গৃহে গমন	•••	24.3
नववर्षत्र जानीर्वान		•••	२৮8.
অ রপ্রাশন	•••	•••	২৮৬
বিজ্যায় আশীৰ্কাদ	•••	•••	২৮৭
অমিয়বালা (খুকু)	•••	•••	२२७, २२६
ইন্দুপ্রভা (রাণী)	•••	•••	۷•>
উর্ণ্মিলা	•••	•••	১৯৯

ব্য ক্তি			शृ ष्ठे।
কিরণ শশী (ছে	াট বোমা)	•••	74.
কুস্থম কুমারী	•••	•••	२०७
কৃষ্ণগোপাল	•••	•••	>29
शित्रीक नाथ विश	রি	•••	১৮২
গোপিকা রঞ্জন			
সন্ত্ৰীক প্ৰথ	ाम पर्यटन	•••	E.OC.S
ঐ বিজয়া	व नर्गदन	•••	٥٠>
	अग्रनित्न यानीस्त्रान		٥٢٥
বীণাপাণি	র পত্রে উরেখ	•••	ووه
গোপেন্দ্ৰ নাথ			
বিশাত যা	ত্রা	•••	728
-	হইতে প্রত্যাগমন	• • •	;63
*****	পুনৰ্গাত্ৰ৷	•••	५ ०२
ডিল	•••	•••	२०७
निन ठङ्क	•••	•••	599
নীরদ কুমারী	•••	•••	>29
নীহার বালা	•••	•••	२११— २४४
নৃপেন্দ্ৰ নাথ	•••	•••	240
পারালাল	•••	•••	২০৩
প্রফুলকুমারী (পিরু) •••		२०७, २०७
প্রভাত কুমার (ছবিচাঁদ)		
আনন্দ			
জন্ম গ্রহণে		•••	৩২৯
প্রথম দর্শ	ন ি	•••	৩৩৪
প্রার্থনা			
직접 외 시시	ન	•••	چود

ব্যক্তি		পুষ্ঠ!
প্রভাতকুমার (ছবিচাঁদ)		
প্রার্থনা		
কৈলোয়ার গমনে	•••	৩৪৬
क्रमिटन	•••	८०७, ८२১, ८२७
ধুতুরা বীজ ভক্ষণে	•••	७৮१
রো গে		৩৬৯, ৩৭১, ৪১৭
হাতে খ ড়িতে	•••	8 • •
প্রভাসকুমার (রচিচাঁদ)		
জন্ম	•••	৩১৭
অস্বধে		
কৈলোয়ার গমন	•••	৩৪৬
পরে ঝামাপুকুরে পীড়িত অ	বস্থায়	<i>७६७—७७</i> २
প্রভাস চন্দ্র (চারুচন্দ্র মিত্র)		
(देननवाना (मथ)		
বি এল প্ৰীক্ষা	•••	२৮२, २२১
ফণীন্দ্ৰ নাথ ও বীণাপাণি		
আনন্দ		
নব খোকা (ছবি) কোলে	শাক্ষাতে	ಅತಿ
বাকীপুর হইতে আগমনে		
<i>>७</i> २€	•••	950
<i>५७२७</i>	•••	659
205P	•••	৩৫৩
আশীৰ্কাদ ও প্ৰাৰ্থনা		
অফ্থে		
পুত্রবয়ের কারণ কৈলোয়ারে	া প্ৰন	98

ব্যক্তি পৃষ্ঠা ফণীব্দনাথ ও বীণাপাণি আশীর্কাদ ও প্রার্থনা

অহ্বধে

বীণাপাণির ফোড়া ব	কিপুরে ৩৮৩—৩৮৭
- - -	গমাপুক্রে ৩৯৩—৪••
क्यमिटन (वौवाशावि	ার) ৩৩১, ৪২৪
कामादेवधी मित्न	85@
ন্তনদিনে	رده
বাকীপুর গমনে	
১৩২৬	۶۲۵
১৩২৭	৬৬૧
5052	••• Sp 0
> >	855
১৩৩৫	••• 82%
বি জ্ যায়	« ز8
স স্তানপ্রস বে	
প্রভাসকুমার	٠٠٠ ده
প্রভাতকুমার	७३३
হররাণী	•••
মায়ারাণী	٠٠٠ 8 • ۵
প্ত——	
५७२७	••• ৩২২
১৩২৭	•••
১৩২৮ (হ্রব্রা	ণীর পাঁচুটের দিন) ৩৬৫
५७२३	ে ১৮৯
,005	و ده
च र्शनर्थन	••• ৩৪৪
বিজয়েন্দ্ৰ (সোণা)	••• >৯৫

ব্যক্তি			श्रुक्री		
বীণাপাণি (ফণীব্দ্ৰনাথ ও বীণাপাণি দেখ)					
বেলারাণী		•••	২৽৩		
ভূপেক্ৰনাথ ঘোষ		• • •	১৯৯		
মাধবীলতা (হররাণী)					
क्य		4.0	৩৬৩		
পাচ্টে		•••	066		
আটকৌড়ে		•••	৩৬৭		
প্রথম দর্শন		•••	७१७		
৺কালীমাভার বাৰ	না ধারণ	•••	996		
মাধুরী লতা (বেবীরাণী)				
आनीर्का न					
বাকীপুর গমন কা	লে	•••	999		
পত্ৰ——					
७० २৮		•••	96.		
১৩৩২ ইংরাজি সা	লের নৃতন দি	নে	8 • €		
১৩৩৩ মায়ারাণীর	জন্ম সংবাদ	প্রাপ্তে	8 . 4		
মায়ারাণী					
ज न्म		•••	€ • 8		
মীরা (রাঙ্গাবৌমা)		•••	२०७		
মুণালিনী (মিমুরাণী)	•••	•••	745		
যতীন্দ্ৰ নাথ (কান্ডি)	•••	•••	२१৫		
রত্বপ্রভা	•••	२७२,	২৬৪, ২৬৫		
রবীন্দ্র নাথ (শান্তি)	•••	•••	२१১, २१७		
রাধারাণী	•••	•••	১৯৯, ২০১		
শৈলবালা					
পুত্র সন্তানের জন্মও	ঘহণ	•••	299		
———— म डी शका			Shea		

ব্যক্তি					পৃষ্ঠা
শৈলবালা					
নিজাগারে নব গ	ত্ৰ ও কন্তা লইং	য়া গমন	ī	:	२৮२
নববর্ষের আশীর্ক	র্বাদ পত্র	•••			3 8 4 5
পুত্তের অন্নপ্রাশ	न	•••			२৮७
বিজয়ার আশীর্ক	াদ পত্ৰ	•••			२৮१
শ্যামাচরণ				کھر ج	८०५
मगदान नाथ	•••		•••	\$	くとか
সীতাংশু বালা (মেজ	বোমা)		•••	*	৻৽৩
स्थामग्री (स्थातानी)					
অহুথে (নিউমোনিয়া) প্রার্থনা	•••			२२१
আশীর্কাদ পত্র——					
क्रमानिदन		•••		२२२,	৩১১
নববংধর		•••			२ २৮
বিজ্ঞায়		•••		٥٠١,	な。 と
	ণতি সহ আ গম ে	न		ಅಂಲ-	る。の
বীণাপাণির প্র	व উद्भिथ	•••			を
হ্মরেন্দ্রনাথ ও সর্গপ্র	<u>=</u> 1				
অহ্বথে (প্লুরিদী) প্র	ার্থন।	•••			२०৮
আশীৰ্কাদ পত্ৰ					
जन्मिन छे थन	亦				
হ্ম রেন্দ্র	নাথের	•••			580
স্থ ণপ্র	চার	•••		₹ 5•,	२८७
कामाইवर्ध छेन	ল কে	•••			২৩৮
বিজ্ঞায়		•••		२ ১৮,	२७¢
গভবিবাহ ভা	রথ উপলক্ষে	•••			₹8•

ব্যক্তি			পৃষ্ঠা	
স্থরেন্দ্রনাথ ও স্বর্ণপ্রভা				
উচ্চাসন প্রাপ্তি (স্থরেন্দ্র	নাথের)			
ইণ্ডিয়ান কাউন্সিল	মেশ্বর	•••	२२৮	
করপোরেশন চেয়	ারমাান	•••	३२७	
ঐ উপলক্ষে সহরব	াশী কর্তৃক	অভিনন্দন-প	1	
প্রদানোৎসব		•••	223	
বেঙ্গল কাউন্সিল (ম্বর	•••	२५६	
মিনিষ্টার		•••	२२¢	
বিশাত				
——যাত্ৰ া		•••	२ २৮	
——হইতে প্রত্যাগমনের স্বপ্নদর্শন				
——হইতে প্ৰত্যাব	र्छन कात्रव	যাত্রা	₹8₽	
—	वाश्यदन प	শানন্দ	₹€•	
সাক্ষতে আন	न्द	•••	२৫२	
——পুনৰ্যাত্ৰা		•••	26 9	
বায়ু পরিবর্ত্তন কা	রণ গমন			
কারশিয়ং		•••	570	
ভ্যাৰটন গ	Z)	•••	۶ کاد ۶	
স্থাসিনী (খুকী)	•••	•••	১৯৯	
স্বৰ্ণপ্ৰভা (স্থ্যেক্স ও ব	মর্বজ্ঞ ।	मथ)		
শ্বামী	•••		843-895	
হেমপ্রভা (বীণাপাণি	দেখ)			

-

ক্তব ও বন্দনা

জীজীগুরুরে নমঃ

কুপায় কর তে প্রভু গ্রহণ 🕆

অফুলা রতন মোরে দিয়াত করুণা করে এখন সেই নাম জোরে ধরি এ জীবন করিয়া স্লেচ আমারে এই ম। জাক্রবী তীরে আসিয়াভ দ্য়াময় করিতে পাপ মোচন কেমনে করিব স্তুতি তই তীন নারা জাতি এ পাদ পদ্মে থাকে মতি আশীর্কাদ কর দান আজি এ বন কুটীরে শীপদ কমল হেরে জুড়াইল প্রভু মোর আখি ও পরাণ ছয় বধ নাহি হেরি তোমার চরণ তরী অকুল চিম্বায় হয়ে জিলাম মগন কেমনে হুইব পার সামি এ ভব তুম্বর

কুপাময় দিলে তাই তুমি দর্শন

করিতে পাপীর ত্রাণ ভবে তব স্থাগমন

গুরুরূপে ভগবান এসেছ সংসারে

চরণে করি কি দান

কিছু পুণা নাঠি ধন

তাহাতে ব্যাকুল বড় হয়েছি অস্থুরে

তে দেব কর প্রসাদ

পূৰ্ণ হয় মনোসাধ

যেন লাল সাজে ধরা তাজে যাই গেয়ে জয় নাম

সেই দিন দয়াকরে 🔻 এ অধম তনয়ারে

দেখাইও প্রভু তব ও পুণা চরণ

লইওনা অপরাধ

পাই যেন আশীৰ্বাদ

ভব কারাবাস দেব করিও খণ্ডন

চরণ সরোক্তে এই প্রাণ ভরে নিবেদন।

১৩২৯ সাল বরাহ নগর ১১ই আশ্বিন বৃহস্পতিবার

बिबिह्त नीना

বৈশাখী পূর্নিমা আজি রাধা কুঞ্জের ফুল দোল। ভক্তগণ প্রোমানন্দে বলিভেছে হরিবোল হরিবোল। যাইতেছে গ্রীত মনে, শ্রীরাধা কুঞ্চ দরশনে,

যতনে লয়েছে কত নানাবিধ উপহার।
পূজিবে শ্রীকৃষ্ণ রাধা চরণ দোঁহার।
যুগলে তুলিছেন পরিয়া ফুল, হেরিবে ভকত কুল,

প্রফুল্ল করিতে দান ভাষাদের মনে।
তাই ফুলে সেভেছেন কৃষ্ণ আজি শ্রীমতী রাধিক। সনে।
আমি আর কোথা যাব.
ক্ষেনে দর্শন পাব.

হই তব অধম সম্থান।

প্রেম ভক্তি কর দান,

দয়াকরে রাধা শ্রাম.

মনোবাঞ্চা পূর্ণ কর আসি মোর এই বন।
যতনে রেখেছি ফুল সাজাব রাঙ্গা চরণ।
প্রাণিপাত করিতেছি করত গ্রহণ।

সাবিত্তী ব্ৰত প্ৰাৰ্থনা

ভকতি প্রণতি বিভ্ কুপায় কর গ্রহণ
ধর্মরাজ রূপে ভক্তি পূজা আজি লও হে ভগবান্
জ্যৈষ্ঠ মাসে শুভকুফচতুর্জনী উপবাসে অভয় পদ পূজি দিবানিশি
সাধ্বী রূপবালা মা সাবিত্রী পাইয়ে তব বর
প্রাণপতি সভাবানে করিলেন অজয় সমর।
ভিনকুল এ ভ্বনে ইদ্ধারিলেন নিজগুণে
ইহাতে সাবিত্রী নাম সকলেরি মারণে
রহিয়াছে চিরদিন এই মহাভ্যে।
এ অভি কঠিন ব্রত নিয়ম ইহার কত
ছ্থী সবার ভাগো ইহা হয় কি ঘটন প্
চতুর্জনশ বর্ষ পরে হইসে উদ্যাপন।
আমি ভটাশ্রমবাসী কি জানাব হে কালশনী
নাহি ধনপুণারাশি হই সধ্য হলা অক্ষম

গেয়ে যেন নাম জয় যেতে পারি দয়াময় ছেড়ে এই ভব ধাম। তুমি দেব নিজগুণে লাল সাজে ও চরণে দিও স্থান দীন খীনে এই নিবেদন। লও দেবী সাংধী সতী ম। সাবিত্রী ভগবতী পরাই মা সিন্দুর ভূষণ। পতি সতাবান সনে লও অর্থ শ্রীচরণে ভক্তি প্রশাম আজি কর্ত দোঁতে গ্রহণ। বসে আছি মা গঙ্গাতীরে 🏻 এ পদরেণু দিয়া শিরে ञानौर्वाम कत (मरी मान। তোমার সিন্দূর প'রে যাই ভব নদী পারে প্রেমানন্দে গান করে হরির জয় নাম। আজিকার শুভদিনে বিশ্বনাথ কুপাগুণে সাজাতেছি ফুল্লমনে পা তথানি বনফুলে লও নাথ তাহ। তুমি তটাশ্রমে কুতৃহলে।

জ্রীজ্রীদেবী গঙ্গা মায়ের চরণ পূজা

জৈচি মাসে শুক্ল দশমীতে দশহরা পূজা আজি মকর বাহিনী হয়ে এসেছেন গঙ্গা মাতা। জগতের যতজনে সবে আনন্দিত মনে দিয়ে নানা উপহার করিছে পূজা ভোমার কি দিয়ে শ্রীপদ মাগো করিব পুরুন গ গাঁখি প্রেমজলে ভক্তি শ্ৰদ্ধাফুলে ঐ রাঙ্গা পা ভোমার করি গে। সর্চ্চন। হয়ে ফল্লমতি দেবী ভাগীরথী পরাই মা তোমারে সিন্দুরাভরণ পতিতোদ্ধারিণী জাক্তবী জননী কুপা করে ভূমি করত গ্রহণ। অতি দীন হীন হই অকিঞ্ন পাপী তাপী তব তোমার সম্থান পড়ে আছি ছুই বংসর মা তব পদ কমলে দ্যাময়ী দয়া করে লাল সাজে এইবার লও গো কোলে। যুদ্ভি ছুটি হাত করি প্রনিপাত

ত্র অভয় চরণে শৈল স্বতা অধম তন্যা জানিয়া আমারে অকুপা করোনা মাতা।

শ্রীশ্রীহরি সহায়

ভাদ মাসে :লা আজি শ্রীজনাইমী रिवको (पर्वी ठठेरलन खीकुकार्स्स्त जननी। গোলক বিহারী দ্যাস্য হরি করিতে ভাঁহার কারা মোচন আসি ধরা'পরে সুমধ্র স্থার করিলেন তারে আখাস দান "গ্রুবে জননী তব এইবার ছঃখ অবসান" দিপ্রহর রাতে ঝড় রষ্টি বজাঘাতে ঘুমাইছে স্থাপে প্রহরীগণ। হেরি পুত্রধন স্থনীল বরণ কোলে লয়ে দেবী করিছেন রোদন "গাটটি সম্থান করেছে নিধন টের পেলে কংস বধিরে এখন। চুম্বি পুত্র মূখ জীবনে পাইলাম স্থ কেমনে করিব রক্ষণ বাছারে" অমনি কারাগারের দার হইল আপনি উদঘাটন কারাগার আলোকিত হইল তথন।

"শুনগো জননী হইল দৈববাণী গোকুলে বাড়িবে এ পুত্র তোমার কোনও চিন্তা মনে করিওনা আর" ছাড়িতে পুত্র ধন ছঃখিত চটল মন তথাপি তাহার মঙ্গল তরে বস্থাদেবের কোলে দিয়ে বল্লেন "লয়ে যাও যম্নাপারে সেই বুন্দাবনে রেখে নন্দধামে কুশলে তথায় থাকিবে কুমার হউলে স্থুদিন আসিবেক পুন: নয়নতার। তখন তাহারে হেরিব আবার নতুবা মেরে ফেলিবে কংস ত্রাচার।" যমুনা হলো যখন পার বাস্থকী হইলেন কর্ণধার मुंशाल (एशार्य शथ लाय शल नन्म घत জগতজন সকলে মায়া নিজায় কাতর। যশোদার হয়েছিল একটি ক্সাধন পুত্রটি তার বৃকে দিয়ে কন্সারত্ব ভূলে লয়ে বস্তুদেব নিরাপদে কারাগারে করিলেন আগমন।

রাধাষ্টমী ব্রত

জয় জয় জয় জয় দেবী রাধারাণী শরতে আজ পোহাইল শুভ রঙ্গনী শুকু পক্ষেতে হইল শ্রীরাধা অষ্টমী।

জগত জননী তার৷

ভবরাণী হরদারা

প্রেম ভক্তি নরে শিথাইতে হয়ে এলেন রাধামণি, লীলাময় ব্রহ্মপুরে হরির মোহন বংশী স্থারে

ভক্ত সখিগণ সাথে হলেন প্রেম পাগলিনী।

মাগিছে এ দীন কক্স। করগো ত

করগো তারে করুণা

রাধা কৃষ্ণের যুগল পদে হয় যেন প্রেম ভিথারিশী। শেষ দিনে মা গঙ্গাতীরে ঐ রাঙ্গা চরণ দেখাইও মোরে মনেস বন পদ্মে পূজা করে মা ভোমার সিন্দুর প'রে

জয়ানন্দময়ী তারা বলে যেন গো ছাড়ি অবনী,

সভয় পদ কমলে পাই যেন মা স্থান
দাও শাস্তি এই শেষ বাসনা মাগো করিতেছি নিবেদন।
চরণ ধুয়ে প্রেম জলে
সিন্দুর দিতেছি ভালে

প্রেমাঞ্চলি পদতলে করিগো অর্পণ।
আজি ভক্তি প্রণাম গ্রহণ কর হে বৈকুণ্ঠ বাসিনী
জয় জয় করুণাময়ী দেবী রাধারাণী।

শ্রীশ্রীজগন্মাতা মনসা দেবীর স্তব।

ভাত্রের সংক্রান্তি আজি দেবী মনসা রূপে মা হেরিতে সম্ভানগণে আসিয়াছ এই ভবে।

আনন্দে হয়ে মগন নিশায় করি রন্ধন আজ সকলে ঘরে ঘরে করিছে পূজা অরন্ধন, তোমায় পাস্থা দিয়ে সবে শান্থি লয়ে

> থাকিবে মা চিরদিন কুশলে রেখ সকলে শ্রীপদে করি নিবেদন।

এনেছ গো মোরে মত। গঙ্গাতীরে
ধুয়ে দি রাঙ্গা পা আজ মাগো নয়ননীরে
ও পদ্ম চরণে করি প্রেম পুস্পাঞ্জলি দান
সিন্দ্র দিতেছি শিরে লও মা করুণা করে
কুপাময়ী গ্রহণ কর মম ভকতি প্রণাম।

ত্থ্য আর চিঁড়ে মিষ্টি কলা ও চিনির মৃড়কী
ভক্তিভরে তব তরে করিয়া নির্মাল
নিজ করে এনেছি মা পবিত্র জ্লাহ্নবী জল,
শুভদৃষ্টি কর এতে বলিভেছি যোড় হাতে
অক্ষয় শাস্তি চরণে এইবার দাও মা স্থান।

তোমার সিন্দ্র প'রে মা সুরধুনীর অর্দ্ধনীরে জয় দয়াময়ী তারা ব'লে বাহির যেন হয় পরাণ অভয় পদ পক্ষজে মাগো এই শেষ নিবেদন।

শ্ৰীশ্ৰীতুৰ্গা পূজা

তুর্গা নামে তারা হর মনোহরা এসেছ আজি মা অবনী তলে দেবী গঙ্গা তীরে মানস মন্দিরে ব'স মা পৃঞ্জি গো শ্রীপদ কমলে। করি প্রেম জলে এ রাঙ্গা পা কালন প্রেম পুষ্পাঞ্জলি করি মা প্রদান সীমস্থ সিন্দুরে প্রেমানন্দ ভরে দিতেছি জননী করিয়া শোভন। ুপ্ৰেম ফলে মাগো সাজাই জলপানি কুপা দৃষ্টি কর শঙ্করঘরণী প্রেম প্রণিপাত করুণায় মাত: গ্রহণ করহ তুমি।

জগত জননী তুর্গা এসেছেন ভূমগুলে
তাই কি এত শোভা
হেরি মা গঙ্গা,
শরতে নবমাতে তোমার কূলে।
নিতৃইত অস্ত যান
মেঘের আড়ে তপন
কিরণে আজি মরি মরি
কি শোভন হয়েছে তোমার জলো।

তাবার গগনে উঠিল শশী

চাঁদ মুখে হাসি হাসি

ছড়ায়ে জোছনা রাশি

দিতেছে গো সুধা ঢেলে
জগত জননী তুর্গা এসেছেন ভূমগুলে।

মায়ের যত সস্তান

আনন্দে করি সাজন
প্রেমেতে হয়ে মগন

ভাকিছে মা তুর্গা বলে।
আজি পূজার শেষ দিন
প্রভাতে মা যাবেন চলে
লোটায়ে প্রগমি সবে অভয় চরণ তলে।

হইল আজি বিজয়া দশমী
কৈলাসে যাবেন গুগা ভূধর নন্দিনী
নানাবিধ উপহার শুভ আয়োজন হইয়াছে তার
দধি কড়মা খেয়ে মা যাইবেন কৈলাসপুর
মেনকা রাণীর নিরানন্দ মন
নিজহাতে করেছেন আজ মায়ের সাজন।
বংসরেক গুগা শ্বরি তবে ত্রিলোচনা হেরি
তিনদিন হয়েছিল কত শুখী মন
হতেছিল কত পূজার আয়োজন।

মা যাতা বাসেন ভাল তিলে খাজা মোতন ভোগ চিনির পানা ফল ফলারি তরকারী পুচি কচুরি মতিচুর বোঁদে গজা আলু পটল পাঁপড় ভাজা ক্ষীর দধি সন্দেশ আদি মিষ্টার করিয়া যোগ দিতে ছিলেন দিনে তিনবার মায়েরে করিতে ভোগ। আজি হইল ভাঁহাদের বিষাদিত মন লইতে আসিয়াছেন দেব পঞ্চানন মহানন্দে বাস্ত ছিল জগতের জন তিনদিন ম। ছুর্গা তব পূজার কারণ। কৈলাসেতে তুমি আজ করিবে গমন সকলেই হইবেক বিরুস ২দন। এ দীন তন্যা মাগো কি দিবে তোমারে আর দধি চি'ড়ে কলা চিনি মিষ্টি এই শ্রদ্ধা উপহার আজ কুপায় কর শুভদৃষ্টি সকলি দেবী তব সৃষ্টি ঘুচাও মন অরিষ্ট মহাপ্রসাদ করি দান বনবাসী কম্মার মাতা পূর্ণ কর মনস্কাম। বলি মা চরণ ধরে আসিও বংসর পরে পতি পুত্র বধু কন্তা লইয়া সবারে

করাতে আনন্দবর্দ্ধন জগৎবাসীরে।

আজ হ'ল মা তুর্গার শুভ বিজয়া দশমী. শৃন্য ঘর তিনদিন বলিছেন পঞ্চানন অন্ধকার হেরিতেছি আমি। তুর্গারূপে আলো করে আমার কৈলাস ভবন থাকি প্রেমানন্দে মগন, লয়ে পুত্র বধু কন্সাগণ সুয়ে অভি শ্রীত মন সতী নিজ পিত্রালয়ে করেছেন গমন। দিয়াছি আমি উমারে বিদায় তিনদিন তরে ভাবি নাই হবে এত অসহা বেদন. সত্বর বুষভে নন্দী করহ সাজন আনিতে যাইব হৈমবতী কৈলাসরতন। এত বলি মহেশ্বর হুইয়। তংপর সাজিয়া নিজে আনন্দেতে আসিলেন গিরিরাজার ঘর সঙ্গে নন্দী ভূঙ্গী আদি যত সমুচর। আনন্দে গিরিরাজরাণী হেরিয়া ক্লামাতা সাজাইতে লাগিলেন যতনেতে সুতা, স্থকেশ আঁচড়িয়া সীমস্তে সিঁন্দূর দিয়ে অঞ্চল মুখ মুছায়ে. পরালেন ভালে শুভ চন্দন সিঁন্দুর ফোঁটা, তাড় শঙ্ম রলাদি বালা গলে বাদলার মালা, আর পুষ্পহার কজ্জল নয়নে হ'ল কতই বাহার. कर्श्रमृत्न कीमानि नामिकाग्न नथ, চরণে দিলেন আল্তা নৃপুর ভূষণ, পরালেন লাল পট্ট সাড়ী আদরে তখন.

শুভ যাত্রা করি দধি কড়্ম। করায়ে ভোজন, বাহিরে আনিয়া মারে হতেছে বরণ, গিরিরাজা রাণীর তুজনেরই সজল নয়ন। জগজ্জননী করিলেন আজি কৈলাসে শুভগমন, পাঁচজনের একজন এয়ো হয়ে মায়েরে করি বরণ। সীমন্তে সিন্দ্র দিয়ে চন্দন ফোঁটা পরায়ে, মিষ্টি পান মুখে দিয়ে চরণে করি ভকতি প্রণাম, বৎসরেক পরে এস জননী আবার মর্জ্যধাম।

শ্রীশ্রীকালী দেবীর চরণ পূজা।

জগত জননী আজি এসেছ কাল বরণে
করে ধরি অসি কেন মুক্ত কেশী
হেরিতেছি ভোমা হর বরাননে;
নর মুশুমালা পরিয়াছ গলে
অট্ট অট্ট হাসি শ্রীমুখ মগুলে,
লোল রসনা হ'লে বিবসনা

অসুর নাশনে।

হরিয়াছ জ্ঞান প্রালয় কারণ দেখিয়া তখন দেব পঞ্চাননে তব সৃষ্টি সর্বব বলিলেন রক্ষ পাতিলাম বক্ষ ভোমার চরণে। করিয়া তখন অসুর দলন মহাদেব হূদে দাঁডাইয়া পদে দম্ভে জিহবা ছেদিলে ম। তথন স্বজ্ঞানে. জয় কালী নাম তাই ধরেছ ভুবনে। আজ নিশা অমা আসিয়াছ শ্রাম। পূজিছে তোমায় জগত জনে, নানা উপহার শ্রীপদে তোমার দিতেছে মহিষ ছাগ বলিদানে। নাহি ধন জন পড়ে আছি বনে कि पिरा कंतिय চরণ পূজन মা জাহুবী তীরে এস দয়া করে পদ প্রকালন করি নয়নাসারে ছদি পদ্মাসনে বসায়ে যভনে দিতেছি সীমস্তে সিন্দর চিত্ত উদ্যানে কবিয়া চয়ন। অতি মনোলোভা রাঙ্গা পায় জ্ববা মিশায়ে ভক্তি চন্দ্রে করি পুষ্পাঞ্চলি দান

বলি দিয়া করি হাদয় শোধন।

যত রিপু *দলে*

জয় কালী বলে

মা গঙ্গা স্নানে জয় কালী নামে
হয় যেন পাপ তাপ হরণ,
কুপাময়ী গ্রহণ কর আজি ভকতি প্রণাম
অভয় পদে করি নিবেদন
এইবার শেষ বাসনা কর মা পূরণ।

শ্রীশ্রীকার্ত্তিক চরণ পূজা।

শিখী বাহনেতে

আজি এ নিশীথে

আসিয়াছ দেব শিবের নন্দন

কার্ত্তিকেয় নামে

নরক পুরামে

অপুত্রকে তুমি করিতে ত্রাণ ; ঐ রাঙ্গা পায় যে করে পূজন শমনের ত্রাস তার হয় না কখন আনন্দেতে যায় শাস্তি নিকেতন,

ভোমারি করুণা বলে।

আমি অতি দীনা

হই পুত্ৰ হীনা

পড়ে আছি বনে

মা গঙ্গার কুলে,

কেমনে চরণ

পাইব দর্শন

ইহা ভাবি মম আকৃল পরাণ প্রভূ নমি হে জ্রীপদ কমলে। চিন্তা অমুক্ষণ

করিতেছে মন

এড়াব কেমনে শমন শাসন,

মাগি যোড হাতে

রেখ পাদ পদ্মে

পুরাম নরকে করিও হে ত্রাণ।

জয় দেব দয়াময় প্রভু ষড়ানন

দীন তন্যার আজি প্রাণ ভরে এই নিবেদন।

গোষ্টবিহার।

জী শীহরি

গোলোক বিহারী।

করিবারে লীলা আসিয়াছ ধরাপর

হেমস্থে

অগ্রহায়ণেতে

শুক্ল অন্তমী আদ্ধি শ্রীগোষ্ট বিহার

न्य (ध्रुभान

যতেক রাখাল

করিছে চরণ পূজা,

রামকুফাধন

ব্রজের জীবন

হও আমাদের রাজা।

কদম্বের মূলে পাতি সিংহাসন বসাইয়া তুইজনে, বনফুল হার গলে পরায়ে দিতেছে কেহ যতনে,

কেহ প্রেমনীরে

পদ ধৌত করে

পরাইছে পুষ্প নৃপুর স্থন্দর

কেহ মালা গেঁথে

যতনেতে হাতে

লইয়া দিতেছে চূড়ার উপর।

হরিবারে কুধা বনফুল সুধ। কেহ বা ধরিতেছে শ্রীমুখ'পর,

ভৃষ্ণাদূর তরে কেহ যত্ন করে আনিয়াছে বারি হইতে সরোবর।

করিছে প্রণাম যত ভক্তগণ ভক্তি প্রেমধন

সবে দিয়ে পাদপক্ষোপর
বেণুরবে সকলেরই প্রফুল্ল অন্তর।
হই নরাধম প্রভু নারায়ণ কি দিব চরণে আর
তুমি দয়াকরে দাও হে আমায়
প্রেম ভক্তি শ্রদ্ধা তাই আমি দিই উপহার।

শ্ৰীশ্ৰীজগদ্ধাত্ৰী দেবী পূজা।

জগদ্ধাত্রী নামে এসেছ ভূবনে বিশ্ব জগতজননী দয়াময়ী তারা,

কৈলাসে ভবানী ব্ৰহ্ম সনাতনী,

ভূমি দেবী পরাৎপরা।

কি জানি মহিমা দিতে নারে সীমা, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর,

মোহ অন্ধকারে পড়িয়া বিকারে কেমনে চিনিব শ্রীপাদ ভোমার। ত্মো কর নাশ

হও মা প্রকাশ

আমার চিত্র মন্দিরে,

তব দয়া বিনে

হেরিব কেমনে.

ক্রদয়াসনে দেবী ভোমারে।

জ্ঞান চক্ষু দান দাও মা তত্ত্বজ্ঞান

নির্বাথ বিশ্ব তোমার প্রফুল অন্তরে,

মা ভাগীরখী কৃলে আজ জগদ্ধাত্রী ব'লে রাঙ্গা পা ধুয়ে নির্মাল আঁখি নীরে,

দিই ছদি পদ্মাসনে বসায়ে যতনে

সীমন্তে দিতেছি সিন্দুরাভরণ

প্রেম পুষ্পে ভকতি চন্দন মাঝি

প্রেম ভক্তি ভরে

<u> এচরণোপরে</u>

শ্রদ্ধা প্রেমানন্দে করি অঞ্চলি প্রদান। প্রেম প্রনিপাত কুপায় বিশ্বমাতঃ

> করহ গ্রহণ করুণাময়ী: শান্তি অভয় চরণে রেখ করিতেছি নিবেদন

শেষ বাসনা এই করিও পুরণ।

बीरिक्ष ठकूमी।

আজি "শ্ৰীবৈকুণ্ঠ চতুৰ্দ্দশী" হ'ল বৈকুষ্ঠ নগরে মেলা হরি মন্দিরে প্রদীপ জালি দিতেছে কুলমহিলা। রাস মঞ্চে বসি রাস বিহারী হরি করিছেন রাস লীলা প্রেমিকা রাধিকা সনে নিৰ্জনেতে কুঞ্জ বনে আসি যত ভক্ত সখিগণে প্রেম দীপ জেলে দিয়ে আজি ফুল্ল কত গোপ বালা চল মন দেখবি যদি সেই আনন্দের প্রেম খেলা জয় রাধা শ্রাম গেয়ে চল ও মন, করিও না আর হেলা মধুর সঙ্গীত গাও শুনে মা জাহ্নবী দিবেন ভেলা।

बोबोजामनीन।।

হেমস্তে অগ্রহায়ণে পূর্ণিমাতে হরি শ্রীরাসবিহারী
করিবারে প্রেমলীলা এসেছ আজি ধরণী।
ভানে বংশীরব

নিশীথে আইল নিকুঞ্চবনে প্রেমিকা শ্রীমতী রাধিকা সনে। যত গোপগণ নিক্রায় মগন

হইল নিজ ভবনে তব বেণু রব শুনে

যত বন্ধনারী সারা বিভাবরী

প্রেম খেলা করি তোমার সাথে

যাবে ফিরে নিজ ঘরে আবার প্রভাতে।

কি জানি মহিমা হই বৃদ্ধি-জ্ঞানহীনা

রাখিও চরণে মোরে

ভক্ত স্থিগণ প্রেম ভক্তি দান

কুপা করে সবে দাও আমারে

প্রেম ফুল ভক্তি চন্দনে পৃক্তি রাধারাণী শ্রামধনে

অভয় পদ কমলে ভকতি প্রণাম করি

গ্রহণ কর যুগলে করুণাময় হরি।

প্রতিপদে হইল আদ্ধ রাসলীলার দ্বিভীয় দিন
রাসমঞ্চোপরি শ্রীরাধিকা সনে হরি
প্রেমানন্দে রয়েছেন,
যত ব্রজ্বালা করে প্রেম খেলা কুঞ্জবনে,
শ্রীকৃষ্ণ রাধা লয়ে ছুইজনে।
মনে নাহি আর আছে পতি পুক্র ঘর দ্বার,
ভগবান প্রেমে সবে হয়েছে মগন
চল মন ধীরে সেই যমুনা তীরে
বিবেক বাঁশরী যথা হতেছে বাদন
পতি সম্ভানাদি রক্ষা ভার হরিপদে উপহার
ভক্ত স্থিগণ মত করিয়া অর্পণ
কুঞ্জবনে শান্তিমনে শ্রীগোবিন্দ রাধা চরণে
ভক্তিভরে প্রণমিয়া প্রেমেতে হও নিগমন।

শুভ দ্বিতীয়ায় হ'ল রাসলীলার শেষ দিন রাধিকা স্থন্দরী হৃদয়েতে ধরি স্থান্ময় হরি কত রূপ ধরি সর্ব্ব সখী সনে চারিদিক প্রেম আলাপন। ভক্ত সখিগণ অগুরু, সুগন্ধি চন্দন পরায়ে দিতেছে রাধাকৃষ্ণ ভালে. প্রেমেতে সবে বিভার গাঁথি বনফুল পুষ্পাহার কেহ পরাইয়া দিতেছে গলে। চিত্ত উজ্জ্বল করিয়া কজ্বল পরাইতেছে কেহ নয়নে ফুলের নূপুর আনন্দে প্রচুর কেহ বা চরণে। কেহ ফুল্লচিত্তে ফুলমালা হার লয়ে দিতেছে শ্রীকৃষ্ণ চূড়াপর, কেহ বা করিয়া যতন কুসুমনির্মাণ টায়ারা ভূষণ দিতেছে শ্রীরাধা শিরোপরে কেহ সুধা হাসি লয়ে ফুলবাঁশি দিতেছে দোঁহার কমল করে। চল তুমি মন সেই প্রেম কুঞ্জবন প্রফুল্ল অন্তরে প্রেম ভরে শুভ সিন্দুরাভরণ পরাইব রাধারাণীর সীময়ে নিজ করে পুলকিত মনে যত ভক্ত স্থী সনে

প্রেমানন্দে প্রণমিবে গ্রীরাধাকক জীচরণে।

শ্রীশ্রীলক্ষীপূজা উপলক্ষে জগত জননীর শ্রীচরণ বন্দনা।

কর করে নিজে পৌষমাস শীতে জগত জননী মম হুঃখ নিবারিতে আজি দয়া করে এ দীনার আগারে আইলেন দেবী মা লক্ষ্মী আমার। আমি কি দিয়ে শ্রীপদ পুজিব তাঁহার তাঁর যোগ্য স্থানও নাই বসিবার করি পরিস্কার তবে এ দেহ মন্দির দোলাইয়া দিব প্রেম আত্র সার আলিপনা দিব স্থদয় মাঝার এই মা জাহ্নবী তট ফুদয় দ্বারে স্থাপিব মঙ্গল ঘট রাক্সা পা ধোয়াব আঁখি প্রেম জলে বসায়ে মায়েরে হৃদি পদ্মাসনে সীমন্তে সিন্দুর কপালে চন্দন পরাব যতনে দেহ রক্তে আল্ভা পরাব চরণে জগত জননী রূপ হেরিব প্রেম নয়নে প্রেম ফুলে মালা গাঁথি নিজ হাতে পরাইয়া দিব মায়ের গলেতে প্ৰেম পদ্মে মাখি ভক্তি চন্দ্ৰন - এীচরণে অর্ঘ দিব আমি দান।

জ্ঞালি প্রেম দীপ করিব আরতি ধূপ ধূনা হবে মোর শুদ্ধ মতি শঙ্খধনি হবে মোর হরি নাম জীপাদ পদ্ম'পরে প্রেম ভক্তি ভরে কবিব আমি প্রণাম। মা দ্যাম্য়ী করিবেন শুভ আশীর্কাদ দান বাক্সা পায় মাগিতেছি তাই হে দেবী দাও মোরে মনের মতন তোমার শ্রেষ্ঠরত্ব সিন্দূর আভরণ শোভা করি থাকে যেন মোর মাথে বাঁচি আমি যতক্ষণ ভোমার শ্রীচরণামৃত প্রেমানন্দে করি পান তাহাতেই হয় যেন ক্ষুধা তৃষ্ণা নিবারণ। কুপাদৃষ্টি রেখ মাগো বনবাসী এ তনয়ারে বনে যেমন রেখেছিলে মা মহারাজ জীবংস চিম্না দেবীরে মনে শান্তি রেখ মাগো বেঁচে থাকি যতদিন এ জনমে লক্ষ্মী ছেডে ন। থাকি যেন কোনও দিন জগতের সার রত্ন স্ত্রীলোকের পতি ধন স্বস্থ রাখি মম পতি তুমি দীর্ঘ আয়ু কর দান। নিরাপদে রক্ষ ছটি জামাতা রতন. সম্ভানাদি ভ্রাতা ভগ্নী আত্মীয় স্বন্ধন. সকলকে দাও মাতা সুদীৰ্ঘ জীবন, অভয় চরণে করি এই নিবেদন।

দেবী সরম্বতী বন্দনা

এস বাগ্রাণী

मक्रव पाशिनी

আজি শ্রীপঞ্চমী দিনে,

ক্মল আনন

কমল চরণ

কর কমলেতে ধরিয়া বীণে,

কমল আসন

কমল ভূষণ

গজমতিহার গলেতে ধরে,

শুভ্ৰ বরণী

জগত জননী

বসন্তী অম্বর প'রে।

এস এস মাতা ডাকিতেছি সবে তোমার গরিব সম্ভানের৷ ভবে আসিয়া জুড়াও তাপিত প্রাণ,

ব'স কণ্ঠোপরে

বীগার ঝঙ্কারে

ধরাও হৃদয়ে মধুর তান।

যত কবি জন

পুজিছে চরণ

আজি বসন্ত পঞ্চমী দিনে,

আদরিণী মায়ে প্রেম পুষ্পাঞ্চলি দানে,

ভক্তি প্রণিপাত

লও বিশ্ব মাতঃ

মঙ্গলে রাখিও সর্ব্ব সন্তানে।

সিন্দুর চন্দন

আদরে ভূষণ

পরাই আজিগো এই কুটীরে,

মা গঙ্গার তীরে

হৃদি বনোপরে

ফুটেছে যে ফুল যতনে তাহারে,

সেঁথে প্রেমহার

দিতেছি ভারতী লও কুপা করে।

মাগি আশীর্কাদ

তমঃ অন্ধকার হর,

দিয়ে জ্ঞান জ্যোতিঃ

অভয় চরণ হেরি নিরস্তর।

হরি গুণ গাই

যেন লাল সাজে যাই ছেড়ে ধ্রাধাম,

মা ভাগীরথীনীরে

বিস্কৃত্যপরে

বলাইও মোরে দেবী, রাধাকৃষ্ণ নাম। জয় গান করি দেহ পরিহরি অস্তে যেন হয় পাতকীর মোক্ষ ধামে স্থান

ঐ রাঙ্গা পায় প্রাণভরে এই আজি নিবেদন।

শ্রীশ্রীপঞ্চমী বাগ্ দেবীর বন্দনা।

এস মা ভারতী দেবী সরস্বতী
ব'স মা হৃদয় কমলাসনে,
বসস্তের রাণী তৃমি গো ভবানী
আজি ফুল্ল মন প্রাণ বীণা রব শুনে।
হৃদিবন মম শুষ্ক হয়েছিল মলয়ানিল হৃদয়ে বহিল
বীণা রবে প্রেম পদ্ম বিকসিল
পূজিতে মা রাক্সা চরণ তৃথানি।

দিতেছি অঞ্চলি কমল চরণে

ভক্তি চন্দন মাখায়ে যতনে,

এ দীনের পূজা লও কৃপা গুণে ও গো মা জগত জননী।

সীমন্থে সিন্দুর পরাই আদরে,

এ তুখী তনয়া কি দিবে তোমারে,

এই চির অলম্ভার মা রেখ গো আমার

শুভ সিন্দূর তোমার ধরি যেন শিরে।

প্রণমি জ্রীপদে মা জাহ্নবী তটে

মাগি, থেক কণ্ঠে মোর অন্তিমেতে,

মা, বলি অবিরাম বিশ্ব জয়ী ব্রহ্ম নাম

শিবগঙ্গা শিবত্বর্গা হরকালী জয় সীতারাম,

এনেছ যাত্রীর ঘাটে মা কর দয়া অকপটে যেন গো পারি যাইতে গেয়ে জয় নাম.

मा ठखीनर्क्रमङ्गला. मा अनस्रमग्री विभना,

জয় মা মনসাংদবী, জয় लक्षीनाताग्रन,

মা গো দেবীশীতলা. ষষ্ঠা, ভগবতী. মা কমলা.

বলিতে পারি ম। যেন জয় হরি রাধাশ্যাম,

আনন্দে আনন্দ গান করি মা আনন্দ ধাম

যাই যেন দয়াময়ী আশিস কর গো দান,

সে সময়ে মুখখানি হেরি যেন মা বীণাপাণি,

ও চরণপন্মে আজি প্রাণভরে এই নিবেদন,

আর যেন মা না আসি গো আমি এই ভববন।

শ্রীশ্রীশিবতুর্গায় নমঃ। শিব রাত্রি ব্রতম্

ত্রিদশের নাথ তুমি ব্রহ্মা বিষ্ণু শিব,
তোমার কৃপায় মৃক্তি পায় যত জীব,
করেছি মানস পটে যুগল দর্শন,
করিয়া পৃজিব আমি ও রাঙ্গা চরণ,
কিন্তু এবে জরা আসি ঘেরিয়াছে কায়,
তাহাতে মনেতে বড় পাইতেছি ভয়,
উপবাসে শক্তি মোরে দাও শক্তিময়,
দীন হীনে তব দয়া প্রসিদ্ধ ধরায়,
নিজা দেবী যেন আসি না ধরে আমায়।

এস প্রভু দয়া করে

আজি এ বন কুটীরে

লইয়া ত্রিলোকেশ্বরী আমার মা জননী শ্রীত্র্গারে।

মহাদেব দেবী মোর হৃদাসনে হও অধিষ্ঠান, বসে মা জাহ্নবী কূলে, আঁখি প্রেম গঙ্গা জলে,

শ্রীযুগল পাদ পদ্ম করি প্রকালন,

শ্রন্ধা বিরপাতে.

মাথি ভক্তি চন্দনেতে,

দিয়ে আকন্দ প্রেম কুন্তুম,

এ শুভ নিশীথে

আজি কৃষ্ণ চতুর্দদীতে,

অভয় চরণ করি আনন্দে অর্চ্চন ;
জ্বালি ধৃপ প্রেম দীপ আরতি করি প্রদান
প্রেম ফলে জলপানি করেছি সাজন আমি
বিশ্বনাথ বিশ্বেশ্বরী কুপা দৃষ্টি কর দান।

প্রেম প্রণিপাত করি

কুপা করে হরগৌরী

নিজ গুণে করহ গ্রহণ

জগন্মাতা দেবী হুর্গা প'র সিন্দূরাভরণ

আশিস কর দাসীরে

মা তব সিন্দুর প'রে

জয় শিব তুর্গা বলে গঙ্গা জলে হয় যেন শুভ মরণ

না থাকে কুতাস্ত ভয়,

অন্তিমেতে পদাশ্রয়,

দিয়ে রেখ দয়াময়ী দয়াময় এই নিবেদন। আজি হরি ত্রিপুরারি করিয়া রূপ ধারণ, বংশী ছেড়ে শিঙ্গা ধরে করেছ হে আগমন

ব্যান্ত ছালে কটি আঁটা,

মস্তকে ধরেছ জটা,

রাথ্লে কোথা শিখীচূড়া সে পীত বসন কোথা বন ফুলমালা আজ ফণী আভরণ

কুহুম কস্তুরী ছেড়ে আজ বিভৃতি অঙ্গে লেপন বামে ছুর্গা আজি রাসেশ্বরী আমরি কি রূপ হেরি প্রেমাননে বিভাববী করিলাম জাগরণ।

बिबिएगननीना।

চৈত্র মাসে ফাগু খেলা করিছেন পূর্ণিমায় আজি রাধা বল্লভ হরি, ভক্ত সখিগণ ব্লামেতে মগন

হয়ে খেলিছেন পূরে পিচকারী,

ধরা আনন্দেতে

প্রেম বসনেতে

আজি সেজেছেন লাল সাজে কি বাহার মরি মরি

নব পুঞ্পে কুঞ্জবন

হইয়াছে সুশোভন,

বসস্তু প্রন হাতে আছেন চামর ধরি,

ভাগীরথী করি রঙ্গ

তুলিয়া প্রেম তরঙ্গ

গাহিছেন প্রেমানন্দে জয় রাধিকে জয় বংশীধারী।

ডাকিছে কোকিল বধ্ প্ৰছাপতি খায় মধু

নাচিছে ভ্রমর করি নবীন ঝক্ষার,

পল্লবেতে মনোহর

সেজেছেন তরুবর

ভাসিছেন কমলিনী জলের উপর

স্থন্দর সিন্দুর পরি

প্রকৃতি দেবী স্থন্দরী

করিছেন প্রেমভরে শ্রীযুগল পদে নমস্কার।

ম। গঙ্গাজলে করি স্নান

হয়ে অতি শুদ্ধ মন

ভক্তিভাবে পূজ আজি শ্রীগোবিন্দ রাধা চরণ,

গেঁথে মালা প্ৰেম ফলে

পাদপদ্মে দাও তুলে

মাখাইয়া ভকতি চন্দন।

শ্রীরাধিকা ও সখিগণে সাজাও সিন্দূর আভরণে

প্রেমানন্দে প্রণিপাত কর পাবে আশীর্বাদ পূর্ণ হবে মনোসাধ, প্রফুল্ল হইবে মন,

গাও সদা ভয় রাধা

জয় হরি নারায়ণ।

জগন্মাতা শ্রীশ্রীষষ্ঠী দেবীর পূজা।

বসন্ত কাল চৈত্র মাস আজি রবিবারে,
যন্ত্রী মাতা দয়া করে এলেন এ কুঁড়ে ঘরে
এই ত্থী কন্সা নির্মাথিতে মা জাহ্নবীর তীরে।
কি দিয়ে আদর করি ওগো মা জগদীখরী,
প্রেম পুশ্ব অঞ্চবারি দিই মা রাঙ্গা চরণে,
সিন্দুর ভূষণ শিরে করি দান

ভ্কতি প্রণাম মা লও নিজ গুণে।
অশোক তোমার নাম জগত জননী,
অশোকা রাখিও মোরে কুপাকরে তুমি,
অধিক কি জানাব মাগো ও পদ কমলে,
তব অধমা তনয়। আমি রয়েছি এই ধরাতলে।
রেথ মাগো কুপাদৃষ্টি
এ দীন হীন তনয়া প্রতি.

রাখি ভবে সন্তানাদি যেন অভয় পদে পাই স্থান, লাল সাজে মা গঙ্গাজলে যেন গাহিয়া যাই মা জয় নাম।

শ্রীশ্রীজগজ্জননী বাসন্তী দেবীর স্তব।

মধুর বসন্ত ঋতু আজি চৈত্র মাসে, মা দৃশভূজা কুপা করে আইলেন ভব বাসে, বসস্ত কালেতে পূজা তাই গো বাসস্থী নাম. ক্ষক সপ্রমাতে দেবী এসেছেন ধরাধান। কি দিয়ে আদর মাগো করিব ভোমায়, ধন জন কিছু মাতা নাহিক আমার, অতি দীন অতি হীন হই আমি অকিঞ্ন. মা গঙ্গাতীরে প্রেমজলে রাঙ্গা পা করি পুজন।

সিন্দুর চন্দ্র ভালে

দিই মনোকুত্হলে

কুপাময়ী গ্রহণ কর ভকতি প্রণাম

করিয়াছি মনে

ত্ব সভয় চরণে

মম রিপুগণে মা দিব বলিদান দয়াময়ী দেবী তুমি কর মা গ্রহণ।

ও চরণে মতি

থাকে যেন ভগবভী

শুভ আশীর্কাদ কর দান

যেন লাল সাজে

এই ধরা তাজে

গেয়ে যাই মা জয় নাম ও শান্তি চরণে রেথ পাঠিওনা আর ভব ধাম।

অন্নপূর্ণা পূজা।

বিরাজ মা হুদি কমলাসনে
তোমার ভুবন ভরা রূপটি একবার দেখে লই মা নয়নে
তুমি অরপূর্ণা মা, তুমি শ্মশানে শ্রামা,

কৈলাসেতে উমা, তুমি বৈকুঠে রমা,

भत वितिक्षिः भिन

বিফ রূপ

সূজন লয় পালনে।

ভূমি পুরুষ কি নারী তত্ত্ব বুঝিতে নারি

তুমি নি**জে** না বুঝালে তা কি বুঝিতে পারি

তুমি আধা রাধা সাধা কৃষ্ণ সাজিলে বৃন্দাবনে

ওগো মা মাগো আমার। তঃখ দৈক্য হারিণী

চৈত্র কারিনী

আমি অন্ত কিছু চাইনা ভিন্ন চরণ ছুখানি ভুগো মা মাগো আমার।

তুমি জগতের মাতা

যোগীজন অনুগতা

অনুগত জনের কুপা কল্পলতা।

পরিব্রাজক ভিখারী

মনের সাধ ভারী

মধুর হাসিমাখা মায়ের মুখখানি হেরি

হরি বোল বোলে

মায়ের কোলে

মা মা বলে নাচনা সদা যোগ ধাানে।

জগত জননী মাতা লক্ষ্মী দেবীর স্তব।

সুখ্ময় বস্তু ঋতু আজ চৈত্ৰ মাসে, ম। লক্ষীদেবী কুপা করে আসিলেন মন বাসে, কি দিয়ে শ্রীপদ মাগে। করিব পূজন, অতি দীন হীন হই আনি অকিঞ্ন। খ্রদা ভক্তি মনে তব রাঙ্গা চরণে করিতেচি প্রনিপাত. শুভাশিস কর দেবী মম শিরে দিয়ে হাত। ফুল ৰড ভালবাস তুমি গো জননী সেজেছিলে তিন ফলে সহস্তে আপনি প্রেম কমলেতে মাতা রাজা পা তোমার. সাজাব মনেতে এই বাসনা আমার, পর দ্রবা লইতে নাই মানবে শিক্ষাব ওরে, শ্রীনারায়ণ এক বংসর রেখেছিলেন শোমায় ব্রাহ্মণের ঘরে. নতুব। কি থাক মাগো: তুমি এ সংসারে, হয় মা তোমার স্থান শ্রীনারায়ণ বক্ষোপরে. বান্ধণে করিলে কুপা বংসরেক পরে, শ্রীনারায়ণ আসি তোম। লয়ে গেলেন বৈক্ঠ নগরে। জানাতে জগত জনে ভোমার মহিমা, ব্রাহ্মণে করিলে দয়া তব দয়ার কি আছে সীমা, ক্ষলা ভোষার নাম জগত জননী, ফদ্য কমলে মোর সদা থাক মা আপনি. করণা কটাক্ষপাত রেখ এ দীন ক্যাবে. মাগিতেতি দ্যাম্যী রাঙ্গা পায় সকাত্রে।

সহায়

শুক্র দাদশী আজি বসস্তু চৈত্র মাস,
সকল পুত্রবতী করিতেছে শুভ মহানীলের উপবাস,
সবে পুজার আয়োজনে,
হর্ষে ব্যস্ত আছে মনে,

সাজাতেছে নৈবেছাদি কত উপাদানে। আজি দেবী লীলাবতী পূজার কারণ. আমিই হয়েছি তব অকুতী সন্তান,

কিছুই নাহিক মোর মাগো কেবল করুণা ভোর মাগিতেছি দয়াময়ী তব শ্রীচরণে

কুপ। করে সুস্থ রেথ আমার সন্তানগণে।

দিয়ে মা নয়ন জল

শ্রদ্ধা ভক্তি ফুল চন্দনে পুজিব মা রাঙ্গা পায়
কুপাময়ী তব কুপা থাকে যেন গো আমায়।

শ্রীমহাদেব পদে শুদ্ধ ভক্তি গঙ্গাজল বিৰপাতে করিব পূজন,

জ্বালি দিব প্রেম বাত্তি হইবে মঙ্গল আরতি প্রেম ভরে করিব প্রণাম
দয়াময় করিবেন সম্ভাবে কলাণ দান।

প্রার্থনা।

তুমি মাগো তুংখহরা জগত জননী তারা যেন ডাকিতে পারি মা সদা বলে তোমায় তারা তারা. জানাতে ছি শ্রীচরণে, একেলা আছি মা বনে বিপদে পড়িলে যেন ডাকলে মোরে দিও সাড়া। আছি গো তব জননী তুৰ্বলা তনয়া আমি শ্মনের ভরে মাগো হয়েছি পাগল পারা, মৃত্যুকালে মা গঙ্গাজলে, রেখ গো আমারে কোলে, ডাকিতে পারি মা তখন যেন বলে তারা তারা। হ্মদি প্রেম জ্বা ফুলে এ রাঙ্গা চরণ তলে, দিয়ে প্রেম পুষ্পাঞ্চলি প্রণমিন ভবদারা. বাসনা পুরণ হয়, গভয়া রেখ মা পায়. আত্মা চিরশান্তিময় যেন রয় গো জননী তারা. মাগিতেছি সকাতরে. ভোমার সিন্দুর প'রে, যাই যেন মা ভবপারে আর পাঠাইওনা বস্তন্ধরা।

ছুখে ভরা এই ধরা এতে শুধু স্থুখ চাই,
বুথা স্থুখে কেবল ফাঁকি ভেবে মন্ দেখ ভাই,
চির স্থুখ নাম গানে,
এই মাগি হরির শ্রীচরণে,

হে দয়াল যেন লাল সাজে নাম জয় গেয়ে যাই মা গঙ্গা কোলে হরিবোলে অভয়পদত্রী যেন হে পাই।

শ্রীহরি।

বিফলে জনম গেল, না হ'ল সাধনা হরি,
সংসার সন্তাপে নাথ দিবানিশি জ্বলে মরি,
তব নামে যায় পাপ ঘুচে যায় মনস্তাপ,
এমন স্থাময় নাম তবু কেন নাহি স্মরি,
প্রতিদিন মনে করি তোমায় ভজিব হরি,
আপন করম দোষে তখনি পুনঃ পাসরি,
শ্রীমধৃস্থদন হরি বল কি উপায় করি,
সংসার মদিবা পানে মন্ত মন মম হরি।

পরমহংস দেবের জন্মোৎসব।

বেলুড় মঠেতে আজি মহা আনন্দের ধ্বনি. মা গঙ্গার পারে বসে শুন মন তুমি,

করিছেন ভক্ত সব

আনন্দেতে মহোৎসব,

কত দেশ দেশাস্থারের লোক একত্রেতে জমি। বসন্থে আজি ফাল্কনে, এই শুক্ল ষষ্ঠী শুভদিনে,

শ্রীরামকৃষ্ণ দেব এসেছিলেন এ ধরণী:

বিজয় নিশান কত.

উঠিতেছে শত শত,

দেখ কত ভক্ত পার করিতেছেন ফুল্লমনে স্থ্রধূনী, আজি জয় রামকৃষ্ণ হরিনাম গানে পূর্ণ হ'ল মেদিনী। কি আছে দিব আমার, রামকৃষ্ণ পদে উপহার,

তাই বন ফুলে ভক্তি হার গেঁথেছি অতি যতনে,

গ্রহণ করত দেব তুমি দয়। গুণে,

প্রণিপাত করিতেছি লও শ্রীচরণে।

আশিস মাগে তোমার, লাল সাজে ভব নদী পার,

হয় যেন এইবার এই ভটবাসিনী,

জয় রামকুষ্ণ হরি,

মনে গুণ গান করি,

ওই সুমধ্র জয় নাম কর্ণ কুহরেতে গুনি।

শ্রীহরি সহায়।

মাতঃ গঙ্গে পতিত উদ্ধারিণী, ত্ব তটে কাশীধাম করিয়াছি অমুমান এই সূর্যা গ্রহণে তব জলেতে মা তরঙ্গিনী. করি স্থান প্রাণ মন হয় যেন বন্দাবন তুমিই আমার সর্বতীর্থ ভক্তি মুক্তি প্রদায়িনী, অন্নপূৰ্ণা, বিশ্বনাথ রাধাকৃষ্ণ তুমি মাতঃ নিরাকারা হও সাকারা মাগো অনস্তরপিণী, তুৰ্গা চণ্ডী জগৰাত্ৰী মহাকালী আগ্রাশকি লক্ষারপা ভগবতী হও গো বাগ্বাদিনী. মনসামা সিকেশ্বরী বিমলা বিরাজেশ্বরী ম। ষষ্ঠারূপে সম্ভানের কল্যাণ কর ভবানী, ম। শীতলারপ ধরি অভয় দাও শঙ্করী, লাল সাজে মা ভব বারি যেন পার হয় এই পাপিনী। কি জানি তব মহিম। মা পাপের যে নাহি সীমা, পায়ে পড়ে আছি সাড়ে নয় বছর মা এইবার কুপায় ত্রাণ করগো তারিণী. আজি মোর ভক্তি প্রশাম গ্রহণ কর সর্ব্ব রূপে মা জননী।

শ্রীশ্রীঈশ্বর চরণে প্রাতঃ প্রণাম ও প্রার্থনা।

জয় জগদীশ বলি মনরে খোল নয়ন, উষারাণী করেছেন শুভ আগমন,

প্রভাতের আলো হ'ল,

নিশানাথ চলে গেল,

দীননাথ উদয় হ'ল যাঁহার আজায়, আবার নুতন সৃষ্টি হইল ধরায়।

ফুটিল কুমুম কলি,

জাগিল জীব সকলি,

পাখী সব ডালে বসে বিভূ গুণ গায়, পুষ্প সনে খেলিতেছে বিমল বায়, স্থবাস লইয়া চারিদিকেতে চড়ায়, হেলে ছলে তরুলতা নমিচে ঈশ্বর পায়,

এ সব হেরিলে মন হইবে প্রফুল্লময়। করিতেছে অলিগণ, ধরিয়া ন

ধরিয়া নবীন ভান,

প্রেমময় হরিগুণ গান,

শিশির বিন্দৃতে ঘাসে হয়েছে কিবা শোভন, জয় জগদীশ বলি মনরে খোল নয়ন, ফুটিল নলিনী ঐ ফুল্লমুথে সরোবরে অমনি জুটিল আসি যত সব মধকরে। গুণ গুণ সুধাসরে

প্রেমে হরিনাম করে.

পুলকে করিছে মধু পান, ধ্যাবাদ লও মম জয় ব্রহ্ম সনাত্র। সাজিল প্রকৃতি সতী সাবার নৃতন সাজে, ভালেতে সিন্দুর ফোটা কত শোভা হইয়াছে, জীবিত হইল পুনঃ বনমাঝে সূর্যামুখী, হইল প্রফুল্ল ভর। নির্বিথ প্রাণের পতি। করি জয় ব্রহ্ম ধ্বনি,

দেবী স্থুরতরঙ্গিনী

ধাইছেন সিন্ধুপানে হইয়ে আনন্দ মন,

প্রেমজলে প্রকালিয়া শ্রীহরি চরণ।

জডতা তাজি এখন উঠি মাতা গঙ্গাদেবী কর দর্শন শুদ্ধ ও পবিত্র হইবে মন :

ঘোর নিশীথ কালে

ছিলে যাঁর শান্তি কোলে

নিরাপদে স্থানিছাতে হয়ে অচেতন.

প্রকা ভক্তিভরে

প্রিপাত কর তাঁরে

নিরাকার নিরঞ্জন প্রভু ব্রহ্ম পরাংপরে। পাইলে যাঁর কুপায় এ নব জীবন, জয় জগদীশ বলি মনরে খোল নয়ন। মা জাহুবী পুত জলে করি অবগাহন,

পরি লাল পবিত্র বসন

ধরি শিরে সিন্দুরাভরণ,

করি পবিত্র আসন হুইয়া পবিত্র মন,

প্রেমবারি দানে

বিশ্বনাথের চরণে.

ভক্তি স্থচন্দ্রন

প্রেম কুসুমে,

কর্ছ অর্চন।

হয়ে প্রীতমনা,

করি উপাসনা,

মাগিতেছি এই চরণে তোমার, অনুগত ভক্ত মোরে কর এইবার।

নিজ শক্তি কর দান নাহি হই হতজ্ঞান, তোমার অপ্রিয় কার্যা কভু আর নাহি করি, এই আশীর্কাদ কর আমারে দয়াল হরি। আমি অতি অকিঞ্চন, নাহি মৌর পুণ্য ধন,

তুমি দয়াকরে

দাও আমারে.

প্রাভূ লাল সাজে অভয় পদে স্থান। করুণাময় শেষ বাঞ্চা করিও পূরণ, সরোজ চরণে করি এই নিবেদন,

সিন্দুর পরিয়া ভালে

या शक्राएमवीत करल.

শুভদিনে শুভক্ষণে পতি সন্তানাদি কোলে, নয়ন ভরে বিশ্বরূপ

মধুর যুগলরূপ

করি দরশন।

যুগল পদ কমলে করিয়া ভক্তি প্রণাম, জয় জগদীশ দয়াল হরি বলে বাহির যেন হয় প্রাণ, অভয় চরণে রেথ হরি আমি করি এই নিবেদন, প্রেরণ করিও না প্রভু আর আমারে ভবধাম। ধন্ত ধন্ত হে ধন্ত দয়ানয় হরি,
হেরিছে নয়ন শিল্প রচনা সদা তোমারি
নাঘ মাসের শীতে,
আজ সজিনা ফুলের কি বাহার আহা মরি মরি,
সোজেছেন হীরা মূক্তা পান্নার মুকুটে প্রকৃতি দেবী স্থান্দরী।
প্রেমভরে মা গঙ্গাদেবী বলিছেন জয় হরি হরি,
বনশোভা কত মনোলোভা জয় জয় জয় মুরারি,
ভক্তিভাবে প্রশাম কবি লও হে ভব কাণ্ডারী।

শ্রী শ্রীঈশ্বর সহায়

নৃতন দিন উপলক্ষে জগদীশ পদে পূজা ও প্রার্থনা।

মক্লময়

শ্রীঈশ্বর ইচ্ছায়

ভবে হ'ল আজি নৃতন দিন,

এই সাধ মনে

পবিত্র আসনে,

বসি পতিসনে

প্রফুল্ল আননে,

করিব বিভূর জীপাদ পূজন।

প্রেম অঞ্নীরে ধোয়াব চরণ,
প্রেম ফুলে মাখি ভকতি চন্দন,
হরিনাম বলি করিব বাদন,
প্রেমভরে অর্ঘ শ্রীপদে করিব দান,
প্রেমভরে সেই চরণামৃত করিব মোরা পান,
প্রেমভরে রাঙ্গা পায় করিব প্রণাম।
দয়াময় করিবেন আজি শুভ আশীর্কাদ দান,
তাই মাগিতেছি শ্রীচরণে হে দেব
দাও মোরে মনের মতন।
সুস্থ রেখ মোর পতি প্রাণধনে,
দীর্ঘজীবী করে এই ধরাধামে,
জামাতা তনয়াদি আত্মীয় স্বজনে,
সুস্থ রাখি মোর শান্তি রেখ মনে,

ভূমি দয়া করে.
রেখ তা সবারে

চিরজীবী করে এ মরত ভূবনে,
ভারা তব পদে ভক্তি করে যেন মনে।
রিপুগণ হ'তে মোরে কর পরিত্রাণ,
তব শ্রীপদে এই ভিক্ষা মাগি ভগবান,
পর ছংখে ছংখী যেন হই অফুক্ষণ,
সাধ্যমত পারি যেন করিবারে দান,
পর স্থাখ স্থী সদা রেখ মোর মন,
জগতের জনে দেখি আপন সমান,
স্লেহ দয়া দাও মোরে আর ক্ষমা গুণ,
হাসিমুখে সর্ব্ব লোকে বলি যেন স্থুমিষ্ট বচন,

অভিমান আর যেন নাহি ধরে মোরে. বার বার মাগিতেছি তাই যোড করে. বল দর্প অহমার নাহি আর করে মন. সদা যেন থাকি আমি তুণের সমান, লজ্জা সরলতা হয় নারীর ভূষণ, যতনে রাখিতে পারি সতীয় রতন, কোন দ্ৰব্যে লোভ আৱ যেন নাহি হয়. এই ভিক্ষা দাও মোরে হরি দয়াময়: সুস্থ দেহ থাকে যেন বাঁচি যতদিন, নিজ শক্তি দান কর, না হই পরাধীন, যাহা দোষ আছে মোর স্বধরাইতে পারি, এই দয়া কর মোরে কুপাময় হরি: মায়া হ'তে বক্ষা মোরে কর দ্যাম্য, তব পদে সদা মন যেন বাঁধা রয়. আর কিছ ধন হে দেব কর মোরে দান. জগতের সার রত্ন দাও আমারে জ্ঞান : বিশ্বাস মুকুটে যেন মাথ। শোভা করে, প্রেম হার সদা হাদি যেন পরে. লোহ শহা রূলি হাতে আভরণ. সীমন্তে সিন্দুর কপালে চন্দন, তিলক আল্ভা লোহিত বসন, এই এয়ে। সাজ রেখ কুপাময় মোর যাবং জীবন : ধর্মে মতি রেখ মোর তুমি চিরদিন, মা গঙ্গা দেবীর কোলে থাকি যে ক'দিন.

কোনও আপদ যেন না লাগে আমায়, ভোমার সন্থান আমি আর কারে ভয়: এইবার শেষ ভিক্ষা মাগি তব স্থান. দয়াময় দয়া করে করিও পূরণ, তুমি দয়। না করিলে কে করিবে আর, জগতের নাথ তুমি ত্রিভুবন সার ; মৃত্যুকালে শ্রীচরণ দেখাইও মোরে, প্রণাম করিতে যেন পারি প্রাণ ভরে. হরিনাম মুখে যেন পারি বলিবারে, রাধাকৃষ্ণ রূপ হেরি যেন হ্লদি পরে. তিলুক্ আল্তা লালপাড় সাড়ী পরিধান করে, এই মা জাহ্নবী কুলে সিন্দূর চন্দন ভালে লোহা লালস্তা হাতে ফুলমালা পরি গলে পতি কন্সা ভ্রাতাদি আত্মীয় আর জামাতা ছটির কোলে, শুভদিনে শুভক্ষণে হয় যেন মরণ, শ্রীজগন্মাথ দেবের শ্রীপাদ পদ্মে প্রাণভরে করিছেচি নিবেদন।

কীত্তন।

প্রার্থনা ও নববর্ষের আবাহন।

জাগ জগতবাসী ডাকিতেছে বিহক্তম. নববর্ষে আদ্ধি শুভ উষা করিয়াছে আগমন, দেখ গো নয়ন মেলে. ডালে ডালে নব ফুলে, বসিয়া ধরেছে অলি নবীন গুঞ্জর তান, জয় জগদীশ বলি করিতেছে মধু পান। সমীরণ কুতৃহলে, পরশি মা গঙ্গাজলে. সুশীতলে করিতেছে চামর ব্যজন, জাগ জগতবাসী ডাকিতেছে বিহঙ্গম। কোকিলা মধুর স্থুরে, প্রেম আনন্দ ভরে. গাহিছে কোকিল সনে জয় ব্রহ্ম নারায়ণ. বেলা যুঁই পুষ্প যত, মালা ধরি নানা মত, দিতেছে সুগন্ধি কত হয়ে ফুল্ল মন. জাগ জগতবাসী শোভা কর নিরীক্ষণ,

নববর্ষে আজি শুভ উষা করিয়াছে আগমন।

निमारक कशमीयदा, তরু লতা প্রেমভরে. মিষ্ট নানা ফল উপচারে পুজিছে চরণ, হয়ে আনন্দিত অতি. দেখ মাতা ভাগীরথী, তরক তুলিয়া সতী হরিপদ প্রক্ষালন, করিছেন নিজ হাতে, ডাকিছেন জগন্নাথে. ় কিবা স্থধাময় ধ্বনি করহ আজি প্রবণ, জাগ জগতবাসী শোভা আজি অতুলন। হেরে সূর্য্যকান্ত মণি, আনন্দেতে কমলিনী ভাসিছেন সরোবরে হইয়ে প্রফুল্ল মন, স্থসময় হেরি তার, জুটেছে কত ভ্রমর. জয় বিভূ জয় বলে স্থা করিছে গো মধু পান, তরুণ সিন্দুরে সিঁথি, সাজায়ে প্রকৃতি সতী, এসেছেন পূজিবারে আজি পূর্ণব্রহ্ম সনাতন, ্জাগ জগতবাসী কর তায় যোগদান। গলবস্ত্রে নমি তাঁরে, আজি নববর্ষে প্রাণভরে, গাওরে সেই দয়াময় হরির জয় নাম।।

ন্ত্রীন্ত্রীবিশ্বেশ্বরায়

नगः।

কষ্ট করে খরচ করে মনরে কেন যাবে কাশী,
মা গঙ্গার কোলে ব'সে
পরমানন্দ রসে
দেখ তুমি সর্ব্ব তীর্থ বারানসী।
বিশ্বেশ্বর বিশ্বমন্দিরে বিরাজমান শিরোপরে
জ্ঞান চক্ষে হের তাঁরে হবে না আর অবনতি,

মা জাহ্নবী কল কল মহানাম মন্ত্ৰ জপি অবিরল.

প্রেম জলে তাঁর পদ কমল ধ্য়ে আনন্দিত অতি।
তরু লতা সথী যত প্রুক্তিত ফুল্লচিত
প্রেম পুপাঞ্জলি চরণ পদ্মে দিতেছেন প্রকৃতি সতী,

জয় জয় বিশ্বেশ্বর গাহিছে নাম ভ্রমর,

স্থুগন্ধি ধৃপ ছড়াইয়ে চামর করে মারুতি। করিছেন যাঁরে আরতি তপন শশী দিবারাতি

প্রেম ভক্তিভরে সেই বিশ্বেশ্বরে মনরে কর প্রণতি।
কর নাম জয় ঘোষণা পুরিবে শেষ বাসনা

বিশ্বাস রাখিও চিত্তে বিশ্বেশ্বর দয়ালু অতি, করম ফল ভোগের তরে হলিরে তুই তীরবাসী।

শ্রীশ্রীবিভূ চরণে প্রাতঃ প্রণাম।

জয় জগদীশ বলে মেলরে নয়ন
বিভাবরী প্রভাতিল, শশী নিজ স্থানে গেল,
করিলেন মনি উষা ধরায় শুভাগমন,
ঈশবের মহিমা গুণ করিতে কীর্ত্তন,
জয় জগদীশ বলে মেলরে নয়ন।
ফুটেছে স্থন্দর ফুল, সৌরভে হয়ে আকুল,
আসিয়া জুটিল অলি মধু করিবারে পান,
প্রেমভরে গাহিতেছে দয়াময় বিভুনাম,
জয় জগদীশ বলে মেলরে নয়ন।
তরুবর নতশিরে, নমিছে মারুত ভরে,
নানা ফল উপহারে পরমেশ পায়,
শাথে বসি বিহক্তম বিভুগুণ গায়।

পূরবেতে সূর্য্যমণি, নিরখিয়া কমলিনী, আনন্দেতে বিকসিত স্বচ্ছ সরে হইল, গুণ গুণ করি রব, ফুল্লচিত্তে মধুকর,

হের কত ভাহে বসিল:

তরুণ সিন্দুর পরি,

প্রকৃতি দেবী সুন্দরী,

নৃতন সাজে পুন: সাজিল,

কাননেতে সূর্য্যমুখী,

নিজ প্রাণপতি দেখি.

পুলকে নব জীবন ধরিল, জয় ব্রহ্ম জয় বলে সকল জীব জাগিল। মাতা ভাগীরথী রঙ্গ করি.

তুলিয়া প্রেম লহরী.

দয়াল হরি বলে প্রেম জলে নিজহন্তে পদ ধৌত করে প্রফুল্ল বদনে চলিলেন সেই পারাবারে।

আলস্থ ছাড়ি এখন,

হও রে মন সচেতন,

স্থুখদা মোক্ষদা গঙ্গা দেবীরে করি স্মরণ,

জ্ঞয় জ্বগদীশ বলে মেলবে নয়ন।

বিঘোর যামিনীতে.

নিশ্চিম্নে যার কোলেতে,

ঘুমেতে ছিলে রে মগন,

প্রেম ভক্তিভরে,

তাঁর পাদপদ্ম 'পরে,

এবে প্রাণভরে কর ধন্যবাদার্পণ,
দান করিলেন যিনি নবীন জীবন,
জয় জগদীশ বলে মেলরে নয়ন।
স্পৃষ্টির নব সৌন্দর্য্য করি এখন দরশন,
নিত্যকর্ম গৃহধর্ম ফ্লুচিত্তে কর সম্পাদন,

জয় জগদীশ বলে মেলরে নয়ন।

শ্রীহরি পাদপদ্মে বসস্ক উপহার।

বসস্ত এসেছে ব'লে ডাকিছে কোকিল বধু, কু কু স্থমিষ্ট রবে, প্রফুল্ল মানব সবে, নানা ফুলে প্রজাপতি পান করিতেছে মধ্। নব পল্লবেতে তরুরাজি ধরিয়াছে ফলে শোভা অতি মলয় প্রন ভরে নমিছে ঈশ্বর পায়. যত বন লতা সখী সবে জড়ায়ে রয়েছে তায়, মা গঙ্গা আনন্দ করি তলিয়া প্রেম লহরী. ধাইছেন সিশ্বসনে করিতে শুভ মিলন, প্রেম নীরে হরি চরণ করি প্রকালন। সরোবরে কমলিনী. ভ্রমর ঝকার শুনি. ভাসিছেন ফুল্লচিতে নির্থিয়া প্রাণপতি, বসত্তে সাজিয়াছেন দেবী বস্তমতী. তরুণ সিন্দর পরি. বলিয়া শ্রীহরি হরি, প্রেমভারে নমস্বার করিছেন প্রকৃতি সভী। বসে মা জাক্রবী তটে, ডাকরে মন অকপটে. দয়। করে তব কাছে আসিবেন প্রভু ভক্তিতে করি প্রণাম, পুৰ্গ হবে মনস্কাম, ভবপারে বাবে তুমি ব'লে জয় জয় বিভু। ১৩১৭ সন ১২ই চৈত্র শুক্রবার, বরাহনগর।

ভোত্ৰ।

শ্রীশ্রীহরি সহায়

এসেছ এখন রে মন পবিত্র মা গঙ্গা কোলে, প্রোমানন্দে ডাক সদা জয় দয়াময় হরি বোলে। নির্থিছ বিশ্বরূপ, সচ্চিদানন্দ স্বরূপ,

সতত আছেন হরি হৃদয় কমলে,

প্রেমানন্দে ডাক সদা জয় দয়াময় হরি বোলে ;

মিছে কর ভয় ভাবনা, ববে না ভব যাতনা,

নির্ভয়েতে থাক তুমি অভয় চরণ তলে.

পতি পুত্র কন্যাগণ,

এ সকলি মায়ার বন্ধন.

তাই তোমারে শ্রভু কুপাকরে,

রেখেছেন চোখের অন্তরালে,

প্রেমাননের ভাক সদা জয় দহাময় হরি বোলে।

শ্রীহরি সহায়

বাজে চিস্তা সব ছেড়ে দাও রে মন.
সদা চিস্তা কর সেই দয়াময় শ্রীহরি চরণ,
যদি অন্তিমেতে আনন্দেতে যাবে তুমি মোক্ষধাম,
পথের সম্বল লও স্থমধুর হরিনাম,
থাকিবে না কোন ভয় সতত আনন্দময়,
কুপাময় হরি দিবেন অভয় চরণে স্থান।

শ্রীশ্রীতুর্গা সহায়

মলিন বস্ত্র বলে নিচ্চনা জননী তুলে,
ছিন্ন ময়লা সাড়ী ছেড়ে এবার উঠ্ব গো কোলে,
প'রে প্রেমের বসন, প্রেমের ভূষণ,
শাস্তি রসে হয়ে মগন,
প্রেমানন্দে থাক্ব সদা তোমার করুণ চরণ ভলে,
আর আস্ব না মাগো অশাস্তির এই ধরাভলে।

প্রকাঞ্জলি।

শ্রীশ্রীঈশ্বর চরণে ধন্যবাদ ও প্রার্থনা

লও ধন্যবাদ জগতের নাথ
কুপাময় প্রাভ্ আজিকার দিন,
পূর্ণ এক বংসর এগারই নভেম্বর,
তব করুণায় বেল। এগারটার সময়
হ'য়েছিল এই শুভ দন্ধি স্থাপন;
সকল কার্য্যে তব শুভ বাঞ্চা করি নিরীক্ষণ,
ভাই আজি হে দেব, মোদের সম্রাট করিয়াছেন ঘোষণ,
দিবা এগারটায় সর্ব্ব প্রজাগণ,
কার্য্য হইতে ছুই মিনিট অবসর করিবে গ্রহণ,
এস পতি পুত্র কন্যা ভাই বন্ধুগণ,
সবে মিলি ঐ সময় মোরা গাই জগদীশ নাম।

মাগি প্রভূপায়

ওহে দয়াময় শ্রীক্মল হাতে রাজারাণী মাথে

কর শুভাশিস দান.

পরিজন সনে স্থথে সদা সুস্থ দেহে থাকেন নিরাপদে চিরদিন শাস্তি ল'য়ে দোঁতে পেয়ে সুদীর্ঘ জীবন। রাজারাণী ছুইজনে আজি এই শুভদিনে বনবাসী এ দীন প্রজা শ্রীচরণে করিবে কি দান

গেঁথেছি যতনে শ্ৰদ্ধা প্ৰসূৰে

ক্বিতায় আমি স্তুচিকণ হার ভক্তিভারে দিতেচি আজি লও ভক্তি উপহার।

৶জাহন্রা তট বরাহনগর

हें मन ১৯३० ১১ই নভেম্বর।

কামারহাটি ৶ঐতিগাবিন্দ ধাম।

তে দেবি

তুমি দয়া করে

দিয়াছিলে মোরে

মনোমত মম চারিটী জামাতা ধন. নির্দয় কাল অকালে হ'রেছে মধ্যকার তুইজন। তদবধি একদিনও মনে শাস্তি নাই আমার. শান্তিময় ভবন মম হইল লৌহ কারাগার।

কারাগারের যত হুঃখ সকলি ত' জ্ঞান তুমি, তাহা ব'লে কি জ্ঞানাব মাতা তুমি দেবী অন্তর্যামী। দেখিয়া যাতনা মোর দয়াময়ী দয়া করে.

> আমায় শুভক্ষণে, নববর্ষে শুভদিনে,

বাহির করিলে তুমি আপনার হাতে ধরে।
ল'য়ে গেলে কামারহাটি ৺শ্রীগোবিন্দ ধাম
স্থানর পবিত্রময় অতি মনোরম্য স্থান
পুশ্যবতী মাতা স্থরতরঙ্গিনী দেবী তথায় অধিষ্ঠান,
৺শ্রীরাধা গোবিন্দ দেব সাক্ষাং বিরাজমান।

ধেমুবংস চরিতেছে দেখে মনে হ'ল আইলাম প্রেমের বৃন্দাবন হেরি এবে মা গঙ্গা দেবী যমুনা পুলিন, নির্থিলাম ফুল বাগান বৃহং যেন কুঞ্জবন পাখী সব করিতেছে বিভূ গুণগান

বহিছে তথায় মৃত্ মলয় পবন,

করি চামর ব্যজন

রাসলীল। করিছেন বসি রাধা শ্রাম । ভক্ত তরুলতা

নমিতেছে সদা

ঈশ্বর চরণ।

আছে দাঁডাইয়া স্থিগণ,

হইয়া প্রফুল্ল মন

নানা ফুল বেল যু[°]ই মালা ধরি[°] তোড়া ধরি[°] দাড়াইয়াছে গোলাপ স্থন্দরী অলি গুণ গুণ স্থার, সুথে মধু পান করে

> নাচিছে আনন্দে ভ্রমর ভ্রমরী কুতৃহলে পিচকারী দিতেছেন হরি

হেরিলাম বৈশাখী পূর্ণিমায় রাধা শ্রীগোবিন্দের ফুলদোল,
ভক্তগণ প্রেমানন্দে বলিছেন হরিবোল হরিবোল।
এ সকল দেখে শুনে শাস্তি পাই তথা;
পিতৃগৃহে আদরেতে কন্সা থাকে যথা,
আদরের কথা একমুখে আমি কি বলিতে পারি

অনস্ত সহস্র মুখে বলিবারে নারি। নকাকাবাবুর স্নেহ মোরে যত, সতা, বিষু, প্রমীলার ভত কিসেতে হইবে সুখী মোর মন, এই চিম্না তাঁরা করিতেন অনুক্ষণ। সভাকে দেখিলে মনে হইত আমার . সত্যদেব এসেছেন যেন ধরা'পর। আমাকে সাস্থনা দান করিবার তরে. এসেছেন বুঝি এই মানব আকারে। সরল প্রকৃতি তার প্রফল্ল বদন, সৌম্য মৃত্তি, দেখিলেই সুখী হয় মন। মুখে তার মিষ্ট হাসি আছে সর্বাক্ষণ, মধুমাথা কথা শুনি জুড়ায় তাপিত প্রাণ। সেখানে থাকিলে হবে প্রেম উদ্দীপন, সকলি ভোমার দয়া, জানিলেক মন। তথা ছয় মাস মহাপ্রসাদ করি মোরে দান. ষ্ত দেহে পুন: মাতা দিলে গো পরাণ। পূর্ণিমায় পূর্ণচক্র স্থা করি দান. করুণায় রাখিলেন চকোরের প্রাণ।

বৈঠকখানা দ্বিতল হইতে হেরি উত্যানের শোভা জ্যোৎস্নায় আনন্দ লহরী তুলি, দয়াময় হরি বলি

ধাইছেন সিন্ধুপানে মা আমার গঙ্গা। জ্যোছনার দেখি আলো. রজনী

রজনী প্রভাত হ'ল

মনে করি মিষ্ট রবে ডাকিতেছে পক্ষিগণ,

কুপাময় হরিপদ করিয়। স্মরণ।
বৃহৎ অন্দর মহল বাটী দ্বিতল প'ড়ে নীরব
পুক্ষরিণীর জল অতি স্বক্ত, খেলে মীন সব।
ছইপাশে বাঁধা ঘাট বসিবার স্থান,
বকুলের গাছ, রৌদ্রে ছায়া করে দান।
ছপুরে বড় বৌদিদি সনে তথা বসিতাম

ভূই ভগিনীর হইত কথোপকথন

বৃহৎ ঠাকুর বাড়ী, মার্কেল ও কণ্টি পাথরে ভৈয়ারি ঠাকুর ঘর ও দালান।

শ্রীরাধা গোবিন্দ বিগ্রহ ঘরে,

সম্মুখে দালানোপরে

স্বৰ্গীয় দাদামনির মহাদেব ভক্তমূৰ্ত্তি স্থন্দর ছবিখানি হেরি অতি আনন্দিত হইলাম। শ্রদ্ধা ভক্তি মনে ঈশ্বর চরণে করি প্রণিপাত ভক্ত দাদামণি দিদিমার ভক্তিতে পৃজিন্ধ পদ।

প্রীপ্রীজগদীশ।

শুভ চরণে প্রার্থনা গঙ্গামার কোলে করিছে কন্সা, হৃদয় মন্দিরে প্রভু থেক নিশি দিন প্রাণভরে ধন্সবাদ দাওরে মন। থাকিয়া এথায়, যাঁহার কুপায়,

সতত পাইছ এখনও পিতৃত্নেহধন
যথন যাহা হইতেছে তব প্রয়োজন।
শুভক্ষণে মহং বংশে লইয়া জনম,
ঈশ্বরের প্রিয় কার্য্য করিছেন সাধন,
ছিলেন ধর্মণীল অতি দয়াময়,
সদাশয় আমাদের দাদামহাশয়।
ভাগ্যে তাঁর চরণ তীর্থ না হেরিত্ব আমি
মহাদেবী ঠাকুরমা ছিলেন মোদের অনস্ত রত্নের খনি
সকলকেই কহিতেন স্থামাখা বাণী।
প্রসবিয়া কন্সা পুত্র সর্ব্ব গুণাকর,
লয়ে শ্রন্ধা ভক্তি পূজা মান্স এ ধরণীকে করি ধন্স,
গিয়াছেন লভিতে অনস্ত শান্তি অমর নগর।

তাঁদের গুণের নাহিক তুলনা দিব কি উপমা আমি হই অতি জ্ঞান বৃদ্ধি হীনা, তথাপি হ'ল বাসনা পূজিতে পুণ্য চরণ ছজনার, ভক্তি শ্রদ্ধা দানে করি পাদ পদ্মে নমস্কার পিতা মাতার সকল গুণ পরিয়া ভূষণ ্ হইয়াছ তুমি দেব (নকাক। মহাশয়) অতীব শোভন। সত্যবাদী সুধাভাষী প্রফল্ল বদনে হাসি. হেরি তব সৌম্য মূর্ত্তি স্থুখী হয় সর্বজন, ঘোষে তোমার যশোরাশি জগতের জন। ক্ষমা দয়া ধর্মে মন মহান উদার প্রাণ, নাহি জান আত্ম'পর সরল প্রকৃতি, চিত্র ভোমার সমর্পণ, পর্হিতে অনুক্ষণ, জীবনে আদর্শ তুমি এই বস্থমতী, মহাদেব মহাদেবীর সর্ব্ব গুণালক্কারে হইয়া ভূষিত, যে যেমন ভার সাথে ব্যবহার কর সেই মত। মাগিতেছি পায় ওহে দ্যাম্য পরিজন সনে সুস্থ রাখ তাঁরে সদা শান্তি মনে ও স্থদীর্ঘ জীবনে।

কামারহাটি

৺জাহ্নবী তট

শ্রীহরি চরণে ধন্যবাদ।

নিজ জন্মদিন উপলক্ষে স্বৰ্গীয় পিতৃদেব স্বৰ্গীয় স্নেহময়ী মাতৃদেবীর াপাদপদ্মে প্রার্থনা।

কার্ত্তিক পূজা আজি সংক্রান্তির দিন বেলা দ্বিপ্রহরে ভূমিষ্ঠ হইলাম ধরণী 'পরে বদ্ধ ভিন্ন মাতৃজ্ঞ্চর অন্ধ কারাগারে,

দয়াময় কুপাকরে দিলেন মুক্তি দান, অমনি মহামায়া হরিলেক যাহা ছিল জ্ঞান।

প্রভু না দেখে ভোমারে মা মা করে কতই কাঁদিয়াছিলাম

তব করুণায় দেবী জননী আমায়

কোলে তুলে লয়ে আদ

আদরে কত ভুলাইয়ে

করাইলেন মোরে স্তন্ত সুধা পান ; আমি তোমাকে গেলাম ভুলিয়া,

সেই স্থাপানে এখনও জীবিত রয়েছে হিয়া,

সেই অবধি মোকে

মাতৃদেবী বুকে

রাখি করাইলেন লালন পালন:

ভোমার কুপায়

আমি এ ধরায়

পেয়েছিল্ল দেব স্নেছময় জনক ও স্নেছময়ী দেবী জননী
তাই আজ প্রাণভৱে ধন্মবাদ করিতেছি দান,
কুপাময় প্রভূ তুমি করহ গ্রহণ।
শ্রীশ্রীশচক্র দেব মম বিতা,
দেবী চণ্ডীমণি স্নেছময়ী মাতা,
ভাডিয়া গিয়াছ মোরে,

আজি জন্মদিনে

যুগল চরণে

শ্রদ্ধা ভক্তিভরে করিতেছি প্রণাম
দয়াময় দয়াময়ী করহ গ্রহণ,
আবার কোলে তুলিয়া লও ছইজন,
আজি পুন: কোলে উঠিবার হইতেছে মন,
করিতেছি তাই শ্রীপাদ পদ্মে নিবেদন।

আনন্দোচ্ছাস।

জয় ব্ৰহ্ম সনাতন

তোমার ইচ্ছায় মঙ্গল আলয় রাঁচি হইতে নকাকা বাবু আমার করেছেন শুভাগমন। স্লেহের ভ্রাতা মোর স্তোক্ত মণি.

মম আদরিণী ভগ্নী বিনয়িনী,

নির্বিন্নে উভয়ে তাঁর সাথে এসেছেন ও ভাল আছেন,

ণ্ডনে অতি ফুল্ল মন হুইল প্রভু জনার্দন মোর প্রিয় জামাই বাব শংচ্চক্র স্বস্ত হয়েছেন

হে দয়াল হরি

মন স্নেহের ভগিনী প্রামীলা স্থন্দরী তব অন্তগ্রহে সঙ্গলে গুড়ে

করিয়াছেন গমন

আদরের সস্তানাদি লয়ে সকলে দীর্ঘায়ু হয়ে
সুস্থ ও শান্তিতে থাকেন গ্রন্থ আজিকার এই প্রার্থন।

গুণকীর্ত্তন।

শারিলে এখনও বাথা

নকাকিমার গুণকথা

পায় এ অস্তর,
সেই দেবী মাতার গুণ বণিব কি সাধ্য আমার ;
জিন্মিয়া মহৎ ঘরে পিতা মাতার গুণ ধরে
আনন্দ দিয়া সবারে কাঁদায়ে আবার
স্থের সংসার ফেলে অকালে গেলেন চলে
বিস্তারিতে স্বর্গরাজ্যে আপন ঘর

সেই মিষ্ট হাসি মুখখানি নয়ন কমল জিনি এখনও রয়েছে মোর আঁখির উপর,

বৌমা বলিয়া কত করিতেন আদর।

বাক্য ছিল এমনি মার যেন গো সুধার তার,

যে **শুনেছে** একবার ভূলিতে নারিবে, নমুভা সরলতা কত স্থেহ কত লক্ষা

দয়া শ্রন্ধা ভক্তি মনে সত্তই পবিত্রতা,

শ্বরগের রাণী এসেছিলেন এ ভবে।

কি ধনী কি নির্ধন সবারে সম যতন

কখন কি এত গুণ সম্ভবে মানবে ? মাগো দয়াময়ী ভগবতী লও প্রেম প্রণিপাত আশীর্কাদ কর দেবী যেন পূর্ণ হয় মনোসাধ।

শেকোচ্ছ ।স।

শ্রীহরি পদে প্রার্থনা •

ছঃখ হারি হরি তুমি হে মুরারি করি নিবেদন চরণে।

রাণীমার জ্বর অথিল ঈশ্বর

শুনিয়া ব্যথিত হলেম প্রাণে।

যাতনা বারণ শ্রীমধুসুদন

করহ তুরহ একাদশী দিনে।

আছে উপবাসে জরেতে পিপাসে

ফাটিছে কণ্ঠ ভাহার

এ কথা স্মরণ করি নারায়ণ

ব্যাকুল হতেছে আমার অন্তর।

এ পাপ গর্ভেতে আসিয়া ভারতে

অল্পকালে সর্ব্ব স্থাথেতে বঞ্চিত

শ্বরিলে এ কথা পাই কত বাথা

বিদরিয়া যায় আমার চিত্ত।

+ 61年6巻

দিনে সাজবার

করিত আহার

শিশুকালে মোর হরে

একটু একটু করে দিতাম তাহারে

খাইতে আদর করে।

বেশি খেতে পারিত না একেবারে কভূ এবে একাদশী ধার্য্য 'তার' করিয়াছ 'হে বিভূ'।

যেমন কর্ম্ম মম সেইরূপ ফল তমি কি করিবে, ভাগ্য ঘটায় সকল। কুপায় মাতা ও কন্সায় রাখ দীর্ঘায়ু দানে স্বস্থ হয়ে আসে যেন সুধারাণী সনে। ভকতি প্রণাম প্রভু কর্চ গ্রহণ

হেরে ধন্মবাদ দিব এই আকিঞ্চন। আদরে "দিদিমণি তার" দিলেন রাণী নাম

অষ্ট্র বর্ষ পরে কন্সা মোর হইল যখন।

মুক্তের নগর বড় মা তাহার

গিয়াছিলেন দিদিমা ও দাদামণি জোছনার রাতে কন্মা পডিল মহীতে

ত্তল আনন্দ ধ্বনি।

গোলাপ ফুলের রং দেহটি ননী গঠন

সুধাংশু জিনি মুখখানি।

মাছি পিছলিয়া যায় অক্সের মস্পতার কাল্লা জানিত না কভু সতত হাস্থ বদনি।

পালিয়া ভাহারে যত্ত্বে আদরে

লইয়া আইমু 'মোরা' নিজ্ঞধাম।

হেরি সানন্দ হৃদর তার দাদামহাশয় আদরে ঠাকুরমা তারে দিলেন ইন্দুপ্রভা নাম। প্রভু তব কুপা বলে কুমারী হইলে মনোমত পাত্রে কৈন্তু সমর্পণ। চারুচন্দ্র নাম রূপ গুণবান হাসি ভরা সদা প্রফুল্ল আনন। সর্বব সুলক্ষণ অমৃত বচন পদ্ম পলাশ লোচন। 'দেব' জামাতা রতন পেয়ে স্থুখী হইলাম। আদৰের বাণী হটল রাজবাণী এ আনন্দ রাখিবার ধরায় কি আছে স্থান। তা'র সান্ত্রনার স্থল হইল সুধানামে ফল করিয়া কতই উন্নতি সাধন। লভিয়ে যশোরাশি জগতেরে তুষি চির স্মরণীয় ভবে হইলেন। আসি ধরা'পর শাপে শশধর কিছু দিন করি নররূপে লীলা আহলাদ সাগরে ভাসায়ে স্বারে আনন্দে করিলে খেলা। শাপ হ'ল মুক্ত অমরেরা যত থাকিতে নারিল তোমায় ছেড়ে, বলে অন্ধকার অমর নগর রহিয়াছে চব্দ্র তোমার তরে। না কর বিলম্ব চল তুমি শীজ এনেছি বিমানে পুষ্পক রথ,

পারিজাত মালা কর শোভা গলা চন্দ্রে চর্চিত হয়েছে পথ। জীৰ্ণ এ বসন করুহ বর্জন নব বস্ত্র এবে কর পরিধান, পিতার আদেশে যাবে স্বৰ্গ ৰাজ্যে শিরে ধর তুমি মুকুট ভূষণ। এসে এই ভবে আমাদের সবে ভুলিয়া গিয়াছ ভুমি। মায়ায় মোগিত হয়ে অবিরত আর কেন করিছ মামাধ্বনি। হেরিবে স্বরগ রাজ্যে আপন জননী প্রতিমা রহিল পড়ে হইয়ে যোগিনী। অমনি মধুর স্থুর হইল নীরব বাবারে জয়ানন্দে 'লয়ে গেল' অমরেরা সব দেশিম বসিয়া আমি খাটের উপর শান্তি ধামের শোভা কিবা মনোহর। মোর চারুচন্দ্রে নিল সবে করি সমাদর তদবধি শোকান্বিত রয়েছে মোর অস্তর। বাবা চারু এসে ধরে লয়ে যাও মোরে

তব তরে 'পড়ে আছি' আমি গঙ্গাতীরে।

২ • শে পৌষ মঙ্গলবার ১০২৭ সাল বরাহনগর। ইতি--ছ:খিনী মাতা।

স্বৰ্গারোহণ *

ত্যু:খিত অন্তর

নির্খি ঈশ্বর

করাইলে দরশন.

মা জাহ্নবী তীরে গগন উপরে

কল্পনা এ নয় প্রতাক্ষ দর্শন।

হ'ল এত জ্যোতি: বৰ্ণিছে শক্তি

নাহিক তাহা আমার,

সেই জ্যোতির ভিতরে পুষ্প রথোপরে

স্থসজ্জিত একটি শিশুর **আকার**।

যেন বরুবেশ

আনন্দ অনেষ

ফুলের মুকুট মাথে,

পারিজাত মালা শোভিতেছে গলা

ফুলের বলয় হাতে।

লোহিত বসন

ललार्डे इन्स्न

সুধা হাসি মুখ ভরা,

শুক্লপক রাতে শুভযোগ অইমীতে

যাইছে ছাড়িয়া ধরা।

শাপে মুক্ত হ'য়ে

ন'টার সময়ে

গেল দেব শিশু স্বরগ ধাম,

বৃহস্পতিবার পেয়ে শুভদিন:

সুর বালাগণে

ধানদুৰ্ববা দানে

জয় গানে করিল আশিস দান।

* त्रविकेश

লয়ে তারে কোলে সবে কুতৃহলে

চাঁদ বদনে করিল চুম্বন,

অমর নগরে প্রতি ঘরে ঘরে

অমনি বাজিল মঙ্গল বাদন,

দেৰ মণি এসেছেন ত্রিদিব রতন।

প্রার্থনা

মা গঙ্গার তীরে হেরি আঁখি 'পরে
তখনি বলিল মন
এই কি আমার রবি হৃদয় রতন ?
কেন হও চিত্ত এত বিচলিত
স্থল্ল হইবে মোর রবি ধন।
বল জয় জয় প্রভু দয়াময়
অনম্ভ চিস্তার হইবে বিরাম
ভূমি করিও না মণি রবিচাঁদের অকল্যাণ।
বল করুণাময় ও কমল পায়
প্রাণভরে এই নিবেদন

প্রাণভরে এই নিবেদন নিরাপদে রক্ষা কর তোমার প্রিয় সম্ভান।

বরাহনগর। ২৬শে শ্রাবণ বৃহস্পতিবার ইতি মঙ্গলপ্রার্থী---১৩২৮ সাল। রবিচাঁদের দিদিমা।

প্রার্থনা *

হে বিভূ, চরণে আদ্ধি কি অর্ঘ করিব দান
কল্য মণি রবি ধন
মোর গিয়াছেন চলে শুনে পড়ে আছি এই ধরাতলে
প্রেম ফুল ফল শুকায়েছে কি করি প্রদান।
বনপুরে হুখনীরে

ভাসিতেছি অবিরাম.

এস দয়া করে মা গঙ্গার তীরে সেই জলে ধুয়ে দিই চরণ।

আজি ভিক্ষ। পাদপদ্মে বাছারে রাখিও বক্ষে

করাইও রবি চাঁদে অমৃত ভোজন, জরা ব্যাধি কোমলাঙ্গে না পশে কখন। প্রেরণ করিও না তারে যাতনা পাইবার তরে

গ্রভু আর ভব ধাম

স্বর্গরাজ্য আলো করে যেন গায় তব জয় নাম। রবি রতনের দিদিমার এই নিবেদন করুণাময় ছখীরে অভয় চরণোপরে

দাও হে স্থান,

অমরাবতীর মাঝে ক্রোড়ে ধরি রবি চাঁদে তোমার গুণ গানে করি ছঃখ নিবারণ।

৺জাহ্নবী তট ১৩২৮ সাল বরাহনগর

২৭শে শ্রাবণ শুক্রবার

* রবিচাদ

প্রার্থনা *

হরি চরণেতে অপরাধী তাই এ আক্ষেপ আজি
করিতেছি বদে আমি কোলে মা গঙ্গার,
স্থপথে রাখিও টেনে দ্য়াময় নিজগুণে
ভূলে যেন নাহি থাকি অভয় পদ ভোমার
লও আজি উপহার এই অশ্রুধার।

দাদামণি রবিচাঁদ গেলে স্বর্গরাজ্যে চলি,
না শুনায়ে দিদিমারে তব সুমধুর বুলি।
গিয়াছ যাত্ চলিয়। দিদিমাকে না বলিয়া
কেমনে ধরিব হিয়া ক্রদয়ের রবিধন,
পিতা মাতা ভগ্নী ভ্রাতা সনে ভূমি আসিবে মোর বনাশ্রমে
আদরে লইয়া কোলে করিব মুথ চুম্বন।
চক্রাননে স্থা হাসি নিরখি হইব খুসি
বনফুলে সাজাইব মনের মতন,
ফুল ভালবাস ভূমি যতনেতে দিব আমি
বনবাসী হই কোথা পাব মূল্যধন।

পরায়ে দিব ললাটে যাছ তোমায় নিজহাতে

মঙ্গল হরি চরণের স্থান্ধি চন্দন,

মাথায় শুভ দূর্ব্বাধান পুলকে করিব দান

আনন্দে শ্রীচরণামৃত করাইব পান
ভূমি হও ভগবানের ভকত সন্তান।

সুস্থ শরীরে

রবে ধরা পরে

প্রাণের রবি রতন মম

কুশাময় করিবেন

मौर्घायु अनान

সদা করি আকিঞ্চন হরি কেন হ'ল না পূরণ শ্রীপদ কমলেতে এই নিবেদন।

সে দিন কত আশা করে সকল কাছ কর্ম সেরে
আমি বসে ছিলাম যাত্ রবি তোমার কারণ,
কি আর বলিব হায় দেখি যত বেলা যায়
ততই কাতর হয় আমার পরাণ।
কহিতে লাগিল মন আসিবে আর কখন
ক্রমে বেলা গেল সন্ধ্যা এল করিল চিস্তায় মগন,
বনপুরে একা পড়ে
করিতেছি আন্চান্
বাহির হ'ল না তবু আমার পাপ জীবন।

যাত্ব তোমার অন্থথ রাত্রি দশটায় গুনিলাম মাগিতেছি একচিত্তে তদৰ্ধি বিভূপদে দয়াময় রক্ষ মোর দাদামণি রবি ধন। কি সাধ্য রাখে ধর্ণী স্বর্গের রতন তুমি কাঁদায়ে তাই স্বারে করিলে গমন ভীবণ জরা ব্যাধির হস্ত হইতে লভিতে শাস্তি বিরাম। যে দিন এলে ধরায় মোরা সকলে আনন্দময় বাবা তব ফণী মাতা বীণাপাণি আহলাদ সাগ্রে হলেন মগন, সে দিনের আনন্দ এবে নিরানন্দ তাঁদের স্মরিয়া বিদীর্ণ হইতেছে প্রাণ। কি করি উপায় আছি বনাশ্ৰয় কেমনে করিব সান্তনা দান. লও স্বর্গপুরে যাছ ডেকে দিদিমারে

তোমায় কোলে করে ছঃখ করি অবসান।

৺জাহ্নবী ভট ১**৯২৮ সাল** বরাহনগর

২৮শে প্রাবণ শনিবার

প্রার্থনা *

দাও প্রভু সাস্থনা।
দিয়াছিলে তুমি মণি দয়া করে,
অকালে কাল নিঠুরে
করিল তাহা হরণ.

জানাতেছি পায়

হে করুণাময়

তাহার শোকেতে মোরা হইয়াছি নিমগন।
হয়েছেন বাবা ফণী আমার পাগল প্রায়

মা বীণাপাণি

যেন পাগলিনী

সম্ভানের তরে হায়।

শ্বরিয়া সে কথা

পাইতেছি বাথা

মণি রবি চাঁদের কথা কিবা সুধাময়।
শুনিল না কর্ণ মম, এই ছঃখ হর
দিদিমা বলিয়া নাহি ডাকিল আমায়।

বাবা মা দাদা

দাই আও সদা

দাদাবাবু দাও বল

সে অমিয় বাণী

ক্যুদিন না শুনি

অন্তরেতে তিনি আছেন বিকল।

* व्यविक्री

এলে বন পুরে

ডাকিত আমারে

বলিয়া দিদিমা সে চাঁদ বদনে.

শুনে ফুল্ল মন

হইত জনাৰ্দ্দন

আসিল না মোর অদৃষ্ট কারণে।

সে বিধু আনন

আর দরশন

₹ইবে না গরাত*লে*.

বুঝেছি এখন

সে স্বরগ রতন

প্রভু. আদরে রাখিবে তোমার কোলে।

করি প্রাণিপাত

জগতের নাথ

অভয় চরণ তলে,

দাও পদাশ্রয়

ওতে দ্যাময়

রবি রতনের দিদিমা ব'লে।

৺জাহ্নবী তট ১৩২৮ সাল বরাহনগর

২৯শে শ্রাবণ রবিবার

প্রার্থনা *

হরি ব্রহ্ম সনাতন।

মৰ্ব্যপুর হইতে

অমর ধামেতে

হইল আজি পঞ্চ দিন

গিয়াছেন রবিমণি তথাপিও অর্ঘ আমি

বাছার মঙ্গল তরে করি হে অর্পণ নিরাপদে রেখ প্রভু এই নিবেদন।

রবিচাঁদ জপ মালা হয়েছে চিকণ কালা

শয়নে স্বপনে করি তাহার জন্ম প্রার্থন কেমনে হইব এখন তাহা বিশ্বরণ।

সেই স্থধা হাসি

ভরা মুখ শশী

যেন হেরিতেছি অফুক্ষণ

হাসিলে গালেতে টোল পড়িত হইয়া গোল সুন্দর দেখিতে কত হইত তথন

আদরেতে করিতাম বদন চুম্বন।

সে আনন্দ এ ধরায় হবে না আর দ্যাময় পাদপদ্মে তাই আজি করি নিবেদন.

প্রভু মোরে কুপা করে যদি লও অমরপুরে

যাত্র অদর্শন হ:খ হয় নিবারণ :

যাত্তমণি রবিচাঁদেরে ফদয়ে ধারণ করে

আনন্দে অমর ধামে গাই জয় নারায়ণ।

৶জাহনী তট

১৩২৮ সাল বরাহনগর

৩•শে শ্রাবণ সোমবার

* রবিটাদ

প্রার্থনা *

হে বিভূ একি তব করুণ।

আঁখি মুদে যেই বসি

হেরি সেই মুখ শশী

কর্ণে শুনি রবিমণি ডাকিছেন "দিদিম।"।

অধম পাতকী অ।মি

স্বৰ্গ পথ নাহি জানি

পুণাধন কিছু নাই, কিসে যাইব বলনা ?

পড়ে আছি বন মাঝে

জননী গঙ্গার কাছে

যাইতে স্বরগ রাজ্যে করি বড় বাসনা,

প্রভূ তুমি কুণা করে

যদি পাঠায়ে দাও যাত্ররে

লয়ে যায় হাতে ধরে পূরে মোর কামনা।

নন্দন কানন হইতে

তুলি পুষ্প নিজ হাতে

করিব রবিচাঁদে পারিজাতে শোভনা,

মিলে যত সুরবালা

চিরানন্দে করি খেলা

অমরাবতীতে মোরা প্রেমে হইব মগনা।

তথা নাহি জরা তুঃখ শোক সদা শান্তি সুখ ভোগ

জলদক্ষরে লেখা, এ নহে কল্পনা,

মণি রবিরে লয়ে কোলে

চুমিয়া মুখ কমলে

জয় জগদীশ বলে করিব নাম ঘোষণা

দ্যাম্য

পূর্ণ হয়

যেন আজিকার এই প্রার্থনা।

*৬*জাহ্নবী তট ১৩২৮ সাল বরাহনগর

৩১শে শ্রাবণ মঙ্গলবার

রবিচাদ

প্রার্থনা •

হে প্রভু নিরঞ্জন

তোমার দয়ায় জগতের রায় করিলাম কি দর্শন আনন্দধাম. গগনের পটে পুরব দিকেতে অনস্ত শ্যায় শ্যুনে আছেন আমার রবি রতন। দিবা দ্বিপ্রহর অঙ্গুলি বাছার রয়েছে তথাপি বদনে মুদিত নয়ন ঘুমে অচেতন তবু সুধা হাসি ভরা চন্দ্রাননে। হইয়া নির্ভয় নাহি জরা ভয় আছেন আনন্দ ধামে. মনোমভ বল আঙ্গুর ফল আহার করিয়া অমৃত সনে, নাহি কুধানল প্রফুল্ল কমল তাই শুভ নিদ্রা এসেছে নয়নে।

* রবিচাদ

শোকোচ্ছ াস

হেরিছ কি সাজ হৃদয়ের মাঝ

শোভিছে রতন হার

মণি মুক্তা পলা বিদ্যালয় বালা

ধরেছে বাহুর উপর :

পারিজাত মালা স্থুশোভন গলা

করেছে যাত্রর মোর।

কর্ণেতে কুণ্ডল মুকুভার ফল

পরেছে রত্নের মুকুট শিরে,

আঁচড়িয়া কেশ মনোহর বেশ

নাসিকা সুন্দর তিলক ধরে,

স্থ-চুয়া চন্দন লগাটে ভূৰণ

হয়েছে বাছার কতই বাহার

আঁখিতে স্থক্তম। কি দিব উপমা

রতন নৃপুর চরণোপর।

লাল মথমলে মণি মুক্তা কাজ অমরাবতীতে অমরের সাজ।

সবে ফুল্লমনে যত দেবগণে

মম রবিচাঁদ লয়ে করিছে আমোদ স্থরপুরে আছে যাত্ত সদা নিরাপদ।

শোকোচ্ছ,াস

দেব বালাগণে

আদরে যতনে

রেখেছেন সবে হৃদয়োপর

স্থির হও চিত

কেন বিচলিত

হইতেছ তুমি আর

দেখিছ সকল

বাছার মঙ্গল

অমঙ্গল করিও না তার। শুন স্বর্গপুরে সুমঙ্গল গান বাজিতেছে শুন মঙ্গল বাদন।

প্রেম ভক্তিভরে

বিভূ পাদপদ্মোপরে

করিয়া প্রগাম

মাগো তাঁর স্থানে

অমর ভবনে

যেন যাই মা গঙ্গার কোলে গেয়ে হরিনাম।

স্বর্গপুরে বক্ষে ধরে

হৃদয় মণি রবিচাঁদেরে

লয়ে আনন্দে গাহিব প্রাভূ তোমার জয় নাম। এইবার শেষ বাসনা কর হে পূরণ।

৺**জাহ্ন**বী তট সন ১৩২৮ বরাহনগর

১লা ভাজ বুধবার

প্রার্থনা *

প্রেমময় হে ঈশ্বর

তৰ শাস্তি ক্রোডোপর

সমর্পণ করিয়াছি বার দিন আজি.

হৃদয়ের রবিধন

যাইলেন স্বৰ্গধাম

হেরিলাম দেব রথে দেব সাজে সাজি।

সে যে স্বরগ রতন

কি শাপে ধরায় এল

অল্পকালে মৃক্ত হ'ল

কেন মায়া ডোরে আমাদের করিল বন্ধন।

শিশুর ভক্তি যত

লিখে জানাইব কত

পান করে শ্রীচরণামৃত করিত বাছা প্রণাম দরাময় সে ভোমার ভক্ত মহাজন। রবিচাঁদের শুভ শেঠেরা পূজা দিনে প্রভূ মঙ্গল তব চরণে আমি প্রথম কবিতা পুষ্পে করেছি পূজন।

* রবিচাদ

ৰাছার মঙ্গল লাগি

পাদ পদ্মে নিত্য মাগি

এইবার শেষ ভিক্ষা অভয় পদে জনার্দ্দন,

জরা রাক্ষসীর ভয়ে

গিয়াছে যাত্ব পলায়ে

স্বর্গধামে না করে অশন তাহাতে অতি ব্যথিত হইয়াছে প্রাণ, ফুল্ল সহাস্ত বদনখানি করাও একবার দরশন।

অমর নগরে

ু সুধা পান করে

অমর হইয়া গায় যেন জয় নিরঞ্জন।

করুণা করে আমায়

চরণে দাও আপ্রয়

প্রভূমা গঙ্গার তীরে আজি এই নিবেদন।

রবিচাঁদে লয়ে কোলে

জয় দয়াময় বিভূ ব'লে

কবিতা প্রস্থাঞ্চলি শেষ করি দান। কুপাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

৺জাহ্নবী তট ১ং২৮ সাল বরাহনগর

৬ই ভাত সোমবার

স্বৰ্গধাম *

দয়াময় ঈশ্বরের শাস্তি ক্রোড়ে করিছ আরাম আদরের দাদামণি মোর রবিধন।

নাহি তথা ছঃখ জরা

কেবল আনন্দ ভরা

তথাপি কেন বা মোদের পুড়িতেছে মন ? ধরাতে আর হেরিব না সে বিধু বদন, বোধ হয় ইহার কারণ

শুনিতে পাবে না কর্ণ সে স্থধা বচন।

আমর। মায়ার ঘোরে

পড়ে আছি অন্ধকারে

স্বরগ স্থার কথা হইয়াছি বিশ্বরণ পুঞ্তিতেছে তাই আমাদের পাপ মন।

স্বর্গের বিমল জ্যোতিঃ

ভোগ কর দিবা রাতি

অনস্ত করুণাময়ের গাও জয় নাম, জরা ব্যাধি হইতে যিনি করিলেন ত্রাণ, তুমি হও তাঁর প্রিয় ভকত সম্ভান।

* व्यक्ति।

সুরপুরে খাও সুধা

পাবে না কখন কুধা

নানা সুখ ভোগ কর অমর ভবনে, ইহাই প্রার্থনা মোর বিভুর চরণে।

नवीन कीवरन

প্ৰেম আলাপনে

চিরানন্দে থাক শাস্তি নিকেতন এথা দেখিতে দেখিতে হইল আজ বার দিন।

ष्ट्रशी मिनिमादत

যাতু হাতে ধরে

মা জাহ্নবীর কোল হ'তে লয়ে যাও শান্তিধাম কোলে লয়ে তোমায় রবি রতন জুড়াই তাপিত প্রাণ।

৺জাহ্নবী তট ১৩২৮ সাল বরাহনগর

৬ই ভাজ সোমবার

শ্রীশ্রীজগদীশ্বরী পাদপদ্মে তুঃখ নিবেদন •

চিরানন্দময়ী তুর্গা নামে গাই চিরদিনই জয়, আদ্রি মা হয়েছি মোরা নিরানন্দময়। এই অষ্ট্রমীতে তুই মাস আঁধারিয়া ক্রদি-আকাশ গিয়াছেন রবিচাঁদ এ ধরা ছাডিয়া. তদবধি ছথাবুত আমাদের হিয়। পূজায় আনন্দ নাই नयूत कल महारे সকলের ঝরিছে গো ঝর ঝর করে. সে চক্র বদনখানি হু'মাস না হেরে क्रप्रदेश काशिएक मार्ग সেই মুখ হাসি সুধা গগন পটে দেখিবার তরে অভিলাষী, মা গঙ্গার কুলে দেবী তাই নিত্য বসি। হয়েছেন হররাণী স্থৃতিকায় মা বীণাপাণি আছেন আজি গো অতি কাতর অস্তরে. মন ছঃখে বাবা ফণী রহিলেন এবার বাঁকীপুরে। নব বস্ত্র এই পূজার খরিদ হ'ল না আর

+ वृतिहास

মণি রবি বিহনে তার দাদাবাবু রয়েছেন অতি ব্যাকুলিত পরাণে। আনন্দে কতই সাজ রবিচাঁদ করিছেন আজ অমর বাঞ্ছিত সেই স্থখময় স্বর্গধামে। তথাপি এ পোড়া মন পাইছে কত বেদন হায় কিছু দিতে নারিলাম এ পূজার দিনে। কি জানাব আর গোচরে তোমার মাগো পড়ে আছি এই সিংহ বনে ; করিলে স্মরণ যেন পাই দরশন প্রণমি অভয় যুগল চরণে। বলি কর যুড়ি ওমা বিশ্বেশ্বরী অতীব কাতর প্রাণে যেন তু:খ জরা না দেখে মা তারা কুশলে রাখিও রবি আমার হৃদিরতনে। লাল সাজেতে যেন দিদিমাকে এইবার লয়ে যায় আনন্দ ধামে।

২৩শে আশ্বিন রবিবার

20

১৩২৮ সাল বরাহনগর

প্রার্থনা

কি হ'ল মঙ্গলময় মোরা সবে হায় হায় করিতেছি আজি বোন্ সরলার তরে, পিতা ভ্রাতা ভগ্নিগণ না হেরি বন্ধু জন স্থাল ও রাণীরতন, ইহাই বড় বেদন রহিল অস্তরে। সরলা সরল মতি তব প্রিয় ভক্ত অতি তাই আর রাখিলে না প্রভু, এ ভব সংসারে ; সারাদিন উংসবে মাতি আনন্দে গেয়ে তোমার গুণগীতি এল সন্ধ্যাকালে পুন্যবতী আপন মন্দিরে, হঠাৎ ঘেরিল জরা বুঝিল না কেহ পীড়া ছেড়ে গেল ধরাধাম বেলা চারিটার পরে, ভূগে কষ্ট না পাইল, নাহি দিল সে তোমার প্রিয় ছিল কুপাময় তুলে নিলে আপনার ক্রোড়ে, সম্ভানাদি রেখে পতি সেজে এয়ে৷ সাজে সতী গিয়াছেন ভাগ্যবতী অমর নগরে।

* महला ना

সদা ছিল ফুল্লানন

প্রফুল্ল পদ্ম যেমন

সেই মিষ্ট হাসি মুখখানি সদাই জাগিছে মনে,

স্বরগ রতন সম

আদরিণী সরলার সর্ববগুণ

বৌদিদি অমিয় বচন তার বাজিছে যেন শ্রবণে সে সুখ আর কি প্রভূ হবে মোর জীবনে ?

এই মাগি বার বার

শান্তি চির স্থুখ নিরম্ভর

যেন সরলামণির আত্মা ভোগ করে শাস্তি ধামে। অভয় ঐ পদ্ম পায় নিবেদন প্রভু করিভেছি ভরে প্রাণ শোক সম্ভপ্ত সংসারে কর শাস্তি ও সাস্কনা দান,

করুণাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

৺**জা**হ্নবী তট ১৩২≽ সাল বরাহনগর

২৪শে ভাজ রবিবার

প্রার্থনা

কি হইল হে দ্যাম্য

সকলেই হায় হায়

আজি আমরা করিতেছি প্রিয় ভগ্নী সতীশনন্দিনী তরে। প্রভু, করে স্নান, শুয়ে ছিল বোনু হৃদ্ধ পান করে

স্থুস্থ আছে কোলের ধন

শুনিয়া মাতা তখন

দিবা ন'টার সময় একটু শান্তি পেলেন অন্তরে। হঠাৎ কেন হে তার আসিয়া ধরা'পর

> সংবাদ দিল এখনি চল বিলম্ব না করে, ঐ দেখ এসেছে পুষ্পক রথ বিমান উপরে। ছেড়ে মায়া রেখে কায়া ভূবন ভিতরে পিতার আদেশে চল স্বর্গ রাজ্যপুরে।

নিদয় হ'য়ে

কালে লয়ে

গেল প্রিয় সতীশ জীবনে

পুত্ৰ কন্সা মা জননী

স্নেহের ভ্রাতা ভগিনী

প্রভূ আত্মীয় বন্ধু স্বন্ধনে হৈরিতে দিল না তারে একবার নয়নে।

সতীশনবিদ্নী

ছিল সর্বব গুণমণি

আদরিণী ভাগ্যমানী

্রেখে পতি সাধ্বীসতী হয়ে এয়োরাণী শুভদিনে লাল সাজেতে জয় নাম

জয় নাম গাহি' আনন্দে

প্রাণের ভগিনী ছেড়ে গেলেন অবনী।

প্রফুল্ল নলিনী সম

সতত হাস্ত বদন

আমরি কি মনোরম আর কি হবে দর্শন ?

বাসনা ছিল হে মনে

নির্থিব চক্রাননে

অমূল্য রতন ধরে স্বস্থ দেহ লয়ে আসিবেন আদরিণী আমার আলয়ে।

তার আধ আধ বৌদিদি বাণী

যেন গো অমৃত জিনি

শুনে কর্ণ জুড়াইবে তাপিত হৃদয় সে সুথের দিন প্রভূ হইল না হায়।

কি ইচ্ছ। হ'ল তোমার

জানিনা হে কুপাধার

অমূল্য রতন পড়ে রহিল মহী'পরে আদরিণী চলে গেল আনন্দ নগরে।

গিয়া তথা বসি কুতৃহলে

স্নেহময় পিতার কোলে

হাসি হাসি আধ আধ কহিছে স্থা বচন শুনিয়া হতেছে তাঁর কত ফুল্ল মন আমরা সকলে তার শোকেতে মগন।

এথা স্নেহময়ী মাতা

হইয়া শোক সম্বপ্তা

শ্বরি তার গুণ কথা পাইছেন দিবানিশি হৃদয়ে কত ব্যথা। আঁখিতে ঝরিছে জল নাহিক বিরাম কুপাময় কর তারে সান্ধনা প্রদান। সে যে গো স্বরগ রাণী

শাপেতে এসে ধরণী

মায়ায় জড়িত করে কাঁদায়ে সবারে আদরানন্দ লয়ে গেল আপন মন্দিরে।

এমনি ভাগ্য আমার

এ সময় নিকটে মার

যাইতে নারিমু আমি ধরিয়া জীবন কর্ম্ম ফল ভোগ তরে আছি তটাশ্রম।

এই যাচিতেছি বার বার

প্রভু শ্রীচরণোপর

যেন সতীশ মণির আত্মা শাস্তি ভোগ করে চির শাস্তি নিকেতনে।

ঐ অভয় কমল পায় নিবেদন করি প্রাণ ভরে জনার্দ্দন আজি এই শোকার্ত্তদের সাম্বনা কর শাস্তি বারি দানে নমি মা গঙ্গার তীরে আজি শাস্তিময় ঞ্জীচরণে।

৺জাহ্নবী ভট ১৩২৯ সাল বরাহনগর

২২শে পৌষ শনিবার

প্রার্থনা *

কি হ'ল হে কুপাময় জগচ্চনে হায় হায় করিতেছে আজি মাতা নলিনীবালার তরে, না হেরিল বন্ধুগণ সন্তানাদি সর্বজন আজীবন এই হুঃখ রহিল অন্তরে। চিকিৎসা মার কারণ বাচিতে হ'ল গমন প্রভু সে চিকিৎসা না হইয়া কেন হে হ'ল এমন. স্থেতে নলিনীবালা সোণার সংসারে খেলা क्तिरव विनया छाना माखाईन रव खनार्फन। ফুটস্ত কুসুম সমা আটটি কন্সা নিরুপমা মণি সম পুত্র তিনটি, ছটি বধ্ অতুলন, জামাতা রতন সাতটি আদরের নাতিনী নাতি সতরটি তব করুণায় দেব সকলি মনোমতন।

ভবে শিব তুল্য পতি

পেয়েছিল ভাগ্যবভী

আপনি ভবানী সমা ছিলেন শোভন নলিনী মায়ের রূপ গুণের কি দিব গো ভূলন তাঁর ধর্মেতে সভত মতি ছিল চিরদিন,

অধরে মধুর হাসি

থাকিত দিবানিশি

বচনে হইত সদা সুধা বরষণ,

সুন্দর হেন স্বভাব

কখন ছিল না রাগ

আমরি কি মৃত্ মৃত্ ছিল মার চলন।

স্নেহ দয়া শ্ৰদ্ধা ভক্তি

যেন দেবী আতাশক্তি

কেমনে ভুলিবে নলিনী মায়ে জগতের জন,

না পূরিতে মনোসাধ

কেন হে এমন বাদ

সাধিল শমন এসে এই ধরাধাম।

প্রভু বাসনা নলিনী মার

শেব মুহূর্ত্তে যাইবার

ছিল না উঠিতে যখন পেলেন বেদন তাঁরে ভূলাইয়া লয়ে গেল করিয়া যতন রাঁচিতে যাইলে স্বস্থ হইবে এখন।

বলিল সেখানে গিয়া

জুড়াইবে তোমার হিয়া

কয়দিন এথা থাকি চল স্বর্গধাম,

এখানে সবে তোমারে

বাঁধিয়াছে মায়া ভোরে

ত্রিদিবের রাণী তুমি কেন আর ভব ধাম।

মায়ায় রয়েছ ভূলে

সকল অমর দলে

তোমা বিনা অন্ধকার অমর ভুবন,

হের ঐ নভোমগুলে

এসেছেন সকলে মিলে

স্বৰ্গীয় পিতা তব ভ্ৰাতা ভগ্নিগণ,

শেষ করে ভব খেলা

ত্ববায় চল এই ৰেলা

বঙ্গেছে আনন্দ মেলা সেখানে ভোমার কারণ, তুমি যে ত্রিদিব রাণী কেন হ'লে বিশ্বরণ, এসেছিলে লীলার ছলে এ বিশ্ব ভবন।

এই জীৰ্ণ বাস ছেড়ে এখন

পর নূতন লাল বসন

পতিৰতা এয়ো সতী

সীমস্তে ধর ভাগ্যবতী মঙ্গল সিন্দুর।ভরণ.

শুভ চন্দন সিন্দুর ফোঁটা

ললাটে করুক ছটা

চরণে প'র গো আল্তা নয়ন রঞ্জন।

লাল সূতা বেঁধে হাতে

ফুলের মালা গলেতে

প'রে চল সেজে আনন্দেতে স্বরগ রতন

দেখ বিমানে পুস্পক রথে

স্থুরবালাগণ হাতে

পারিজাত মালা গেঁথে এনেছে তব কারণ,

কতদিন পরে তোমা করিবারে সম্ভাষণ।

এনেছে মুকুট ধরে

পরাবে তোমার শিরে

সবাই প্রফুল্ল মনে করিয়। যতন, ফুলের গহনা কত করেছে রচন,

সাজাইবে আজি তোমায় মনের মতন।

অব্দরায় নৃত্যগীত

করিতেছে ফুল্লচিত

এ শুন বাজিতেছে জয় জয় মঙ্গল বাদন,

অমরেরা পুলকিত

চন্দনে পথ চচিচত

দেখ অলক্ষ্যেতে কত পুষ্প হইতেছে বর্ষণ।
তবে যাইবার বিলম্ব কেন
এখন ডাকিছেন সর্ব্ব দেৰগণ

रहेल जग्न जग्न स्विन

এস গো ত্রিদিব রাণী

শুনিয়া নারিল মাতা থাকিতে তখন।

মহামায়া ত্যাগ করে

সর্ব্যঙ্গলা মঙ্গলবারে

পতি পুত্র বধ্ কন্ম! ও জামাতা হেরে শাস্তি অন্তরে, আদরিণী স্নেহমরী জননী ক্রোড়ে ত্যজিয়া পরাণ,

মা শ্ৰীমতী নলিনী

বালা এয়োরাণী

প্রাণময়ী শুভক্ষণে করিলেন স্বর্গ আরোহণ।
তথায় হ'ল আনন্দোংসব এথা ধরায় রোদন
মা গঙ্গাতীরে প্রতি ছত্রে করিতেছি অশ্রু বিসর্জ্জন।
আদরে মায়ের কোলে এসে এই ভূমগুলে

ম। ম। বলে কত শাস্তি করিলে মা দান প্রাণময়ী আদরিণী নলিনী রতন।

কেন মা শোক সাগরে

আবার ডুবায়ে তাঁরে

মাতৃবক্ষে কেন মাগো ছাড়িলে জীবন,

ত্ব শোকাতুরা মাতা

लहेश कीवन वृश्

কাঁদিতে কাঁদিতে পুন: এলেন নিজ ভবন।
স্মরিয়া তাঁহার কথা পেতেছি বড়ই বাথা

কেন গো ম। তুমি তাঁরে করিলে এমন।
তিনি আশা করে গিয়াছিলেন
মা নলিনী তোমায় স্বস্থ করে আনিবেন
তোমার ভ্রাতাদি ভগিনিগণ
পতি পুত্র কন্তা বধ্ ও নাতি নাতিন
আর জামাতাদি বন্ধুজন
সকলেই শোকে আছেন মগন।

স্থান তব অমরাবতী

তোমার প্রেম মূরতি

এ ধরাতলে সকলে মা করিছেন ধ্যান প্রাতঃশ্বরণীয়া মাতা হয়েছ তুমি এখন।

শাস্তি সুখে নিরস্তর

ভোগ কর মা আমার

লয়ে তথা অক্ষয় জীবন

বিভু পাদপদ্মে এই প্রাণভরে নিবেদন।

ওহে দয়াময় হরি

দিয়ে আজি শান্তিবারি

এই শোকার্ত্ত সংসারে কর শান্তি ধন দান।

মাগিতেছি যুড়ি কর

অভয় চরগোপর

দাও প্রভূ আজি সবারে স্থদীর্ঘ জীবন দেব কুপা করে লও তুমি ভকতি প্রণাম।

১৩২৯ সাল বরাহনগর

২৭শে পৌৰ বৃহস্পতিবার

প্রার্থনা

অতি কাতরে ও কমল চরণে, জানাতেছি দ্য়াময় আজি এই বিজনে,

বসন্তে শগত শশী

অক্সাৎ পডিল খসি'

কেন হে অসময়ে আঁধারি ভুবনে ?

শরত চাঁদের হাসি

নিরখি জগৎবাসী

কত পুলকিত প্রভূ হইত হে মনে,

নিক্ষর বিচক্ষণ

বিচারেতে স্থনিপুণ

ছিল তাঁর সর্বব গুণ ভূলিবে সবে কেমনে ?

স্নেহ দয়া শ্রদ্ধা ভক্তি

যে যেমন তার প্রতি

ধর্মে ছিল চির মতি যুধিষ্ঠির সম,

প্রেমের আধার তিনি

সুধাময় তাঁর বাণী

পাবে না শুনিতে আর এ জগত জনে।

দান ছিল অনিবার

যেন কর্ণ পুনর্কার

এসেছিলেন ধরা'পর ছেড়ে ছুর্য্যোধনে,

দীন দরিদ্র যত

হাহাকার অবিরত

করিয়। বলিছে কোথায় গেলে গো বাপ রতনে।

* শরৎচন্দ্র

কে চাহিবে আর

বাবারে আমার

গরিব ত্থীর মুখের পানে ?

স্বৰ্গ রাজ্য স্থাভনে

কাঁদাইয়া জগজ্জনে

লয়ে গেল দেবগণে সাজায়ে করি যতম,

শরচ্চন্দ্র হেন মণি

দেবের হুর্লভ জানি

ছাড়িয়া দিল ধরণী, না করিল আর আকিঞ্চন। আজি মোরা শোক সমুদ্রে হয়েছি তাই মগন।

মোর স্নেহের দাদামণি

শরত চাঁদে রেখ তুমি

হে পিতঃ করুণাময় তব শাস্তি কোলে এই ভিক্ষা পাদপদ্মে মা জাহ্নবী কুলে।

হে বিভূ

মা আমার শোকাতুরা

হৃদয় বিষাদে ভরা

রতন জামাতা হারা পুন: হলেন জীবনে.

শ্বরিয়া তাঁহার কথা

পেতেছি বডই ব্যথা

হয়ে আমি অৰ্দ্ধয়তা পড়ে আছি তটাশ্ৰমে,

নারিত্ব মুছাতে জল তাই তাঁর নয়নে তাঁরে শান্তি বারি কর দান যাচি শ্রীচরণে।

রাজেশ নন্দিনী

মম প্রাণের ভগিনী

সম কমলিনী সংসার সরে

শরচ্চন্দ্র পতি

সদা হেরে সতী

কতই প্রফুল্ল ছিল গো অস্তরে।

কেড়ে নিল হাসি

দিয়ে ত্রঃখ রাশি

কেন হে শমন আজি তাহারে।

শিরোমণি হারা

পড়ে আছে ধরা

বিনা অলঙ্কারে মলিন বদনে

আঁখি ছল ছল

জল অরিরল

ঝরিছে ছুইটি নয়নে

করুণাময় দাও তুমি মুছাইয়া যতনে।

জরি বেনারসী

বস্ত্র রাশি রাশি

পড়ে আছে কত ভবনে

আহা মরি মরি

কি বলিব হরি

অঙ্গথানি ঢাকিয়াছে আজি শুভ্ৰ বসনে।

এ কথা স্মরণ

করি জনাদ্দন

ফাটিছে আমার পরাণে

ভাসি অশ্রনীরে

মা গঙ্গার তীরে

মাগি হে অভয় চরণে।

সম্ভানাদিগণে

সদা সুস্থ শাস্তি মনে

मौर्घ कीवरन ज्ञांथिए সवाद्र

पिर्य भारति धन

হে ভগবান

নিরাপদে রেখ আমার প্রিয় ভগিনীরে ভক্তি প্রণিপাত আদ্ধি বিশ্বনাথ লও প্রভূ কুপাকরে।

১৩২৯ সাল বরাহনগর

৭ই চৈত্র বুধবার

প্রার্থনা *

কি হ'ল করুণাময় আজি মোরা হায় হায় করিতেছি আদরিণী প্রাণময়ী বৌমার কারণ, প্রাণ প্রতিমা কল্যা তারা হয়ে মা নয়নে হারা শোকানলে মণি তারা বলে ছাডিল জীবন। স্মরি মার সর্ব্ব গংগ কথা ক্রদয়ে পাইছে ব্যথা শুনিতে পাব না আর মামীমা সেই সুধা বচন, প্রফুল্ল কমল প্রায় মুখানি মায়ের হায় আর প্রভু এ ধরায় হইবে না দরশন। হেরিব না কালশশী আর সে মধুর হাসি তাই গাঁথি জলে ভাসি পেতেছে চিত বেদন, রেখে প্রাণ পুত্র পতি এয়োরাণী ভগবতী স্নেহময় পিতৃ কোলে গেল চলে অমর ভবন, লাল সাজে আনন্দে সেজে, লীলা করি সমাপন।

+ ভর্তগা

ছখিনী মায়ের কোলে

সোণার সংসার ভূলে

কেন যাইলে মা অকালে কাঁদাইয়া জগজ্জন ? জা দেবর ও ননদগণে আত্মীয় স্বন্ধন সনে,

সদা প্রিয় সম্ভাষণে করিতে যে আলাপন, আদরের জামাতা ও নাতিটি যে ছিল মা তোমার প্রাণ,

মাগো কেমনে সবার মায়া দিলে তুমি বিসর্জন ? ধর্মে তব চির মতি মা শ্বন্তর শ্বান্ডড়ী প্রতি শ্রদ্ধা ভক্তি কত ছিল সেবা ও যতন.

পতিব্ৰতা তুমি সতী

গেয়ে তোমার গুণগীতি

ত্র:খ সমুদ্রে আজি তাঁহারা মগন।

মোর বাবা রমেশচন্দ্রের

ঘর করি চির অন্ধকার

সন্ন্যাসী সাজায়ে তারে মাগো কোথা আলো প্রকাশিলে ?
তুনি যে ত্রিদিব রাণী কেন রবে ভূমগুলে
আনন্দে বসেছ জননী তুমি তারামণি লয়ে কোলে,
মাগো আমরা রয়েছি পড়ে গভীর তুথ সলিলে।

ওগোম। তব জননী

কাঁদিছেন দিবা নিশি পড়ে ধরাতলে, মা বলে কে শান্তি আর দিবে বক্ষঃস্থলে গ

ভাবিলে তাঁহার কথা

হৃদি পায় বড ব্যথা

হয়ে প্রায় পাগলিমী

কেন মা তাঁহারে তুমি কণ্ট দিয়ে গেলে দিহিছেন মৃতা সম শোকের অনলে।

শ্বরিয়া তোমার কথা

মণি সুধাংশু পাইছে ব্যথা

অমনি বলে এই সময় মা এই কার্য্য করিতেন শুনে, ছঃখে তার ঠাকুরমা অশ্রুনীরে ভাসিছেন। বার্থানি ছবি থুলে

ধুয়ে মুছে সাজিয়ে ছিলে

মা কষ্ট করে নিজ হাতে করিয়া যতন,

আলমারিটি থরে থরে

মনের মতন করে

সাজিয়ে গেলে, কেন পুনঃ এলে না ভবন। আমার বাবা রমেশ দেখ্ছে যত হৃদয় তার কাঁদছে তত

স্থার ভার কান্ত্র ভঙ স্থারণ করে আমার ফাট্ছে পরাণ।

শুভ্যাত্রা করে লক্ষ্মী গিয়াছ বৈকুণ্ঠধাম শাস্তি নিকেতনে শাস্তি ভোগ কর মা অনুক্ষণ,

শোক তৃঃখ জরা সনে আর হয় না যেন দরশন।

বসে মা জাহ্নবী তীরে

বিভূ পাদ পদ্মোপরে

করিতেছি প্রাণ ভরে এই নিবেদন,

শোকার্ত্তগণেরে আজ

দান কর বিশ্বরাজ

তব স্নেহ শাস্তিবারি ও দীর্ঘ জীবন। দয়াল হরি গ্রহণ কর ভকতি প্রণাম।

করিয়া ছিলাম মনে

বিজয়ার সম্ভাষণে

ঠাকুরঝি তোমারে দিব মোর স্মৃতি শ্রীতি উপহার অদৃষ্ট এমনি মম হইল না তাহা বোন্

ধর আজি প্রিয় বধুর শোক অঞ্চধার।

১৩৩০ সাল বরাহনগর

২১শে কার্ত্তিক ববিবার

প্রার্থনা

অতীব কাতরে আজি ও কমল চরণে জানাতেছি দয়াময় এ বিজন আশ্রমে,

যে দিকে ফিরাই সাঁথি

সকলি মলিন দেখি

প্রকৃতি সৌন্দর্য্য কিছু লাগিছে না ভাল মা জাহ্নবীর জলেতে ও তরঙ্গ নহিল।

অকালে কেন গ্ৰহণ

रहेन दर जनार्जन

তৃতীয়।য় সুনীলগাদে রাহু গরাসিল,

প্রাণাধিক পুত্রবর

সুনীল চক্র আমার

জননীর ক্রোড় হইতে বলে কাড়ি নিল, স্পশিতে কোমল কায় ভয় না হইল, দেখিতে দেখিতে মাসাধিক আজি হ'ল।

ধরা তাই অন্ধকার

হয়েছে জগদীশ্বর

সেই চন্দ্রাননে সুধা হাসি আর কি হেরিব,

মামীমা অমৃত বচনে যাতুর, প্রাণ কি আর জুড়াইব ? সে দিন আর এ ভবে হবে না গো তাই ভেবে

> কাঁদিছে সদা পরাণ বাবা মণির সকল গুণ করিয়া স্মরণ।

> > * स्नीनह्य

বুড়ো না হ'তে হ'ল

নাম নাত্র লয়ে গেল

কোন সাধ আমাদের প্রিল না হায় নিবেদি চরণ পদ্মে ওহে কুপাময়।

করিয়া ছিলাম মনে

বিবাহের শুভদিনে

সাজাব বাবারে বন ফুলের মালায়,

শুভ ধান দূর্ব্ব। দিব আদর করে মাথায়।

স্থচন্দন দিব ভালে

বর সেজে কুতৃহলে

চেনঘড়ী ও বোতাম হীরক অঙ্গুরী প'রে
লাল সাজে মোর বাবা মণি যাইবেন শুভ্যাত্রা করে।
আনিতে নৃতন লক্ষ্মী আবার মঙ্গুলে ঘরে
উৎসবে মাতিবে সবে আনন্দে ফুল্ল অন্থুরে।
সে দিন ধরায় প্রভূ হইবে না আর হায়
নয়নে ঝরিছে নীর আজি সহস্র ধারায়।

ভবলীলা সাক্ষ করে

চলে গেলে স্বৰ্গপুরে

স্বর্গরাজ্য উচ্ছলিত করিতে সুনীলচাঁদ। স্নেহময় পিতৃ কোলে প্রিয় ভগ্নী ভ্রাতাগণ মিলে

বসেছ হাদয়ে কত ন্তন আজি উচ্ছাস।
ভাবিছে কি মার কই আর তব মন ?
মা তোমার শোকে পড়ে ভূমিতলে আচেতন।

অকালে বাপ কেন গেলে

তুখিনী মায়েরে ফেলে

ভাবিছেন তিনি সদা ও চক্র বদন সতত তব যাতনা হতেছে শ্বরণ। অরুচিতে কিছু খেতে দিলে না তোমায়, যাত্ব তাহাতে কতই কষ্ট পাইছে হৃদয়। চারি মাস ছিলে শুয়ে

তথাপি তাপিত হিয়ে

জুড়াইত মুখশশী দেখে, এখন জ্বলিছে নিৰ্ব্বাণ চিতা সৰ্ব্বদাই বুকে। ভাসিতেছে গণ্ডস্থল সদা আখি জলে কি বলে প্ৰবোধ তাঁরে দিবে গো সকলে ?

করিলে যতন

স্বরগ রতন

কভূ কি রহে গো ছঃখিনীর ঘরে, বাবারে তাই সাজাইয়া চব্বিশ বংসরে, লয়ে গেল সর্ব্ব দেবগণ প্রফুল্ল অস্তরে অমর নগরে, দেখিলাম সে দৃশ্য মা গঙ্গার তীরে।

বলিলেন বাবা মণি

বড় মামীমা এসেছি আমি

এস বাবা বলে আঁথি মেলে না হেরিন্থ আর হায়। এ ছঃখের কথা দেব জ্বানাই করুণ পায় শাস্তিতে রেথ যাছরে হে শাস্তিময়

প্রণিপাত করি অভয় পদে

রেখ হরি সবে দীর্ঘ জীবনেতে

মাগি এই শোকার্ত্ত সংসার যেন শাস্তিময় হয়।

১৩৩১ সাল বরাহনগর

২১শে আষাঢ় শনিবার

স্বৰ্গারোহণ *

প্রভাতে ধরিয়। হাতে

আমার দেবেন্দ্রনাথে

লয়ে গেল পুষ্পরথে করাইয়া আরোহণ স্বর্গ হতে দেবদৃত আসি একজন।

বলিল দেবেন্দ্র আর

কেন তুমি ধরা'পর

তব রাজ্য স্বর্গ যে আঁধার ভোমার কারণ,

ব্যাধির যাতনা কত

পাইতেছ অবিরত

শাপ মুক্ত হইল এবে সুখেতে কর গমন,

বিশ্বনাথের আজ্ঞা এই করি নিবেদন।

ছাডি সম্ভানাদি মায়া

ভবধামে জীৰ্ণকায়া

রেখে চল আনন্দেতে অমর ভবন,

নাহি তথা মৃত্যু জরা

সতত আনন্দ ভরা

এ মর্ত্তাপুরে এসে তাহা হইয়াছ বিম্মরণ অমরেরা পথ পানে চেয়ে আছে অফুক্ষণ।

* (मर्वसमाध

ভব থেলা করি শেষ

চল চল নিজ দেশ.

শুক্লপক্ষ দ্বাদশী আজি বৃহস্পতিবার শুভদিন,

ঐ দেখ নীলাকাশে

এসেছেন তোমার আশে

স্বর্গীয় পিতা মাতা ভগ্নী তব আত্মীয় স্বন্ধন করিবারে স্নেহভরে তোমায় আলিঙ্গন।

এ জীৰ্ণ বাস ফেল ছেড়ে

লাল নূতন বসন প'রে

ললাটেতে ধর আজি সুগন্ধি শুভ চন্দন,

আংটি চেন ঘড়ী বোতামের আর নাহি প্রয়োজন।

পর গলে পারিজাত মালা

হস্তে ঐ পুষ্পের বালা

পারিজাত কৃষ্ম মুকুটে মস্তক করি স্থশোভন আনিয়াছি তব তরে এই স্বর্গের ভূষণ।

দেব রাজ কর সাজ

প্রতিভা সুন্দরী আজ

সতী পুলকেতে করিবেন তোমায় বরণ কতদিন পরে হবে তজনে মিলন।

চন্দ্রনে চর্চিত পথ

পূর্ণ আজি মনোরথ

হের অমরগণ করিছেন পুষ্প বরিষণ পারিক্ষাত মাল্যে শোভিতেছে নিকেতন;

অপ্ররাগণ আনন্দিত

করিতেছে নতাগীত

ঐ শুন বাজিতেছে মঙ্গল বাদন চল চল শীঘ্ৰ চল স্বরগ রতন,—

এ কথা শুনিয়া কর্ণে

হরিপদ স্মরি মনে

তংক্ষণাৎ আমার দেবেন্দ্রনাথ হয়ে অচেতন শুভক্ষণে করিলেন স্বর্গ আরোহণ। অমনি সুরবালাগণ আসি

ভন্ম মাল্যে সবে ভূষি

প্রতিভ। স্থন্দরী সাথে করাইল স্থমিলন, দেকেন্দ্রনাথের জয় হইতেছে গান।

তথা হ'ল আনন্দোৎসব

এথা ধরণী বিষাদ ভাব

দেবেন্দ্র মণির তরে করিল ধারণ বৃষ্টিধারারূপে সদা অশ্রু করিতেন্ছে বরষণ।

হাতে আর নাহি বল

গাঁখিতে ঝরিছে জল

কেমনে লিখিব এই শোক বিবরণ স্বর্গধাম সকলে কাঁদায়ে গেল অসময়ে দেবেন্দ্র রতন। পিসীমার পুত্র শোক বাজিল বিষম কাঁদিছে জগতবাসী আত্মীয় স্বজন।

দেকুমণির গুণকথা

শ্বরণে পেতেছি বাধা

শোকানলে দহিতেছে মোদের জীবন. হেরিতেছি যেন সেই সহাস্থ্য বদন।

আর কি গো এ মরতে

শুনিতে পাব কর্ণেতে

দেবু চাঁদের সে স্থা বচন পাইব না ভেবে অতি বিধাদিত মন :

ভগিনীরা হাহাকার

করিছেন অনিবার

কন্তা পুত্রগণ ভূমে পড়ে করিছে রোদন নাহি মাতা, বাবা কোথা করিলে গমন।

অনাথা অনাথ করে

গেলে তুমি স্বর্গপুরে,

মা যাওয়া যে জানি নাই তোমার যতনে এখন কেমনে মোরা বাঁচিব পরাণে ? কোথা গেংল

সন্ধ্যাকালে

এস বাবা ঘরে সকলি যে শৃক্তময় হেরি তব তরে

কিছু যে খাওনি

ওগে! বাবা মণি

খাবে না কি তুমি আর সকলে ডাকিছে তোমায় এস একবার।

কে সাম্বনা করে

এই অংবাধ গুলিরে

সকলেই কাঁদিতেছে বসি অধোমুথে বাড়িল দ্বিত্তণ শোক বাছাদের ছঃথে।

৺জাহনী ভট সন ১৩৩৩ বরাহনগর

১২ই শ্রাবণ বৃধবার

প্রার্থনা *

প্রাণমি চরণে বিভূ কি তব সঞ্জন, একাধারে রূপে গুণে করেছিলে স্থানোভন,

শরতের পূর্য শণী

ভূতলে উদিল আসি,

হেরি আনন্দ সমুদ্রে ভানি শরংকুমারী নাম রাখিলেন পিতা মাতা পুলকেতে ছুইজন।

ছয় ৰৰ্ষ বক্ষে ধরি

আদরে পালন করি

করিলেন যতনেতে সপ্তবর্ষে কন্যাদান, দেখি পরম স্থন্দর পাত্র সর্ব্ব গুণবান।

ভূবন মোহন বরে

মালা সমর্পণ করে

চির সুখী হয়ে হিলেন ঠাকুরঝি আমার, কখন মলিন মুখ দেখি নাই তাঁর।

সতত হাস্য বদন

সদা মিষ্ট আলাপন

ৰচনে কতই স্থা ঝরিত তাঁহার, সেই হাসি ভরা মুখখানি কে ভুলিবে আর।

* শরৎক্ষারী

ধর্মে কত ছিল মতি

দয়া শ্ৰদ্ধা ও ভক্তি

ছিলেন সহিষ্ণৃতায় অতুলন,

পতিরতা স্নেহযুতা ক্ষমাগুণে অরুপম।

জন্মান্তরে কত পুণ্য

করেছিলেন ধন্য ধন্য

হইল তাই মহীর উপর,

এমন সোভাগ্যবতী কে হইবে আর।

চৌষট্রি বংসরে

পুন: পতির করে

মঙ্গল সিন্দুর প'রে আবার

বসিয়ে রেখে গেলেন স্থাে চাঁদের হাট বাজার।

নাতির বিবাহোংসবে মাতি

কাঙ্গাল হুখীরে অতি

যতনেতে পরিতোবে করায়ে ভোজন

বলিলেন কেবল বকু তোমার কি করিলাম।

ধন্ম সতী ভগবতী

রহিল চির ভারতী

বোধ হয় কলিতে না হইবে আর এমন,

করে ধরে জপ করে হরির শুভ জর নাম,

পায়ে ঠেঁটে রথে উঠে

আনন্দেতে হাসি মুখে,

করিলেন সমাধিতে স্বর্গারোহণ,

অমনি বাজিল তথা মঙ্গল বাদন।

দ্যাময়

ত্ব কুপায়

সকলি হইতে পারে

বিশ্বাস রাথিও প্রভু এ তটবাসিনীর অস্তরে।

মাগি ও অভয় পদে

রেখ সবারে নিরাপদে

তাঁর পতি ও সম্ভানাদিরে দাও স্থদীর্ঘ জীবন,

সাস্থনা ও শাস্তিবারি আজি সকলকে কর দান।

স্বৰ্গারোহণ •

ধরাতল ছেড়ে গোলে কেন ভাই আমারে ফেলে

আদরিণী ভাগ্যমানী ঠাকুরঝি আমার,

বৌ বলে আদর করে কে ডাকিবে আর ?

ৰসে আছি মা গঙ্গাতীরে

দেখা না দিয়ে আমারে.

লুকায়ে গেলে চলে কোলেতে মাতার,

জীবনে এ হঃখ বড় রহিল ভাই আমার।

তব চক্রাননথানি

দেখাবে না আর অবনী

ভাবিয়া ইহা ভগিনী হতেছি কাতর

কেমনে ছি ড়িয়া গেলে স্নেহ মায়া ডোর।

শুনিলাম জরুরি তার

হইতে আইল স্বর্গদার

তার যোগে দৃত একজন

অলক্ষ্যেতে উপস্থিত তব সন্নিধান,—

বলিল তোমার কর্ণে

শরদেন্দু নিভাননে,

মা ভোমারে যা বলিলেন করি নিবেদন

মোদের কৌলিক যা আছে ধরায় থাক্ চিরদিন।

নাতি-বধু আসিবে ঘরে

চলে এস শীঘ্র করে

কল্য হেরিও না তথা সেই পদ্ম মুখখানি

এথা স্বর্গে বসে শুভাশিস করিবে গো ভূমি।

চা মিষ্টার জলখাবার

হয়েছে খাওয়া ভোমার

করিও না বিলম্ব আর এখন,

অন্ন ব্যাঞ্চনাদি মংস্ত করিবে গিয়া ভোজন;

শরৎকুমারী

বারটা বাজিয়া গেল

এই বেলা সম্বর চল

আসিয়াছি আমি কতক্ষণ,

বলেছেন মা একটার সময় লয়ে তোমায় আহার করিবেন। নাতির আজ শুভ পরিণয় এয়ো সাজ হইয়াছে তায়,

> চুলটি বেঁধেছ, সিঁথি সিন্দুরে শোভন, দেখি আলতায় রঞ্জিত তাই ছ'খানি চরণ.

সেমিজটি আছে পরা

হস্তে লাল স্থতা হয়৷

বেঁধে লও রেখেছ যাহা করিয়া যতন,

গরদের শুদ্ধ লাল সাড়ীখানি করহ পিন্ধন।

পঞ্জরত্ব ধর মাথে পর' হরিনাম হার কঠে

ধন ধান্ত লয়ে হাতে কার্য্য ছাড় এইবার ছয়ারে পুষ্পক রথ রয়েছে দেখ ভোমার।

হের ফুল টাট্কা ভোলা

গেঁথে পারিজাত মালা

এনেছে অমরবালা পরাইতে গলে,

শুভ সিন্দ্র চন্দন ফোঁটা ও চাঁদ কপালে।

মকল শক্ষের ধ্বনি

ঐ শুন এয়োরাণী

অমরেরা ডাকিছে তোমায়,

পথে ধৃলি মারিয়াছে চ্য়। চন্দন ছড়ায়।

শুভ পতাকা উড়িতেছে কত

প্রাসাদেতে শত শত,

ঐ দেখ অমর ভবন

পারিজাত পুষ্পে শোভা ধরেছে কেমন।

হের ঐ নীলাকাশে

এসেছেন তোমার আশে

স্বর্গীয় জনক জননী তব আত্মীয় স্ক্রন, সকলের সনে হইবে শুভ সন্মিলন। অব্দরাতে নৃত্যগীত

করিছে প্রফুল্ল চিত

অমরাবতীতে সবে আনন্দে মগন,

শুন শুন ঐ শুন মঙ্গল বাদন।

কুষ্ণ সপ্তমী আজ্ব শুভ তিথি হইল রবিবার পুণ্যবতী

শুভদিন শুভযোগে করহ গমন.

চির শান্তি ভরা সেই স্বরগের ধাম।

হেডে দাও অনিতা মায়া

রেখে এই জীর্ণ কায়া

নীল বরণে নব দেহ ধরি চল নন্দন কানন,

তুমি যে ত্রিদিবেশ্বরী কেন হইলে বিশ্বরণ ?

এসেছিলে যেই কাঞ্চে

শিক্ষা দিতে ধরা মাঝে

হইয়াছে এবে তাহা পুরণ চল চল শীঘ্র চল স্বরগ রতন।

অমরাবতীর ঘর

তোমা বিনে অন্ধকার

আনন্দের মেলা তথা বসেছে তব কারণ— **শুনে অমনি দিদিমণি গেলেন শাস্তি নিকেতন।** এথা ক্রন্দনের রব

তথা মহামহোৎসব মোরা স্মরি তব গুণরাশি ভাসি আঁখি জলে

তুমি সদা শান্তি সুখ ভোগ কর ভাই, বলি প্রাণ খুলে।

যেন ভাই ভুলনা মোরে

বলিতেছি বারে বারে

বৌ বলে আদর করে এইবার লয়ে যাও ভাই শান্তিধাম. তথা একত্রে ছই বোনে স্থাখে গাইব হরির জয় নাম।

৺জাহ্নবী তট স্ন ১৩৩৪ বরাহনগর

১১ই বৈশাখ রবিবার

প্রার্থনা •

হে বিভূ কতই দোষী তোমার চরণে রহিয়াছি আমি দেব জনমে জনমে,

তা'তেই অশাস্তি ভরা

জগত জননী তারা

তুমি পিত। তুমি মাতা ডাকি অনিবার,

সর্ব্ব হৃঃখ হইতে কর এইবার পার।

যাত্রী আমি ভব পারে

যাইব বলে মা গঙ্গা তীরে,

বসে আছি বরষ অষ্টম,

উপস্থিত হ'ল পুনঃ বর্ষ যে নবম।

না হইল মোরে দ্য়া

বলিতে বিদরে হিয়া

আর কত কাল এইরূপে করিব যাপন

যাইব নাকি প্রভু আমি শাস্তি নিকেতন ?

চলি গেল খোকামণি

আঁধারি মরত ভূমি,

হৃদয়ের মণি মোর স্বরগের ধাম, এখনও মম দেহেতে রয়েছে জীবন।

* সৌরেলনাথ

নিদয় হইয়া কালে

আঁখিতে না দেখ্তে দিলে

লয়ে গেল যুবাকালে ছখীর রতন,

হে দেব আর কারে জানাইব এ মরম বেদন।

থাকিলে সে ধরা মাঝে

লাগিত তোমারি কাজে,

কতই মঙ্গল কার্য্য করিত সাধন, সর্ব্বদাই এই কথা ভাবিতেছে মন।

গড়ে ছিলে তার হিয়া

পরমেশ স্থা দিয়া

সরল অন্তর ছিল শিশুর মতন,

সংগুণে ভৃষিত সে যে ভকত রতন।

বচনে অয়ত কত

সদা ভাই বর্ষিত

শুনিয়া জুড়াত যত তুখীর পরাণ,

আর ভার স্থমধুর দিদিমা রব শুনিবে না কাণ। সি চাঁদ মুখ দেখে কত হ'ত স্থখ

স্থা হাসি চাঁদ মূখ দেখে আজি হ'তে সে স্থাথ বঞ্চিত এ প্রাণ,

ধরাতে আর দেখিতে না পাব ভগবান।

রয়েছে আমার চিত

তাই সদা বিষাদিত.

कि पिरत्र পृक्षित পদ शरत्रिष्ट অজ्ঞान,

বর্ষণ করিছে নীর সর্ববদা নয়ন।

নাহি শক্তি, নাহি বল

নেত্ৰ জলে মুক্তা ফল

ঝরিছে, মা পাদ পল্লে করি আজি দান,

দয়াময় দয়াময়ী করহ গ্রহণ।

খোকামণি পিতৃবক্ষে

চিরদিন থাকে সুখে

লাভ করে যেন দেব নৃতন দীর্ঘ জীবন অরুচি রাক্ষসী জরার সাথে না হয় আর দর্শন। দেবেক্সের প্রিয় সম্ভান

হয় সেই মতিমান

ভোগ করে স্বর্গরাজ্য মাগি প্রভূ অবিরাম এ ভবে আর যেন গাহিতে না হয় শোক গান।

ভক্তি প্রণিপাত করি

যুগল রূপেতে হরি

লও পদ কমলেতে এই আকিঞ্চন শোকার্ত্তগণেরে শান্তিবারি কর দান।

তোমার সম্ভানগণে

সুস্থ রাখি এ ভুবনে

সুদীর্ঘ জীবন দান কর নারায়ণ, চবণ সবোজে এই সাজি নিবেদন।

এইবার কুপাকরে

ও পদ কমলোপরে

দাও দেব দেবী, লাল সাজে আমারে আশ্রয় যেন নির্ভয়েতে বসে গাই সদা নাম জয়।

৺**জা**হ্নবী তট ১৩৩০ সাল বরাহনগর

২২শে চৈত্র মঙ্গলবার

স্বৰ্গারোহণ *

এই ভূমগুল ছেড়ে

ফেলে ছথিনী মায়েরে

কেন ভাই অসময়ে স্বর্গধামে করিলে গ্র্মন,

দাদাবাবু দিদিমারে করিয়া প্রাণাম ?

ভাকিলেন যখন পিতা

খোকা শীঘ্ৰ এস এথা

কেন ভাই বলিলে না যাবনা এখন. মায়ের মরমে মোর হইবে বেদন গ

না পুরাইয়া মার মনোসাধ না লইয়া দিদিমার আশীর্কাদ্

বর বেশে হেসে হেসে চলি গেলে ভাই.

বিবাহ কারণ বুঝি স্বরগেতে তাই ?

তব যোগ্য এ ভুবনে

মিলিবে না জানি কনে

লইয়। গেলেন পিতা স্বরগ আবাস, নন্দন কাননে হইবে বিবাহ উল্লাস।

তাই দেব দৃত এসে

সারা দিন বসে বসে

তোমায় সাজাইল যতনেতে পারিজাত কুসুমে, স্থান্ধি চন্দন ভালে স্থলোহিত বসনে।

* সৌরেন্দ্রনাথ

শুভদিন শুক্ল চতুর্থী

সুরবালাগণ আসি

বসম্ভে নৃত্য গীতে মন বিমোহিত করে লয়ে ভাই গেল তোমায় মঙ্গলবারে।

সূৰ্যাদেব অস্ত যায়

গোধুলি আগত প্রায়

যে সময় স্বর্গপুরে করিছ গমন,

নিরথি এই মর্ভভূমে সেই স্বর্গের কিরণ।

তথায় মঙ্গলোংসব

হড়েচ জয় জয় রব

বিশিয়া আছেন বাবা প্রফুল্ল বদনে,

শিরে তোমার চুম্ব দিলেন স্নেহ আলিঙ্গনে।

২সেছ পিতার কোলে

হাসি মুখে কুভূহলে

ধরণীর যত খবর করিতেছ দান শুনিয়া পিতার কত পুলকিত মন।

এখানে কমল হারা

হয়েছেন বহুন্ধরা

তাহাতেই মুখথানি করিলেন ম্লান সকলকেই শোকবার্ত্তা করিবারে দান।

হইয়া ভোমায় হার৷

মা ভোমার শোকাতুরা

কোথা গেলে খোকামণি বলিয়া অজ্ঞান, হেরি সদা, তব দাদাবাবুর বিষণ্ণ বদন।

ভাতারা ও ভগ্নিগণে

আত্মীয় সকল জনে

ভাই তোমার অদর্শনে সর্ব্বদা ছংখে মগন, লেখনী কতই মোর করিবে তাহা লিখন।

না হেরে ও মুখশশী

স্মরি তব গুণরাশি,

পরেছে ছ্ঃখের ফাঁসি আমার পরাণ, জানিনা কভদিনে দেখ্ব গিয়ে তব চক্রানন। দিদিমার হাতের আচার

ভাল লেগেছিল ভোমার

তাই ভাই বলেছিলে ছোটমাসীমারে, থাকে যদি সে আচার পাঠাইও মোরে।

ছিল না সে আচার আর

তাই নূতন আত্রে আবার

আচার করিন্তু ভাই যতনে তোমার তরে, পাঠাতে নারিন্তু তাহা, গুনিন্তু পড়েছ জ্বরে।

জ্বর ভাল হলে পরে

আবার নুতন করে

আচার করিয়া দিব আমি

জানিনা, না খাইয়া চলি যাবে তুমি।

গঙ্গা জল পান করে

গিয়াছ দিদিমা মেরে

নিত্যই জাহ্নবী বারি আনিয়া করি রোদন,

ভাই কেমন করে আর তোমারে পাঠাব করি যতন। আমি যে মরতবাসী তুমি এখন দেব ঋষি

> কতই স্থা অমৃত করিতেছ পান, এই বলিয়া বুঝাইতেছি মনকে এখন।

কার্ত্তিক পূজার কালে

এথায় এনে সকলে

কত কাজ করে ভাই আনন্দ করিলে দান,

কেন দাদামণি চলে গেলে, না করি পূজা সমাপন।

বলে ছিলে কাঁধে করে

লয়ে যা'বে দিদিমারে

কেন ভাই তাহা না করিয়া করিলে আগে গমন,

এ পাপী দিদিমার ভাগ্যে হইল না সে স্থঘটন।

তব বছ দিদিমণি

ধন্য পুণ্য ভাগ্যমানী

তাই তাঁকে লয়ে গেলে টেলিগ্রাফ তারে এস এস বলি সহরে স্বরগের পুরে। ছাড় শীঘ্র ধরার কাজ •

করিও না আর ব্যাজ

সেজে এস লাল সাজে নন্দন কানন বিবাহ আমার তুমি করিবে বরণ।

নাতির বিবাহ এথা

না বলিয়া কোন কথা

স্বৰ্গ রাজ্যের শোভা করি নিরীক্ষণ

তিনি আনন্দে জয় নাম গেয়ে, হ'লেন অচেতন।

ধন্ম সতী পুণাবতী

এসেহিলেন বস্থুমতী

কলিতে ন। দেখি এখন

চাঁদের হাট বসিয়ে রেখে করিলেন স্বর্গারোহণ।

এই বার দিদিমারে

লয়ে যাও ভাই হাতে ধরে

লাল সাজে সাজাইয়। করিয়ে যতন, পূর্ণ কর এই বার দিদিমার মনস্কাম।

যুগল রূপে

তোমায় দেখে

সর্ব্ব ছঃখ করি নিবারণ

আদরের খোকামণি আমার হৃদয় ধন

দিদিমার আশিস ধর

স্বৰ্গ রাজ্য ভোগ কর

দেবেক্সের পুত্র তুমি সর্ব্বগুণবান, সদানন্দে গান কর ঈশ্বরের নাম।

মা সুরধুনীর তীরে

তোমার প্রতিক্ষা করে

বসে ভাই রহিলাম রাথিও শ্বরণ, তব কল্যাণেতে যেন করি স্বর্গ আরোহণ।

৶জাহুবীতট ১৩৩৪ সাল বরাহনগর

২২শে বৈশাখ বৃহস্পতিবার

স্বৰ্গরোহণ • প্রার্থনা

ভক্তি প্রণতি বিভূ লও করুণা নিধান, মোর মাতাদেবীকে দাও হে প্রাভূ চির শাস্তি ধন। বৈকৃষ্ঠ হইতে লক্ষ্মী এসেছিলে মর্ত্তাধাম, মোদের করিতে স্নেহ ধর্ম নীতি শিক্ষা দান। মা লক্ষ্মী পূজার দিনে আবার গোলক ধামে যাইলে আনন্দ মনে গেয়ে জয় নাম. নারায়ণ সর্ব্ব গুণবান পতি সনে করিতে চির মিলন। মা তুমি এই ভূমগুলে, কার শাপে এসেছিলে

> বিচ্ছেদ অনল তাপে হইতে দহন ভাবিছে আমার মন তাহাই এখন ?

> > * সেজকাকিমা

তাঁহার মূরতি স্মরি

মস্তকে পাত্ৰকা ধরি,

করিয়াছ দিবা নিশি দেবী তাঁর আরাধন যতক্ষণ মা তব দেহে ছিল গো জীবন।

শোক সমুদ্ৰে কত

যাতনা পেয়েছ যত,

ততই শ্রীভগবানে বিশ্বাস ভকতি। বাড়িল তোমার দেবী সকলি স্কৃতি।

শ্বরি তব গুণ রাশি

কঁ।দিছে জগতবাসী,

ম। অনাথা অনাথ কত করি হায় হায় বলিছে হারান্তু মোরা স্কুচ্চ সহায়।

তোমার অমিয় কথা

শুনিয়া জুড়াত ব্যথা

মা শুনিতে পাবে না আর আমাদের কাণ, কেমনে ধরিব মা গো আমরা জীবন।

হিলে গে। প্রেমের খনি

এ মরত ভূমে তুমি

ও প্রেম মূরতি খানি করিলে দর্শন, জদয়ে আনন্দ কত হইত তখন।

এসেহিলে ম। বনপুরে

সান্ত্রনা দিতে আমারে

নির্থি মা গঙ্গা তীরে কমল চরণ, কতই প্রফুল্ল দেবী হয়ে ছিল মন।

সে আনন্দ এ ভুবনে

পাইৰ না আর মনে

জননী গো হেন স্নেহ কে করিবে আর তাহা ভাবি হইতেহি অতীব কাতর।

তব শেষ পদ ধূলি

না লইমু মাথে তুলি

কত অপরাধ দেবী করিয়াছি পায়, দয়াময়ী তুমি কুপা করিও আমায়, পূর্ণ হয় যেন

মম মনস্কাম

আনন্দে আনন্দধামে করিয়া গমন,

মা গো হেরিয়া যুগল রূপ জুড়াই যেন নয়ন।

মা জাহ্নবীর কূলে বসি

হাদি বন কুসুমেতে গাঁথিয়াছি হার,

লক্ষ্মী নারায়ণ লও পাদপদ্মে আক্রি ভকতি অর্ঘ আমার।

ইতি তোমাদের স্নেহের বৌমা

৺ **জা**হ্নবীতট ১৩:৪ সাল বরাহনগর

২ঃশে কাত্তিক শুক্রবার

প্রার্থনা *

অতি কাতরে ব্রহ্মময়ী জানাতেছি চরণে অকুপা হইল কেন মাগো এই দীন হীনে,

মেগেছিমু রাঙ্গা পায়

মোর স্নেহের ভ্রাতায়

নিরাপদে রক্ষা কর ভূপেব্দ রতনে।

কেন মাহ'ল না দ্য়া

আমারে গো মহামায়া

শমন হরিয়া নিল সে অমূল্য জীবন ধনে,

মাঘ মাস শুক্ল পক্ষ শুভাষ্টমী দিনে।

জানিনা এ সব কথা

সহসা হৃদয়ে বাথা

পাইনু বসিয়া মাগো পূজার আসনে,

করিতে নারিত্র পূজা

জান মাতা দশভূজা

অবিরল অশুজল ঝরিল নয়নে।

* ভূপেক্রনাথ

হইলাম উতরোলি कि ड'ल कि ड'ल रलि একেলা বসিয়া মাগো এই ভটাশ্রম. হেরিলাম আমি তাই মা গঙ্গাতে স্রোভ নাই দ্বিপ্রহরে সূর্য্যদেব মলিন বদন। যে দিকে ফিরাই আঁখি সকলি বিষয় দেখি তরুলতাদি শাখে পাখী নীরব আননে ভাবনা অস্তবে যত বলে তা জানাব কত তথাপি এ কথা মনে আনিতে পারিনে। আমার প্রাণের ভাই আর এ জগতে নাই দেখিতে পাবনা আর তার হাসি ভরা চন্দ্রাননে মা জাহুবী তীরে পড়ে সাড়ে নয় বংস্রোপরে রহিয়াছি যাইবার তরে মা শান্তি নিকেতনে। আমার হ'ল না যাওরা সে আমারে ফাঁকি দিয়। গেল অমর নগরে ভাই ভূপেন রতন, স্মরি তার গুণ রাশি কাঁদিতেছি বনে বসি মাগো কেমনে সহিব তার বিরহ বেদন। শরং পূর্ণিমা শশী ভূতলে পড়িল খসি অন্তমীতে রাছ আসি গ্রাসিল তাহায়. সোণার অঙ্গ হইল কালী হায় হায় কিবা বলি দেখ মা পড়িয়া আছে ধূলাতে ধরায়, কে নিল কাডিয়া আসি চাঁদ মুখে স্থা হাসি স্থন্দর ভূষণ রাশি নাহি আর গায়,

শুত্র বসনে আজি ঢাকিয়াছে কায়,

বস্ত্র পড়ে শত শত

জরি বেনারসী কত

হারাইয়া শিরোমণি

হের প্রায় পাগলিনী

নয়ন আসারে বুক ভাগিতেছে হায়,

একথা করি' স্বারণ

বিদরিছে মোর প্রাণ

আমিই রয়েছি মাতঃ অর্দ্ধ মৃত প্রায়।

তব কার্য্য সাধিবারে

পড়ে আছি বন পুরে

কেমনে সান্ত্রনা ভারে দিব আমি হায়,

তুমি মা সাস্থন। দিয়ে

অশ্ৰু জল মুছাইয়ে

রেখ ভারে বুকে ধরে আর কষ্ট নাহি পায়,

আমার প্রিয় ভগিনী

ছিল মাগো রাজরাণী

রাজমাতা হয়ে যেন থাকে এ ধরায়।

মাগিতেছি কর যুড়ি

দাও সবে শান্তিবারি

সম্ভানাদি সবে দাও মা স্থদীর্ঘ জীবন,

ভকতি প্রশৃতি করি

লও শ্রীচরণোপরি

কুপাকরে দাও আমারে এইবার অভয় পদে স্থান।
মাগো এ ভবে গাহিতে যেন না হয় আর শোক গান
দয়াময়ী পাদ পদ্মে আজি এই নিবেদন।

ইতি শ্রীভূপেক্সনাথের বৌদিদি

১৩৩৫ সাল বরাহনগর

৫ই ফাল্পন রবিবার

স্বৰ্গারোহণ •

মায়া জাল ছিন্ন করে

কেমনে চলিয়া গেলে.

স্বরগ রাজ্যেতে ভাই ঠাকুরপো আমার, তব বৌদিদির তরে চিস্তা কে করিবে আর।

বড় আশা ছিল মনে

মোর জীবনের শেষ দিনে,

ভাই শুনাইবে তুমি কর্ণে শ্রীহরি সংকীর্ত্তন, বলেছিলে করিলে না কেন তাহা পুরণ ?

নিতাই নিৰ্জনে বসি

চিন্তা করি দিবা নিশি.

কবে সুস্থ হয়ে মুখ শশী করাইবে দরশন, মম ভাগ্যে ভবে তাহা হইল ভাই অষ্টন।

ভীষণ জরা রাক্ষসী

তোমার শরীরে পশি.

খাইতে দিলে না কিছু মরি ছখে হায়, ও সবল দেহ খানি করিলেক ক্ষয়।

আমারে রাখিয়া বনে

যাইলে ভাই কেমনে

ছিলে যে লক্ষণ সম প্রাণের দেবর, করিতে মাতৃসম ভক্তি, শ্রদ্ধা, ব্যবহার।

* ভূপেন্দ্ৰনাগ

শ্বরিয়া তোমার গুণ

জলিতেছে শোকাগুণ,

কেমনে নির্কাণ করি তায়,

এস ভাই হাতে ধরে লয়ে যাও আমায়।

নির্থিয়ে চাঁদ বদন

জুড়াই এ প্রাণ মন

বৌদিদি ব'লে ভাই ডাক একবার

শুনিয়া জুড়াক মোর কর্ণের কুহর।

মোরে লয়ে যাবে বলি

গিয়াছ কি তথা চলি

দেখিবারে ভাই তুমি অমরের ধাম,

আমার মনের মত হইবে কেমন ?

তোমার পছন্দ যাহা

আমারও পছন্দ তাহা,

চির দিন জান ভূমি ভাই.

এই বার আমায় লয়ে যাও যাতনা এড়াই।

যথায় লয়ে গিয়েছি

হয়েছ সাথের সাথী

আজ্ঞাকারী ছিলে ভাই লক্ষণ সমান,
যে আদেশ করিয়াছি করেছ পালন।
বিনা হুকুমেতে কর নাই কোন কাজ
হুকুম না লয়ে ভাই কেন গেলে আজ
সীতার মরণ দেখে গিয়াছে লক্ষণ,
ফেলিয়া আমায় বনে, গেলে কি কারণ,

সংসারে করিয়া খেলা

সাঙ্গ করি ভব লীলা

বাগান সাজায়ে মালী করেছ গমন, যথায় স্বর্গের পিতা নন্দন কানন। বসেছ মায়ের কোলে

আবার হইয়া ছেলে,

গাহিছ ভাত। ও ভগিনী মিলে 'বাবা, মা' মধুর নাম তথা হাসি ভরা সকলের প্রফুল্ল আনন।

তোমার বিহনে এথা

শুকাইছে তরুলতা

ত্থেতে শরত শশী করেছে ভূমে শয়ন, এস ভাই এসে দেখ কিরূপ ভীষণ।

তব ভাই ভগ্নিগণে

আশ্বীয় বান্ধব জনে,

তব শোক সিশ্ধু নীরে হয়েছে মগন, এস ভাই এসে দেখ সবার বদন।

গিয়াছ অমর পুরে

আর কি চাহিবে ফিরে

ছিলে তব দাদাবাবুর দক্ষিণের হাত, অস্তুরে বড়ই তাঁর লেগেছে আঘাত।

সকল কার্ষ্বোর ভার

ছিল তাঁর তব উপর

তাই কি এ কার্য্য ভার ভাই দিয়ে গেলে তাঁরে ? বাবা গোপেন দ্বিপেন আসে পরামর্শ তরে, তাদের মলিন মুখ দেখে ফাটিতেছে বুক

আমি পড়ে আছি ভাই, মা জাহুবী তীরে এসে ছিল হুই জন দেখিতে আমারে।

তাদের হঃখের বেশ

হেরে পাইতেছি ক্লেশ

কেন ভাই হেন রূপে সাজায়ে তাদের,

বিষম যাতনা দিলে হুদে আমাদের ?

তব সম ভাগ্যবান

ধরণী হেন সম্ভান

বোধহয় ধরে নাই কোলে, শোক তাপ হঃখ ভবে কিছু না জানিলে। একথা বলিতে ভাই যখন তখন
স্থুশোভিত করিয়াছি এ ভব উচ্চান,
এমন সাজান রেখে যাইব কেমনে,
এই চিস্তা বৌদিদি সদা করি মনে।
শুনিয়া এ কথা কত বকেছি তোমায়
ও কথা বলিয়া কষ্ট দিও না আমায়
সাজান বাগান ভাই ভোগ কর তুমি,
দেখে যেন চলে যাই এইবার আমি।
হইল না মোর যাওয়া কি বলিব আর,
ভাই মাসাথবি তবু আমি না পাই তোমার,
বনে পড়ে রহিয়াছি পাগলিনী প্রায়,
কেমনে জানাব আমি এ কথা তোমায়।

ভকত রতন তুমি

গিয়াছ সোণার ভূমি,

দয়।ময় হরি কোলে দিয়েছেন স্থান, করেছিলে সার্থক ভাই শ্রীহরি সংকীর্ত্তন।

সাজায়ে স্থবর্ণ রথে

লয়ে গেল অমরেতে

স্থর নারী পারিজাতে করিয়। শোভন, ধন্য পুণাবান তুমি বৈকুণ্ঠ রতন।

অপ্ররাতে নৃত্য গীত

করিতেছে ফুল্ল চিত

বাজিতেছে স্থরপুরে মঙ্গল বাদন, ভূপেন্দ্রনাথের জয় করিছে ঘোষণ। অমরাবতীতে রাজা হইয়াছ ভাই
তব যোগ্য উপহার এ মরতে নাই,
তাই অশ্রুনীরে তব তরে মুকুতার হার
গাঁধিয়াছি স্বর্গ হইতে দেখ ভাই ঠাকুরপো আমার

ইতি শোকাতুরা তোমার বৌদিদি

১৩৩৫ সাল বরাহনগর

৫ই ফাল্পন রবিবার

শুভবিবাহোৎসব

শ্রীশ্রীপ্রজাপতয়ে নমঃ

প্রার্থনা *

শুভাশিস কর দান

প্ৰীতিভোজন আজি প্ৰীতিভোজন

তব করুণায়

ওহে দ্যাময়

বাবাজী "শচীন" চাঁদের শুভ পরিণয়,

নিব্বিন্নে হইয়াছে সুসম্পাদন।

তোমার কুপায়

মঙ্গল আলয়,

कांश्वत नन्त्रीमतन नातायु ;

পুরজন যত

সবে প্রফুল্লিত

হেরি মা লক্ষীর কমলানন।

* শচীন্দ্রনাথ

মঙ্গল আচার

করি "কনে" "বর"

নিল তব ঘর করিতে সাজন

শুভফুলশ্য্যা,

হ'ল বিশ্ব রাজা,

তোমার বিধানে আজি পালন

মধুর বসস্ত

ধরায় উদিত

কোকিল গাহিছে কুহু বলে নাম,

সুধামাখা স্থরে

বসি বুক্ষোপরে

জুড়াইছে শুনি কাণ:

নানাজাতি ফুল

নির্থি আকুল

নাচিয়া আসিছে প্রজাপতি কত,

অতি মনোরম

নয়ন রঞ্জন

লুটিবেক মধু রহিয়াছে যত।

শির করি নত

তরুবর যত

প্রণমিছে বিভূ চরণ।

মলয় বায়

थीरत मन्न वय

স্থবাস করিছে বিতরণ নিকটে আসিতে যেন না পারে গরম ; প্রীতিভোজন আজি প্রীতিভোজন।

হংসরাজ কুতৃহলে

খেলিছে সরসী জলে

শোভা মনোহর কিবা হইয়াছে তায়,

প্রফুল্ল মৃণাল দল

ঢাকিয়াছে সব জল

আসিয়া মৌমাছি কত বসিয়া তথায়,

আনন্দে করিছে গান

জয় ব্ৰহ্ম সনাতন

গুণ গুণ রব করি প্রেমেতে হয়ে মগন।

মাগঙ্গাকরিয়ারঙ্গু তুলিয়া প্রেম তরঙ্গ গেয়ে জয় জগদীশ নাম ধুইয়া চরণ তাঁর হইয়া ফুল্ল অস্তর যাইছেন সাগর সঙ্গে করিতে মিলন। তরুণ সিন্দুর পরি প্রকৃতি দেবী স্থন্দরী. প্রেম পুলকে সাজিয়াছেন। সুমঙ্গল গান কর বন্ধগণ জয় জয় প্রভু জয় নিরঞ্জন আশীর্কাদ কর নব বধু বর মস্তকেতে দিয়ে শুভ দূৰ্ব্বাধান। মাগি প্রাণভরে মা জাহ্নবী তীরে (হরি) রাখিও কুশলে এ ছটি সম্ভান। স্তু শান্তি মনে সংসার কাননে সুদীর্ঘ জীবনে গায় জয় নাম। রেখ দিবানিশি সুধামাখা হাসি. ছজনার চক্রাননে, শোভিত ধরায় পারিজাত প্রায়, যেন থাকে মা (জ্যোংসা), শচীন ধনে। তব প্রিয় কার্যা করে যেন নিতা রাখিও পবিত্র চির বন্ধনে, এই নিবেদন হে ভগবান তোমার মঙ্গল চরণে। করি প্রণিপাত জগতের নাথ পূর্ণ মনোসাধ কর জীবনে।

শুভবিবাহোৎসৰ

আজি শুভ দিনে

প্ৰীতি ভোজনে

দিতেছি সাদরে এই ক্ষুদ্র কবিতা হার ;

স্লেহের রভন

করিয়া যতন

ধর কণ্ঠে বাবা (শচীক্র) আমার।

মহাহ´ রতন

রমণী ভূষণ

লও আদরিণী দিতেছি তোমা।

চিরদিন তরে

'সিন্দুর শিরে

পরি, শোভা কর ঘর মা জ্যোৎস্না।

আশীর্কাদিকা--তোমাদের বড় জ্যাঠাইমা।

৺ভাগীরথীতট বরাহনগর

১৩ই ফাল্পন ১৩২৮ সাল

প্রার্থনা

শুভাশীর্কাদ জয় জগদীশ জয় প্রভূ ভোমার কৃপায় ন্তন বসন্ত আজি এসেকে ধরায়,

জানিনা কোথায় ছিল

শুভ দিনে উত্তরিল

সুধারাণীর পাকা দেখা করিবারে মধুময়।
কোকিলা কোকিল সনে,
গাহিছে প্রফুল্ল মনে,
কু কু স্থমিষ্ট স্থরে জয় বিভূ জয়
ঝরিছে গাছের পাতা,
তথাপি গোলাপ গাঁদা
ইত্যাদি কতই ফুল শোভা করিয়াছে তার।
তরুবর নত শিরে
নমিছে পাদ প্র্যোপরে,

* হুধারাণী

আসিয়াছে আনন্দেতে সুবিমল বায়,

মলয় পর্বত হতে চামর লইয়া হাতে

ব্যজন করিবে আজি শীতে করি জয়।

প্রস্থন সৌরভ যত

ছড়ায়েছে অবিরত

পুলকেতে বসম্ভ পবন,

পুষ্পমধু পানকরে

নাচিছে ফুল্ল অন্তরে

যত ভ্রমর ভ্রমরিগণ।

রাজহংস ক্রীড়া করে

সরসীর স্বচ্ছ নীরে

কিবা মনোহর শোভা হইয়াছে তায়,

হাসিছে নলিনী দল

নির্থি অলি সকল

মকরন্ধ লোভে আসি জুটিল তথায়

গুণ গুণ করি গান

মঙ্গল ঈশ্বর নাম

গাহিতেছে সবে হয়ে প্রীত মন।

মা গঙ্গা আনন্দ করি তুলিয়া প্রোম লহরী,

বলি জয় জয় হরি

হরিপদ ধৌত করি

সিন্ধু পানে ধাইছেন।

বসম্ভে প্রকৃতি সতী সানন্দ হৃদয়

স্থারাণীর পাকা দেখা করিবারে মধুময়।

সাগর ফুল্ল বদনে

পাঠায়ে দিলেন গণে

মহাবীর গিয়ে কর জয় নাম আজি ঘোষণ।

প্রভুর করুণা হের

গাও জয় মহেশ্বর,

পাত্রটি পাইয়াছেন এম্ বি অভিধান ;

চিম্বা কিছু নাহি আর

হবে স্থধারাণীর বর

সকল গুণাকর যেমন আকিঞ্চন:

পদাহতে শুভ আশীর্কাদ করিলেন জগন্নাথ ছ'জনার মাথায়, দয়াময় সুধারাণীর পাকা দেখা আজি করিবারে মধুময়। জয় জয় জয় জগদীশ্ব জয়,

আনন্দেতে কর গান

শুভ দিনে বন্ধুগণ

দাও সবে দূর্ব্বাধান আজি বর কনের মাথায়। মঙ্গল আশিস কর মিষ্ট সনে জল পান কর,

বল বিভূ, এই শুভ কার্য্য শীঘ্র কর সম্পাদন। বসি মা গঙ্গার ভীরে মঙ্গল চরশোপরে

মাগিতেছি প্রাণ ভরে প্রভু নিরঞ্জন,

সুস্থ রাখ তুই জনে

श्रुमीर्घ জीवन मारन

কুপাময় করাইও শুভ সশ্মিলন। আজি শুভ পাকা দেখা দিনে কি দিব ভাই স্থধারাণী,

বন ফুলে সাজ

ধনী কর আজ

দিদিমা তোমার বন বাসিনী।

লও শুভ স্নেহাশীৰ্কাদ

থাক সদা নিরাপদ

হরির মঙ্গল পদ শিরেতে করি ধারণ।

স্থদীর্ঘ জীবনে

সুস্থ শান্তি মনে,

গাহ পতি সনে পবিত্র নাম।

শ্রীচরণামৃত ভক্তি ভাবে নিত্য করিও মণি পান,
তোমার মঙ্গল প্রার্থী দিদিমার এই আকিঞ্চন।

জয় ব্ৰহ্ম সনাতন

পাষাণে এখন মায়। রাখিয়াছ কেন ?

দাও প্রভু কুপাকরে

জননী জাহ্নবী তীরে.

এই বার অভয় চরণোপরে লাল সাজে মোরে স্থান, প্রায় পঞ্চ বর্ষ অভিবাহিত করিলাম এই বন,

জয় ব্ৰহ্ম সনাতন।

সুধারাণীর আজি শুভ পাকা .দখা শুনে,

ঝরিছে জল নয়নে

বাসনা-হতেছে মনে

হেরি বাবা চারুর চক্রানন।

জামাতা হইবে তার

করিবে কত আদর

হাসি হাসি জিজ্ঞাসিবে মা বলে কত বচন,

জয় ব্ৰহ্ম সনাতন।

জীবনে এ সুখ আর

্ হবে না হরি আমার,

সে অমিয় কথা শুনে জুড়াব প্রবণ,

আজি শুভ দিনে কোথা বাবা মম চারু ধন।

বলে দাও দয়াকরে

যাইব প্রভু তথাকারে

চাঁদ মুখ খানি হেরে শীতল করিব প্রাণ, কুপাময় শাস্তি পায় করি গো প্রণাম।

এস বাবা চারু চাঁদ

আজি এই বন মাঝ

দশ বর্ষ পরে দেখি প্রফুল্ল বদন শ্রীপদ্ম লোচন,

শোক তাপ হুঃখ সব করি নিবারণ।

ছ্থী মায়ের কর ধরে

লয়ে যাও শান্তি পুরে

মরতে থাকিলে জলে ভাসিবে নয়ন।

শুভ পরিণয় দিনে

বাবা গো এই ভুবনে

এ নেত্র নীর না ফেলে যেন কখন।
স্থারাণীর শুভ মিলন
রতন গোপিকারঞ্চন সনে,
আনন্দে হেরিব বাবা তোমার সাথে থেকে স্বর্গধামে
আছে মম এই আকিঞ্চন মনে।
আজি শুভ পাকা দেখা. সকল দেবতা সাথে
ভূমি অমর নগর হইতে
কর বাবা শুভাশীর্বাদ গুজনার মাথে,
দিয়ে পুষ্প পারিজাতে।

শুভ পরিণয়ে

मीर्घकी बी श्रय

চির সুখে থাকে যেন ছটি প্রাণ,
এক হয়ে শান্তি লয়ে ভোগ করে ধরা ধাম।
বাবা চারু তব বালা চন্দ্রাননি সুধা কলা
শুভ পাকা দেখার পরে করেছে কত রোদন;
স্মরিয়া তোমার কথা হৃদয়ে পাইয়া ব্যথা
. ফুল্ল আনন খানি হইয়াছে মান।
ছিল তোমার আদরিনী দিদি মম সুধারাণী
আজি গো কোথায় তুমি স্মরণে ফাটিছে প্রাণ,
তোমার বিহনে বাবা হৃঃখেতে সবে মগন।
নিরানন্দে ও আনন্দে হইল পাকা দেখা সমাপন
করুণাময় পদাশ্রয় আমারে করহ দান।

ইতি

মঙ্গলপ্রার্থী সুধারাণীর দিদিমা

মকলবার

বরাহনগর

২রা ফাল্কন ১৩২৮ সাল

প্রজাপতয়ে নম

প্রার্থনা মঙ্গল গান শুভ শব্দ ঐ হতেছে বাদন।

জয় বিভু জয়

গাওরে হৃদয়

বসি মা জাহ্নবী কূলে আনন্দে

मिनि आमहिनी

মোর স্থারাণী

বরাঙ্গ শুভ হলুদে।

আজি জাৈষ্ঠ মাসে

মনের হরষে

কব্দল নাতা হাতে ধরিল কনের সাজ,

নব লোহিত বসন,

নৃতন ভূষণ,

তিলক্ 🗷 আল্তা পরিয়া আজ।

বেলা যুঁই মালা

শোভিতেছে গলা,

সিন্দূর চন্দন স্থচাঁদ কপালে ; টেরি পাতা কাটা চুলে,

শুভ আই বুড় ভাত

খাইবেন ধনী আজ

দয়ানয় জগদীশ তোমার করুণা বলে।

রেখেছ মোরে ভুবনে

আজি এই মঙ্গল দিনে

আদরে কি দিৰ প্রভু স্নেহ উপহার,

আর মূল্য ধনে অভিলাষী

নহি গো জগত শশী,

হই আমি বনবাসী দিদিমা তাহার।

গ্রীপদে করি প্রণাম

কুপাময় ভগবান,

আশীর্কাদ কর দান মাগি হে তোমারে;

গুণময় গোপিকারঞ্জন পতি

পেয়ে স্থারাণী গুণবতী

সদা হাসি মুখে শাস্তি ভোগ করে ধরা'পরে। প্রভূ পদে নিবেদি, সুস্থ রেখ দোঁহে দীর্ঘ জীবনে চির দিন সাজাইব বন ফুল ও সিন্দুর ভূষণে।

ৰরাহনগর

৩রা জ্যৈষ্ঠ বুধবার ১৩২> সাল

শ্রীশ্রীপ্রজাপতয়ে নমঃ

প্রাণাধিকা স্থধারাণীর শুভ পরিণয়োপলক্ষে দিদিমার প্রার্থনা ও আশীর্কাদ।

মঙ্গল গীত পুশকে নিশীথ গাও স্থললিত তারকা রাজি। জয় ব্রহ্ম নামে এ শুভ মিলনে

মধুর হউক ভবন আজি।

নব বর বেশে সুমিষ্ট হেসে

দেখ "গোপিকারঞ্জন" ঐ ছাড়িয়া বাঁশরী, জাঁতী ধরে করে স্থা লভিবাবে

াতী ধরে করে সুধা লভিবারে এলেন "সাত পুকুরে" বড় আশা করি।

গলে গোড়ে মালা ওহে চিক্কণ কালা

কোথা চূড়া লুকালে আজি শিরে টোপর ধরি। পীতবাস ছেড়ে নব লীলা তরে

> এসেছেন লাল সাজে লও সবে আদরে আজি "সুধার্মীর" বরে।

মঞ্চলাচরণ

কর এয়োগণ

শুভ শঙ্খধ্বনি হউক ধীরে ধীরে বরণ করহ যতন করে ;

যাঁর করুণায়

হ'ল শুভালয়

গাও সকলে তাঁর নাম বদন ভরে ;

এস দ্যাময়

করুণা নিলয়

অনন্তবাঁধনে বাঁধ ছু'জনারে

দিয়ে করে কর

প্রভূ বিশ্বেশ্বর

আজি হে পবিত্র প্রণয় ডোরে;

মুখে দিয়ে মিষ্টি,

করাও শুভদৃষ্টি

হে দয়াল ৰিধি চির-জীবনের তরে

বদলিয়া মালা

স্থূশোভিত গলা

হউক তোমার কুপাজোরে।

রতন "গোপিকারঞ্জনে"

শুভ সিন্দুরাভরণে

সাজাইতে বল প্রভূ আজি স্থধারাণীর শিরে ;

এই মঙ্গল সিন্দুরে যেন চিরশোভা ধরে, পাদপদ্মে মঙ্গলময় মাগি প্রাণভরে:

পরিণয় শুভকার্য্য, হইল এবে সম্পাদন

রতন "সুধার" আশে

সারাদিন উপবাসে

যাত্র মুখখানি শুকিয়ে গেছে করহ দর্শন

মায়েরা জলখাবারের শীভ্র কর আয়োজন ;

জ্যৈষ্ঠ মাসে পাকা আম, বোম্বাই হ'তে আগমন

করেছে দাও ছাড়িয়ে তারে,

গোলাপজাম, পিচ, লিচু তালশাম জামকল, কিছু লবণ মেথে কালজাম, পাথর বাটি ভরে: কমলালেবু, পেঁপে, ফল্সা খরমূজা, খেজুর শসা চিনি, বরফ গোলাপজলে, তরমুজে সরবৎ করে আকিঞ্চন এই আমার তৃষ্ণা যেন দূর করে। মেওয়া দাও সকল রকম কিসমিস ও পেস্তা, বাদাম মিষ্টান্ন ও নানানিধি সাজিয়ে দাওগো থরে থরে; ক্ষীর, সর, ছানা, নবনী ভালবাসেন যাত্মণি মায়েরা সকলে বসে খাওয়াও তাঁরে আদরে। ক্যাওড়া দিয়ে বরফ জল দাও রূপার গেলাস পূরে "সুধারাণীর" বরকে আজি সমাদর করে। বলি কিছু রেখ দাদামণি উপবাসে আছেন ধনী আজি প্রসাদ পাবার তরে. আচমন করে পান এইবার খাও ধীরে ধীরে ; সাজাও যত স্থিগণ, বাসর খরে কুঞ্চবন, এখন বেল যঁ,ই ফুলের মালা গোলাপের তে৷ড়াদিয়ে আনন্দেতে জাগরণ কর প্রেম আলাপন আজি গোপিকারঞ্জন বামে স্থধারাণী বসাইয়ে। যাইবে ছ'জনে চলে রজনী প্রভাত হলে রাখিতে নারিবে আর করিয়া যতন এ সুখ নিশা না পোহায় এই আকিঞ্চন। দ্যাম্য কমল পায় করি প্রনিপাত কুপায় গ্রহণ কর জগতের নাথ

শুভবিবাহোৎসব

আশীর্কাদ কর প্রভু মাগি হে চরণে
নবীন দম্পতি স্থথে থাকে এ ভূবনে
প্রেমপূর্ণ থাকে যেন এ হুটি হৃদয়
স্থদীর্ঘ জীবনে রয় পারিজাত প্রায়
তোমার সংসারে থেলা করিবে হু'জন
কর্তব্যের পথে রেখ করে সাবধান।
অভিমানী সুধারাণী জান ভগবান
হাসিমুখে রেখ প্রভু ইহাই প্রার্থন।
শুভ পরিণর আনন্দ দিনে
আজি বর কনে হুইজনে
আনন্দের উপহার লও দিদিমার
দীর্যায়ু লইয়া গাও জয় পরাংপর।

আশীর্কাদিকা— তোমাদের দিদিমা।

৺জাহ্নবীতট বরাহনগর

৪ঠা জ্যৈষ্ঠ, ১৩২৯ সাল

প্রার্থনা *

মঙ্গলাশিস কর দান

জয় পরাৎপর

অখিলেশ্বর

কুপাময় নির্ঞ্জন,

তোমার ইচ্ছায়

মঙ্গল আলয়

আজি ফুল শয্যার শুভ আয়োজন।

তাহাতেই ধরা

এত মনোহরা

গাহিছে প্রকৃতি প্রেমের গান,

নব দম্পতী যুগলে

বসাইয়া কোলে

শিখাবে গো আজি প্রেমের তান।
নৃতনের সনে সকলি নৃতন
ফুলে শোভা, নৃতন বিছানা, নৃতন বসন,
লাল সাজ আজ ফুলের ভূষণ।

* **হুধা**রাণী

শুভবিবাহোৎসব

পরাবে যতন করে এয়ো পঞ্চ জন নব কনে ও বরে মঙ্গলা চরণ

করিবে আনন্দ ভরে
বাজাও মঙ্গল শাঁথ স্থমধুর স্থারে।
বর কনেকে ক্ষীর মুড়কী ভোজন করাও আদরে
জলপানির থালাখানি খেয়ে শেষ হ'লে পরে.

করিয়ে শুভ শরন

এখন যাও এয়োগণ

পুলকে ক্ষীর মুড়কী ভোজন তরে।

শুভ নিশি জাগরণে

পরিচিত হও ছ'জনে

(মুধারাণী গোপিকারঞ্জন) আনন্দেতে কর আজি প্রেম আলাপন;

বনফুল উপহার

আশীর্কাদ দিদিমার

দীর্ঘ জীবনাবধি এই প্রেম থাকে যেন বিভূর মঙ্গল পদ সদা করিও ম্মরণ।

৺জাহ্নবীতট বরাহনগর শনিবার ৬ই জ্যৈষ্ঠ ১৩২৯ সাল

দ্রীদ্রীপ্রজাপতয়ে নমঃ।

বিপ্রেক্ত ও উমাশশীর শুভ পরিণয়োপলক্ষে বডজ্যাঠাইমার

প্ৰাৰ্থনা ও আশীৰ্বাদ।

প্রণমামি প্রজাপতি, জয় দেব শ্রীচরণে;
"বিপ্রেক্ত্র" মিলিবে আজি, "উমাশশী" সনে।
আ্জি মঙ্গলময় ভবন, এসেছেন বন্ধুগণ,
গগনে উঠিছে ঐ আনন্দোৎসব ধ্বনি:

নহবতে বাজিতেছে সাহানা রাগিণী।

প্রকৃতি নবীন সাজ, ধরিয়া দাঁড়ায়ে আজ, হাসিতেছে সরোবরে ফুল্ল কমলিনী,

হাাসতেছে সরোবরে ফুল্ল কমালনা, গাহিছে মিলন গান মা-স্থরতরঙ্গিনী।

"রিপ্রেক্তের" পরিনয়, সকলি মধুময়,

সমীরণ মৃছ্ বয়, প্রফুল্ল যামিনী; অস্তর আনন্দে তাই ভরিল আপনি।

আজি এই শুভদিনে, সাজাৎ-গো প্রাণধনে ,

স্বতনে স্থ-চন্দনে ললাট উপর, আংটি, চেন ঘড়ী, পরাও বলয় স্থন্দর।

লোহিত বসন প'রে, গোড়ে মালা গলে ধ'রে,

আর যাহা যথা শোভে, মস্তকেতে টোপর।

শুভবিবাহোৎসব

শুভ জাঁতী হাতে করে,

যাইৰে ভবানীপুৱে.

হর সম বর বেশে প্রফুল্ল অন্তর;

মাঙ্গলিক শঙ্খধ্বনি কর বারম্বার।

দিমু শুভ দুৰ্ববা ধান,

আশীর্কাদ কর দান.

আজি মম প্রাণাধিকের শিরে।

হে শ্রীধর, বিশ্বেশ্বর, . কমল করে তোমার,

শুভ যাত্রা হয় যেন মাগি হে অন্তরে। সকলি তোমারি সৃষ্টি.

করাইও শুভদৃষ্টি.

পবিত্র বন্ধনে রেখ আজীবন তরে। শিব হুগা সম এই যুগল মিলন, প্রভূ, তোমার কুণায় হয় এই আকিঞ্চন: আনন্দেতে বর কনে আসে যেন ঘরে. প্রনিপাত বিশ্বনাথ লও কুপা করে। স্থধা হাসি চক্রাননে নিরম্ভর দয়াময় যেন থাকে তুজনার। সুস্থকায়ে শান্তি লয়ে, থাকে এ সংসারে,

দীর্ঘায় দোঁহার আজি, যাচি প্রাণ ভরে ৷

৺জাহ্নবীতট বরাহনগর '

সোমবার ২৬শে আষাত ১৩২৯ সাল

বধূ আবাহন।

আষাঢ়েতে আজি,

শুভ দিনে সাজি,

এলেন "উমাশশী" মঙ্গল আগারে। মাঙ্গলিক শশ্ব বাজাইয়া আগে, আদর করিয়া কোলে লও মাকে।

মঙ্গলাচরণ,

করিয়া বরণ,

"বিপ্রেন্দ্রের" সাথে লইয়া বসাও ঘরে। স্নেহাশীর্বাদ, শুভ দূর্বাধান, আজি করিয়া যতন, ভাই দিতেছি সেজ বৌ, দাও দোঁহার শিরে। অক্ষার মোর শুভ লোহ খানি, বোন্ ছোট বৌ, তুমি পরাইয়া দাও মায়ের হাতে।

নহে মূল্য ধন,

সিন্দুরাভরণ,

ভাই আদ্ধি মিলে সকল ভগিনী, পরাও মার মাথে যেন হর বামে বসি, মন স্থাথ ''উমাশনী''

দিলাম মহার্ছ রতন,

থাকে চিরদিন ; মাগি বিশ্বনাথে হে দয়াল বিভূ কর্ত্তব্যের পথে ভূমি ছজনে, রাথিও টেনে !

नारम मीर्घ कीवन,

গায় জয় নাম,

নমি হে মঙ্গল চরণে।

৺**জাহ্নবীভ**ট বরাহনগর

মঙ্গলবার

২৭শে আষাঢ় ১৩২৯ সাল

প্রার্থনা *

শুভাশীর্কাদ দান কর জয় জয় জয় জগদীশ্বর

শুভ এ প্রাবণে

রাখী পূর্ণিমার দিনে

প্রভূ বেঁধেছ ছু'জনে দিয়ে করে কর।

তোমারি করুণে

মঙ্গল ভবনে

লক্ষী আজি লয়ে এল অনাথ প্রাণকুমার। মাগি হে চরণে.

এ শুভ মিলনে,

চির শোভা যেন থাকে হে ঘর,

মঙ্গল আচারি

যত পুরনারী

সমাদর করি লও নব কনে বর,

আজি শুভদিনে

প্রফুল্লিত মনে,

মধুর মাঙ্গলিক শব্দ বাজাও বার বার।

স্নেহাশিস দান

শুভ দুৰ্ববা ধান,

দিতেছি আদরের পুত্রবধ্ তরে,

মহার্হ রতন

সিন্দুর ভূষণ

প্রভু, পরিবে মা আদরিণী আজীবন শিরে।

এই নিবেদন

জগত জীবন.

দীর্ঘারু দান কর তুইজনে,

শান্তি সুখে ভাসি

রহে দিবানিশি

থাকে সুধা হাসি সদা চক্রাননে।

মা গঙ্গার তীরে

পাদ পদ্মোপরে

করিতেছি প্রণিপাত

গ্রহণ কর কুপাময় হে বিশ্বনাথ।

লও স্নেহ ধন

বাবা অনাথ রতন

বনের কুসুম শুভ দিনে আজ,

মাতা বধুরাণী

কর গো জননী

বড় মামীমার বন ফুলে সাজ,

গাও আনন্দেতে

বসিয়া একত্রে

জয় জয় জয় বিশ্বরাজ।

৺জাহ্নবীতট বরাহনগর

মঙ্গলবার ২৩শে শ্রাবণ ১৩২**> সাল**

প্রার্থনা *

মঙ্গলাশিস কর দান

বিজয় রত্নের সনে,

মোর স্নেহলতা বোনে.

করিয়াছ দয়াময় পবিত্র চির বন্ধন

জয় ব্রহ্ম সনাতন।

তোমার করুণে,

শুভ নিকেতনে,

আদরিণী আজি করিবে গমন পতি সাথে আনন্দেতে প্রভু জনার্দ্দন।

মাগি হে চরণে.

এ মধুর মিলনে,

যেন কমলের প্রায় শোভে ছইজন,

মম স্নেহের ভগ্নী বড় অভিমানী হয় নারায়ণ। সংসার কাননে. সুথ শাস্তি মনে

সুস্থ রাখিও সতত হে ভগবান,

যেন সুধা হাসি ভরা সদা থাকে এ ছটি চক্রানন। শুভ দুর্ব্বাধান করিতেছি দান

> কর আশীর্কাদ কমল করে, প্রভু দীর্ঘ জীবন দাও আজি হ'জনারে।

শ্রেষ্ঠ রতন

সিন্দূর ভূষণ

মণি স্নেহ চিরদিন পরিবে শিরে,

সেজে এয়োরাণী

দিবস রজনী

থাকে হে যেন এ ধরা'পরে।

কভু বিচলিত

নাহি হয় চিত

রেখ হে দোঁহারে কর্ত্তব্যের পথে

মা গঙ্গাতীরে

পদ্ম চরণোপরে

প্রভু নমিতেছি যোড় হাতে।

আজি শুভ দিনে,

দিতেছি যতনে,

লও আদরের দাদামণি ও দিদিমণি বন ফুল উপহার।

কণ্ঠে ধর ভাই

বড় দিদিমার এই

ছজনেই ক্ষুদ্র কবিতার হার

চির স্থা ফুল্ল মুখে গাও একত্রে জয় পরাংপর।

রবিবার

বরাহনগর

২৮শে শ্রাবণ ১৩২৯ সাল

প্রার্থনা *

শুভাশীর্বাদ কর দান

তোমারি করুণে,

প্রেমের বন্ধনে.

শোভারাণী, দেব, করেছে বন্ধন

রতন অজিত কুমারে কল্য প্রণয়ের ডোরে,

তাই নৃতন বংসরে করি নিবেদন,

মা গঙ্গার তীরে

বসি ভক্তি ভরে

ও পদ পঙ্কজে করিয়া প্রণাম,

রেখ তার জয়

প্রভু দ্যাময়

না হয় পরাজয় এ পরাণে কখন।

আমার আদরিনী বোন্ আনন্দে মঙ্গল ভবন

আজি করিবে গমন পতির সাথে,

শুভ দূৰ্ববা ধান

করিতেছি দান

প্রভু মঙ্গলাশিস করহ মাথে।

মধুর মিলনে

সংসার উত্যানে

যেন থাকে/বৃস্তে এ ছটি ফুল,

स्रुपीर्घ कीवरन

স্থুন্থ শান্তি মনে

রাখিও, দোঁহার না হয় তুল।

+ শোভারাণী

শুভবিবাহোৎসব

থাকে চির ধরা

স্থধা হাসি ভরা

এ ছুই চক্ৰ বদনে,

মোর শোভারাণী

অতি অভিমানী

জানাতেছি তাই চরণে।

কর্ত্তব্যের পথে

তুজনার সাথে

থাকিয়া করিও আনন্দ দান,

প্রভু সেব্ধে এয়োরাণী

শোভা দিদিমণি

যেন শোভা করে এ মরত ধাম।

আজিকার শুভ দিনে

দিতেছি অতি যতনে

পর গলে কুতূহলে এই বন পুষ্প হার,

মোর আদরের দাদামণি অজিত কুমার

স্নেহাশীর্কাদ এই বড়দিদিমার,

চির তরে পরি শিরে শুভ সিন্দূর রত্ন ভূষণ

মম আদরিনী

দিদি শোভারাণী

গাও পতি সনে ফুল্লাননে জয় বিভূ নাম,

मीर्घायु लख

সদা শাস্তি সুস্থ কায়ে

ছুই জন ভোগ কর ধরাধাম।

শনিবার

বরাহনগর

৮ই বৈশাখ ১৩৩০ সাল

জগতের রায়

প্রার্থনা *

শুভাশীর্বাদ কর দান

তোমারি কুপায়

হইয়াছে কল্য এই শুভ সন্মিলন। শিব ত্রিদশের নাথ সম গুণময় ভোলানাথ দেরী তুর্গা সমা মম লক্ষা কল্ঞার করিলেন পাণিগ্রহণ ইহাতে অতি প্রফুল্ল সকলেরি মন আনন্দে পরি লাল সাজ প্রভু নববর্ষে আজ আমার মা লক্ষ্মী নৃতনাগারে করিবে শুভ গমন আজি করিতেছি দান তাই শুভ দুৰ্কাধান আশিস কর দয়াময় মঙ্গল হয় সাধন। মোর লক্ষ্মী মাতা পতি সনে চির স্বস্থ শাস্তি মনে মধুর মিলনে স্থাখে রহে চিরদিন, কর ছুইজনে ভগবান স্থুদীর্ঘ জীবন দান সুধা হাসি চক্রাননে রেখ প্রভু অনুক্ষণ। শান্তিময় স্থমন্দিরে কর্ত্তব্য পালন করে

পারিজাত সম থাকে, নাহি হয় বিমলিন, মা আমার আদরিণী এয়োরাণী সেজে থাকেন চিরদিন;

শুভবিবাহোৎসব

মঙ্গল চরণোপরে নমি মা গঞ্চাব তীবে রাখিও করুণাময় এই শুভ দিন। আজিকার শুভদিনে দিতেছি তাই যতনে আকন্দ কুসুম সচ্চিদানন্দ ভাল বাসেন মহেশ্বর আদরের বাবা মণি ভোলানাথ প'র তুমি আনন্দে আজ গলেতে এই বন পুম্পের শুভ হার, স্নেহাশীর্কাদ তব বড়জ্যাঠাইমার। মা আমার লক্ষীমণি শুভ সিন্দুরাভরণ তুমি ধর শিরে আদ্রিণী চির শোভা করে. পত্তি তোমার ভোলানাথ গাও সদা তাঁর সাথ জয় জগদীশ জয় প্রেমানন্দ ভরে. দীর্ঘায় লইয়া থাক দোঁহে ফুল্ল অন্তরে।

বরাহনগর

শনিবার ২২শে বৈশাখ ১৩৩০ সাল

প্ৰাৰ্থনা ও শুভাশীৰ্বাদ *

জয় ঈশ জগদীশ জয় জয় জয়. দিদ্ধি কৈলে জনাদ্দন মোর প্রেমলতার আরাধন সর্ব্ব গুণময় সিদ্ধিলাল সাথে হ'ল তার কল্য শুভ পরিণয়, সকলেরি ফুল্ল মন প্রফুল্লময় ভবন প্রণিপাত বিশ্বনাথ লও কুপাময়। হে দেব আজি হেমস্থে নব শুভ সিন্দুর সি থিতে পরে আনন্দে লাল সাজে যাবে মা নৃতন ঘরে মঙ্গল করে; জননী জাহ্নবী কূলে মাগি তাই পদ কমলে প্রভূ মঙ্গলাশিস কর নব দম্পতীর শিরে। দিতেছি শুভ দুৰ্ববাধান তু'জনে দীৰ্ঘ জীবন लाख तय हित्रिणन मधुत मिलान, প্রাণময়ী প্রেমলতা আমার আদরিণী মাতা থাকে যেন অফুক্ষণ সিদ্ধি তরু বেষ্টনে; চন্দ্রাননে দিবানিশি রাথিও স্থধার হাসি প্রভু দান কর চির শাস্তি ছ'জনার পরাণে।

শুভবিবাহোৎসব

কর্ত্তব্য পালন করি

এয়োরাণী সাজ ধরি

প্রেমপূর্ণ প্রেমলতা রাখেন ভবন,

সকলের আদরিণী

হয়ে থাকে মা জননী

সংসার উন্থানে যেন পারিজাত সম মঙ্গল চরণে আজি এই নিবেদন।

আজিকার মঙ্গল দিনে

দিতেছি অতি যতনে

বন কুস্থমে গাঁথি এই শুভ হার,

মোর আদরের বাবা মণি আনন্দে সিদ্ধিলাল পর তুমি আজ স্নেহাশীর্কাদ তব এই বড় জ্যাঠাইমার।

মম আদরিণী মাতা

প্রেমময়ী প্রেমলতা

শুভ এই সিন্দুর ভূষণে সেজে থাক চিরদিন

সিদ্ধিলাল পতি সনে

বিভু জয় নাম গানে

প্রেমানন্দে থাক সদা হইয়ে মগন ;

হয়ে স্থস্থ কায়

স্থা এ ধরায়

থাক দোঁহে লয়ে সুদীর্ঘ জীবন।

সোমবার

বরাহনগর

১০ই অগ্রহায়ণ ১৩৩০ সাল।

প্রার্থনা *

তোমার কুপায় আজি হইল সুপ্রভাত, চরণে প্রণাম বিভু লও জগরাথ, আমার খুকু দিদি খাইবেন আজ আইবুড় ভাত। তার মাথায় পদা হাত রাখি কর শুভাশীর্বাদ, নিরাপদে চারি হাত যেন এক হয়. সুন্দর সিন্দুরে সিঁথি স্থশোভিত রয়। আজি এ আনন্দ দিনে আনন্দের উপহার, ধর দিদি খুকুমণি বনবাসী দিদিমার। মঙ্গল এই লাল বসনে আদরে প'র যতনে রুলি শুভ লোহখানি ও কমল হাতে. চন্দন সিন্দুর ফোটা চির ললাটেতে। আজ প'র বন ফুলের মালা আসিবেন কল্য চিক্কণ কালা হলুদ মেখে তাঁরি সাথে করিবে বিহার, থাক তব দিবানিশি, অধরে স্থমিষ্ট হাসি. ও রাঙ্গা চরণে আলতা করুক সদা বাহার। হীরা পানা মতি চুণী, নিতা প'র আদরিণী, দীর্ঘায় হইয়া দোঁহে গাও বিভূ পরাংপর, এই স্লেভাশীর্ব্বাদ তব দিদিমার।

* অমিয়বালা

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ১৬ই ফাল্কন ১৩৩২ সাল।

শ্রীশ্রীপ্রজাপতয়ে নমঃ

প্রাণ।ধিকা অমিয়বালার বিয়েতে

—দিদিমার—

প্ৰাৰ্থনা ও আশীৰ্বাদ।

জয় দেব প্রজাপতি !

চরণে করি প্রণতি.

শুভাশীর্কাদ কর দান---

আমার খুকু দিদির বিবাহ আজি করি নিবেদন। যেন এ শুভ মিলনে, চির স্থাথ ছইজনে,

স্থদীর্ঘ জীবনে গায় প্রেম ভরে জয় নাম,

স্থধা হাসি রেখ মুখে শান্তি থাকে সদ। বুকে

পারিজাত সম রহে উজল করি ভুবন।

দিবা সন্ধ্যা হু'টি বেলা, খেলিবে ভোমারি খেলা,

কর্ত্তব্যের পথে টেনে রেখ অনুক্ষণ:

অভিমানী খুকুমণি দয়াময় জান তুমি

সমাদরে রেখ প্রাভু এই আকিঞ্চন,--আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন

নব বসম্ভের হইল শুভাগমন।

স্থুশোভিত তরু লতা নানা পুষ্প বিকশিতা

কোকিল কোকিলা কুহু গাহিছে স্থমিষ্ট গান। শুনে, অতি পুলকিত হইতেছে মন প্রাণ॥ হংসরাজ স্বত্ত সরে,

খেলিছে আনন্দ করে.

ফুটিয়াছে কমলিনী প্রফুল্ল আনন। মধু মাছি জুটিয়াছে কতই এখন।

পিয়ে মধু গুণ গুণ

গাহিতেছে নাম

আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন। কুল কুল করি ধ্বনি দেবী সুরতরঙ্গিনী

> চলেছেন সিন্ধু সাথে করিবারে সম্মিলন। কিবা শোভা মনোলোভা নয়ন রঞ্জন॥

স্থন্দর সিন্দূরে সিঁথি

সেজেছেন প্রকৃতি সতী

হয় না যেন গরম, এত বলি পাঠাইলেন মলয় পবন। চামর লইয়া তুমি করগে ব্যজন।

আমার খুকু দিদির বিবাহ আজি আনন্দ ভবন। অমিয় ফুল ফুটিল, চারিদিক উজলিল, স্থবাস লইয়া তার বসস্ত পবন.

ছড়াইল চতুদ্দিকে হরিবারে মন। .

সে সুগন্ধ

আক্না পর্যাম্ভ

করিল স্থাথে গমন,

আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন। এখন বংশী ছেড়ে করে জাঁতী ধরে

করি<mark>লেন ঝামাপুকুরে শুভ আগমন।</mark> বিহারী আজি রাসেখরী

ঞ্জীবন বিহারী করিবারে দরশন,

সখীরা এখন তাঁরে পরীক্ষা করিতেছেন— রাখ্লে কোথা শিখীচূড়া দেখি মস্তকে টোপর পরা পীতাম্বর ছেড়ে, পরা হয়েছে লাল বসন।

গুভবিবাহোৎসব

কোথা গেল বন পুষ্প মালা আজি কৌস্তভ মণি রতন ছল্চে গলে ফুল্ল কুসুম হার, হেরি ঘড়ী চেন আংটী বোতাম এখন বসে ক্ষাণিক

সভার উপরে

কালো রূপে আলো করে

ধনীরে দেখাব ক্ষণেক পরে হউক শুভক্ষণ।

সকলে দেখুক এখন

ত্ব ও চাঁদ বদন

আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন।

এসেছেন বন্ধজন

সকলেরি ফুল্ল মন

বরণের শুভ আয়োজন কর এয়োগণ,—

শ্রীকুলা বরণডালা

লয়ে যত কুলবালা

মঙ্গল শঙ্খধ্বনি করহ এখন

প্রফুল্ল করি বদন

খুকুমনির বরকে ঘিরে চিত্তের কাটি ধরে আদর করে স্ত্রী আচার কর সমাপন,

আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন। পরে লাল নব শাড়ী, সাজ করে আজ রাসেশ্বরী,

এখন পাটে বসেছেন

ঘুরিয়ে তারে সাতটি পাক্ করাও শুভ দৃষ্টিপাত

চারি চোথে দাও হে বিশ্বনাথ মাথিয়ে প্রেমাঞ্চন। বাঁধ প্রেম ডোরে আজি যুগল করে

পালন হউক প্রভু তোমার বিধান।

বদলিয়া ্মালা ত্'জনার গলা

তুমি পদ্ম হাতে সাজাইয়া দাওহে জনাৰ্দন।

শ্রীবনবিহারী করে

দাও গো দয়া করে

তুলিয়া হে মহেশ্বর সিন্দূর ভূষণ

পরাবে যতন করে

অমিয়বালার শিরে

আজি চির জীবনের তরে এই শুভ আভরণ।
লাল সাজে আদরিণী সেজে থাকে ধরাধাম
শ্রীপাদ পদ্মে প্রাণ ভরে এই আবেদন।
আমার খুকুদিদির বিবাহ আজি আনন্দ ভবন।

পরিণয় শুভকার্য্য হইল এখন সম্পাদন
আজি গো অমিয় আশে সারাদিন উপবাসে
দেখ গো শুকিয়ে গেছে ও বিধু বদন
মা ও মাসীমারা শীঘ্র কর জল খাবার আয়োজন।
বারমাসই পাকা আম আজ কাল করিতেছে আগমন

ছাড়িয়ে দাও তারে ;

পেঁপে, কমলানেবু শসা খেজুর, পিয়ারা, খরমুজা,
নৃতন নকোট ও গোলাপজাম রেকাবিখানি ভরে
চিনি বরফ গোলাপ জলে ঘোলেতে সর্বং করে
আমার এই আকিঞ্চন যেন তৃষ্ণা দূর করে।
মেওয়া দাও সকল রকম কিসমিস ও পেস্তাবাদাম

নানাবিধ মিষ্টান্নাদি দাও গো সাজিয়ে থরে থরে;

ছানা ক্ষীর সর নবনী বাসেন ভাল যাত্মিন দিদিমারা বসে সকলে খাওয়াও তাঁরে আদর করে। বরক জলে ক্যাওড়া দিয়ে রূপার গেলাস পূরে আজি খুকুমনির বরকে দাও সমাদর করে।

গুভবিবাহোৎসব

উপবাসে আছেন ধনী তাই বলি কিছু রেখ দাদামণি এ মহাপ্রসাদ আজি পাইবার তরে এইবার আচমন করে তাম্বল সেবন কর ধীরে ধীরে এখন স্থীরা নিকুঞ্জ বন সাজাও বাসরে— দিয়ে বন ফুলের মালা আদর কর চিক্কণ কালা করিবারে রাসলীলা এসেছেন ভাই অন্ধকারেই ফাল্পনে আমার খুকুদিদি আজি রাসেশ্বরী শিব চতুর্দ্দশী ব্রত করি হাতে হাতেই পেলেন ফল আপনার গুণে। পাতিলেন যেমনি ফাঁদ অমনি এসে কালাচাঁদ তাতে পড়ে হাতে ধরে বসাইলেন বামে আমরি! কি শোভা আজি হয়েছে নিকুঞ্জ বনে। দেখ সবে আঁখি ভরি যুগলরপ মাধুরী স্থারা প্রেম আলাপন কর শ্রীবনবিহারী সনে গ্রীরাধিকা চন্দ্রাননি স্লেহের অমিয় রাণী দেখে কত প্রফুল্লিত হইবেন মনে। বিভাবরী পোহাইলে যাইবে যুগলে চলে পারিবে না আর রাখিতে করিলেও যতন এ মধু যামিনী যেন নাহি হয় অবসান, মঙ্গলময় পাদপদ্মে ধন্তবাদ দান। স্বাই কর গান আনন্দময়ের নাম আজি এ মধুমিলনে বর কনে ছইজনে দিদিমার আনন্দের উপহার করহ গ্রহণ দীর্ঘায় লইয়া গাও জয় ব্রহ্ম সনাতন। *⊍জাহ্ন*বীতট সোমবার •

১৭ই ফাল্পন ১৩৩২ সাল

বরাহনগর

প্ৰাৰ্থনা • শুভাশীৰ্বাদ।

বিবাহের শুভ নিশা সত্তর পোহাল. বাসি বিবাহের দিবা সমাগত হ'ল, সুমঙ্গল কার্য্য সবে কর আগে সম্পাদন, আজ পতির পাতে পরে মাছের সাথে মণি খুকুকে করাও গো ভোজন। খাওয়া হ'লে কুতৃহলে তার চূলে দাও পাতা কেটে বাহার করে, সিঁ থিটি করুক আলো স্থন্দর সিন্দুর প'রে কপালে সিন্দুর ফোঁটা, কনে চন্দনের মাঝে, নাকৃটি আজকে তিলকু পরে কত শোভা ধরিয়াছে ; মঙ্গলিত লোহ শঙ্খ রুলী কোমল করে. এয়োরাণীর সাজ করে দাও আদর করে তারে, স্থবর্ণাদির চূড়ীগুলি পরাও যতনে, গলেতে দাও নেকলেশাদি হল ইয়ারিং কাণে. মস্তকেতে ফুল চিরুণী তারি সঙ্গে টায়রা খানি. পরিবেন আমার খুকুদিদিমণি আজ চরণে তার আল্তা দিয়ে মল পরিয়ে, করে দাও গো সাজ।

* অমিয়বালা

শুভবিবাহোৎসব

লাল পাটের শাড়ী

প'রে রাসেশ্বরী.

করুণ এখন খল মল
পান খেলে পরেই ঠোঁট হুটি হ'বে লাল ;
লাল সাজে আজ সাজিয়ে দাও যতনে করে
শ্রীবনবিহারীর রাসেশ্বরী যাবে ন্তন ঘরে।
আশীর্বাদ কর দেব জগতের পতি
দীর্ঘ জীবনেতে স্বামী সাথে স্থথে রয় সতী
অমিয়ময় ভবন হয় গুণেতে তাহার
মঙ্গলময় পদ্ম পায় মাগি যুড়ি কর।
ভাই শ্রীবনবিহারী আজ বন ফুলে কর সাজ
দিদিমার আশীর্বাদ এই স্নেহ ধন
শ্রীরাধাকৃষ্ণ সম প্রেমে হ'জনে থেক মগন
আজি ভাই অমিয়বালা প'রে বন ফুলের মালা
শ্রীবনবিহারী মন করিবে হরণ

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের দিদিমা।

চিরস্থথে থাক প'রে সিন্দূরাভরণ।

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ১৮ই ফাল্পন ১৫৩২ সাল

প্রার্থনা

মঙ্গলাশিস কর দান প্রশিপাত বিশ্বনাথ করহ গ্রহণ।

জয় সারাৎসার

ত্রিদিব ঈশ্বর

প্রভু দয়াময় ব্রহ্ম সনাতন,

তোমারি ইচ্ছায়

হইল শুভালয়

ফুল শয্যার আজি মঙ্গলায়োজন।

তাই বস্থন্ধরা

এত মনোহরা

প্রকৃতি গাহিছে প্রেমেরি গান

নবীন দম্পতী যুগলে

বসাইয়া কোলে

আজিগো শিখাবে নব প্রেম তান। আমরি ! নৃতনেরি সনে সকলি নৃতন পুষ্পেতে শোভিত বিছানা নৃতন

আজ লাল নৃতন বসন

সাজ কুসুম ভূষণ

পরাবে যতন করে কনে ও নব বরে,

মঙ্গলাচরণ এয়ো পাঁচজন

করিবে আনন্দ ভরে শুভ শঙ্ম ধ্বনি হউক মধুর স্থরে।

* অনিরবালা

শুভবিবাহোৎসব

ক্ষীর মুড়কী কনে বরকে ভোজন করাও আদর করে
জলপানির থালা খানি খেয়ে শেষ হলে পরে
বসে পান খাও হু'জনে ধীরে ধীরে।
করিয়ে শুভ শয়ন যাও এখন এয়োগণ
আনন্দেতে ক্ষীর মুড়কী ভোজনের তরে
এ শুভ রাতি জাগরণে পরিচিত হও হু'জনে,
অমিয় রাণী রাসেশ্বরী লয়ে শ্রীবনবিহারী
পুলকেতে কর আজি প্রেম আলাপন।
দীর্ঘ জীবনাবধি এই প্রেম থাকে যেন
অমিয় বালা রূপের ডালা

পর চির সিন্দ্রাভরণ ভূলিও না বোন্ যাঁর করুণায় আজি এই শুভ দিন ভাঁর মঙ্গল পদকমল যুগলে হুদে রেখ অনুক্ষণ।

> ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর বুধবার ১৯শে ফাল্কন ১৩৩২ সাল

শুভকাসনা শ্রীশ্রীঈশ্বর চরণে

নলের শুভাগমনে আনন্দ।

প্রাণভরে ধন্যবাদ করিতেছি দান,
দয়া করে দয়াময় করহ গ্রহণ।
দেখাইলে কুপা করে, প্রাণাধিক মম নলেরে.

প্রফুল্ল হইসু দেখি তাহার চাঁদ বদন

এ দিন পাইব নাহি করে ছিল মন।
স্থে তৃঃথে ভূলে যেন নাহি থাকি অভয় চরণ।
মোরে এই আশীর্কাদ প্রভু কর বিতরণ।
দয়া করে ভগবান্,
নিজ শক্তি কর তারে দান,

পিতৃমাতৃহীন হয় সে তুর্বল সন্তান।
তব প্রিয় কার্য্য পারে যেন করিতে সাধন,
এই ভিক্ষা মাগিতেছি তোমার সদন।
সতত করিও তুমি তাহার কল্যাণ।
হই আমি তব বনবাসী দিদিমণি
নল, নাহি মম মূল্যধন রতু মণি,

বন ফুল এই স্নেছ ধন, ইহাই আদরে তুমি করহ গ্রহণ, আনন্দে শ্রীচরণায়ত করাইব পান।

এই মোর অমূল্য রতন।

ধান দূৰ্ববা লয়ে হাতে,

দিয়া তব মস্তকেতে.

শুভাশিস করিতেছি দান

বিশ্বাস কিরীট শিরে পরহ ভূষণ।

স্কৃতি বলয় হাতে জ্ঞান কুগুল ধর কর্ণেতে,

হরিনাম হারে কণ্ঠ করহ শোভন।

প্রেমের অঞ্জন পরিয়া চক্ষে, চরণ পদক রাখিয়া বক্ষে, ঈশবের অমুগত ভক্ত হয়ে স্বস্থকায়ে সূদীর্ঘ জীবন লয়ে

নিরাপদে, হয়ে শাস্তি মন.

হরিনাম গুণ সদা করহ কীর্তুন.

সাদরের ছোট ভাই আমার নলিন।

ধার্ন্মিকের বংশে জন্ম করেছ গ্রহণ,

সতো ও ধর্ম্মে রয় যেন তোমার জীবন

এই সম আকিঞ্চন।

দয়াময় রূপা করে, কভু, যদি তিনি দেন মোরে, এই শুভ দিন.

সিন্দুর পরে মাথায়

তোমাকে রেখে ধরায়,

যাইতে পারি যদি আমি ছাড়িয়া ভূবন।

সে দিন আসিয়া মোরে. এই মা জারুবী তীরে, শুনাইও প্রাণ ভরে স্থমধুর হরিনাম।

ব্ৰহ্মনাম শুনে আত্মা মম পাবে পরিত্রাণ।

কুশাময় হরি দিবেন অভয় চরণে স্থান। আমার এই বাঞ্ছা হে দেব হয় যেন পূরণ

ইতি— তোমার মঙ্গলপ্রার্থী দিদিমণি।

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ৩২শে জ্যৈষ্ঠ সন ১৩২৬ সাল

শ্রীশ্রীহরি সহায়।

ইলক্ষণ সম দেবর শ্রীমান্ নূপেক্রনাথ ও ভগিনী কিরণশ্রীকে ক্ষেত্ আশীর্কাদ

-:#:

আদরের ছোট বৌ বোন্টি আমার,
বনবাসী এ দিদিরে দেখিবার তরে
সভত উৎস্থক হয় হৃদয় তোমার,
ছুটিয়া দেখিতে মোরে এস বার বার।
তোমাদের কারণ. হয়ে পূত মন
শ্রীহরি চরণে অর্ঘ করিয়াছি দান
আনন্দে শ্রীচরণামৃত করাইব পান,
ইহাতেই হয় মেন তব ব্যাধি উপশম।
রাখিয়াছি লতা পাতা বন ফুল শ্রীচন্দন,
সাজাব তোমারে দিয়া সিন্দূর ভূষণ।
সদা তুমি এই সাজে সেজে থাক ধরা মাঝে,
প্রাণ ভরে, দূর্বাধানে শুভাশিস করি দান,
নেপুর কোলেতে স্থথে থাক চিরদিন।

পুত্র কন্সা সনে সুস্ত কায় লয়ে গিরীন মিন্মু গুই জনে, দীর্ঘজীবী হয়ে

শান্তি মনে থাকে যেন আপন ভবন।
শুক্রের বিবাহ দিয়ে পুত্র আর বধু লয়ে,
মস্তক শীতল রেখে শান্তি মনে কর ঘর,
আদরের ছোট বৌ নৃপেক্র আমার।

আদরের ছোট বৌ নৃপেক্দ্র আমার। এই শুভাশীর্বনাদ করুন শ্রীধর শুক্র হউক তব শতেক কুমার তাঁর শ্রীচরণে করিতেছি এই নিবেদন।

স'তা ও ধর্মে মতি রেখে

সর্বদা শুস্থ দেছে.

দীর্গজীবী হয়ে স্থাথ থাক গুইজন। ক্ষমা, দয়া, সরলতা. সতত হাসিমুখে মিষ্টি কথা

मकलारक वलह पृष्टेष्कन।

শুনিলে আনন্দ হয়

তাপিত পরাণ জুড়ায়

শ্রদ্ধা ভক্তি কর মোরে জননী সমান,
তাহা মনে রবে অমুক্ষণ।
মোর শেষ স্নেহ উপহার লও চুই জন,
দিদি বৌদিদি বলে রাথিও স্মরণ
মম আদরের নৃপেক্র কিরণ।

৺ জাহ্নবীতট ব্যাহনগর সোমবার ৫ই ভাদ্র সন ১৩২৬ সাল

প্রার্থনা

७डानीकीष

জয় ঈশ জগদীশ কুপায় কর গ্রহণ, হে শ্রীধর বিশ্বেশর ভক্তি প্রণাম : মাগি ও পদ কমলে বসে মা জাহুবী কুলে মঙ্গল আশিস প্রভু কর আজি দান। তোমার কমল করে মা মিমুরাণীর শিরে ওহে মহাদেব, পদ্ম পলাশলোচন গিরীন্দ্র রতন পতি সাথে যাবে মোর সতী বসন্ত ফাল্পনে আজি আপন শুভ ভবন. লয়ে আদরের কন্সা পুত্রগণ। তাই যাচি প্রাণভরে অভয় চরণোপরে. প্রভু ফুম্থ রাখি সবারে, দীর্ঘায়ু কর হে দান, চির শান্তি স্তথে রয় জননী মিকু ধরায় সেজে থাকে পরি' শুভ দিন্দুরাভরণ, মা আমার আদরিণী ল'য়ে পুত্র কন্সাগণ। ঐ পদ পক্ষজে হরি এই নিবেদন করি সবার চন্দ্রাননে মুধা হাসি রেখ তুমি চিরদিন, আজি গো আদর করে দিতেছি মিমু ভোমারে. মা তুমি শুভ আগারে করিছ গমন।

শুভক মিনা

বড় জ্যাঠাইমা বনবাসী না হেরিল মুখ শশী লও মাগো স্নেহ রাশি অমূল্য রতন, শ্রীহরি চরণায়ত হইয়া পবিত্র চিত্ত,

পতি সন্তানাদি সাথে নিত্য করিও মা পান।
বন ফুলে কর সাজ মিসু মা আমার আজ

গুণময় পতি আর তনয়াদি সনে.

শুভাশিস দূর্ববাধান পরে চির সিন্দূর শুভ চন্দন গাও বিভু জয় নাম প্রেমানন্দ মনে. ভোমরা সকলে ভবে স্থানীর্ঘ জীবনে ।

> বুধবার ২৩শে ফারুন ১৩২৯ সাল

ব্রাহনগ্র

बीबिजगरीम চরবে

প্রার্থনা

স্লেহেব সম্ভান শ্রীমান গোপেন্দ্র নাথকে গুভাশীর্কাদ।

তোমার মঙ্গল পদে মাগি প্রভু এই ভিক্ষা,
মম স্নেহের গোপেন ধনে কুশলে করিও রক্ষা,
উন্ধৃতির পথে বাছা হইতেছে অগ্রসর,
সে কারণে যাইতেছে বিলাত নগর।
প্রবাসে তোমার কাছে থাকে যেন নিরাপদে,

রেথ তার স্কৃত্ব মন, শরীর সবল,
হে দেব ধর্ম্মই তাহার হয় যেন বল,
দিও তারে অভয় বাণী যেন নাহি পায় ডর,
মনোবাঞ্চা পূর্ণ করে পুনঃ বাছারে আনিও ঘর।
তব শুভ আশীর্বাদে বাবা গোপেন এলে নিরাপদে,
প্রাণ ভরে ধক্যবাদ সকলে মোরা দিতে পারি.

যেন তোমার শ্রীপদ্ম চরণোপরি। বাবা প্রাণের গোপেন

পুত্র প্রধান বংশধর

ভূমি আমাদের,

সকলের আদরের ধন;

ভাজিয়া জনম ভূমি

বিলাভ যাইছ ভূমি

উচ্চ শিক্ষা লাভের কারণ,
ইহাতে বাধা দিবার নাহি প্রয়োজন,
তথাপি অন্তর বড় পাইছে বেদন,
চিন্তা হইতেছে যাত তোমার কারণ।
শীত প্রধান দেশ তথা করিছ গমন,
ঠাণ্ডা যেন নাহি লাগে খেক অতি সাবধান,
ডোমা ছাড়ি তব মাতা থাকেন নাই এক দিন,
একেবারে বহু দুরে

ইহাত বাধা লাভের কারণ,
বাইছ সমুদ্র পারে,

এ কথাটি সদা যেন রাখে তব মন।

যাইতেছ দেখে তুমি পিতার অন্তথ

তোমার গমনে মায়ের থাকিবে না কোন স্তথ

দেহ ল'য়ে ধবে ঘরে এই মাত্র কথা

মন তাঁর চলি যাবে তুমি থাক যথা।

পুত্র কল্যা পিতা মাতা

চাড়ি পত্নী

বন্ধ ভগ্নী

আত্মীয় স্বজন ভ্রাতা,

প্রবাসেতে করিছ গমন নতুবা তব পিতা মাতা

সময়ে দিও হাতের লিখন, পাইবেন বড ব্যথা.

পরিমলও হইবেক অন্তরে কাতর, ভোমার ভাতা ভগ্নী ও মোরা সকলে সময়ে সংবাদ না পাইলে চিস্তিত হইব নিরস্তর, এ কারণে বলিতেছি ধরি চুটি কর। রূপে গুণে বধ্ মোর লক্ষী ঠাকুরাণী. সদা তব অদর্শনে থাকিবে তুঃখিত মনে.

মলিন হইবে তার হাসি ভরা মুখ খানি।

বিবাহ হওয়া অবধি তব কাছে নিরবধি

তোমা ছাড়া মা আমার থাকে নাই কোন দিন,

দেখি শুভ তব হস্তাক্ষর

করিবেক সমাদর

মনে তার হইবেক আজি শুভ দিন। জ্ঞাঠাইমা পাগলের মত তোমায় লিখিল কত

তার স্থু গুঃখ যেন থাকে তব মনে,
লিপিতে আনন্দ দান করিও যতনে।
আমার তাপিত প্রাণ ইহার কারণ
সকলেরি কফ ভাবি গুঃখ পায় মন,
বনবাসী জ্যাঠাইমার নাহি মূল্য ধন,
আছে শ্রীচরণামৃত অমূল্য রতন।

তোমায় আনরে বাবা স্নেছের গোপেন তাহাই করাব পান, লয়ে নিজ হাতে করিয়া যতন,

স্থুত্র শরীরে থাক এই মম আকিঞ্চন।

ছেরি তব চাঁদ বদন স্থী হইবে মম মন,

যদি দেখা না দিয়ে যাও হৃদয় পাবে বেদন, তাই তোমায় আসিতে আমি বলিয়াছি ধন। তোমার মঙ্গল তরে শ্রীপদ কমল'পরে

> প্রতিদিন শুদ্ধ মনে অর্ঘ করি দান, দয়াময় করিবেন কল্যাণ সাধন, শুভাশীর্কাদ ধান দূর্ব্বা করিতেছি দান।

ধর্ম্মে মতি রেখে

मना युष्ट (मर्ट

स्रों कीवत्न थाक ित्र पिन,

ঈশর চরণ

করিয়া স্মরণ

তবে কার্যো হাত দিও প্রতিদিন। বনবাসী জ্যাঠাইমার এই স্নেছ পত্র খানিই ধন বাবা গোপেন ইহাই আদরে তুমি করছ গ্রহণ।

থাকিবেক বিদেশে

দেখ মাঝে মাঝে

তথন মনে হবে জ্যাঠাইমার কোলে আছি অমুক্ষণ স্লেহের কুমার গোপেন।

বিশ্বনাথের স্বপ্তির সোন্দর্য্য কত করিবে দরশন, পুলকিত হইবেক তব প্রাণ মন,

ঈশ্বরে প্রেম ভক্তি তথন গইবে দিগুণ, ইহা ভাবি আনন্দিত হইতেছে মন।

যাহা তব পিতা খুল্লতাত আর জ্যেষ্ঠতাত মহাশয়

দেখেন নাই তাহ। ভূমি দেখিবে তথায়

মনোরথ সিদ্ধ করে

এস তুমি নিজ ঘরে

ঈশর চরণে করি এই নিবেদন। মুখোজ্জল করি দেশে এস যাতু ধন,

দেখে তব হাসি হাসি চক্রমুখ, আমরা সকলে পাইব তুখ, তোমার সুমধুর কথা শুনি জুড়াবে পরাণ.

বিলাতের হাব ভাব কাহিনী তুমি করিবে বর্ণন আনন্দে আমরা সবে করিব শ্রবণ।

তথন কত

প্রফুল্লিভ

হবে আমাদের উজ্জ্বল আনন

যদি জ্যাঠাইমাকে

লয়ে যাও সাথে

তাহা হলে হয় বিলাত ভ্রমণ তোমার সাথে যাইতে চাহিছে পরাণ।

ভোমার কল্যাণে হেরিব নয়নে

স্থন্দর স্বস্থি জগত পিতার তাঁহার শ্রীপদে ভক্তি বাড়িবে আমার।

> ভোমার মঙ্গলপ্রার্থী পাগলিনী জ্যাঠাইমা

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ৬ই ভাদ্র ১৩২৬ সাল

প্রার্থনা ও শুভাশীর্বাদ

লও কপাময় ধ্রুবাদ

জয় শ্বগদীশ জয়।

তোমার নঙ্গল নামে সকলি মঙ্গলময়
বিলাত হইতে ঘর এলেন প্রাণকুমার
শুভ আষাঢ়েতে আজি তব করুণায়,
আনন্দ সাগরে আজি উপলে হৃদয়।
হেরিয়া গোপেন ধন পিতা মাতা ছুই জন
পাইয়া নয়ন মণি কত প্রাণ ভরে,
দিতেছেন ধ্যুবাদ চরণ উপরে।

দিতেছেন ধন্যবাদ চরণ উপরে। ভ্রাতা ও ভগিনিগণ পুত্র কন্যা বন্ধুগণ

সকলেই আজি কত প্রফুল্লিত হয়েছেন,
আনন্দেতে জয় বিভূ সকলেই বলিছেন।
পরিমল মা আমার হেরে পতি আপনার,

ডাকিছেন ভগবান সত্য সনাতন। মঙ্গলিত প্রী আজ ধরি মনোহর সা**জ**.

> আনন্দ উৎসব ধ্বনি উঠিছে গগনে, গোপেন্দ্র মিলিল আঞ্চি পরিমল সনে।

প্রায় তিন বর্ষে বিধি মিলাইল গোপেন নিধি

त्महे मीननाथ भामभाष्य कत्र त्यार्फ वनि,

মোর গোপেন পরিমলে রাখ চিরদিন মিলি। প্রাণ ভরে নমস্কার করি হে প্রভ শ্রীধর

কুপাময় করহ গ্রহণ

দাও এই পরিবারে সবে স্কৃত্ব শান্তি ও স্থদার্ঘ জীবন মম গোপেন পরিমলে দেব উজ্জলে যেন কিরণ।

> আজি সকলেরি ফুল মন মধুর মিলন গান

তরক্ষ তুলিয়া দেখ গাহিতেছে তটিনা,

প্রকৃতি নৃতন সাজ প'রে দাঁডাইয়া আজ

পুলকে হাসিছে জলে প্রফুল নলিনা।

আজি এই শুভ দিনে কি দিব চাঁদ গোপেনে, মঙ্গল আশিস করি দিয়ে শুভ দুর্ববা ধান,

444 411 (41 114 116 CO 2111

বন ফুল স্থচন্দনে ত্রীচরণায়ত পানে,

স্থৃন্থ কায়ে শান্তি লয়ে হউক দীৰ্ঘ জীবন। পত্ৰ কন্যা পিতা মাতা লইয়া ভগ্নিগণ ভাতা

অঞ্চলক্ষী পতিত্রতা ও আখীয় স্বন্ধন সনে.

বাবাজয় জগদীশ জয় গাও ফুল্ল বদনে।

আজি এ আনন্দ দিনে দিতেছি মা স্থতনে,

লও গো মা ফুল্ল মনে এই স্লেহোপহার বনবাসী জ্যাঠাইমার শুভ অলঙ্কার।

শুভকামনা

সিন্দুর চন্দন প'র

वन कुल करण धर

আল্তা পদ যুগলে করুক চির বাহার এয়োরাণী রাধারাণী সেজে গাও জয় পরাৎপর। আজি নব বর কনে সাজ হোক ছ'জনার যুগল রূপ দেখিবার বাসনা আছে আমার।

৺জাহ্নবীভট

সোমবার

বরাহনগর

২৬শে আবাঢ় ১৩২৯ সাল

ত্ৰ আনীৰ্বাদ

-:0:0:---

জ্যু দ্যাময়

ভোমার কুপায়.

হেরিয়া আমার গোপেন রভনে.

এত ফুল্ল মন

ব্ৰহ্ম সনাতন.

হয়ে ছিল তাহা জানাতে পারিনে।

যদিও তিন বর্ষে বিধি

দেখালে নয়ন নিধি

আনন্দের দিন কিন্ত শীঘ্র চলে গেল.

দেড় মাস ছটা বাছার গোলে ফুরাইল।

ষাইবে পুনঃ বিলাতে

তাই গো বিষাদ চিত্তে

আবার আসিয়া উপস্থিত হ'ল.

পড়িয়া রয়েছি বনে

তথাপি মায়া ছাডিনে.

যাত্র চাঁদ মুখ খানি মনে পড়িছে কেবল,

মধুর জ্যাঠাইমা বাণী

বাজিভেছে কর্ণে ধ্বনি

महाक वषन मिनद्र आवाद करत (प्रथाहरत वल।

প্রিয় প্রাতা ভগ্নী তুইজন পাইয়া প্রাণ গোপেন

একটু যে শান্তিলাভ করিলেন প্রভু, কেন দেখালে না মোরে

পেয়ে পতি গুণবতী

মম বধু পরিমল সভী

প্রাণময়ী যে আনন্দ লভিল ভা না হেরিফু আঁখি'পরে.

রবি আদরের দাদামণি আদরিণী গৌরী দিদিমণি পুলকে বাবা বলে গেল কোলে না শুনি দেখি নয়নে, সবার প্রফুল্লানন না করিত্ব নিরীকণ তবে বিচ্ছেদ যাতনা কেন জাগিছে আজি পরাণে, সকলের কন্ট স্মরি যাইছে হাদি বিদরি নিরুপায় আমি হরি তাই পড়ে আছি সিংহবনে, চোখে সিন্ধ সম জল উথলিছে অবিরল এস হে পদকমল ধুয়ে দিই পবিত্র মনে, যেন সকলেরই শান্তি হয় এই শ্রীচরণামূত পানে। বসে মা জাহ্নবী তীরে অভয় চরণোপরে মাগি এই প্রাণ ভরে প্রভু নিরঞ্জন আজি যত পরিজনে বাবা গোপেনের সনে স্তুস্কায় দান কর কুপাময় স্থুদীর্ঘ জীবন দিতেছি যতন করে শুভ দুর্ববাধান। আদরের মম গোপেন পরিমলে

এয়োগণ শিরে

নিতা নিজ করে

পরায়ে মা পরিমল সিন্দ্র ভূষণ।
সিন্দ্রাভরণে সেজে রবে চির দিন,
বেখ এই শুভ দিন।
আনন্দ করিও পুনঃ দান
হৈ বিভূ মঙ্গলময় করুণা নিধান,

সাজাব একত্রে পুনঃ বন ফুলে পাদপল্লে আজি এই নিবেদন।

শুভকামনা

নিরখি চাঁদ গোপেনে

আবার ফুল আননে

প্রাণ ভরে ধনাবাদ করিব সবে প্রদান হে শ্রীধর বিশ্বেশ্বর আজি দয়াময় লও ভক্তি প্রণায়।

স্নেহাশিস জ্যাঠাইমার ধর গুই জন মা পরিমল ও বাবা স্নেহের গোপেন

দয়াল হরির চরণ

রাখিও সদা স্মারণ

তাঁর অমুগ্রহে হবে আবার শুভ মিলন।

বরাহনগর ১২

মঙ্গল্বার। ১২ই ভাদ্র ১৩২৯ সাল

প্রার্থনা

শুভ আশীর্কাদ

---:*:----

জ্যু দ্যাম্য

মঙ্গল আলয়

ধ্যুবাদ লও মঙ্গল চরণে,

সেবক বৎসল

আশাতীত ফল

দিয়াছ অসীম করুণা গুণে।
মোর সোণামণি হৃদয় রতন
স্মোক সুইস্যান্স ইন্সপেক্টর হলেন
প্রভু, কলিকাতা সহরে।

এতে আনন্দ যে কত

তাহা জানাব কি মত

এস দয়াময় এ বন কুটীরে। পিতা ভ্রাতা সাথে সোণামণি আজি এসেছেন দেব তটাশ্রমে সাজি

कि मिर व्यामदत

হে প্রভু বাছারে

আমি হই তীর বাসী।

এস কৃপা করে

মা গঙ্গার তীরে

তাই ডাকিতেছি বার বার ওহে কালণশী,

ও চরণে করি অঞ্চলি প্রদান গ্রাচরণায়ত করাইব পান দিতেছি হে প্রভু শুভ দূর্ববাধান তুমি কর শিরে আশিস দান

পিতা মাতা ভগ্নিগণে ভাতাদি ও পত্নী সনে
দীর্ঘ জীবনেতে শান্তি সুখে থাকে আমার সোণামণি;
সর্বাগুণবান স্পদীর্ঘ জীবন

পুত্র সন্তান তারে দাও হে **জ**গৎস্বামী, আজি এই আনন্দ দিনে দিতেছি আনন্দ মনে

আনন্দের এই উপহার
ধর কঠে বাবা সোণামণি বড় জ্ঞাঠাইমার
হৃদয়ের আশীর্বাদ এ ক্ষুদ্র কবিতা হার
দিন দিন উন্নতি হউক যাতু তোমার।
রিণী নাতা বধুরাণী

মন আদরিণী প'র গুণবতী চির দিন তরে

নারীর ভূষণ

মহার্হ রতন

স্থন্দর সিন্দূর শির শোভা করে।

ইতি মঙ্গলপ্ৰাৰ্থী বড় জ্যাঠাইমা।

বরাহনগর

শনিবার। ৭ই আখিন ১৩৩৪ সাল

ঞীহরি

পদাধুকে প্রার্থনা

ওছে যত মণি স্লেছের ভগিনী नौत्रम कुमाती त्मारत, করিয়া যতন ব্ৰহ্ম সনাতন দিয়াছেন "সাঞ্জি" পুষ্প তৃলিবারে। মরি কি বাছার কারি কুরি তার জানাব কেমন করে, অতি পরিপাটী চন্দনের বাটী রহিয়াছে ভার চুইটি ধারে। পুজিব শ্রীপতি ও চরণ তুটি ইহাই বাসনা তাঁর, আপনার হাতে. ফ্ল চন্দনেতে দিব ছে অঞ্চলি অনিবার। মা গঙ্গার জলে গুরু মন্ত্র বলে হেরিব হৃদয়ে শ্রীপদ ভোমার হট বনবাসী ওহে কালশশী কি দিব ভালবাসি তাঁহারে আর

নাহি মৃল্যধন হে মধুস্দন শ্রীচরণামৃত আমার যে সার। এ ভগ্ন কৃটীরে বনের ভিতরে এস দয়া করে ওছে নালমণি. করি প্রকালন ঐ রাক্সা চরণ প্রেম নীরে আজি আমি। হয়ে আনন্দিত পদ্ম চরণামূত প্রিয় ভগিনীরে দিব উপহার. প্রণিপাত করি লও হে মুরারি মাগি কুপা বার বার। অতি ভক্তিমতী হে জগৎপতি পতিব্রতা সতী প্রিয় ভগী হে আমার শ্ৰীত্ৰৈলোকা নাথ ধার্দ্মিক পতির সাথ প্রজিত তু'খানি চরণ তোমার। সর্বন গুণবান প্রকৃতি নরম সদ বিচারক স্থন্দর স্তঠাম অকালে শমন হরণ করেছে, ক ভট যতন মুক্তেরে যুখন করিতেন স্মারি হাদি বিদরিছে. স্বরগ রভন ধরায় কখন থাকিতে কভু কি পারে 🤊 সাধি নিজ কাজ বান্ধব সমাজ

কাঁপায়ে গিয়াছেন তিনি অমর নগরে।

হয়ে অনাথিনী

স্নেহের ভগিনী

সাগর নীরে ডুবিয়া আছেন,

করিলে স্মরণ

ব্যথা পায় মন

একটি তনয়া ভা'তেও বেদন।

উর্ণ্মিলার সনে

গ্রীশচন্দ্র নামে

পুষ্প পারিজাত সম গুণে হইল তাঁর মিলন

যেই উঠিল বাস

স্বর্গের নিবাস

লইয়া গেল অমনি নন্দন কানন মিলি যত দেবগণ, তিনি ধরাতে রেখে গেলেন তুইটি তনয়া একটি তনয় রতন

অল্লকালে সন্ন্যাসিনা

হইয়াছে মা জননী

উর্মিলার কথা ভাবি বিদরে হৃদয়
তদবধি তা'র দেহটি ভাঙ্গিয়াছে হায়।
তুইটি জামাতামণি দিয়াছ জগৎস্বামী

করুণা করিয়া তুমি উর্দ্মিলা মাতাকে,

শ্যামা চরণ রাধারাণী

ভূপেন্দ্র খুকুমণি

সেবি পতি ছটি ভগ্নী চির স্থথে থাকে।
প্রভু ঐ শুভ রাঙ্গা পাহখানি রেখ ছজনার বুকে
মন আদরিণীরা সন্তানাদি লয়ে থাকে যেন শান্তি স্থথে।
দয়াময় মধুর হাসি রাখিও কমল মুখে
নিয়াপদে চক্রপাণি

রেখ আমার আদরের কৃষ্ণচক্র দাদামণি।

পায় মনোমত পত্নী রূপ গুণবতী
ভার পতি ভক্তি যেন রয়, তব পদে মতি,
মাগিতেছি প্রাণ ভরে প্রভু এই পরিবারে
রাথিয়া স্কুস্থ সবারে দাপ্ত হে দীর্ঘ জীবন।
চির শাস্তিতে থাকেন যেন আমার স্নেহের বোন্,
অভয় পদ পঙ্কজে আজি এই নিবেদন।
দিতীয়া ভগিনা মম নীরদ কুমারী,
কি দিব ভোমারে আর সামান্ত রচনা সার,
দিতেছি ভাহাই আজ ধর যত্ন করি,
স্নেহাশিস তব শিরে প্রাণ ভরে করি।

ইতি মঙ্গলপ্রার্থী ভোমার বেদিদি

বরাহনগর

বৃহস্পতিবার ১২ই ভাদ্র ১৩৩১ সাল

ঞীহরি

পাদপদ্মে প্রার্থনা ও ধক্সবাদ।

--:0:0:---

কুপাম্য হরি

করুণা ভোমারি

নিরখি কতই বনে.

যাহা চায় মন

কর বিতরণ

হেরিয়া অকিঞ্চনে।

শুনি পীড়া কথা

মৰ্ম্মে পাই ব্যথা,

মাগিমু অভয় পদে

আদরের ধন

নাতজামাই রতন

রাধারাণীর শ্রাম চাঁদে।

দিলাম শ্রীচরণামৃত

রেখ মুখ বিশ্বনাথ

ডাক্তার সাহেবকে রাখ তুমি নিরাপদে আমার এই মহৌষধি করি পান শ্যাম হয় যেন স্কন্ত ও বলবান। রাধা সঙ্গে প্রেমানন্দে গাইবে জ্বয় ত্রহ্মনাম মাগি হে চরণে পূর্ণ করিও এই মনস্কাম। সন্তানাদি সনে

स्रुमोर्च कीवत्न

আমার রাধামণি আদরের শ্রীশ্যাম রতন,

হয়ে পৃত মন

লয়ে শান্তি ধন

থাকে চির স্থথে এ মরত ভুবন।

মা গঙ্গার তীরে

আজি প্রাণ ভরে

দিতেছি হে প্রভু লও ধ্যাবাদ,

মম দাদামণি

শ্যাম গুণমণি

হয়েছেন তব দয়ায় এবে নিরাপদ। বনবাসী বড দিদিমার ক্ষুদ্র এই কবিতা হার

আদরে ধারণ কর কণ্ঠে হুই জন

কি দিব যতনে আর নাহি মূল্য ধন, স্লেহের দাদামণি শ্রীশামাচরণ.

রাণী দিদি রাধা প'র সিন্দ্র ভূষণ।

ইতি মঙ্গলপ্রার্থী বড় দিদিমা

৺ জ্বাহ্নবীতট বরাহনগর

প্ৰাৰ্থনা ও শুভ আশীৰ দি

জয় দয়াময় হরি

তোমার করুণা কত এই বনাশ্রমে হেরি,

তুমি অন্তর্গামী জগতের স্বামী

দেখালে স্নেহের ভগ্নী প্রফুল্ল কুমারী।

করে নাই মন পাব দরশন

তব কুপা জোরে প্রভু কেবল নেহারি,

আমার প্রিয় ভগিনী কুস্থম কুমারী,

পাল্লালাল মম প্রিয় পুত্র বর

চন্দ্রাননি নাতিনীদ্বয় আদরের মোর।

ছটি বধুমাতা স্থল পদ্ম যথা

গ্রাচ বয়ুনাভা এসেছেন বন পুরী করিতে স্থন্দর,

লও ধগুবাদ প্রভু বিশ্বনাথ

কি দিয়ে করিব আমি স্লেহাদর,

হই বনবাসী ওহে কালশশী

শ্রীচরণামৃত মোর রত্ন সার।

মা জাহ্নবী তীরে এস দয়া করে

পদ প্রকালন করি প্রেম নীরে

চরণ অমৃত

হয়ে পুলকিত

পান করাই আজি আদরের সবারে। মঙ্গল পায় মাগি কৃপাময়

শুভাশিস কর দান

সুস্থ থাকে কায়

চির শাস্তি রয়

লভে সুদীর্ঘ সকলে জীবন।

মূল্য ধনে মোর নাহি প্রয়োজন

বন ফুলে করি আনন্দে শোভন

শুভ সিন্দুরাভরণে সাজাই যতনে

চির দিন এ সাজে যেন মায়েরা থাকে ভুবনে।

শ্রীপাদ প্রয়োপরে

আজি প্রাণভরে

প্রভূ হে এই প্রার্থন।
প্রেমানন্দে গায় সকলে জয় হরি নাম
করুণাময় গ্রহণ কর ভকতি প্রণাম।
মোর জীবনের শেষ দিনে
সবারে এনে আশ্রমে
শেষ বাঞ্চা করিও পূরণ
অভয় পদ কমলে এই নিবেদন;
ভার প্রেরণ করিও না হে প্রভূ আমায় এ ভব ধাম।

ইতি সকলের মঙ্গলপ্রার্থী

৺জাক্ষরীতট বাসিনী

সোমবার ৩১শে আধিন ১৩২৮ সাল

বরাহনগর

শ্রী হরি

भाषभाषा ७ छ खार्थना।

আমায় রেখেছ বনে

কেবল চিন্তার কারণে

প্রভু কত চিন্তার কার্য্য একা করিব বছন মম সম এই ভার লয় কেহ নাহি আর। হেরি হে জগদীশ্বর তোমার বিশ্বভবন নতুবা এখনও কেন আছে এ অকাঞ্চের প্রাণ। প্রফুল ভগ্নীর অর্শ হইয়াছে অপারেসন শুনিয়া ভাবনায় চিত. হইতেছে আকুলিও, জানাতেছি জগদীশ তোমার সদন, ক্ষ্ট যেন নাছি পায় হে বিভূ করুণাময়, প্রাণ ভরে করিতেছি অভয় পদে নিবেদন, প্রতি দিন একটু করে সুস্থ করে দাও তারে হয় সে মোদের আদরের সবার কনিষ্ঠ বোন. তথাপি অপত্য স্নেহ মোরা করি তাহারে নিঃসন্দেহ সেও পিতা মাতার সমান শ্রহ্মা করে দান ; অতিশয় বুদ্ধিমতী

আতশয় বু।দ্ধমতা প্রফুল্ল কুমারী সতী

পতিব্রতা ধর্মনিষ্ঠা ক্ষমা দয়াপরায়ণ সভ্যবাদী মিষ্টভাষী সর্বব গুণেতে শোভন,

হে ঈশ্বর তব প্রিয় কার্য্য সর্বদা করে সাধন। ক্লেদয় তার জানাব কি পদে আর

প্রফুল হৃদয় তার

নিরথিয়া জনক জননী,

প্রফুল্লকুমারী নাম আনন্দেতে রাখিলেন

কনিষ্ঠা ভনয়া তাঁদের বড় আদরিণী।

পদ্ম সম ফ্ল মুখ জানিত না কভু তুখ

পেয়েছিল গুণময় রত্নাকর স্বামী,

নাম তাঁর নিবারণ রূপেতে য়েন মদন

অমায়িক ধর্মশীল স্থধানাখা বাণী,

সত্যবাদী ক্ষমাবান দয়াময় কাৰ্য্যক্ষম সরলতা ভূষণেতে শোভিত ছিল ধরণী।

শ্মরিলে তাঁহার কথা হৃদয়েতে পাই ব্যথা

আপনিই চক্ষে ঝরে পানি হেরি সেই হাসি ভরা মুখ খানি অমনি।

মনে কত সাধ ছিল তাহা কিছু না পুরিল

অকালে হ'রিয়া নিল কাল ভুজনিনী তদবধি শুকাইল প্রফুল্ল নলিনী। মাগি হে মক্সল পদে
রাখ তাহারে নিরাপদে

হরি, সকলের সনে দীর্ঘ আয়ু কর দান

শান্তি মনে ভোগ করেন ধরা ধাম

লয়ে পুত্রগণ ছটি জামাতা

তনয়াদ্বয় ও বধ্মাতা

নাতিন সবার সাথে আশ্বীয় স্বজন

মা গঙ্গার তীরে হৃদি পূরে ইহাই প্রার্থন।
কুপাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

ইতি মঙ্গলপ্রার্থী প্রফুল্লকুমারীর বড় বৌদিদি

বরাহনগর

রুহস্পতিবার ২৬শে শ্রাবণ ১৩২৮ সাল

শ্ৰীশ্ৰীবিভূ পদে

প্রার্থনা

-:0:0:----

দয়ায়য় দয়াকর তব এ দীন সন্তানে,
নিরাপদে রক্ষা কর ময় প্রিয় কন্যা স্বর্ণ ধনে।
করেছ মোরে পাষাণী, তথাপি আমি জ্বননী,
অপত্যের স্নেহ বল ভূলিব কেমনে।
অস্থ্য শুনিলে পাই বেদনা মরমে।
আছি চোখের অস্তরালে প্রাণ মোর গিয়াছে চলে,
যেখানে আছেন স্বর্ণ হৃদয়ের ধন,
করহ আমারে তুমি অভয় প্রদান।
দিন তিল তিশ করে, দাও মায়েরে স্কুম্ব করে,
কর যোড়ে জানাতেছি শ্রীপাদ পাল্লোপরে।
রোগের যাতনা দাও উপশম করে।
যে ভাবে রয়েছি আমি, জানিছ হে অন্তর্থামী,

ভাহা ব'লে কি জানাব আর।
কুশলে রাখহ মোর প্রিয় স্থরেন কুমার।
শ্রীচরণামৃত করি পান মন স্থরেন স্বর্ণ নীরোগ হন,
এই ভিক্ষা মাগিতেছি তব রাক্ষা পায়।
কুপাময় কুপাকর এই দীন তন্যায়।

দেখাইও তুই জনে, আনিয়া আমার বনে,

এই মম অভিলায।

তোমায় ধন্তবাদ দিতে পারি যেন প্রিয়া মন আশ।

৺**জা**হ্নবীতট

২৮শে বৈশাখ ১৩২৬ সাল

বরাহনগর

बी बीकगनीम हत्रत

প্রার্থনা।

হে প্ৰভু তব কুপায়,

মহালয়া অমাবস্থায়,

পাইয়াছিলাম কোলে তনয়া রতন ;
তিন দিন অসহু বেদনা পেয়ে,
অতি কাতরে তব চরণ স্মরিয়ে,
তবে হেরিলাম আমি স্বর্ণপ্রভা মণি,
তার স্কুচাঁদ আনন ফুল্ল কমল নয়ন,
তথন মম যাতনা হইল নিবারণ;

সেই অবধি

মায়া দেবী

कतिलन करम अधिकान।

তুমি দয়াময়

হইয়া সদয়

লক্ষীরূপা কতা দান করেছ আমায় হয়েছেন মা আমার সর্বচ্ছন প্রিয়, তাহার জননী, আমার ধত্য জীবন সেই মা লক্ষীর আজি হইল শুভ জন্মদিন। তব পদে মাগি ভিক্ষা নিরাপদে কর রক্ষ।
তুমি রূপা করে, নারায়ণ সম পতি করিয়াছ মায়ে দান
সর্বব গুণবান, তোমার দয়ার নাহিক তুলন,
পতির সহিত দাও তারে স্থদীর্ঘ জীবন।
অন্তথ হওয়াবধি না হেরে মায়েরে,
চক্রমুখ খানি দেখিবার তরে
অত্যন্ত ব্যাকুল আজ হইতেছে প্রাণ,

জানাতেচি রাকা পায়

করুণা করে আমায়

যুগল করাও যদি আজি দরশন,

বাঞ্জা করিতেছে মন পরায়ে দিব মায়েরে সিন্দূর ভূষণ, দিয়ে আল্তা স্থগন্ধি চন্দন আর বনফুলে করিব শোভন।

তুজনার মাথে দিব দূর্বাধান

শুভ স্লেহাশিস করিব প্রদান,

আমার চির আদরের বাবা স্থরেন আদরের মা স্বর্ণমণি ধন.

একত্রে তুইজন প্রেমানন্দে গান কর ব্রহ্মনাম আনন্দে শ্রীচরণায়ত করাইব পান ;

এই শুভ দিন

রেখ চির দিন

প্রভূ আমার জনার্দ্দন।

তুমি ভগতের নাথ

কর শুভ আশীর্কাদ

ত্বজ্ঞনার শিরে দিয়ে পদ্মকর, সভত শান্তি থাকে যেন প্রফুল্ল অন্তর দেখি যাই স্থাধ চরণে তোমার। বাবা মম চির আদরের স্থরেন, আদরের মা স্বর্ণপ্রভা ধন, বনবাসী তনয়ার এই স্নেহ ধন করহ গ্রহণ আদরে হু'জন, মাঝে মাঝে দেখা দিয়া জুড়াইও প্রাণ।

> ইতি তোমাদের মঙ্গলপ্রার্থী মা

৺ জাহ্নবীতট বরাহনগর

১৩২৬ সাল

শ্রীশ্রীঈশ্বর চরণে

ভক্তি প্রণিপাত ও প্রার্থনা

ভক্তি প্রণিপাত প্রভু করং গ্রহণ
হই আমি দীন হীন তুর্বল সন্তান
জ্ঞানিয়া অতি ব্যথিত অস্তর
করুণাময় প্রেরিয়াছ বাবা স্থরেনের হস্তাক্ষর
কুশল সংবাদ দানে প্রফুল করিলে মন
মম কি সাধ্য হে দেব তব দয়া করি বর্ণন
অস্তুম্ব শরীর হেরি স্থাী হইত না মন
দেখাবার পূর্বেব তাই পাঠাইলে কারসিয়ং

ভূমি মঙ্গলময় মুম পিতা মাতা নিরাপদে তোমার শুভ ইচ্ছায়

। মাতা নিরাপদে স্থেত এলে স্থন্থ দেহে এক দিন দেখাইয়া স্থানি ক'র আমারে কাতরে জানাইতেছি শ্রীপদ কমল'পরে

বাবা মোর আদরের স্থরেন
স্থা হইলাম হেরি ভোমার লিখন
বনবাসী তনয়ারে করেছ স্মরণ
ইহাতেই ধন্ম হইল আমার জীবন
যোগেন বাবু ও ভোমাদের উন্ধতি হইয়াছে তথায়
শুনিয়া আনন্দ লাভ করিল হাদয়,

তোমরাও আর এক মাস থাকিয়া তথায়,
সম্পূর্ণ সারিয়া যোগেনবাবুর সাথে আসিতে এথায়,
তাহা হ'লে ভাল হইত, আর কিছু দিন,
বিশ্রাম করিলে সুস্থ থাকিত কায় মন।
সময়ে লিখিতে আমি পারিনি যখন,
ভগবান ইচ্ছা নয় বুঝেছি তখন,
তোমার আমার বাঞ্চায় কভু কার্য্য নাহি হয়,
সকলি তাঁর বাসনা প্রভু দয়াময়।
তাঁহার চরণে মাগি শুভ আশীর্বাদ,
মম স্বর্ণপ্রভা সনে শান্তি মনে থাক নিরাপদ।
বাবা মম আদরের স্থরেন,
আদরের মা আমার মণি স্বর্ণধন
লয়ে দেঁাহে স্থদীর্ঘ ক্ষীবন

সদা একত্রে গ্রন্থনে

গাও নিশি দিনে

জয় জগদীশ নাম প্রাণ ভরে এই শুভ স্নেহাশিস করিতেছি দান চিন্তা করিও না কিছু মায়ের কারণ হেরিতে সদা বাসনা যুগল চন্দ্রানন।

> ইতি তোমাদের মঙ্গলপ্রার্থী মা

৺ জাহ্নবীতট বরাহনগর

১৫ই কব্রিক ১৩২৬ সাল

প্রার্থনা

শুভ আশীর্মাদ

°0°---

দয়াময় পিতা তুমি জগত ঈশ্বর কতই করুণা কর মোদের উপর। মোটারের আওয়াজ পাইয়া বলিতেছিল এ হিয়া এখন আর কে আসিবে মোটারে এই বনাশ্রম. হইল অন্ন দিন শুভ বিজয়ার পরে এসেছেন মম আদরের স্থরেন মণি মণিস্বর্ণ ধন এখন আর বিচলিত হইও না মন।

মা গঙ্গাতীরে

ডাক প্রাণ ভরে

বিশ্ব পিতা নিরপ্তনে

তাঁহার কুপায়

যদি দেখ চু'জনায়

পুনঃ সেই বড়দিনে।

পাঁচিল উপরে

প্রনের ভরে

ত্বলিতেছে বন লতা, স্থন্দর দেখিয়া চিত্তে তোড়া বাঁধিবার কথা মনে হইল অমনি

বলিমু পুনঃ তখনি,

বেঁধে তোড়া কি হইবে আর কেবল সময় নফ মন্রে তোমার।

नांधिव स्म पिन

আসিবেন যে দিন

মোর স্নেছের স্থ্রেন মণি মণিস্বর্ণ ধন আদরে এই বন ফুন্স করিব প্রদান।

জানিয়া মম অন্তর

কুপ।নিধি পরাৎপর

দিলে হে শুভ সংবাদ শনিবার দিন, আসিবেন স্থারেন স্বর্ণ প্রাতে দুই জন।

হয়েছেন বেঙ্গল

কাউনসিল মেম্বর

চির আদরের তব স্থরেন

দীনের ধন্যবাদ

অথিলের নাথ

কুপায় কর গ্রহণ

ভকত ব্ৰুনে

ক্ষেহের স্বেনে

করুণাময় তুমি দিলে উচ্চ পদ স্থান তোমার মহিমা নাহিক তুলনা

সার্থক হইল বাছার সকল পরিশ্রাম।

আজি ফুল্লচিতে স্বৰ্ণপ্ৰভা সাথে,

মা জাহুবীতটে এসেছেন করিতে ভক্তি প্রণাম,

প্রভূ ভোমার দয়ায়

এই বনাগ্রয়

হইয়াছে এবে প্রেম্বনন্দ ধাম।

হেরে সুখী হইলাম

তু'টি চক্ৰাৰন

এসে প্রেমময়, কর আশীর্কাদ ড়'জনার শিরে দিয়ে পদ্ম হাত ञ्जूषीर्घ जीवत्न

সদা শান্তি মনে

স্থুত্ত কায়ে গায় তব প্রেম নাম।

আজ শুভ দিনে

কি দিব চরণে

इट् मौन चिकिक्षन,

দিয়ে আনন্দের প্রেম জল

মঙ্গল পদ কমল

প্রভু করি প্রক্ষালন। বাবা আদরের স্থরেন আজি শুভ দিনে করিতেছি শুভাশিস শুভ ধান দূর্বাদানে লয়ে অঙ্কলক্ষী স্বর্ণপ্রভা উজ্জ্বল করিয়া সভা

ধর্মাগারে স্থবিচারে কর রাজ কার্য্য সম্পাদন দার্ঘ আয়ু লয়ে দোঁহে গাও জ্বয় ব্রহ্ম নাম শ্রীচরণায়ত হু'জনে করাই প্রীত মনে পান স্থান্ত দেহে চির স্থাথ উভয়ে থাক অমুক্ষণ বনবাসী মার স্নেছ বনকুল উপহার আজ্ব আদরে কর গ্রহণ মা স্বর্গমণিরে পরাই শুভ সিন্দ্র চন্দন

কপানয় জ্বগদীশ রেখ এই মঙ্গল দিন অভয় চরণে করি প্রাণ ভরে নিবেদন।

> ইভি মঙ্গলপ্রার্থী ভোমাদের মা

বরাহনগর

শনিবার ২৬শে অগ্রহায়ণ ১৩২৭ সাল

শ্রীশ্রীতুর্গা সহায়

-°0°0°-

প্রার্থনা শুভাশীর্বাদ শুভ বিজ্ঞায়,
জ্ঞানন্দময়ী মাতা হুগার জয়,
বসে মা গঙ্গার কোলে
ডাকিভেছি চিত্ত খুলে,
করুণাময়ী আমায় থেক গো সদয়,
বনাশ্রমে শান্তি মনে আনন্দে গাই হুগার জয়।
করি মাতঃ নিবেদন
স্কদয়ের হু'টি রভন

ন্সর্গ ও স্থারেন

মম করেছে

শুভ গমন ড্যাল্টনগঞ্জে, এই শুভ পূজার বন্ধে।

রেখ দেবী হুই জনে সদা নিরাপদে,

মাগিতেছি রাঙ্গা পায়

আজি শুভ বিজয়ায়

শুভাশিস হু'জনায় কর মা মঙ্গল হাতে দীর্ঘজীবী হয়ে চির শুস্ত শান্তি লয়ে ভবনে প্রত্যাগমনে থাকেন সচ্ছন্দে।

এনে বন পুরে

এক দিন মোরে

করিও প্রফুল্ল দান

তু'টি চক্ৰানন

করিয়া দর্শন

জুড়াবে তাপিত প্রাণ, বন ফ্লে শুভ স্লেহাশিস করিব প্রদান। ধন ধাল্যে আর নাহি প্রয়োজন

চরণ অমৃত

হয়ে প্রফুল্লিভ

আদরে করাব পান করি মা প্রার্থন

রেখ চিরদিন

এই শুভ দিন.

পরাব সর্বপ্রভারে সিন্দ্র ভূষণ, অমূল্য রতন দেবী করিয়া যভন, কপালে শুভ চন্দন

অ।নন্দগায়িনা

ব্ৰহ্ম সনাত্ৰী

করিও বাঞ্চা পূরণ
কপাময়ী ভক্তি প্রণাম করহ গ্রহণ।
আজি শুভ বিজয়ায়
আদরের পিতা মাতায়
আশীর্কাদে কি দিব স্নেহ উপহার,
ক্রদয় বন কুস্থমে তাই যতনে রচিমু হার
কঠে ধর বাবামণি স্থরেন মণি মা স্বর্ণ আমার
একরে দীর্ঘ জীবনে গাও জয় নাম মা তুর্গার।

বেহান ঠাকুরাণীকে মোর জানাইও বিজয়ার ভকতি প্রণাম কনিষ্ঠ সবারে দিও আমার স্নেহ কল্যাণ

> ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মা

বরাহনগর

শুক্রবার ২৮শে আশ্বিন ১৩২৮ সাল

প্ৰাৰ্থনা ও শুভাশীৰ্বাদ

-°O°O°----

পত্য দয়াময় ভোমার কুপায়. আজি এ আনন্দ উৎসব ধ্বনি শ্বনিত্তি কাণে স্থদুর গগনে, উঠিতেছে এই মঙ্গল কাহিনী। স্থায়ের কারণ সবে ফুল্ল মন বরিতে আমার স্থরেন মণি হ'ল সমাগত বন্ধ জন যত. দিতে. করে অভিনন্দন পত্র খানি। আহা কি শুভ আজি এ যামিনী মা গাহিছে মধুর গান স্বরধুনী, বসি ভটা শ্রমে মাগি ছে চরণে. প্রভু দীর্ঘ জীবন আজি দোঁহে দাও ভুমি। আনন্দ জ্দয়. কায় সৃস্থ রয় দিন দিন হয় উন্নতি সাধন, শুভ পদ্ম পায় হে করুণাময় প্রাণ ভরে অন্ত এই নিবেদন। ন্বৰ্প্ৰভা সনে স্থরেন রভনে

হেরিতে বাসনা করিছে মন

প্রণমি চরণে

তুমি নিজ গুণে

করাও হে বিভূ শুভ দরশন।

আনন্দ উৎসংব

সাজাইছে সবে

আজি মোর আদরের স্তরেন স্বর্ণ ধনে আমার কুস্তম মায়ের, প'রে ফুল মালা মনোহর শোভিতেছে গলা

আৰু নব বর কনে সাজ ধরেছে হুছনে। শুভ দুর্কা ধান আজি করেছি প্রেবণ,

বাবা মণি স্তরেনের তরে.

তার মঙ্গল কারণ

চিরদিন সিন্দুর ভূষণ,

পরিবে মা মণি সর্গপ্রতা শিরে, প্রভূ ইহাই প্রার্থন আজ শ্রীপাদ পদ্মোপরে। আশীর্বাদ কর প্রভূ আজি উভয়ের শিরে

হর পার্নবতী সম এ শুভ চির মিলন.

থাকে যেন নিরঞ্জন এই ধরা'পরে,

উৎসব আনন্দ দিনে আদরের স্থরেন স্বর্ণ চুই জনে লও স্থোশিস আজি বনবাদী মার

সুস্থ ও দীর্ঘায় হয়ে

স্থু শান্তি লয়ে

গাও একত্রে জয় সত্য সারাৎসার প্রীতমনে রাজ কার্য্যে কর বাবা স্থবিচার।

বরাহনগর

শুক্রবার

১৬ই আষাঢ় ১৩২৯ সাল

শ্রীশ্রীহরি পদে

প্রাথন।

শুভাশিস কর দান

🕶 য় সত্য সনাতন,

শারে দয়া কর

অভাব কি ভার

গরিব হ'লেও পায় রত্ন ধন।

পড়ে আছি বনে

বাসনা নয়নে,

নির্খি সতত যুগল রূপ,

আজি শুভ দিনে

তাই তটাশ্রমে,

এনেছ হ্'জনে জগত ভূপ।

হেরে মুখ শশী

আনন্দেতে ভাসি

শুনিয়া জুড়াল প্রাণ

স্নেহের সন্তানে

স্থরেন রতনে,

দিলে উচ্চ পদ কর্পোরেশন চেয়ারমাান। বঙ্গবাসী যাহা পায় নাই কভু ভকত সন্তান বলিয়া হে বিভু দিয়াছ আদর যতন করে:

মা গঙ্গার কুলে

মাগি পদতলে

প্রভূ এই কার্য্য ভার রেখ চিরদিন তরে।
লও কুপাময় প্রেম প্রণিপাত
মঙ্গল হাতে কর আশীর্বাদ

আমার স্থরেন মণি, মণি স্বৰ্ণপ্ৰভা শিরে সুস্থ থাকে তমু মন স্থানিক স্থানিক

> আজিকার এই নিবেদন অভয় চরণোপরে। বাবা মণি আদরের স্থরেন

আদরে কর গ্রহণ আজি এই আনন্দ দিনে শুভ ধান দুর্বা দানে

তোমার মাথায় করি শুভ আশীর্নাদ, লয়ে মোর স্বর্ণমণি

স্থাৰ্ম জাবনে তুমি,

রাজ কার্যা কর সদ। হয়ে নিরাপদ।

হু'জনে ফুল্ল হৃদয়ে

সবল শরীর লয়ে,

শ্রীচরণামৃত পান করে থাক চিরদিন,

গাও নিত্য পরাৎপর

শান্তি স্তথে রহ নিরন্তর

এই আমার আকিঞ্চন।

আনন্দের উপহার

লও বনবাসী মার

বন ফুলে হও আজি তু'জনায় শোভন মা আদরিণী স্বর্ণ শিরে পরাই যতন করে চির মঙ্গল সিন্দুরাভরণ।

> ইতি মঙ্গ**ল**প্রাণী তোমাদের মা

বরাহনগর

১৩২৯ সাল

<u> শীশী</u> হরি

প্রার্থনা

আশিস কর প্রদান জয় জগত পালন

প্রভু দয়া করে

মোর প্রাণকুমারে

আজি মিনিষ্টারের শুভ কর্ম্মে করিলে স্থাপন।

এই আনন্দ দিনে

এ মঞ্চল চরণে

লও হে মঞ্জলি প্রেম উপহার ওহে কুপাধার

মা জাক্তবী ভীরে

প্রেম ভক্তি ভরে

শ্রীপাদপদ্মোপরে করি নমস্কার।

মাগি হে প্রসাদ

কর শুভাশীর্কাদ

আজি আমার আদরের বাবামণি স্থরেনের শিরে
যেন হয়ে নিরাপদ স্থনিয়মে রাজ কাজ

করিয়া ভোষেণ জগৎ জনেরে।

একার্য্যে ভার

চিরদিন তাঁর

প্রভূ রাখিও অবনী তলে

আরও উন্নতি সাধন

মম স্থারেন রভন

যেন করেন ভোমার করুণা বলে। মোর স্বর্গমণি সনে রেখ

রেখ-শান্তি মনে

ञ्जीर्व कीवत्न अरह नग्नामग्र,

কায় ক্রস্থ রয়

প্রফুল্লতাময়

চক্রাননে হাসি চির এ ধরায়।

এই নিবেদন

আজি যুগল বদন

হেরিতে বাসনা করিতেছে মন,

যেন হর হৈমবতী

ভটে ভাগীরখী

শুভ দিনে আজি হয় দরশন।

এই আকিঞ্চন

বনের কুস্থম

প্রভু করিরা চয়ন দিয়ে স্থচন্দন ও রাঙ্গা চরণে সাজাইব যতনে তুইটি হৃদয় ধনে

শ্রীচরণামৃত

হয়ে পুলকিত

করাইব পান আমি তুই জনে।

বাবা মণির মাথে

দিব নিজ হাতে

তুলে আনন্দেতে শুভ দূর্ববা ধান ফুল অন্তরে মা জননীর শিরে পরাইব শুভ সিন্দ্র ভূষণ রেথ কৃপাময় বনবাসীর এই শুভ দিন চিরদিন।

হৃদয়ের ধন

বাবা স্নেছের স্থরেন

আজি শুভ দিনে লও শুভ দূর্ববা ধান সদয়মণি মা স্বৰ্ণপ্রভা আদরিণী পর চির শুভ সিন্দ্রাভরণ

শুভকামনা

স্নেহাশিস পিতা মাতার, স্থাখে গাও নিরস্তর
ভরিয়ে পরাণ জয় জগত ঈশ্বর
লয়ে দীর্ঘ জীবন তু'টি ভক্ত সন্তান
চিরানন্দে থাক ধরণী'পর।

বরাহনগর

শুক্রবার ১৯শে পৌষ ১৩৩০ সাল

প্রার্থনা

ভভাশকাদ

জয় দয়াময়

করণা নিলয়.

लंड धरावांप मञ्जल हतरण,

আশাতীত ফল

সেবক বৎসল

দিলে হে অপার রুপার গুণে।

মম প্রাণাধিক স্থরেন রতন বিলাত নগরে পেয়ে উচ্চাসন

ইণ্ডিয়া কাউন্সিল মেম্বর হুয়ে জলুনিধি পার

গেয়ে তব জয় নাম প্রফুল্ল বদনে যাইছেন শুভ রাজকার্গ্য করিণারে

সাথে অতি ভক্তিমতাঁ সাধনী পতিব্ৰতা সতী নোর প্রাণাধিকা মণি স্বর্ণপ্রভা চলেছেন ফুল্লাননে প্রাণের পতি ধনে সেবা করিবার তরে। তাই ডাকি আজ এস বিশ্বাঞ্চ

দয়া করে যুগল রূপে এই আনন্দ দিনে,

বনের কৃটীরে মা গঙ্গার তীরে

আশিস করিতে দেব এ তু'টি ভক্ত সন্তানে। করি কৃতাঞ্চলি, দিব হে অঞ্চলি,

প্রেম বারি রাক্সা যুগল চরণে,

সেই পবিত্র শীচরণামত হয়ে আমি প্রফল্লিত

করাইব পান প্রভু স্নেহের হু'টি রভনে করি ভক্তি প্রণিপাত.

জগদীশুরী হে জগন্নাথ,

কুপাময় কুপাময়ী করহ গ্রহণ,

এই দুইটি সন্থানে দাও সুদীর্ঘ জীবন.

স্তুম্ব রাখ কায় মন

হাসি মুখ অনুকণ

নির্বিবন্ধে রাজ কর্ম্ম সেরে পুনঃ ঘরে এসে ফিরে

আমাদের জদয়ে আনন্দ করেন দান,

শ্রীপাদপল্লে প্রাণভরে করি এই আংবদন

হাসি মথে হেরি তু'টি হাসি ভরা চক্রানন

কমল পায় দয়াময় ধকুবাদ করিব দান

ঐ মঙ্গল রাঙ্গা চরণে করিতেছি নিবেদন

এখন কি ভীষণ মায়া আসি করিল মোরে বেষ্টন

বিশাল সমুদ্র মাঝে তু'টি নয়নের ভারা

ভাসায়ে দিতেচি আজি জগত জননী তারা

সোঁপে দিমু তব করে

রেখ মাগো বক্ষে ধরে

গুস্তর সাগর নীরে যেন নিরাপদে রয়

মা চণ্ডী সর্বনঙ্গলা গাহি মা নামের জয়।

অনন্তরূপিনী তুমি

মহিমা কি জানি আমি

পলকে পলকে মাগো মায়া যে ভয় দেখায়,

পডিয়া রয়েছি বনে,

ভগ্ন দেহে, ভগ্ন মনে,

এই মিনতি দীন হানের ও কমল পায়।

নিতা সুসংবাদ দানে

শান্তি রেখ ত্রিনয়নে.

অভয়া সভত মোরে দিও গো অভয়

তুমি তুর্গা পরাৎপরা জীবের তুর্গতিহরা তব দাসী ভব দারা আজ অন্ধ হ'ল তটাশ্রামে। স্থকার্য্য সাধনে আনি. তুইটি নয়ন মণি,

দিও মা অদ্ধেরে আঁখি যদি বেঁচে থাকি প্রাণে শীতকে রেখ মা শীতলা, মঙ্গলময়ী কমলা বাগ্দেবী মা কঠে থেক গাই জয় নাম মধুর ভানে,

জয় মা কালী সিদ্ধেশরী, মনোবাঞ্ছা পূর্ণ করি, প্রিয় সন্তান স্থারেন তব বিজয় নিশান দানে,

উজ্জ্বল কর মাগো স্বর্ণপ্রভায় দয়াময়ী নাম গুণে, রত্তাকর করে পার রতন ড'টি আমার.

এনে দিও মা ভগবতী এই ভিক্ষা পদ্ম চরণে,
বিমলা মা বিশেশরী তোমার সিন্দ্র প'রি
শুভ আল্তায় সাজাব মা স্বর্ণপ্রভায় চিরসিন্দ্র আভরণে,
বাবা স্থারেনেরে আশিস শুভ ধান দুর্বনাদানে।

মোদের অমূল্য হৃদয় নিধি স্থরেন রতন তেয়াগিয়া জন্মভূমি বাবা ইংলগু প্রদেশে তুমি অঙ্কলক্ষী স্বৰ্ণপ্রভা লয়ে করিছ গমন, যার ভাগ্যে পাইয়াছ উচ্চ আসন.

ইহাতে আনন্দ যত বলে জানাইব কত, হও তুমি আমাদের ধার্মিক সন্তান, সুবিচারে রাজ কার্য্য সদা কর সম্পাদন। আমরা চিন্তিত মনে

রহিন্ম রেখ স্মরণে

থেক তথা চূই জনে খুব সাবধান হিমালয় সম হয় শীত প্রধান স্থান :

প্রতি মেলে হস্তাকরে রাখিও শ

হস্তাক্ষরে রাখিও শান্তি অন্তরে,

পিতা মাতার স্লেগাশিস কর্ছ ধারণ,

ফুল্লচিতে আজি মস্তকেতে এই শুভ দূৰ্বাধান।

নিরাপদে রাজকার্য্য সেরে চাঁদ মুখ খানি উজ্জ্বল করে

বামে লয়ে স্বৰ্গপ্ৰভা এস যাতু ঘরে

স্থী যেন হই মোরা শিব ছ্গারূপ ছেরে

স্থামাখা

শুনে কথা

প্রাণের নন্দিনী

স্বৰ্পভা মণি

যাইছ জননী সাগর পারে.

নারীর রতন

পতির চরণ

তাহাই যতনে সেবিবার তরে

কর এই ব্রভ

জীবনের মত

সাবিত্রী সমান হয়ে,

মায়ের প্রসাদ

আজি লও আশীৰ্বাদ

মঙ্গল সিন্দুর সীমন্তে দিয়ে।

থাক শোভা করে

এ ভব সংসারে

করি মা ইছাই কামনা.

বসি স্বামী সাথে

প্রেম আনন্দেতে

কর মা ঈশর সাধনা,

ধর্মাশীল পতি

সাথে তুমি সতী

যাইছ বিলাভ নগরে,

নৃতন নৃতন

বিধির স্তজন

কতই রকম দৃশ্য হেরিবে নয়নোপরে,

ফুব্দর ফুব্দর দেখে

থাকিবে মা মন সুখে,

ইহা ভাবি পুলকিত হইতেছে প্রাণ

কত দিন পরে

বিচ্ছেদ সাগরে

পাইব আমরা নাণ।

রুদ্ধ জনক জননী

স্মরিয়া মা মণি

প্রতি মেলে দিও হাতের লিখন,

না দিলে চিন্তায়

রব মৃতপ্রায়

এ কথা রাখিও স্মরণ।

মধু হাসি মুখে

দেশে এস স্থথে

মোরা জুড়াইব দেখে যুগল চন্দ্রানন, পিতৃ-আশীর্কাদ ধর আজি শিরে পতি সনে রহ প্রফুল্ল অন্তরে, তুই জনে হও দীর্ঘ জীবন।

> ইতি মন্তলপ্রার্থী ভোমাদের মা

বরাহনগর

মঙ্গলবার

२०१म रेकार्छ ১७७७ माल

প্রাথনা

७७ जानीर्वाभ स श्रावामः।

ভোরের সময় কিবা মধুম্য হেরিকু স্বপন রবিবারে আমি, নিবেদি গো পায় ওহে দয়াময় শুনহ জগ্ৰহস্বামী. লয়ে স্বৰ্গ ধন মোর স্থারন রতন এসেছেন এই বনের কুটারে, তু'টি চন্দ্ৰানন ক্রি দরশুন কতই প্রফুল হয়েছি অন্তরে, মা মা ধ্বনি স্থামাখা বাণী শুনিলাম কর্ণ ভরে, <u>এ</u> মধুস্দন পলকিত মন কি জানাব আর চরণোপরে, এত শীঘ্ৰ মাসা করিম জিজাসা লণ্ডন হইতে হ'ল কি প্রকারে, হইমু নারায়ণ অমনি সচেতন আর না দেখিতু আমি তু'জনারে। চিত্তে স্বথ নাই সারা দিন তাই ভাসিতেছি যেন সাগর নীরে,

দীনের কাণ্ডারী

হে দয়াল হরি

তাই লাগাইলে তরি সন্ধ্যারাত্রে তীরে, বাবা স্থরেনের শুভ হস্তাক্ষর হেরে, যে শান্তি পাইমু হৃদয় মাঝারে,

কি জানাব আর

তে জগদীশর

অন্তর্যামী তুমি বিশ্ব চরাচরে।

লও ধন্যবাদ

জগতের নাথ

কুপায় করেছ সমুদ্র পার,

রাখিও মিলিত

শান্তিতে সভত

এ হু'টি ভকত গাহিবে নাম তোমার,

এই আকিঞ্চন

প্রভু জনার্দ্দন

নিক হাতে কর শুভাশিস দান,

স্থস্থ কলেবরে

রেধ তু'জনারে

দীর্ঘায় কর প্রদান,

মাগি যোড় করে

পুনঃ পার করে

প্রভু এনে দিও দীনের তৃইটি রতন,

ভক্তি প্রণিপাত

লও হে জগনাথ

বনবাসী মাগে ও শান্তিচরণ,

প্রতিদিন স্থ-পবরে

त्त्रथ स्थी এ इःशीत्त्र

এই মা জাহ্নবীতীরে অভয় পদে নিবেদন।

বরাহনগর

সোমবার

এরা শ্রাবণ ১৩৩৩ সাল।

শ্ৰীশ্ৰী মাতুৰ্গা

চরণে

প্রার্থনা

-:0:0:-

আজি শুভ বিজয়া দশমী। আনন্দে কৈলাস ধামে যাইতেছ মা জননী, তিন দিন আত্মহারা যত ভক্ত সন্তানেরা হয়ে, মা বলে মধুর নামে মাতিল দিবা রজনী, করিলে মা অবিরাম কত বস্ত্র অন্ন দান তাই অন্নপূর্ণা নাম বিদিত চির অবনী, হও দেবী পরাৎপরা জাবের দুর্গতিহরা এসেছিলে ভব দারা ওগো অনন্তরূপিনী। শরতে মা তুর্গা শক্তি বসস্তে তুমি বাসন্তী উদ্ধারিতে সীতা সতী তব অকালেতে আগমন, শ্রীরামচন্দ্র তোমার বরে বিশ্বজ্ঞয়ী দুষ্ট বীরে করি পরাজয় রাবণেরে রণে জয়ী হইয়াছিলেন। আজি মা তাই আশা করে বসে মা জাহ্নবী তীরে অভয় চরণ ছেরে করিতেছি নিবেদন, ভোমার ভক্ত সন্থানে মণি মোর বাবা হুরেনে अकल लाय शियाइ (र प्रिवी लधन.

তব শুভ কার্য্য তরে

স্থুত্ত রেখ তৃজনারে

পতি সেবা করিবারে মম স্বর্ণমণি ধন,

গিয়াছেন তাঁর সাথে

ভোমার কমল হাতে

শুভ বিজয়াতে খাজি আশিস কর মা দান,

প'রে মাতা যেন সিন্দুরাভরণ।

তৃই জনে হাসি মুখে

আসে দেশে মন স্থা

করেতে ধরিয়া মাগো বিজ্ঞয় তব নিশান।

আমরা হেরি আনন্দে

ধন্যবাদ ঐ রাক্ষা পদে

বেন প্রাণ ভরে পারি দিতে এই আকিঞ্চন

ও পদ্ম চরণে মাগি

কর দোঁহে দীর্ঘজীবী,

কুপাময়ী গ্রহণ কর মা আজি ভক্তি প্রণাম।

মা আমার স্বৰ্পপ্ৰভা মণি, বহু দিন তব হস্তলিপি চুই খানি.

পাইয়াছি মা

কিন্তু সময় পাই না

সে কারণে প্রত্যুত্তর দিতে মা পারিনি,

নিজ গুণে কমিও গো আমারে জননা।

আছ কত দুরে

স্মরিয়া অন্তরে

যে ভাবনা হয় কি জানাব আমি।

মাগি বিভূ পদে

থাক নিরাপদে

পতি সাথে স্থাৰ শান্তিতে তুমি।

সিংহ বাটী এখন

ছেডেছি মা স্বৰ্গধন

একথা শুনিয়া খুসী হইয়াছ তুমি,

নৃতন স্থানেতে গোছ এখনও হয়নি।

মা গঙ্গার উপর এখানকার দৃশ্যটি মা অতি চমৎকার কেবল সিঁড়িটি ভাঙ্গিতে কফ হয় মা আমার মনে হয় তাই বিমল আনন্দ নাই যখন এ ধরার ভিতর,

কি প্রকারে আমি ভোগ করিব তাহার।
ভরসা করি স্থস্থ আছেন আমার মণি বাবা স্থরেন
টুমু দিদিমণি মোর ও মা আছ তৃমি,
সকলের স্ত-খবরে রাধিও শান্তি অফুরে

বিজয়ার শুভাশীর্নাদ করিতেছি আমি। করিও প্রদান লইও সর্গধন

পরিও সিন্দ্র ভূষণ শিরে শিব সম পতি সনে রহ মা দীর্ঘ জীবনে

গাও সদা জয় নাম প্রফুল্ল অন্তরে।
প্রতি মেলে হস্তাক্ষর করি দরশন,
এখন পাইছে তৃপ্তি মোদের নয়ন,
কতদিনে নিরখিব যুগল চক্রানন,
ইহাই অস্তরে মাগো জাগে অসুক্ষণ
মহামায়া এসেছেন বীণাপাণির কোলে
জানিও আমরা সম্ব আছি মা সকলে।

ইভি মঙ্গলপ্রার্থী ভোমাদের মা

বরাহনগর

রহস্পতিবার ৪ঠা কার্ত্তিক ১৩৩৩ সাল।

প্রার্থনা

ভাশীৰ্কাদ —:০:—

ভকতি প্রণতি বিভূ কপায় কর গ্রহণ,
শুভ অরণা ষষ্ঠী আজি জামাতুরর্চ্চনং।
কন্মা জামাতা হেরিবার তরে আনন্দ আজ সর্বন ঘরে
সকলেই করিতেছে খাত আয়োজন,
কেবল নীরব আজি মম তটাশ্রম।

আমার রত্নের খনি জামাতা স্থরেন মণি লইয়া গিয়াছ তুমি সাগরের পারে,

সতীকতা অতি ধক্তা মোর মণি স্বর্ণপ্রভারে, দেখিতে নয়ন সাধ করিতেছে বিশরাজ

আজি চন্দ্রানন হুই খানি,

হুইল প্রায় বৎসরেক হেরি নাই আমি।

হিমাদ্রি সদৃশ দেশ চিন্তার নাহিক শেষ তাহা বলে কি জানাব প্রভু আর.

আমার হৃদয় বাথা নাহি তব অগোচর।

গিগছে ভোমারি কাজে ভাবি তাই হুদি মাঝে আনিবে তুমি নিরাপদে দেখাবে আবার.

এই আশায় রহিয়াছে জীবন আমার।

মাগি হে অভয় রাক্ষা পায় আজি শুভ ষষ্ঠী বাঁটায় পদ্ম হস্তে আশীর্নবাদ কর তু'জনার মস্তকে, যেন স্তস্থ কায়ে শান্তি লয়ে দীর্ঘ জীবনে হাসি মুখে থাকে. তু'টি অঙ্গে আবরণ দিও দেব জনার্দন

নাহি লাগে হিম ঠাণ্ডা এই নিবেদন মোরা তুইটি ফুল্লানন হেরে ধহাবাদ করিব দান।

> মণি বাবা আদরের স্থরেন আমার মোর স্বর্গপ্রভা লয়ে আছ সমুদ্র পার আজি শুভ ষষ্ঠীনাঁটা দিনে,

দেখিবার ভরে

তোমা হু'জনারে

মোর। হয়েছি বড়ই ব্যাকল পরাণে।

শুভ দুৰ্ববাধান

করিতেছি দান

ধর পিতা ও মাতার শুভাশিস মাথার উপরে, সুদীর্ঘ জীবনে, লয়ে স্বর্ণধনে গাও ব্রহ্মনাম শ্রীবদন ভরে, মা মণি আদরিণী স্বর্ণপ্রভা মঙ্গল সিন্দুর প'র চির দিন শিরে।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী তোমাদের মা

বরাহনগর

রবিবার ২২শে জ্যৈষ্ঠ ১৩৩৪ সাল।

প্রার্থনা

শুভাশীর্কাদ কর দান ----:০:০:----

করুণা নিধান জয় ব্ৰহ্ম সনাতন প্রভু মঙ্গল চরণে লও ভকতি প্রণাম। তব কপায় হে দয়াময় শুভোৎসব পরিণয় হইল আজি উভয়ের পাঁয়ত্রিশ বংসর. রয়েছেন তুই জনে মোর স্থারেন মণি স্বর্ণধনে বৎসরাধিক হ'ল দেব লগুন সহর। আঙ্গি এই শুভ দিনে হতেছে মোদের মনে হেরি স্থা হাসি ভরা সেই গু'টি চাঁদ বদন, বাসনা কেবল সার আছেন সমুদ্র পার কেমনে হইবে আব এখন আশা পুরণ। চু'টি দেহ এক প্রাণ হয়ে রয় ধরাধান তোমার এই শুভানুগ্রহ মাগি আজি ভটাশ্রমে ভগবান হ্নদে চির শান্তিত্রখ রেখ সদা হাসিমুখ দান কর আজি বিভু হু'জনে দীর্ঘ জীবন সিদ্ধিদাতা দখাল ছবি ভল নিধি পার করি

ফিরে দিও আমাদের এ ছ'টি অমূল্য ধন

ছেরি স্থথে রাঙ্গা পায় দিব মোরা দয়াময় প্রাণ ভরে ধহাবাদ এই নিবেদন।

আদরিণী মা মণি আমার সর্পপ্রভা রয়েছ লগুনে, গুণময় পতি সাথে শান্তি স্থথে আনন্দেতে বিশ্বপিতার মনোমোহকর স্বস্থি কত হেরিছ মা নয়নে. শ্বরি ইহা প্রফুল্লিত রয়েছে মোদের চিত কিন্দ্র মা বরষ গত হেরি নাই গো ড'জনে. শুভ বিবাহের দিন আজ নিরখিতে ঐ যুগল চাঁদ মথখানি তোমাদের হইতেছে মনে, কি হবে নাহি উপায मञ्जलमयी मञ्जलमय আনিবেন নির্বিবন্নেতে এই মাগি অভয় চরণে, প্রফুল্ল আনন দেখি হইব আমরা সুখী এই আশায় রয়েছি মা ধরিয়া এ জীবনে। জনক জননীর আশিস ধর চির মঙ্গল সিন্দুর প'র মাগো নারিলাম বনফুলের শুভ মালা আজি পাঠাইতে লগুনে, তাই বনপুষ্পে গেঁথে শুভ হার

ভাই বনপুশে গেথে শুভ হার
লগুনের শুভ ছবিথানি তোমাদের
অভাবেতে সাজ্ঞাইয়া আমরা হেরিলাম নয়নে,
সিদ্ধের মা সিদ্ধের্মী আনিলে করুণা করি
ত্ব'জনে আমি সাজ্ঞাব বন কুস্থমে মনোমত যতনে,
পাদপদ্মে দিয়ে প্রেম অর্ঘ পান করাইব শ্রীচরণামৃত
ইহাই মম রতন এই তটাগ্রামে।

আদরের বাবা মণি মোর

শ্রীক্তরেক্ত নাথ, ধর আজি শুভ দুৰ্ববা ধান শিরে,

বিবাহের শুভ দিনে

এসে আমাদের ভবনে

কতই আনন্দ দিয়া ছিলে অন্তরে,

ত্ব'ব্দনে দীর্ঘজীবা হয়ে রও একত্রে নাম ব্রুয় সদা গাও

মণি স্বৰ্ণপ্ৰভা লয়ে স্থথে থাক এই ভুবনে,

মনকাম পূর্ণ করি

বিজয় পতাকা ধরি

যাতু বামে লয়ে স্বৰ্পপ্ৰভা এস আপনার ধামে,

সম লক্ষী নারায়ণ

করি আমরা দরশন

প্রেমানন্দে ধন্মবাদ দিব মঙ্গল চরণে।

ইতি মঙ্গলপ্ৰাৰ্থী ভোমাদের মা

বরাহনগর

শুক্রবার ৯ই আখাত ১৩৩৪ সাল।

প্রার্থনা

আজি শুভ জন্মান্টনী
প্রেম পুষ্পমালা দিয়া সাজাই চরণ,
মাথাইয়া দিমু তায় ভকতি চন্দন,
কুপাময় কুপা করে করহ গ্রহণ।
মাগি মা জাঙ্গবী তীরে আনন্দেতে কর যোড়ে,
ডোমার সেবককে প্রভু আশিস কর প্রদান,
মম স্থরেক্স মণির আজি জন্ম দিন।
প্রেছি ডোমার বরে, পঁয়বিশ বংসর তাঁরে,
স্থদীর্ঘ জীবন দেব কর তুমি দান,
মোর মণি স্বর্ণপ্রভা সনে স্থাথ করেন নাম গান।

নিরাপদে পাঠাইয়াছ সহর লগুন,
হয় যেন দিন দিন উন্নতি সাধন।
চাঁদ মূথে স্থধা হাসি,
তথা স্থন্থ যেন ধাকে প্রাভু দুই জন,

মঙ্গল কার্যোর ভরে

মহাসিদ্ধ পার করে,

হাসি মুখ ছু'খানি দেখে মোরা জুড়াই যেন নয়ন, দীনবন্ধু পাদপধ্যে এই আজি নিবেদন।

প্রিয় বাবা মণি মোর স্থরেন রতন,

শুভ জন্ম দিনের

পিতা ও মাতার

শুভাশীর্বাদ শুভ দূর্ববা ধান,

করিও বাবা আদরে মস্তকে ধারণ;

ন্তুস্থ শান্তি মনে.

স্বৰ্গি সনে,

मीर्च कीवत्न जमा गांख शत्रतम् नांम

আজি শুভ জন্ম দিনে , বাবা হেরিতে গো চুইজনে বড়ই বাসনা করিছে মন,

আছ কও দুরে,

রত্বাকর পারে

স্মরিলে শিহরে হৃদয় পরাণ।

চেয়ে পথ পানে, আছি নিশি দিনে,

পাব কত দিনে পুনঃ দরশন,

এই আশা কবি

ভন্ম প্রাণ ধরি

দয়াময় হরি নিরাপদে আনিবেন।

लाय सर्वधन,

গেয়ে জয় নাম,

জন্ম শাল্য ধরি শিরেতে,

প্রফুল্ল বদনে

স্বৰ্প্ৰভা সনে

আসিবে ভবনে হেরি আনন্দেতে

জয় জগনাথ

বলি ধন্যবাদ

দিব মোরা সেই মঙ্গল পদে, স্বর্ণমণি পর শুভ সিন্দূর চির দিন সিঁথিতে।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী তোমাদের মা

বরাহনগর

শুক্রবার ২রা ভাদ্র ১৩৩৪ সাল

প্রার্থনা

-:0:0:-

প্রেম ও ভকতি দিয়া আজি শুভ মহালয়া. মঙ্গল শ্রীপাদপন্ম করি মা পূজন, পুষ্পমাল্যে রাঙ্গা পা তু'খানি করি স্থাপো ভন, কুপাময়ী ভগবতী কর মা গ্রহণ, কমল চরণে লও হে দেবী প্রণাম। ৺ মাজা ভাগীরথী তটে মাগিতেছি কর পূটে মা ভোমার সেবিকাকে আশিস কর গো দান. মোর স্বর্ণপ্রভা মণির আজি শুভ জন্ম দিন। জননী তোমার বরে আট চল্লিশ বৎসরে করিলেন স্বর্ণমণি আজি স্থথে আরোহণ. পতি সাথে দাও তাহাকে স্থদীৰ্ঘজীবন। চ্লাননে অমিয় হাসি রেখ মা গো দিবানিশি সেখানে যেন মা স্বস্থ থাকেন চু'জন, রয়েছেন চুই জনে মা, লগুনে এখন। ও চরণপদ্মে সতী করিগো এই মিনতি দয়াময়ী বক্ষে ধরে নিরাপদে আনিও সাগর পারে. ধন্যবাদ দিব আমরা ছু'টি প্রফুল্ল বদন হেরে. দীন দয়াময়ী করিও কামনা পূর্ণ মাগি এই যোড় করে।

প্রাণাধিকা মা মণি মম স্বর্ণ ধন, হইল মা আজি তব শুভ জন্ম দিন,

মঙ্গল সিন্দ্র শিরে, প'র মা আদর করে,

তব জনক জননীর এই শুভ আশীর্কাদ,

পতি সনে দীর্ঘ জীবনে থাক নিরাপদ.

গাও সদা জয় নাম, শান্তিতে থাকিবে মন

মাগো আজি নির্নিতি ত'জনাকে করিছে বাঞ্চা পরাণ,

गारमा ज्याज । नतायर प्रजनातक कातर वाक्षा मतान,

আর কত দিনে মা ভগবতী পূরাইবেন মনস্কাম। আছু জলনিধি পার স্মারণ হ'লে আমার

কতই ভাবনা আসে মনে.

মনোরম কত স্থান

করিতেছ দরশন

তুমি, গুণময় পতি সনে,

আমি যাহা না হেরিমু নয়নে।

এই কথা মনে করি

আছি মা জীবন ধরি

গণি যত দিন যায়

যেন তত বেশি হয়

মনে হয় মা এত দিন কাটাব কেমনে,

কভদিনে ছ'টি চাঁদমুখ

দেখে জুড়াইব বুক

প্রার্থনা ইহাই মোদের জগদীশরী চরণে। বাবা মণি ধর তুমি শিরে শুভ দূর্ববাধান তুই জনে ঘরে এস গেয়ে আনন্দময়ীর নাম।

> ইভি মঙ্গলপ্রার্থী ভোমাদের মা

বরাহনগর

রবিবার

৮ই আশ্বিন ১৩৩৪ সাল।

প্রাথনা

अञानीकान

জয় জগত ঈশরী জয় জগরাথ, মা গঙ্গার তটে করি যোড় হাত,

মাগি রাকা পায়

मयाभयी (व मयाभय

ভোমার ভকত তুইটি সস্তান,

শুভ সপ্তমীতে হইতে লগুন,

আঞ্চি শুভ যাত্রা করি.

বিশ্বনাথ হে বিশেশরী,

আসিতেছেন ঘরে গেয়ে জয় নাম.

আমাদের বাবা মণি স্নেহের স্থরেন আর মা মণি স্বর্ণপ্রভা ধন।

যুগল রূপেতে

ছ'টিরে বক্ষেতে

ধরি নিরাপদে করিও পার, হে বিভু, তুক্তর ঐ পারাবার।

আসিলে ঘরেতে,

মোরা আনন্দেতে,

হেরি ছু'জনার ও মুখ চাঁদ,

যুগল চরণে

প্রেম পূর্ণ মনে

প্রভু দিব হে আমরা ধন্যবাদ,

শ্রীযুগল করে

ত্ত'জনার শিরে

আজি করছে প্রভ আশীর্বাদ।

স্তম্ব শান্তি মনে

छमार्च छीत्रान.

সাধেন দু জনে তোমারি কাজ,

মম ভক্তি প্রণতি.

লও ম। ভগবতী

লও তৃমি দেব হে বিশরাজ।

এলে বন পুরে

মা জাক্বী তীরে

মভয় চরণে করি অর্ঘ দান,

প্রফুল অন্তরে

আমি ছ'জনারে

শ্রীচরণায়ত করাইব পান,

ঐ মঙ্গল চরণ ফুলে,

প্রভু সাজাইব কুতৃহলে,

বাবার মাথায় দিব শুভ দুর্বনা ধান,

হু'জনার ললাটেতে,

मिव विज निक शांक,

তব শুভ চরণ চন্দন:

না জগঙ্জননীর সিন্দুরাভরণ, করিয়া নিজে ধারণ,

পরাইয়া দিব মায়ে করিয়া যতন,

এই ভূষণে মা আমার, সেজে রছে গো ধরা'ণর,

পুরে যেন মোর চির দিনের মনস্কাম,

াল পাদপদ্মে প্রাণ ভরে এই নিবেদন।

৺ জাহ্নবীতট বরাহনগর

বুহস্পতিবার ১৫ই অগ্রহায়ণ ১৩৩৪ সাল।

প্রার্থনা ও মঙ্গল গান।

----°()°()°----

মন আনন্দময়ীর নাম কররে কীর্ত্তন, থাঁর করুণা গুণে শুভ সন্ধ্যা আগমনে

ব্ৰহ্ম হয় নাম গানে হইতে লণ্ডন,

স্বৰ্পপ্ৰভা সনে সাজি নৃতন দিনেতে আজি

এলেন স্থরেন মণি নিঞ্চ নিকেতন,

মন আনন্দময়ীর নাম কররে কীর্ত্তন।

জয় মাল্য শিরে পরা মুখখানি হাসি ভরা,

করিছেন সকলের সনে আলাপন,

মন আনন্দময়ীর নাম কররে কীর্ত্তন।

মানন্দিত বস্তন্ধরা, আস্থীয় বান্ধব যাঁরা,

সকলেই ফুল্লমনে করিছেন সম্ভাযণ.

মন আনন্দময়ীর নাম কররে কীর্তন।

বসে মা জাহ্নবী তটে দেখ শোভা চিত্ত পটে,

ঐ নীল নভে অর্দ্ধ চন্দ্র সাথে তারাগণ,

করিছেন এ সন্মিলনে আজি শুভ যোগদান। ক্রোছনা বসন পরি, প্রফুল্ল ধরা স্থল্দরী,

আজি মা গঙ্গা লছরী তুলি গাহিছেন মধুর গান, মন আনন্দম্যীর নাম করুরে কীর্তুন। মাগিতেছি মা ভোমারে, আজি অনতু মূর্তি ধরে মোর স্থরেন স্বর্ণপ্রভা শিরে আশিস কর গো দান, मोर्चकीवी इत्य वय মা ভব ববে এ ধরায় যেন সর্বত্র হয় বিজয় করি মা এই নিবেদন, আমি নিতৃই হেরি গো যেন ঐ তু'টি চক্রানন। গাজি এ শুভ দিনেতে আশীর্বাদ স্থেহ চিত্রে দিতেছি ধর মাথাতে এই শুভ দুর্ববা ধান, আদরেতে বাবা গণি মোদের স্থরেন রঙন। এ আনন্দ দিনে আজি. থাক মা সতত সাজি. দিতেছি সিঁখিতে প'র শুভ সিন্দুর ভূষণ, স্বর্ণমণি চিরদিন এই দুর্লভ রতন। শান্তি লয়ে এ জগতে ত্বজনেতে স্থন্ত চিতে দীর্ঘায় ধরিয়া গাও আনন্দম্যার নাম. ভোমাদের পিতা মাতার এই চির আকিঞ্চন।

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ১লা **জামু**য়ারি ইংরাজী সন ১৯২৮

প্রার্থনা

ভভাশীর্কাদ

-----:#:---

জয় জয় বিশ্বনাথ জয় বিশেশরী,

লণ্ডন হইতে ঘরে

আনিয়াছ বক্ষে ধরে

প্রিয় সেবক ও সেবিকারে জলনিধি পার করি

নিরাপদে তুই জন

এসেছেন তটাশ্ৰম

গাহিয়া মধুর নাম কমল বদন ভরি,

লও ধগুবাদ

জগতের নাথ

ওগো মা জগদীশরী.

তোমার করুণা

অসীন নহিমা

বাজাইলে বীণা হৃদয় বনে.

ফুটে প্রেম ফুল

क्रमग्र व्याकल

নির্থি মোদের চু'টি হৃদয় রভনে,

ঝরে প্রেম জল

ভকত বৎসল

কুপা করে এস মা জাহ্নবী তারে.

করি প্রকালন

অভয় যুগল চরণ

আজি এই আনন্দ নীরে.

বন ফুল তুলি

দিয়ে প্রেমাঞ্চলি

শীচরণামূত করাই পান,

মম স্বৰ্গপ্ৰভা ধনে,

মোর স্থরেন্দ্র রতনে,

কর শ্রীযুগল করে আশিস প্রদান,

সুদীর্ঘ জীবনে

স্তুত্ব শান্তি মনে

যেন তোমার স্থকাগ্য করেন সাধন, সদা হাসি মুখে নাম গুণ করিয়া কীর্ত্তন,

ও রাকা পদ্ম পায়

দয়াময়া হে দয়াময়

প্রাণ ভরে এই নিবেদন, ভকতি প্রণতি আজি করহ গ্রহণ।

শুভ মিলন গান

বসে না গধার কোলে আজি মন-কুত্হলে গাওরে সচিদানন্দ বিশ্বজয়ী ব্রহ্ম নাম.

বিধি মোরে ক্রপা করে আজি দেড় বৎসর পরে করিল অন্ধ নয়নে তু'টি তারা দান

আজি হেরিমু তাই আনন্দে হৃদয় রতন মন গাওরে সচ্চিদানন্দ বিশ্বজয়ী নাম।

যে দিকে ফিরাই আঁখি সকলি প্রফুল দেখি
তরুলতা বিভু পদে করিছে প্রণাম
শাথে পাখী হরষেতে গাহিতেছে গান
মন গাওরে সচিদানন্দ বিশ্বস্বয়ী ব্রহ্ম নাম।

নীলাকাশে নানা ছবি প্রকাশিল ষেই রবি
সাজিল প্রকৃতি দেবী আজি কিবা মনোরম,
বিধাতার বরে মোর দেখিল নয়ন,
মন গাওরে সচিচদানন্দ বিশ্বজয়ী ত্রন্ধ নাম।

এ গুখীরে নিরখি স্থা মা তরক্তিনা ফুল্ল মুখী আজি নৃত্য করে, মধুর স্বরে ধরেছেন তান, মন গাওরে সচ্চিদানন্দ বিশ্বজয়ী ব্রহ্ম নাম।

স্লেহময় বাবা মণি স্লেহময়ী যা জননী
আদরিণী স্বর্ণপ্রভা মোদের আদরের করেন,
আজি হাসি মুখে এই তটাশ্রমে এসেছেন,
মন গাওরে সচিচদানদ বিশ্বজ্বয়ী নাম।

কদিবন শুক ছিল এবে প্রেম পদ্ম বিকশিল সাজাও চরণ পুষ্পে আজি প্রাণের তুইটি ধন, মন গাওরে সচিচদানন্দ বিশ্বজয়ী ব্রহ্ম নাম।

এ ভনয়া বনবাসী কোথা পাবে যোগ্য রত্ন রাশি আদর করে বাবা মণি এই শুভ দুর্কাধান, কর মস্তকে ধারণ.

হরির পদ্ম চরণ চন্দন, পরাই ললাটে শুভ ভূষণ প'র ভূমি স্বর্ণমণি এই গহনা চিরদিন,

মা তুর্গ। জ্বগদীশরা সক্ষচণ্ডী মাতা সিদ্ধেশরী অনন্তময়ীর শুভ সিন্দুরাভরণ প'রে সেজে পাক মা রাজরাণী, করি এই আকিঞ্চন।

শুভকামনা

শ্রীচরণামৃত করে পান ধরিয়া দীর্ঘ জীবন তৃ'জনে স্কৃত্ব কায়ে শান্তি লয়ে গাও বিশ্বজ্ঞয়ী ব্রহ্ম নাম তোমাদের পিতা মাতার আশীর্ননাদ এই মনস্কাম।

৺জাহ্নবীভট ব্য়াহ্নগ্র

মঙ্গলবার ১৮ই পোষ ১৩৩৪ সাল

প্রার্থনা

ভভাশীৰ্বাদ

জয় দয়ানয়ী হে দয়াময়. মোর স্বর্গমণি ধনে মম স্থারেন রতনে দেখালে করুণা করিয়া আমায়, ধরি জদি'পরে তুস্তর সাগরে নির্বিদ্নে আনিলে চ'টিবে আগারে. ত্ৰ'টি চন্দ্ৰানন হেরি মন প্রাণ শান্তিতে ছিল গো মা জাহ্নবী তীরে, জগত জননী জগতের স্বামী সে কথা বলে কি জানাব তোমারে: চারি মাস তরে এনে ছিলে ঘরে দেখাইলে মোরে মাত্র চারিদিন. করেছিম্ব মনে আনিয়া এখানে দেখাবে আমারে মাগো প্রতিদিন, না পুরিল আশা তব ভালবাসা

মা দেখিছ আমায় মায়া করে ক্ষীণ।

যাইতেছ তাই আবার লণ্ডন

লইয়া ঝটিডি

ফুরাইয়া ছুটি

কি বলিব আর

যুগল পদে ভোমার

বড়ই ব্যাকুল হইন্নাছে পরাণ।

নাছি প্রেমফুল

হৃদয় আকুল

আজি কি দিয়ে পৃজিব রাঙ্গা পা ভোমার,

আঁখি নায়া জল

ঢা**লিছে কে**বল

তাই সেবক বংসল লও রুপাধার,

অভয় চরণে

নমি ভক্তি মনে

প্রীযুগল রূপে করহ গ্রহণ,

মাগি আশীৰ্নাদ

রেখ নিরাপদ

তোমার এ হু'টি ভক্ত সন্তান,

বিনাক্লেশে পার

হয়ে পারাবার

রাজ কার্যা পুনঃ করেন সাধন,

(तथ छमीर्घ कीवरन

স্থুত্ব শান্তি মনে

যেন গো লগুনে থাকেন ছু'জন।

হৃদয়ের তার

নিত্য স্থ-খবর

যেন মা আমারে করে গো প্রদান,

পুনঃ অন্ধ প্রায়

এই বনালয়

পড়িয়া রহিন্ম রেখ তাহা স্মরণ,

কার্য্য হইলে সারা

মা দয়াময়ী ভারা

শীঘ্র এনো আবার বক্ষে ধরে এ চুইটি হৃদি রতন,

নেত্ৰ পাইয়া মণি

যেন গো জননী

ठाँक यूथ छु'ि कति पत्रणन,

হাসি ভরা মুখে

ধত্যবাদ স্থাৰ

पिव भारत अहे आकिक्षत।

থ্রেম পুষ্প তুলে

ও চরণ কমলে

করিব আবার অর্ঘ দান,

আনন্দিত মনে

ছু'টি হৃদয় রতনে

শীচরণামৃত করাইব পান,

পুলকিত হয়ে

শুভ ধান দূৰ্বনা লয়ে

মণি বাবার মস্তকে করিব দান,

প্রেমানন্দে গলে

শ্রীচরণ ফুলে

সাজাইব ছু'টি প্রাণের রতন।

শুভ চরণ চন্দন

ভালেতে ভূষণ

পরাব হু'জনে আদর করে.

মা তব সিন্দুরাভরণ

আপনি করিয়া ধারণ

পরাইয়ে দিব মাতা মণিস্বর্ণ শিরে.

দিও পুনঃ

এই শুভ দিন

আজি যাচিতেছে দীন হান।

ঐ মঙ্গল যুগল চরণ তলে

দিও গো অভয়

সদা হইয়া নির্ভয়

গাহি প্রেমে নাম জয় মা গঙ্গার কূলে,

তুজনার স্থধাবাণী

যেন গো পুনঃ জননী

শুনিয়া জুড়াই মোরা শ্রবণ,

ভীচরণে

প্রাণ মনে

আজি এই নিবেদন।

হাদয় রতন

ক্ষেহের স্থারেন

বাবা করিছ গমন পুনঃ লণ্ডনে,

জয় নাম গানে

শ্বৰ্ণগণি সনে

শীগ্র আবার আসিও ভবনে,

রাজ কার্য্য ভার

তথাকার আর

যাতু লইও না, বলি করেতে ধরে,

চিন্তায় আকুল

সদাই বাাকুল

থাকিলে তোমরা সমুদ্র পারে।

রেখ ভাহা স্মরণ

ওহে বাপ ধন

মোরা ভূবিয়া থাকি যে সাগন্ধ শীরে,

লয়েছ যে কৰ্ম্ম

পালিয়া তা ধর্ম

নিরাপদে এস সেরে.

সবে করে খুসী

হইয়া উল্লাসী

জয় মাল্য ধরি শিরে,

শুভ দুৰ্বনাধান

জানি' জাশিস প্রধান

ধরহ মস্তকোপরে,

বনবাসা কন্যা

বাবা তব জন্ম

কি দিবে গো আজি আর,

প্রাণের রতন

স্বৰ্গপ্ৰভা ধন

মণি চিরদিন করে দিয়াছি ভোমার

রাখি ভারে সাথে

সুস্থ ও শান্তিতে

দীর্ঘ জীবনেতে ব্রহ্মনাম গাও অনিবার।

প্রাণের প্রতিমা

কি দিব তুলনা

আমার সর্ণমণি,

গুণাধার পতি

সাথে যাবে সহী

আবার লণ্ডনে তুমি

ইহাতে আনন্দ

নহে নিরানন্দ

(र्थक महानम ऋष भाष्ठि लाय,

যেন শিবের ছুর্গা

তেন কর শোভা

মায়ের এই মঙ্গল সিন্দূর সিঁথিতে দিয়ে।

শিব সনে বসি

যেন উমা শশী

করেন প্রেমানন্দে নাম গুণ গান,

তুমি মা নিয়ত

প্রেমে বিগলিত

হয়ে কর সেই মত ব্রহ্ম উপাসন,

পতি সেবা ত্ৰত

সাবিত্রীর মত

কর মা দীর্ঘ জীবন ভরে,

পিতা মাতার আশিস

ধর এই শুভাশিস

মাগো আর কি দিব তোমারে।

এখন লণ্ডন

তব পুরাতন

মিলিবে কতই প্রিয় বন্ধু জন,

তাঁহাদের সাথে

প্রফল্লিত চিতে

মা করিবে সদাই প্রিয় আলাপন।

শীলতার গুণে

এখানে সেখানে

হয়েছ সবার প্রীতির ভাজন,

তোমার জননা

হইয়াছি আমি

ইহাই আমার সার্থক জনম।

থেক না ভুলে

দিও প্রতি মেলে

ছুই জনে শুভ হাতের লিখন,

ডাকের গোল মালে

স্ময়ে না পেলে

মোরা চিন্তা সিন্ধু জলে হইব মগন।

ঈশরের স্পষ্টি

নিরখিতে বাকি

যাহা তোমাদের রয়েছে এখন,

শীগ্ৰ তাহা দেখি

মনে হইয়া স্থী

নয়ন করিয়া রঞ্জন,

ধত্য নাম লয়ে

হর্ষিত হয়ে

মাগো বসি ধর্মশীল পতির বামে.

ঈশ্বর চরণ

করিয়া স্মরণ

এস নিরাপদে আপন ধামে,

তুইটি অমল

শ্রীমুখ কমল

হেরিয়া আমরা নয়নে.

করি যোড় হাত

দিব ধন্যবাদ

বিভুর মঞ্চল চরণে।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মা

৺জাহ্নবীভট বরাহনগর বুধবার

২১শে চৈত্র ১৩৩৪ সাল।

ते शर्प

প্রার্থনা

---:0:---

আশীর্কাদ কর প্রভু কর্ত্ব্য পালনে,
তোমার সন্তান না পায় বেদন
মাগি এই ভিক্ষা শ্রীচরণে,
বুলায়ে কমল কর রত্ন হৃদয়'পর
ক্রমে সুস্থ করে দাও প্রভু নিজ রূপাগুণে,
ভক্ত যদি তোমার হয় শ্রীচরণামূভ যে খায়
আমারে করুণা করে রাখিও স্থন্থ তাহারে,
অভয় পদে নিবেদন করিতেছি দয়াময়,
মা জাহ্নবী তীরে ধেক হৃদি আসন 'পরে
সতত থাকি হে যেন হইয়া নির্ভয়.

সভত থাকি হে যেন হহয়া নিভয়,
বনে শান্তি বাখিও চিত্তে হে করুণাময়।
জননী নাড়ীতে জালা দিয়েছ প্রভু ছে কালা
এ নাড়ী স্থন্থ থাকে যেন মাগিতেছি পায়,
ভুলে না থাকি চরণ সদা এই আকিঞ্চন

এই বার শেষ বাসনা যেন পূর্ণ হয়,

জীবনের শেষ দিনে

নিরখি সর্বব সন্তানে

মাথায় পরিয়া শুভ সিন্দুর ভূষণ,

আগ্রীয় সক্তন ছেরি

জয় রাধা কৃষ্ণ হরি

বলিয়া পদ যুগল করিয়া পূজ্বন,
মাতা গঙ্গা নীরে প্রভু যায় যেন পরাণ।
শ্রীপদ কমলে করি ভকতি প্রণাম,
অভয় চরণে রেখ এই নিবেদন,
প্রেরণ ক'র না হরি আর ভবধাম,

চিন্তা সাগরেতে আছি সর্ববদা মগন।

রতনের স্থসংবাদ

পাইয়া হে কেশব

শান্তি পায় আজ আমার জীবন করিও পূরণ প্রভু মম এই মনস্কাম।

এ বন কুটারে

স্বেহের রত্নরে

হেরি প্রাণ ভরে ধক্সবাদ করিব শ্রীপদে প্রদান,
চির স্থায় থাকে যেন লয়ে সন্তানাদি গণ,
কুপাময় দীর্ঘ আয়ু সকলকে কর দান,
শ্রীচরণে করি প্রভু এই নিবেদন।

*৺ঙ্বাহ্ন*বীতট

রবিবার

বরাহনগর

২০শে অগ্রহায়ণ ১৩৩৭ সাল।

হে জগতেশ্বর শুনিয়া হতর জর কল্য সন্ধ্যার পর ভাবনায় যে কাতর

আছি প্রভু দয়াময়,

সর্ববিজ্ঞ তুমি, কি জ্ঞানাব আর তোমায়। হৃদয় রতন পাইছে বেদন

কর কন্ট নিবারণ মাগিতেছি পায়,

এ পাপী গর্ভে ল'য়ে জনম, আছে মন হু:থে সর্বক্ষণ, রাখ স্বস্থ কায় হে করুণান্য

নিরাপদে কর সন্তান পালন।

তুমি হে অন্তর্গামী বলে কি জানাব আমি

থাকি যেন শাস্তি হৃদে এই বনাশ্রম।

ক্লেহের সস্তান মোরে করি দান

পাষাণী করিয়া এ বন মাঝারে,

এনেছ যখন তহে নারায়ণ

বাঁধিয়া রেখেছ কেন আর মায়া ডোরে,

ছিন্ন কর প্রভু মায়ার বন্ধন,

দেহ হইতে পাপ হউক অন্তৰ্দ্ধান।

মা গঙ্গার তীরে ডাকি প্রাণ ভরে

হরি হে তোমারে করি প্রেমানন্দে শ্রীপদে প্রণাম

কর্ত্তব্য পালনে শক্তি দান কর ভগবান।

৺জাহ্নবীতট

সোমবার

বরাহনগর

২১শে অগ্রহায়ণ ১৩২৭ সাল।

চরণে ধহ্যবাদ

হে বিশ্বনাথ

কুপায় গ্রহণ কর,

দয়া করে ভ্রমধ দিলে হে পরাৎপর,

কয় দিন জ্ব

হয় নাই রুত্র

মোরে অমুগ্রহ এ তোমার।

বেদনারও উপশম

হইয়াছে জনাৰ্দ্দন

এই মহৌষধি ধারণে সম্পূর্ণ স্থন্থ যেন হয়,

অভয় চরণে মাগি ভিকা প্রভু দয়াময়,

মাতা ভাগীরথী কোলে

জয় জগদীশ ব'লে

শান্তি মনে থাকি যেন এই সিংহাশ্রয়। কন্যা পত্র সনে আসি ভক্তি মনে

প্রভু, রতন তব চরণ করুক দর্শন

এই নিবেদন

ওহে নারায়ণ

করিও বাঞ্চা পূরণ.

সে দিন আবার

শ্রীপদে ভোমার

প্রাণ ভরে ধন্যবাদ করিব প্রদান,

প্রভু পারি ধেন করিবারে কর্ত্তবা পালন।

শোন মা রত্ত

ক'র না অযত্ন

তুমি আপনার কায়.

যাতনা পাইছ ভেবে, সদা ত্ৰঃখ পায়।

বৃদ্ধ হয়েছেন তব পিতা তোমাদেরই জন্ম চিম্বা

200

সর্নদা করিতেছেন রাখিও তাহা মনে,
শরীর তাঁর সবল থাকিবে কেমনে।
উপর তব উপর বৃদ্ধ পিতার

সেবা ভার করেছেন অর্পণ, রেখ সদা এ কথা স্মরণ।

পড়িয়া থাকিলে পরে

কেমনে দেখিবে তাঁরে

দিয়াছেন গুরু ভার করিতে বহন, কুরিতে হবে এখন সন্তান পালন, তাহাদের মূখ পানে করি নিরীক্ষণ, আপনি থাকিতে স্তস্থ করিবে যতন। স্তস্থ দেহাপেক্ষা স্তথ নাহিক ধরায়, এ কথা রাখিও হৃদে সকল সময়, রোগের যাতনা ভোগ নিজেই করিতে হবে, ভাগ লইবার কেহু নাহি আর এই ভবে,

ভরসা করি এখন
হইবে ভোমার জ্ঞান,
সাস্থ্যরক্ষা কর্ত্তবাতা করিবে পালন,
আহার করিবে তুমি সময় মতন।

প্রতিদিন ধন্যবাদে

পুজি এই জগনাথে

অগ্রে তাহা তাঁহারে করি নিবেদন,

ৰলিবে হে দয়াময়

আজিও তব কুপায়

এখন মহা প্রসাদ পাইসু আমি করিতে ভোজন, প্রভু তব করুণায় পাই যখন যাহা প্রয়োজন হাহা হ'লে অভাব আর হবে না কখন। কুপাময় বিধি

দিয়াছেন নিধি

তোমায় সর্বব গুণময় মহাভক্ত রাজজামাতা লয়ে তনয়া নাতিন নাতি ভোগ কর বস্ত্মতী

স্নেহময় পিতা সনে হয়ে রাজ্যাতা।

পতিব্ৰতা তুমি সতী সেব নিত্য ভক্তি মনে জগৎপতি হইবেক শুদ্ধান্তরে সতত ক্রদয়ে শান্তি আবার পাইবে বধু স্তরূপা গুণবতী, হবে নব গুণময় পুনঃ ভক্ত রাজ জামাতা করিছে अভাশীর্বাদ তব বনবাসী মাতা। স্তুম্ব শরীরে সবে থাক এই আকিঞ্চন, মাতৃলি দিতেছি, লভি' দীর্ঘ জীবন, করহ ধারণ, এতে মহোষধি আছে অমূলা রতন বিশাস ও ভক্তি চিত্রে রাখিও সদা বক্ষেতে তাহা হ'লে বেদনা আর হবে না কখন. হারিয়ে না যায় কভু থেক সাবধান, অশুচি থাকিলে দেহ হবে না ধারণ. কাঁচা ভেঁতুলাদি উৎকট টক খাবে না কখন, সপ্তাহ শাক অম্বল নিষেধ, পরে করিবে ভক্ষণ, স্বাস্থ্য ভঙ্গ নাহি হয় ইহাই নিয়ম।

গঙ্গা জল স্পর্শ করে বিশাস পবিত্রাস্তরে শুক্ল একাদশী বা পূর্ণিমায় করিবে ধারণ, প্রাতঃ সন্ধ্যা ভগবান পদ স্মরণ, করি শ্রন্ধা ভক্তি মনে, মাতৃলিটি মহৌষধি জ্ঞানে,

গঙ্গা জলে ধুয়ে পান

করিবে গাবজ্জীবন

প্রভুর শ্রীচরণামৃত,

দয়াময় ভগবান রাখিবেন সুস্থ। সতত নিরাপদে থাক এই বাসনা করে মন, দিয়াময় ভগবান পদ কভু হইও না বিশ্বরণ,

রতন তোমারে আর

কি দিব মা উপহার,

হু:খী জননীর স্নেহাদর হিতোপদেশ করহ গ্রহণ, ধরি' কণ্ঠে স্বতনে করিও পালন, রেখ একথা স্মরণ,

> হেরিলে স্বস্থ তোমায় প্রফুল্ল হইবে মন, রাখিও যতনে তুলে মায়ের এই নিদর্শন,

দয়াময় হরি

আমারে করুণা করি'

যদি দেন কভু এই শুভ দিন,

মা ভাগীরথী তীরে

সিন্দুর পরিয়া শিরে

তোমাদের রেখে, ছেড়ে যেতে পারি বিশ্বধান, সে দিন এসে সকলে শুনাইও হৃদি খুলে

> ভগবান ব্রহ্ম সনাতন, হরির স্মপবিত্র নাম।

ইতি মঙ্গলপ্রার্থী তোমার বনবাসী মা

৺জাহ্নবীভট বরাহনগর

সোমবার ৫ই পোষ ১৩২৭ সাল।

প্রার্থনা ও মঙ্গল গান

হরি তোমারি করুণে, আজি প্রফুল্লিড মন প্রাণ মোর আদরের ভাতা लाय मिनि, माना, गांजा হইয়া হরষযুত মণি সমরেক্র এসেছেন, দিদিমারে হেরিবারে প্রভু এই তটাশ্রম। কি দিব আদর করে মুল্য ধন নাছি ঘরে এদ নাথ দয়া করে ধোয়ায়ে পদ্ম চরণ অমূল্য রতন তারে প্রাণ ভরে করি দান, শ্রীচরণামূত পান করে স্থুস্থ কায়ে এ সংসারে চিরানন্দে গায় যেন প্রভু ভোমার জয় নাম, মনোমত পত্নী ভবে পায় যেন হে ভগবান। মাগি ও কমল করে সমর মণির শিরে আশিস কর হে আজি হয়ে কুপাবান. সর্বব গুণে শ্রেষ্ঠ হয়ে পায় উচ্চাসন। (সহময়ী জননী ও সকল ভ্রাতা ভগিনী আত্মীয় স্বন্ধন সনে হউক দীর্ঘ জীবন, কুপাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

আজি শুভ দূৰ্ববা ধান

निद्र थत्र मामा धन

দিদিমার স্নেহাশিস এই বন ফুল উপহার লও, মা গঙ্গার কোলে বসে দিতেছি করি আদর। আদরে যতন করে চির জীবনের তরে

রেখ ভাই কণ্ঠোপরে এ ক্ষুদ্র কবিতা হার যাত্ন মণি সমরেন্দ্র স্মৃতি চিহ্ন এই দিদিমার এস ঐ চাঁদ মুখ খানি চুমি আজি আনন্দেতে বার বার।

৺**জা**হ্নবীতট বরাহনগর

বুধবার ২০শে অগ্রহায়ণ ১৩২৯ সাল।

শ্রীহরি পদে

প্রার্থন: ও শুভাশীর্বাদ।

°0°---

মা জাহুবী কূলে

শ্রীচরণ তলে

প্রতিদিন মাগি হে প্রভু করহ উন্নতি দান, বিদেশে আদরের শান্তিমণি রয়েছে অর্থ কারণ, রেথ তারে নিজ ক্রোড়ে স্নেহেতে পিতৃ সমান,

প্রদানিয়া দীর্ঘ আয়ু কামনা করহ পূরণ।

দেহ তার স্তম্ভ রয়

সভত ফুল্ল হৃদ্য

ধর্ম্ম পথে চিত্ত যেন হয় ধাবমান,

অভয় চরণে মোর এই নিবেদন,

ধন্য তুমি দয়াময়

তব মঙ্গল ইচ্ছায়

ছয় মাস পরেই দিলে শুভ প্রমোশন। অমাবসাা শুভবোগে জানাইলে নিশাভাগে আমারে আনন্দের এই স্থখবর.

পদ্ম পায় কি দিব আর

প্রেম নীর উপহার

হরষে করুণাময় দিতেছি গ্রহণ কর।

মঙ্গল কমল হাতে

আমার মণি শান্তি মাথে

কুপাময় প্রভু আজি কর শুভ আশীর্কাদ, কার্যাক্ষম, উৎসাহ চিত্তে থাকে নিরাপদ,

দয়ায় ভক্তি প্রণাম লও হে মাধব

শুভদিন পেয়ে

পুলকিত হয়ে

দিদিমা বলিয়া করেছ প্রণাম স্লেহাশিস দাদাভাই লও গুণধাম.

শুভদূর্ববা ধান আদরে ধারণ করিও মাথার উপরে

দিদিমার স্বেহাদর

ক্ষুদ্র এই কবিতা হার

যতনে রাখিও তুমি কঠের মাঝার, প্রিয় শান্তিধন উন্নতি সাধন করিছ প্রসাবে যাঁর, তাঁর পদযুগে নিজ্য ভক্তি ভাবে দিও ধত্যবাদ বারংবার स्रुपोर्च खीवत्न শান্তি, শান্তি মনে

চিরানন্দে থাক ভুবন ভিতর।

ইতি মঙ্গলপ্রার্থী দিদিমা তোমার।

৺জাহুবীতট বরাহনগর

সোমবার ২৫শে মাঘ ১৩২৭ সাল

প্রার্থনা

ভভাশিস কর দান ——:০ঃ——

শা গন্ধার কোলে

জয় হরি ব'লে

মন্ধল চরণে করি এই নিবেদন, যাইবেন প্রবাসেতে প্রিয় শান্তি ধন।

ভমু সুস্থ তার

রেথ কূপাধার

দান কর প্রভু স্থদীর্ঘ জীবন।

এসে ছিল বনপুরে

বিজয়া প্রণাম তরে

স্থা হইলাম হেরে স্টাদ আনন, চরণামৃত আনন্দে করাইমু পান,

উন্নতি সাধন করে

থাকে প্রফুল্ল অন্তরে

আজি অভয় পদ কমলে ইহাই প্রার্থন। জীবনের শেষ দিনে পাই যেন দরশন কুপাময় গ্রহণ কর মোর ভকতি প্রণাম;

वनवाजी मिनिमात

আশীর্নাদ উপহার

ফুল, স্নেহ ধন আদরে কর গ্রহণ,

এই পুষ্প সম পত্নী পাও দীর্ঘ জীবনে তার সনে গাও, শান্তি স্থথে আদরের দাদা ভাই হরির জয় নাম

> ইতি মঙ্গলপ্রার্থী তোমার দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর শনিবার ১২ই কার্ত্তিক ১৩২৮ সাল

প্রার্থনা

---:0:0:---

দিন ও যামিনী কভ করিতেছ করুণা কি জানে এ পাপী জনে বিভু তব মহিমা। চিন্তায় আকুল প্রাণ করিতেছে খান চান জানাতেছি ভগবান অভয় যুগল পদে, ম্য আদরের ভাতাধনে কান্তিচন্দ্রে দীর্ঘ আয়ু দানে কর তুমি নিরাপদ, এ বিপদ হইতে, পাইছে ভাই যাতনা কত পিতঃ স্মারি ভাছা অবিরত পড়ে আছি মূতবৎ জাহ্নবীর তটে. দিলাম শ্রীচবণামত মোর মুখ রেখ জগন্নাথ মা চণ্ডী সর্বনঙ্গলা মাগি কর পুটে। কান্তিচন্দ্ৰ হয় ভক্ত জন শ্রীচরণায়ত করে পান প্রতিদিন বিশাদ ও ভক্তি সহকারে. তুঃখিনী তাহার মাতা দিবা নিশি চিন্তাৰিতা আশাস দাও দেব দেবী কুপাকরে তারে। ভক্তেরে করিতে দয়া সকলি ভোমার মায়া প্রভূ পাঠালে সাহেব তথাকারে,

পড়েছিল নাহি জ্ঞান ' নাহি ছিল আপন জন

হে দেব তব লক্ষ্য ছিল তা'র উপরে।

সকলেই তব জন

যে আজ্ঞা যারে যখন.

শিরোধার্যা করি সে করে তাহা পালন:

ট্যাক্সি করে লয়ে তুলে শস্তুনাথ হাঁসপাতালে

দিয়া এল করিয়া যতন।

ভবানীপুরে স্থবিধা

থাকিলে কান্তির মাতা

হেরিবে নয়নে সদা তন্যুরতন,

তাই হে দয়াময়ী দয়াময় কান্তিচন্দ্রের মেসোমহাশয়

ও মাসীমারে আনিয়াচ হইতে লণ্ডন।

তাহাতে হয়েছে মোর কিছু চিন্তার উপশ্ম

নিত্য স্থসংবাদ দান করি' গঙ্গাতীরে শান্তি রেথ হরি

কান্ডিচন্দ্রের মুখপন্ম হেরি ধন্যবাদ করিব দান,

কুপাময় কুপাময়ী আজি লও ভক্তি প্রণাম।

ইভি মঙ্গলপ্ৰাৰ্থী কান্যিমণির দিদিমা

৺জ†জবী**ভট** বরাহনগর

সোমবার ২১শে ফান্ধন ১৩৩৪ সাল

बीबिकगरीम शरम

প্রার্থন। ও ভঙাশীর্কাদ

---:0:----

বঙ্গে মা জাহ্নবী কোলে ভক্তি ভরে জয় ব্রহ্ম সনাতন ব'লে চরণোপরে

নিত্য অর্ঘ করি দান,
নোর আদরের নাতজামাই, আদরের কন্যা ধন,
ও আদরিণী নাতিনীর কল্যাণ কারণ,
আর গর্ভস্থ সন্তানের মঙ্গলের জন্ম,
প্রভু হে করুণাময় কর তাহা গ্রহণ।
যাচি যাহা পদতলে তুর্মল সন্থান বলে

কুপায় ভাহাই কর দান.

বেদনা না শুনি কাণে

হইল না চিন্তা মনে

দয়ালু কে বিশ্বনাথ তোমার সমান।

যঙ্গলে পোষের শুভ কুড়ি দিনে
রাত্রি তিনটার শুভক্ষণে,
আমার আদরের শৈল ধনী নির্বিবঙ্গে,
প্রসবিয়াছেন একটি স্থন্দর তনয়,
ভূতলে প্রকাশ মণি হলেন উদয়।

ফুল্ল চিতে ধত্যবাদ

দিতেছি হে জগন্নাথ,

কুপাময় তুমি করহ গ্রহণ, স্তস্থ রেখ সূতিকাগারে মাতা পুত্র ধন. গাজি শুভ শেঠেরা পূজার দিন.

> প্রভু কর স্থলিখন, মাগি হে চরণ ভলে.

মম আদরের পত্র মণি প্রকাশের ভালে।

সর্বব শুভ লক্ষণ

হুদীর্গ জীবন

দান কর ধরাতলে,

সদা স্বস্থকায়

थ्यक्त कार्य

শান্তি লয়ে রয় এই ভূমণ্ডলে।

বিছা মহানিধি

ধর্ম্মে চির মতি

ক্ষেহ দয়া গুণ কর দান

সরল প্রকৃতি

শীপদে ভকতি

হয় যেন ক্ষমাবান,

মনোমত করে

সাজাইও তারে

বিশাস কিরীট শোভে শিরোপরে, যেন শোভা পায় কণ্ঠ হরিনাম হারে.

চোথ পরে তার প্রেমের অঞ্চন চরণ পদক হৃদয় ভৃষণ.

সুকৃতি বলয়

দাও দ্যাময়

করুক তাহার বাহুতে বেফন,

কর জিতেন্দ্রিয়

জগতের প্রিয়

পর হিতে হয় ব্রতী,

সদা সভাবাদী

প্রেমামুরাগী

সর্বব গুরু জনে থাকে যেন ভক্তি,

হউক স্থমিষ্ট ভাষী

চন্দ্রাননে স্থধা হাসি

রেখ ভুমি নিরন্তর,

কল্যাণ করেন সবে মাগি যুড়ি কর।

যুবা হলে পরে

যোগ্য কন্সা ভারে

কুপায় করিও তুমি দান,

রূপ গুণবর্তা

ধর্ম্মে থাকে মতি

পতি পদে সেবা করে সাবিত্রী সমান,

স্থদীর্ঘ জীবন প্রভু আজ সকলকে কর দান ; ভক্তি নমস্কার হে অথিলেশ্বর

করুণায় কর গ্রহণ।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের দিদিমা ও বড় মা

৺জ্ঞাহ্নবীতট বরাহনগর রবিবার ২৫শে গোষ ১৩২৭ সাল

শ্রীশ্রীঈশ্বর চরণে

ভভাশিস প্রার্থনা।

ত্রব করুণায়

হে জগৎ রায়

আজি পুত্রবর প্রকাশ মণির শুভ ষষ্ঠী পূজা,

মাতা ভাগীরথী কূলে

জয় জয় বিভু বোলে

দিতেছি হে প্রাণভরে ধন্যবাদ, লও দয়াল রাজা,

হয়ে কুতাঞ্চলি

মাগি পদ ধূলি

এস এ বন কুটীরে,

ধোয়াই চরণ

ওছে নিরঞ্জন

আজ শুভানন্দের প্রেম নীরে।

মঙ্গল পদে প্রেমার্ঘ

দিয়ে শ্রীচরণামৃত

যতনে পাঠাব আমি সকলের তরে,

मृला थरन প্রয়োজন

নাহি আর ভগবান

আদরে অমূল্য রতন দিব প্রকাশচন্দ্র মণিরে

শ্রীচরণামৃত করে পান

রবে সৃষ্ঠ, হবে বলবান

এই নম আকিঞ্চন নিবেদি পাদপদ্মোপরে।

वार्षि भीर्घ की करन

সভত আনন্দ মনে

ভগ্নী পিতা মাতা সনে গাইবে জয় ব্রহ্মনাম সজন আত্মীয় আর লয়ে বস্কুগণ, আজি সকলকে দীর্ঘ আয়ু দয়াময় কর দান।

প্রেম প্রণিপাত

প্ৰভু বিশ্বনাথ

কুপায় কর প্রহণ

অভয় চরণে মতি রেখ মোর অনুক্ষণ।

আদরের ভ্রাতা ভগিনী

প্রভাসরতন শৈল্রাণী

চন্দ্রানন চন্দ্রাননি তনয় তনয়া লয়ে.

मिमियात एक्टथन

বন ফুলে স্থাপাভন

হও আজি শুভ দিনে, প্রফুল্ল হইবে হিয়ে।

পবিত্র প্রেম বন্ধনে

থাক চির শান্তি মনে

স্থদীর্ঘ জীবনে, করি প্রাণ ভরে আশীর্কাদ,

ক্যা পুর সনে

প্রকল্প আননে

বিশ্ব জ্বন্নী নাম গাও, হয়ে নিরাপদ, আদরিণী শৈল ধনী

সেজে থাক এয়োরাণী,

সিন্দ্র চন্দন আল্ভা পরিয়া শুভ ভূষণ,

তুমি সভা ভাগ্যবভা

হইয়াছ বুদ্ধিমতী,

করেছ ভূবনের সার প্রভাসতীর্থে মিলন।
হয়ে পতি সোহাগিনী চির স্থথে এ অবনী
ভোগ কর, বিভূ পদে এই নিবেদন

ミナら

লাল সাঙ্গে শুভ দিনে

মহাতীর্থ প্রভাস দর্শনে

প্রভূ যাই যেন মোক্ষধাম দিদি শৈলমণি শুনাইবেন স্থধাময় হরিনাম।

> ইতি মুক্তলপ্রার্থী ভোমাদের দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর সোমবার ১১ই মাঘ ১৩২৭ সাল।

প্ৰাৰ্থনা ও আশীৰ্বাদ

-:0:0:----

হরি পাদ পদ্মে ধহাবাদ,
রেখ সভত নিরাপদ,
দেবী সুরধুনী কূলে এই করিভেছি নিবেদন
ভোমার মঙ্গল ইচ্ছায়,
আনন্দেতে নিজ্ঞালয়,
চাঁদ বদনী শৈলধনী করিলেন শুভগমন।

মণি নীহার বালার ধরে পাণি,
কোলে করে পুত্র প্রকাশ মণি,
পতি পূর্ণচন্দ্র প্রভাস সনে করিতে শুভ মিলন।
মস্তকে তার শুভ কর
রাখিও প্রভু শ্রীধর,
সতীরে করহ আজি শুভাশিস দান,
স্থাঙ্গেতে শান্তি চিতে
সর্বর গুণময় পতি সাথে,
চিরানন্দে থাকে লয়ে কতা পুত্র ও আত্মীয়গণ
মাগিতেছি মুড়ি কর
চিরদিন সমাদর
প্রভু হে রাখিও তার তুমি,

মম আদরের শৈলরাণী

অতিশয় অভিমানী

এ কারণে প্রাণভরে জানাতেছি আমি, দীর্ঘায় প্রদান সবে কর

সবে কর ভগৰান

অভয় চরণে মোর ইহাই জ্ঞাপন,
করুণাময় গ্রহণ কর ভকতি প্রণাম।
পরিয়া শুভ সিন্দ্র পবিত্র প্রেম বন্ধনে,
স্থাবে থাক দিদি শৈলধনী ঈশ্বরের নাম গানে।

ইতি মঙ্গলপ্রার্থী তোমার দিদিমা

৺**ঞ্চাহ্ন**বীভট বরাহনগর শনিবার ২৩শে মাঘ ১৩২৭ সাল।

প্ৰাৰ্থনা ও শুভাগীৰাদ

-:O:----

জয় জয় হরি ত্রন্স সনাতন,

আজি নব বর্ষে,

মাগি পাদ পল্মে

রেখ নিরাপদে তোমার সম্ভান। মোর আদরের দাদামণি প্রভাস রতন.

पिपियानि रेमल्यानी आंपरवंत धन,

শশিকলা.

নীহারবালা,

প্রাণকুমার প্রকাশচক্র মণি;

ল'য়ে আত্মীয় সঞ্জন,

থাকে ফুল্ল মন,

সবে দীর্ঘ জীবন আজ্ব দান কর তুমি। মা গঙ্গার তীরে. নমি প্রেমভরে,

অভয় পদে তোমার ;

করহ গ্রহণ,

প্রভু নিরঞ্জন,

শেষ বাঞ্ছা পূর্ণ করিও আমার।

वनवात्री मिनियात

শুভ স্নেহাশিস হার

এই কুদ্র কবিতার।

নূতন দিনে আদরে কণ্ঠে পর চুইজন, আদরিণী শৈলরাণী, প্রভাস রঙন ; বনফুলে হইও শোভন।

मीचीयू न'त्य,

দম্পতী আদর্শ হ'য়ে;

ভোগ কর শাস্তি স্থথ এই ধরাধাম,

বালক বালিকা সনে,

নিতা হর্ষিত মনে

ভক্তি ভরে গাও হরি জয় ত্রন্ধ সনাতন;
শ্রীচরণামৃত আনন্দে সকলে করিও পান
জেন বনবাসী দিদিমার ইহাই অমূল্য রতন।
সিন্দুর ভূষণে, দিদি সেজে থাক চিরদিন,
বিভূ চরণে প্রাণভরে করি এই নিবেদন।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের দিদিমা।

৺ক্তাহ্নবীতট বরাহনগর বৃহস্পতিবার ১লা বৈশাখ ১৩২৮ সাল।

প্রার্থনা ও শুভাশীর দি

জয় জগদীশর জয় সত্যনারায়ণ ভোমার মঙ্গল নাম. এনেছে এই শুভ দিন. পুত্র মণি মোর প্রকাশ চাঁদের আজি শুভ অরপ্রাশন বসে মা জ্বাহ্নবী তটে, ডাকিডেছি ক্রদি পটে. এস প্রভ জগদীশ জয় ব্রহ্ম সনাতন. প্রেম জলে মঙ্গল পদ ধয়ে, দিই ধত্যবাদ ভোমার কুপায় আজ এই শুভ কার্যা সম্পাদন। প্রকাশ মণির লাগি, অভয় চরণে মাগি. প্রিয় সন্থানেরে কর শুভাশিস দান. চক্ৰাননে স্তথা হাসি, থাকে যেন দিবানিশি. স্তুকায় রয়, হয় সুদীর্ঘ জীবন।

ভগ্নী পিতা মাতা সনে আত্মীয় সঞ্জন গায় জয় জগদীখন জয় সত্যনানায়ণ।

ইতি ম**র্গল**প্রার্থী প্রকাশমণির বড় মা।

৺**জা**ক্তবীতট বরাহনগর বৃধবার ২৫শে জ্যৈষ্ঠ ১৩২৮ সাল

শ্রীশ্রীতুর্গা সহায়

:0:--

প্রার্থনাশীর্কাদ শুভ বিজয়ায়,

জগত জননী

व्यानक माश्रिनी

জয় মা তুর্গার জয়।

মা গঙ্গার তীরে.

প্রেম ভক্তি ভরে,

মন্ত্ৰিছে দেবী শুভ রাঙ্গা পায়,

তুমি পরাৎপরা

হর মনোহরা

শুভাশিস আজি কর চু'জনায়।

মোর আদরের দাদামণি প্রভাস রতনে,
মণি দিদি শৈলরাণী চির ফুল্ল মনে,
লয়ে পুত্র প্রকাশমণি,
নীহার বালা আদরিণী,
আত্মীয় স্বজন সনে স্থদীর্ঘ জাবনে রয়,
পাদ পদ্মে এই নিবেদন শুভ বিজয়ায়।
তুমি স্বস্থ রেখ মা সদা সকলের কায়,
আনন্দেতে গায় যেন মা জয় তুর্গা জয়,
বনবাসী দিদিমার,
আজি শুভ বিজয়ার,
স্মেহাশীর্নাদ লও আনন্দে এই কুদ্র কবিতায়।

ভাই এই প্রসূন,
দাদামণি আদরের প্রভাসরতন,
দিদিমণি শৈলধনী পরিয়া সিন্দ্রাভরণ,
থাক সেজে ধরা মাঝে, দেবা পদে এই নিবেদন,
আদরের চন্দ্রানন চন্দ্রাননি.

পুত্ৰ কতা লয়ে

সবে দীৰ্ঘ জীবী হয়ে

চিরানন্দে ভোগ কর ধরা ধাম।

ইতি মঙ্গলপ্রার্থী ভোমাদের দিদিমা

৺**জা**হ্নবীতট বরাহনগর ্বার্কিবার হারিবার ৩৭শে আশ্রিন ১৩২৮ সাল

প্রাথনা

8

७७ वानीकान।

-:0:-

জম্ম দয়াসম হরি নিরাকার নিরঞ্জন, জম্ম জগদীশ জয় ব্রহ্ম সনাতন,

বসে মা জাহ্নবী কূলে

মঙ্গল পদ কমলে

প্রণিপাত করি দেব করহ গ্রহণ, জয় দয়াময় হরি জয় সত্য নারায়ণ।

জর গরানর হার জর গভা নারার তে শ্রীধর পরাৎপর

জয় জগত ঈশর

আজি মাগি হে তব করুণ,

দাদামণি মোর,

প্রভাসচন্দ্রের,

শিরে শ্রীকমল করে মঙ্গল আশিস কর দান, নির্বিদ্ধে হয় পরীক্ষায় জয়,

যেন কয় দিনই প্রভু, এই আবেদন। সে ভোমার ভক্ত ভক্তি ভাবে নিভা,

> শ্রীচরণামৃত করে হে পান, শ্রীচরণ পুষ্প দিয়াছি যতনে,

প্রভু রাখিও বিশাস তাহার মনে

শুভকামনা

উত্তীর্ণ সংবাদে

সকলে আনন্দে

প্রাণভরে ঐ পাদ পল্মে ধত্যবাদ করিব প্রদান,
কুপায় হরি দিও মোদের এই শুভ দিন।
দাদাবাবু ও দিদিমার,
স্মেহাশিস ঘু'জনার,

লও আদরের দাদামণি প্রভাসরতন,

মস্তকে ধর যতনে এই শুভ দূর্ববা ধান।

পূর্ণ হউক অভিলাষ নিরাপদে হও পাস,

ঈশর চরণে এই প্রাণ ভরে নিবেদন।

শৈলরাণী সনে মণি পুত্র কন্যাগণে

লয়ে মাতা ভগী ভ্রাতা আত্মীয় স্বন্ধনে, স্তস্থ শাস্তি মনে সকলে দীর্ঘ জীবনে

প্রেমানন্দে থাক হরি নাম গুণ গানে।

৺**জা**হ্নবীতট ব্রাহনগর বুধবার

এরা মাঘ ১৩২৯ সাল।

প্রার্থনা

V

শুভাশীর্মাদ।

জগত জননী

অন্তু রূপিনী

করুণাময়ী মা গো আমার,

দেবী সিন্ধেশরী

জগত ঈশরী

পূরাও মা তুমি বাসনা সবার।

থাক সর্বব ঘটে,

ভক্ত চিত্ত পটে

অনন্ত রূপেতে সকল সময়,

এই বস্তব্ধরা

মা গো সারাৎসারা

মোহিত হইয়াছে তোমারি মায়ায়।

তুমি কখন কমলা

কখন বিমলা

কখন শীতলা সর্ববমঙ্গলা রূপে,

মা কভু দশভুজা তোমায় নিরখি গো ভবে,

আবার বাগ্বাদিনী,

তুমিই মা বীণাপাণি,

মানব মঙ্গল তরে,

হও শিক্ষয়িত্রী

শুভ ফল দাত্ৰী,

যাচি তাই আজি মা গঙ্গার তীরে,

করি যোড় হাত

জয় বিশ্ব মাতঃ

বলি থেক মা প্রভাস মণির কণ্ঠ 'পরে,

জয় পরীক্ষায়

প্রতিদিন হয়

যেন মা জ্বনী তোমার বরে। মাগো তব ভক্ত সন্তান দাদামণি মোর প্রভাস রতন,

হয় এই ধরাপরে.

অভয়া সদয়

হইয়া সভয়

দান কর তুমি তারে।

দেবী ভগবতী

কুপায় লও মা মিনতি

প্রণমি মঙ্গল চরণোপরে.

মা পূর্ব কর আশ

প্রভাসচন্দ্র হ'লে পাস

ঐ পদ কমলে ধন্যবাদ দিব প্রাণ ভরে।

৺**জা**হ্নবীতট বরাহনগর

বুধবার

৩রা মাঘ ১৩২৯ সাল

শ্রীশ্রীহরি চরণে প্রার্থনা

3 अङ जानीकाम।

-:0:0:---

করিতে ছিলাম মনে, আজি অক্ষয় তৃতীয়া দিনে, পাদ পালে ফুলমালা পরাতে নারিমু, বনে রহিয়াছি একা, মালা এনে দিবে কেবা. পূরাও সকল বাঞ্ছা হরি হে দেখিমু। সন্ধার সময়, তব করুণায়, मिमि जामित्रेगी जिम्रयाना, আদরের প্রাতা. সাথে লয়ে মাতা, এল হাতে করি পুষ্পের মালা, এই আকিঞ্চন. সাজাবে চরণ. ভক্তিতে যুগলে কালা। গ্রীপদ কমলে. মা জাহ্নবী কূলে,

প্রেম ছরে

যোড় করে

এই নিবেদন।

করিলাম সমর্পণ,

শুভকামন

রেখ চির স্থথে,

মণি অমিয়বালাকে.

প্রফুল্লিভ থাকে যেন সদা চক্রানন,

পায় পতি গুণাকর.

যেন হে জগদীশর,

করিও তুমি তাছার বাসনা পুরণ।

সিন্দুর চন্দন ভালে,

রেখ এই মহীতলে,

আত্মীয় স্বন্ধন সনে দাও হে দীর্ঘ জীবন,

ভক্তি ধন্মবাদ,

অখিলের নাথ,

কৃপায় কর গ্রহণ,

তব দয়ায় আজি সকলে হেরে স্থী হইলাম। ভুলে না থাকি চরণ আশীর্নাদ কর দান জয় জয়ে জয় প্রভু জয় সত্য সনাতন।

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ২৭শে বৈশাথ ১৩২৮ সাল।

প্রার্থনা

ভভাশীর্কাদ।

৺মহাদেব পদ কমলে ভক্তি পৃঙ্গ।।

নব বর্ষে মা গঙ্গা তীরে, পৃঞ্জিবারে মহেশ্বরে আদরের মণি দিদি খুকু এসেছেন আজ; হেরিয়া থুকু দিদিকে মাতা ও ভ্রাতার সাথে. হৃদয়ে হয়েছে আমার বড়ই আহলাদ, লও পূজা বিশেশর, মহাদেব মহেশ্বর চন্দন দান করিতেছে পদে পুষ্প গন্ধরাজ। দিও প্রভু কুপা করে মনোমত বর তারে, তব অমুগ্রহে থাকে সূদা নিরাপদ। চিরদিন হয় স্থা মঙ্গল চরণে মাগি. বড় ঘরে দয়াময় করিও প্রদান, রাখিও জ্বগৎ পতি বালিকার ধর্ম্মে মতি. দীর্ঘ জীবন পতি পায়, রূপ, গুণবান।

হয় যেন গুণবতী,

মুশীলা সরল অতি

সতত রাখিও প্রভূ তাহার হাস্ত বদন,

जिन्मृत ठन्मन भटर,

সেজে থাকে ধরা 'পরে

অভয় পদ কমলে এই নিবেদন।

মাতা, ভাতাগণ, ভগ্নী, ভগ্নীপতি, আত্মীয় সঞ্জন,

সবার সনে

মম আদরের খুকু गणि ধনে

দাও বিশ্বনাথ স্থদীর্ঘ জীবন। কুপাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

৺জ্ঞাহ্নবীতট বরাহনগর ১লা বৈশাখ ১৩২৯ সাল

শ্রীশ্রীহরি সহায়

স্থারাণীর মঙ্গল কামনায় শ্রীহবি পদে প্রাণভরে প্রার্থনা।

রক্ষা কর হরি

তুমি দয়া করি

প্রাণের ভগিনী মম স্থধারাণী,

শুনিয়া অস্তথ*

মনে নাহি স্তথ

সকলি জানিছ দেব অন্তর্গামী,

তাহা আর বলে কি জানাব আমি।

মাগিতেছি যোড় করে

কুপাময় কুপা করে

দিনে তিল তিল করে দাও স্থস্থ করে,

থাকে যেন তব দয়। আমার উপরে।

অতি অকিঞ্চন

নাহি মোর ধন

পীড়া শান্তির কারণ

শ্রদ্ধা ভক্তি মনে জানাতেছি তব অভয় চরণে, ব্যাধি উপশ্রম হয় যেন শ্রীচরণায়ত পানে।

৺জাহ্নবীতট

শুক্রবার

বরাহনগর

৩০শে ফাল্পন ১৩২৫ সাল।

*নিউমোনিয়া।

শ্রীপ্রবি সহায়

ভোমার প্রসাদে

আজি নব বর্ষে

বসি স্থারাণী করিছে প্রার্থনা,
এদিন হইবে, মনে কোন আশা ছিলনা,
সকলি হয় তব ইচ্ছায় নাহি জানি কি না হয়
দয়া করে দিয়াছ স্থারাণীরে অমূল্য নব জীবন,
এই কথা কভু যেন নাহি হয় বিস্মরণ।
সতত মঙ্গলে রেখ, থাকে যেন তার স্তম্থ কায়
পূত মনে মাগিতেছি বিভু তব রাঙ্গা পায়,
গ্রহণ করহ তুমি হইয়া মোরে সদয়।

৺**জা**হ্নবীতট বরাহনগর

সোমবার ১লা বৈশাৰ ১৩২৬ সাল

শ্রীঞ্জিগদীশ সহায়

এএই র

চরণে, বনে প্রার্থনা, कतिए मीन मिमिमा. আজিকার ধন্যবাদ লও দয়া করি। মাজি মা গঙ্গার কোলে. সভত হদি কমলে প্রভূ হে থাক আমারি ভুলে কভু নাহি থাকি মঙ্গল পদ ভোমারি আজ স্থারাণীর শুভ জন্ম দিবদে জানায়েছে ভক্তি প্রণাম দিদিমা সকাশে আদরে কি উপহার পাঠাব তাহারে আর. তটাশ্রমে করিতেছি জীবন যাপন। মাগি নাথ তব পায় দাও হে কুপাময় আমার মণি স্থধারে স্থদীর্ঘ জীবন. সদা চিত্ত ফুল্ল রয়, রাথ সদা স্রন্থ কায়. কমল হাত শিরে দিয়ে, শুভাশিস কর দান, একা যেন হয় মায়ের শতেক সন্তান। অর্ঘ দান করি চরণে. প্রতিদিন পুত মনে, ভাল ঘর, যোগ্য বর করিয়া প্রদান,

বাসনা করহে পূর্ণ করুণা নিধান,
শ্রীপাদ পদ্মে করিভেছি এই নিবেদন।
মম আদরের স্থা দিদিমণি,
তব শুভ জন্মদিনে,
শ্রেণভরে করিয়াছি আমি।
শরীর ভাল না থাকায়,
সময়ে লিখিতে না পারায়,
অভি হুঃখিতা ও লজ্জ্বিতা আছি তব ঠাই,
বুদ্ধা ও চুর্মলা দিদিমারে ক্ষমা ক'র ভাই।

ভোমার দিদিমা।

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ২৮শে পৌষ ১৩২৬ সাল

শ্রীশ্রীতুর্গা সহায়

মা জাহ্নবী তীরে.

রাখিও শান্তি অন্তরে

অভয়া মাগি অভয়;

আজি শুভ বিজয়ায়,

সকল সন্তানে স্থস্থ জ্বননী রেথ ধরায়। দীর্ঘ আয়ু সবে কর দান, কুপায় ভক্তি প্রণাম

কর মা গ্রহণ,

সদা যেন ছেরি তব করুণ চরণ।

পদ্ম হাত রাণীর গায়ে.

দয়াময়ী দাও বুলায়ে

বাাধির যাতনা সব হউক নিবারণ.

স্থুত্ব যেন দেখি পুন: জানিও এই আকিঞ্চন।

প্রাণভরে রাঙ্গা পায়ে ধত্যবাদ করিব দান,

দাও মা মণি স্থারে যুগলে করি মিলন।

কুমারীর ভক্তি অতি, স্থানাতেছি ভগবতী

নিজ ছাতে ফুল মালা গেঁথে নিত্য করে সমর্পণ, থাকে যেন চিরস্থথে পাদ পল্মে এই নিবেদন। আদরের দিদি ভাই স্থধা মণি, করেছিন্ম মনে,

মায়ের সনে

আজ এখানে আসিবে ভুমি।

নিরখিয়া চন্দ্রানন, প্রফুল্ল হইবে মন
আনন্দে শ্রীচরণামৃত নিজ হাতে করাব পান,
বিজয়ার স্নেহাশীর্কাদ শিরে দিব শুভ দূর্কাধান।
সিন্দুর চন্দন ফোঁটা পরাইয়া দিব ভালে,
পরাব ভূষণ ভোমায়, আদরে মোর বনফুলে।

এমনি ভাগ্য আমার, কলা শুনিলাম মায়ের জর
তদবধি পাইতেছি হৃদয়ে বেদন,
রেখ অতি সাবধানে, না করেন অনিয়ম।
স্থসংবাদে শাস্তি চিতে করিও প্রদান,
যুগলরূপে রাধাকৃষ্ণ যতনে করেছ দান।

শুভ সিন্দ্রে পাইয়া তব বিজয়া প্রণাম, অতি সুখী হইলাম , আমার বিজয়ার ভক্তি প্রণাম, দাদামণিকে করিও দান।

শুভাশিস জানাইও সবায়, শুভ দূর্ববাধান তুমি রাখিও মাধায় ললাট করিও শোভা মিন্দুর কোঁটায়। মায়েরে লইয়া এলে, তোমারে সাজাইব বনফুলে, আজ কণ্ঠে পর বনবাসী দিদিমার এই শুভ স্নেহাশিস হার, হরি চরণ পল্মে শোভা হউক ক্সদি তোমার।

> ইতি মঙ্গলপ্রার্থী তোমার দিদিমা।

৺জাহ্নবীতট বরাহনগর

রবিবার ৭**ই কার্ত্তিক** ১৩২৭ সাল

প্ৰাৰ্থনা ও আশীৰ্বাদ

জয় দেব জগদীশ
প্রশাস চরণে,
প্রাজি স্থময় বনালয়
তোমারি করুণে।
অভয় কমল পায় লয়েছি আশ্রয়,
'প্রভূ' মা গঙ্গার কূলে যেন থাকি হে নির্ভয়।
কিবা অপরূপ ''যুগল রূপ" করিমু দর্শন,
সাজিয়া মধুর সাজ যেন হৈমবতী আজ
''হর সঙ্গে করিলেন" এ বিজনে আগমন

ভূষিতে ছঃখীর মন

একি হ'ল আমার ভ্রম ?

না গো যেন কৃষ্ণ বামে রাধা তেন গোপিকারঞ্জনে স্থধা,

হেরি তটাশ্রমে করেছেন শুভ আগমন দিদিমার সস্তোষ কারণ এখন ঘুচিল মোর ভ্রম

হৃদয় রতনে করি মঙ্গল আবাহন।

এস আদরের দাদামণি এস আদরিণী দিদিমণি,
আজি গুই জনে কোলে লয়ে জুড়াই জীবন,
ভাঙ্গা এ কুঁড়েতে হায় এ হেন রতন,
প্রাণাধিকা মম সুধারাণীর বর এলেন গোপিকারঞ্জন
প্রাণাধিকে সমাদর করি, দিয়ে শুভ দুর্ববাধান।

এই মাগি দয়াময়

যুগলে দীর্ঘ জীবনে এ চির মিলনে রয়

ছ'টি কমলাননে স্থা হাসি, সদা স্থন্থ কায় খুসি,
প্রভু, যেন গো থাকে ধরায়।

নবীন সিন্দ্র করে লয়ে স্থধারাণী শিরে পরাই আনন্দে আজি মহার্হ রতন,

হে বিভূ এই ভূষণে ধরাধানে যেন সেক্তে থাকে চির দিন

সকল পায় কুপাময় করিতেছি নিবেদন।

আজি এই শুভ দিনে কেন গো বিষাদ প্রাণে জাগিয়া উঠিল যাহা ছিল বুকে ঢাকা বাবা চারুচক্ষের মুখ খানি চিত্তপটে শাকা রয়েছে দশ বছর

.

সে রূপ গুণ আধার

কেমনে ভুলিব আমি হায় অকালে লইয়া গেল চাঁদে দেবালয়।

সাঁধার করিয়া ধরা

আমার নয়ন তারা

উজল করিতে স্বৰ্গ রাজ্য কিরণ মালায় তমসাচ্ছন্ন সদি আকাশ তাই আজি হায়।

বাবা চারু তব তরে

সন্নাসিনী বেশ ধরে

মা আমার ইন্দ্প্রভা অঙ্গারের প্রায়, হেরে ভারে আমাদের বিদরে ক্লয়।

নাহি সে রূপ লাবণ্য

প্রতিমা মোর ছিন্ন ভিন্ন

হইয়া রয়েছে পড়ে দেখ গো ধরায়, মন্ত্রিটি করে তুলি প্রিয়াল ব্যেক্স

অনাথিনী করে তৃমি গিয়াছ তাহায়।

আজি শুভ ষষ্ঠী বাঁটা

স্মরিয়া তোমার কথা

বাবা, বড়ই ব্যথিত হতেছে মম প্রাণ, এসে অলক্ষিতে আশীর্কাদ করহ গ্রহণ। "জরা হুঃখ কোমলাঙ্গে না পশে কখন নিত্যানন্দে ভোগ কর অমর ভবন" এইবার হুখী শঙ্কামায়ে যাও লয়ে শান্তি নিকেতন।

আশ্রয় করেছি "হরি" তব পদ কমল
হরিষে বিষাদ সিন্ধু কেন আজি উথলিল ?
এত কাল যাহা মোর ক্ষদি কন্দরে লুকায়ে ছিল।
বাবা মোর চারুশনী গোলক ধামেতে বসি

কি শোভা হয়েছে দেখ মা জাহ্নবী কূলে;

শ্যাম বামে যেন রাধা তব আদরিণী স্থা তেন বসেছে গোপিকা বামে আজি আমার কোলে। হয়েছে তোমারি তুল্য জামাতা, কি কহিব গুণের কথা, এত অমায়িক সরলতা হেরি নাই এ ভূমগুলে।

জুড়াতে তাপিত প্রাণ স্বর্গ হইতে আগমন করেছেন এ রতন, রাণী স্থা স্থী হবে বলে, বাবা, আশীর্বাদ কর দান সম লক্ষ্মী নারায়ণ থাকেন দীর্ঘ জীবনে দু'জন এই ভূমগুলে।

দিদিমার শুভাশীর্বাদ লও স্নেহ ধন,
নব ষষ্ঠী বাঁটা আজ বন ফুলে কর সাঞ্জ আদরের দাদামণি গোপিকারঞ্জন,
আদরিণী স্থধারাণী বোন্, পর সিন্দুরাভরণ।

হই ভাই বনবাসী আদরে কেমনে তুষি
নাহি মূল্য ধন, অমূল্য রতন করাই পান শ্রীচরণামূত
দীর্ঘ জীবী হয়ে সুস্থ ও শান্তি লয়ে
চিরানন্দ ভোগ কর অবিরত।

মনে রেখ ভাই হু'জনে সদাই
মিলিত হয়েছে অনুগ্রহে যাঁর
বসি নিত্য একাসনে প্রেম ভক্তি দানে
পুলকে চরণ পৃঞ্জিও তাঁর।

আজি কঠে ধর দিদিমার এই ক্ষুদ্র কবিতাহার।

> ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের দিদিমা।

৺জাহ্নবীতট ব্যাহনগর

র্হস্পতিবার ১৮ই জ্বৈষ্ঠ ১৩২৯ সাল।

প্রাণাধিক পুত্র চারুচন্দ্রের কন্সা স্থা ও গোপিকার মিলন গাঁথা

-:0:---

সরগ দেবতা তৃমি হয়েছ এখন,

লাক্সিয়া মোহন সাজে এস নেমে ধরা মাঝে,
ধান দূর্ববা লয়ে হাতে, আজি গোপিকা স্থার মাথে
শুভাশিস দান করে যেও পুনঃ স্বর্গ ধাম,
স্বর্গের দেবতা তৃমি হয়েছ যথন,

কেন ব্যথা পাই প্রাণে আজ এই শুভ দিনে স্থা-গোপিকা সন্মিলনে আনন্দেও ধারা বয় এমনি অদৃষ্ট মম হায়।

আর দিদি স্থধারাণী চন্দনে সাজাই আমি, আল্তা পরায়ে শুভ সিন্দূর ভূষণ শিরে, দিই বোন্, ফুলের মালা গলার উপরে।

নব সাটী পরিধানে,
হরিয়া যুগল রূপ নয়ন জুড়াই,
জগদীশ পাদপদ্মে এই ভিক্ষা চাই,
দয়াময় দয়া করে,
মোর গোপিকা স্থারাণীরে,
আজি শুভ দিনে দাও স্তদীর্ঘ জীবন।

লয়ে সুস্থ কলেবর শাস্তি সুখে নিরন্তর

চির মিলনেতে রহে হাঙ্গি ভরা চন্দ্রানন,
লোটাইয়া ভূমি তলে প্রণমি পদ কমলে,

কুপাময় বিশ্বনাথ করহ গ্রহণ।

তব অমুগ্রহে আজি গোপিকা স্থধায় সাজি আসিয়াছে দুখিনীরে করিতে সস্তোষ দান তোমারি করুণে হ'ল এই শুভ দরশন। দিয়াছ প্রভু আমারে

তুমি হে করুণা করে

এই ছু'টি হৃদয় রতন ; আমি কখন ভলে না থাকি যেন তব জীচরণ।

৺**জা**হ্নবীতট বরাহনগর রহম্পতিবার ১৮ই জ্রৈষ্ঠ ১৩২৯ সাল

শ্রীশ্রীতুর্গা সহায়

শ্রীশ্রী মা তুর্গার রূপা বরে,
নৃতন বিজয়া আজি আসিয়াছে বনপুরে,
এই শুভ মিলন গান
আনন্দে গাওরে মন
নয়ন সফল হ'ল যুগল মূরতি হেরে।
যেন শ্রীগোবিন্দ সনে রাধা,
তেন মম প্রাণ স্থধা,
শ্রীগোপিকারঞ্জন পাশে
দাঁডাইল মা গঙ্গা তীরে,

কিবা শোভা মরি মরি

দেখালে করুণা করি।

জয় মা জগদীখরী, বিজয়া প্রণাম ছলে,
শ্রীচরণে প্রণমি দেবী জননী জাহ্নবী কূলে।
আজি শুভ বিজয়ার আদরে আশীর্বাদ দিদিমার
এই বন ফুল দাদামণি ধর শুভ করে,
চিরদিন মঙ্গল সিন্দ্র পর দিদিমণি শিরে।
শান্তি চির স্তথে থাক দোহে জগত সংসারে,
স্থদীর্ঘ জীবনে বসি একত্রে তু'জনে,
চন্দ্রাননে জয় নাম কর গান প্রেমানন্দ ভরে।

৺জাহ্নবীতট বরাহনগর ্রেমবার ১৫ই আশ্বিন ১৩২৯ সাল

প্রার্থনা

8

अञानीस्ताम ।

জয় দয়ায়য় বিভু এ তোমার করুণ
আজি হ'ল স্থারাণীর শুভ জন্ম দিন,
সে আজ সতর ঘরে
বিসল আনন্দ করে
পতি অঙ্ক লক্ষ্মী করে দেব রেখ চিরদিন।
মনের মতন পতি
পাইয়াছে ভাগ্যবতী
প্রভু দয়ায় করেছ তুমি দান
সর্বর গুণবান তিনি গোপিকারঞ্জন।
বসে মা জাহ্লবী তীরে,
এই মাগি প্রাণ ভরে,
শিরে আজি গ্লুকনার আশিস কর প্রদান।
স্থাই কায়ে শান্তি লয়ে স্থার্ঘর্য জীবনে
স্থা হাসি সদা হাসি রহে এ ভুবনে।

শুভকামনা

ভক্তি প্রণাম করি

লও হে দয়াল হরি

চির শান্তি রেথ প্রভূ এই ভটাশ্রমে। দাদাবাবু ও দিদিমার

স্নেহাশিস আজিকার

ধর মাথে আনন্দেতে শুভ দূর্ববা ধান আদরের দাদামণি গোপিকারঞ্জন,

আদরিণী স্থধারাণী পরি' চির সিন্দূর ভূষণ প্রেমানন্দে উভয়ে গাও জগদীশ নাম।

৺জাহ্নবীভট বরাহনগর

শুক্রবার ২৮শে পোষ ১৩২৯ সাল।

শুভ সাশীর্বাদ

দীন দয়াময়

প্রীহরির ইচ্ছায়

আজি হ'ল মোর শ্রীপঞ্চমী. ঘরে আইলেন মা বীণাপাণি,

পতি সঙ্গে

মন রক্তে

কন্যা পুত্র কোলে করি, আমি যে দীন ভিখাৱী. কি দিয়ে আদর করিব মায়েরে. হরি পদে ভাই মাগি যোড করে.

দাও তুমি মোরে

হে দেব চিরদিন ভরে,

এই ধন দিতে পারি যেন মায়,

যাহা যাচিতেছি তোমার মঙ্গল পায়।

লোহ শখ আর রূলি আভরণ শুভ সিন্দুর ও চন্দন

পরাইয়া দিব মায়ের ভালে.

লোহিত বসন, চরণে আল্ডা, ফুল মালা দিব গলে।

মহা রত্ন ধন বিশাস মুক্ট পরাইয়া দাও তুমি মার শিরে, জ্ঞানের কুগুল দোলে যেন সদা আমার মায়ের কর্ণোপরে। প্রেম রত্ন ধন, তব শ্রীচরণ,

সদা যেন মার হৃদি শোভা করে, শুভ কর্ম্ম দান হাতের বলয় যেন সদা হাতে ধরে। প্রেমের অঞ্জন মায়ের চোখেতে পরাইয়ে দাও তুমি নিজ হাতে,

জগত জননী রূপেতে মা আমার সদাই যেন সাজিয়া থাকে।

ক্ষেহ দয়া লজ্জা গুণ

নারীর চির ভূষণ

আমার মা যেন সতত পরেন,

কমা সত্য সরলতা

সদা হাসি মুখে স্থাকণা

মা আমার যেন সকলকে বলেন।

রমণীর শ্রেষ্ঠ ধন

সতীয় মহা রতন

আমার মা যেন আদরে রাখেন,

দিয়ে প্রেম ভক্তি ধন

প্রভু তব ও পদ্ম চরণ

মনেতে মা আমার যেন সর্বদা পূজেন।

দয়াময় দয়া করে

দিয়েছ ভূমি মায়েরে

মনোমত পতি গুণের আকর আমার ফণী, সাজায়ে দিয়াছ তাহার মাথায় বুদ্দি বিভাধন জ্ঞান রত্ন মণি। দয়া ক্ষমা গুণ সহাস্থাবদন

সদাই প্রফুল্ল মন,

সভ্য বিনয় শীলভা

সদা মিষ্ট কথা

করিয়াছ্ তার অঙ্গের ভূষণ।

শুভ কর্ম্মে মতি

গুরু জনে ভক্তি

এই আশীর্কাদ করিয়াছ দান,

কর অসীম সাহসী

হোগাতে বিশ্বাসী

ধর্ম্ম যেন হয় প্রাণ।

কুপাময় কুপা করে

দিয়াছ তুমি মায়েরে

মনোমত কল্যা ও পুত্ৰ ধন,

তাহাদের লয়ে

পতি সোহাগিনী হয়ে

শান্তি মনে মা আমার থাকেন চিরদিন।

দীর্ঘ জীবী করে

রাখ মহীপরে

এই মম আকিঞ্চন.

চির স্থা করে

স্থস্থ কলেবরে

সদা রক্ষা কর এই চারি জন।

ধর্ম্মে থাকে মতি

শ্রীপদে ভক্তি

এই পরিবারে তৃমি কর শুভাশিস দান, মনের কামনা মম করিও পূরণ।

দেখে যেন মরি

হে দয়াল হরি

এই শেষ ভিকা কর মোরে দান,

স্থ্যপুনী মায়ের কোলে জয় রাধে গোবিন্দ ব'লে

মস্তকে ধারণ করে সিন্দূর ভূষণ।

শুভকামনা

অন্তিমেতে পাই যেন

অভয় চরণে স্থান

করিতেছি প্রাণ ভরে এই নিবেশন,

ভক্তি প্রণিপাত

লও বিশ্বনাথ

প্রেমময় প্রভু আমার জনার্দন।

ইতি মঙ্গলপ্রার্থী বীণাপাণির মা

৺জাহ্নবীতট বরাহনগর বুধবার ২২শে মাঘ ১৩২৫ সাল।

বিভূচরণে

वनवानी मिनियात खार्थना।

আজি গাওরে আমার মন প্রেমেতে হয়ে মগন
মা গঙ্গা তীরে স্থাময় ব্রহ্মনাম বদন ভরে,
গাঁর দয়ায় পুত্র ধন লভিল মোর ফণী বীণা রতন
সাজাও তাঁহার পদ ক্রভক্ততা উপহারে ।
কুপাময় কুপা করে দাও তুমি এ শিশুরে

সদা হুস্থ কায়,

ভব পদে মতি যেন চির দিন রয়। দয়া ধর্ম্ম প্রেম ভক্তি সর্ব্ব শুভ কর্ম্মে নিঙ্গ শক্তি দান কর হইয়া সদয়,

চির দিন দাস করে রেখ রাঙ্গা পায়। দীর্ঘ জীবী করে রাখ ধরা'পরে

> পিতা মাডার কোলে যেন স্থাথ রয়, এই ভিকা মাগিতেছি শ্রীপাদ পল্মে দয়াময়। এ দিন হইবে মম নাহি ছিল মনে, ভুমি মনে করিয়াছ হ'ল সে কারণে।

আনন্দে আজি খোকা মণি হৃদে লই তুলে

স্থে তুঃখে যেন অভয় চরণ নাহি থাকি ভুলে।
ও পদ কমলে মতি চির দিন রয়

দান কর এই দয়া জগতের রায়।

হে খোকা মণি

ধান দুৰ্ব্বা করে নিয়া

তব মস্তকেতে দিয়া

শুভাশিস করিতেছি দান,

স্থচন্দন বন ফুলে হও স্থাভেন।

শ্রীরাধা কৃষ্ণ দাস হয়ে

সদা স্থস্থ কায় লয়ে

স্থদীর্ঘ জীবনে কর হরি গুণ গান।
মম এই মনোরথ হয় যেন পূরণ,
দয়াময় বিভু পদে প্রাণ ভরে এই নিবেদন।

ইতি মঙ্গলপ্রার্থী খোকা মণির দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর

বুধবার ২২শে মাঘ ১৩২৫ সাল।

শ্রীশ্রীবিভুর চরণ বন্দনা

B

বীণাপাণির কন্তা পুত্র লইয়া বাঁকীপুর শুভাগমনে প্রাথনা।

জয় বিভ দয়াময়,

তোমার শুভ ইচ্ছায়

नव वर्स आिक गम इरेल छ्रिन,

এ দিন পাটব আশ। করি নাই (আমি) কোন দিন ছিল তব মনে. হ'ল সে কারণে

> নতুবা কেমনে পাইতাম আমি। কুপাময় হও তুমি জগতের স্বামী।

তব দয়া গুণে

কন্তা পুত্র সনে

প্রেরণ করিতেছি আমি নিরাপদে বীণাপাণি

শুভ দিনে পতি পাশে।

তুমি শুভাশিস কর

তার শিরে দিয়ে কর।

থাকে যেন শাস্তি মনে পতি পুত্র কন্সা সনে,

স্থন্থ দেহে তথা যেন স্থান্থ করে বাস। দীর্ঘ জীবী কর সবে এই মম অভিলাষ। পবিত্র মনেতে করি শ্রীপদে প্রণাম,
কুপা করে তুমি পিতঃ করহ গ্রহণ।
কন্যা পুত্র সনে প্রফুল্লিভ মনে,

এস মাগো বাঁণাপাণি তুমি পতি পাশ। ধান দূর্ববা মাথে দিয়া করি শুভ আশীর্নবাদ। পতি কন্যা পুত্র ধন লয়ে সুখী হও অনুক্ষণ

> শান্তি লক্ষ্মী দেবী সদা করুন বিরাজ মান। অস্তুরে সতত রেখ দয়াময় বিভু চরণ। স্থপুষ্প চন্দন আল্তা সিন্দূর ভূষণ, পরিয়া সেজে থাক মা তুমি চিরদিন।

পতি পুত্র কন্সা ধনে পীড়া হয় অনিয়নে রেথ অভি সাবধানে থাকে যেন মনে।

নিজেও থাকিবে তুমি অতি স্থানিয়মে।
শরীর এখন তব সারে নাই ভাল করে,
তথাপি পাঠাইতেছি মা তোমায় বাঁকীপুরে।
নায়ের এই কথাটি রাখিও স্মরণে,
অবহেলা করিও না উষধ সেবনে।
স্থান্থ কায়া বিনা স্থা নাহি আর,
সদাই রাখিবে তুমি প্রফুল্ল অন্তর।
মা বীণাপাণি,

তব খন্দ্রঠাকুরাণী

দেবা সম হন তিনি

সর্বদা তোমারে কত করেন যতন। সে কারণে স্থৃন্থ মাগো থাকে মোর মন, তাঁহাকে জানাইও তুমি সামার প্রণাম। প্রতি দিন প্রাতে

দিও তুমি মাথে

শ্রদ্ধা ভক্তি করি তাঁর পদধূলি। তাঁর আশীর্কাদে প্রধা

থাকিবে মা স্থথে

বলিও সকলে স্থমধুর বুলি। পদ সেবা কর পতির প্রফুল্ল অন্তরে, চাহিও না কোন দ্রবা তাঁ'কে অসম্ভোষ করে।

এই কথা চিরদিন

রাথে যেন তব মন,

আদরের হও বীণা, আমার কোলের ধন।
সেদিন চকিতের ভায় দেখে ছিমু ফণী ধনে,
তোমাকে লইতে এলে পুন: দেখিব নয়নে।
দূর পথ বলে ভাহা স্থবিধা হ'ল না
মনেই রহিল মম আশার কল্পনা।
বাহা পাঠাইতেছি একটি ফুল ও দূর্ববা ধান,

মম আদরের ফণী ধন

তাঁহারে করিও দান,

এই মম শুভ আশীর্কাদ,
শ্রীচরণায়ত পান করে হন যেন নিরাপদ।
আবার স্থবিধা হলে পূজার সময়,
পতি পূক্র কন্সা লয়ে এস মা এথায়।
সকলকে দেখে পুনঃ স্থী হব মনে,
প্রাণ ভরে ধন্যবাদ দিব ভগবানে।
গোঁধেছি যতনে আমি গোলঞ্চ ফুলের তোড়া,
সেহ করে পাঠাইতেছি হইয়া প্রফুল্ল ভরা।

বন ফুল আদরে লইয়া করে, পরিও মা ছদি পরে, আনন্দে সাঞ্জাইও পুত্র ধন ও বেবীবালারে।

> ইতি তোমার মঙ্গলপ্রার্থী মা

৺জাহ্নবীতট বরাহনগর শনিবার ৬ই বৈশাখ ১৩২৬ সাল।

াশীসশ্বর সহায়

দয়াময় ভগবান

कर्न कला।

পুন: স্থসংবাদ মোরে করিও প্রদান। মাগো বীণাপাণি

প্রায় পাঁচ মাদ পরে

মনে পড়েছে মায়েরে

দেখে বড় আনন্দিত হইয়াছি আমি।

হেরি তব হস্তাব্দর

যে প্রফুল্ল হ'ল অন্তর

তাহা কি জানাতে পারে এই সামান্ত লেখনী, তথাপি তোমাদের শুভ সংবাদ মা কিছই দাওনি বাঁকীপুর যাওয়াবধি

সকলেরি শুনি বাাধি

স্থথবর কোন দিনও শুনি নাই,

ইহাতে হৃদয়ে আমি বড়ই বেদনা পাই। অফুখ সবারি হয় আবার সারিয়া যায়

(দশদিন পরে)

চিরদিন স্তস্থ নাহি থাকে কোন নরে।

তোমাদের পীডা হ'লে

আমার অদৃষ্ট ফলে

ছাড়িতে চাহে না আর,

যতদিন আমি থাকিব জীবিত,

তোমাদের তরে রহিব চিন্তিত
দেখিতেছি এই বাঞ্চা বিধাতার।

চির দিনের ঘর হইল সেখানে

সুস্থ আছ সবে জানিলে পরাণে

হইব আমি সুখী,

এ লিপি কি কভু দেখিবে আমার সাঁখি ? থেক সাবধান মাগো. ওমা বীণাধন

অনিয়ম কিছু করিও না আর, পিত্তি বড় পড়াও তুমি এই চিন্তা হয় আমার। স্লেহের বীণাপাণি

খুলিয়া সে কথা লিখিও আমায় আসিবে কি তোমরা পূজার সময়,

পূৰ্বে শুনেছিমু আমি

বেছান ঠাকুরাণী

পূজার সময় আসিবেন কলিকাভায়।

পাকা দেখিবেন মিমুকে তথন,
শারীরিক তিনি এখন আছেন কেমন ?
তাঁর স্থেছ যত্ন গুণে তোমাদের কারণে
অনেক স্থান্থির থাকে আমার অন্তঃকরণ,
জানাইও তুমি তাঁরে আমার প্রণাম।

মোর থোকামণি

আর মম বেবীরাণী

তাতগণের স্নেহলাভ করিতেছে জ্বেনে তোমার দিদিরাও অভিশয় ভালবাসেন শুনে অভি প্রফুল্লিভ হয়েছে আমার মন। বাটীর শুভ সমাচারে করিবে আনন্দ দান মম স্নেহাশিস কনিষ্ঠদের করিও প্রদান। বেবীরাণী তার দাদাবাবু ও দিদিমাকে রেখেছে শ্বরণ ভাহাতে অভি পুলকিত হইল মোদের মন।

মম স্লেহের ভাই বোন্ আর পিতা মাতা ধন সবাকে হেরিতে বাঞ্চা করিছে নয়ন। পূকার সময় যদি আসা হয়

হেরি তোমাদের জুড়াইব প্রাণ,
আমার আদরের বাবা ফণী
আদরের বেবী ও খোকামণি
সকলকেই রেখ অতি সাবধান।
শ্রীচরণায়ত সকলকে দিও প্রতি দিন
ভক্তি পূর্বক আপনি করিও পান

সর্বন ব্যাধি কৃপাময় ভগবান করিবেন নিবারণ,
মহোষধি চরণামৃত এই বিশ্বাস যেন রাখে মন।
এই শুভ আশীর্কাদ করিতেছি দান
সদা হৃদয়ে জাগ্রত হউক অভয় চরণ।
ঈশর চরণে আমি করি এই প্রার্থন।
পতি পুত্র কত্যা সনে
স্থন্থ দেহে চিরদিন স্থথে থাক আদরের বীণা ধন।

ভোমার শুভাকাঞ্জী মা

৺জাহ্নবীতট বরাহনগর বৃহস্পতিবার ২৫শে ভাস ১৩২৬ সাল।

শ্রীহরি চরণে

প্রার্থনা।

আজ হেমন্তে মা বীণাপাণি
পতি কল্ঠা খোকামণি
লইয়া এসেছেন মোরে দিতে দরশন,
ধন্সবাদ তাঁরে দাও হৃদি পূরে

যাঁর দয়ায় এই বনালয় হইল স্থাধান।

স্থাদরে লয়ে মায়েরে

কোলের ধন কোলে করে,

স্থাদনি যাতনা এবে কর নিবারণ,

স্থাপ্ত এখন তৃমি তাপিত পরাণ।

স্থাদরের কালা ফলী দিদি বেবী খোকামণি

হ'জনার চাঁদ মুখ স্থাদরে কর চুম্বন,

হয়েছে এখন তব প্রফুল্ল স্থানন।

স্থাদরে কি দিবে স্থার

করাপ্ত স্থাজি গো তুমি স্নান

ইহাই সম্বল তোমার জীবনের ধন।

বন ফুল শুভ চন্দন
আদরেতে এই ভূষণ
পরাইয়া স্থী কর মন,
মায়েরে পরায়ে দাও সিন্দূর রক্মান্তরণ।
ধান দূর্ববা বাবার শিরে
দাওরে আনন্দ ভরে
প্রেমানন্দে শ্রীচরণায়ত সকলকে করাও পান
দয়াময় করিবেন সবার কল্যাণ।
রাখিও প্রভু আমার এই শুভ দিন
মাগিতেছি পদে
সবে নিরাপদে

থাকে যেন চিরদিন। আসি দেবী গঙ্গা তীরে আজ কমল শ্রীকরে

দান কর স্থদীর্ঘ জীবন।
প্রভু হইয়া ভূমি জননী
খালাস করিয়া দিও মম স্নেহের বীণাপাণি।
নিরাপদে মা ষষ্ঠী দেবী করি পূজা,
বসম্ভে বীণাপাণি মাতা.

পতি সনে

ফুল্ল মনে

আসিলে পুনঃ এখানে লয়ে তিনটী সন্তানে প্রাণ ভরে ধন্যবাদ দিব অভয় চরণে। পূর্ণ হয় যেন এই বাসনা জানাতেছে দীন কল্যা

হরি হে তব সদনে আদরের মা মণি বীণাপাণি আদরের বাবা মণি মোর ফণী

বনবাসী মার

স্লেহাশিস হার

আদরে কণ্ঠে করহ ধারণ।

লয়ে থোকামণি

আর বেবীরাণী

সতত স্মরণ কর দয়াময় হরি চরণ ঈশ্বর রুপায় লভ' আবার নব সন্তান।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী ভোমাদের জননী

ভজাহুবীতট বরাহনগর

শনিবার ২০শে অগ্রহায়ণ ১৩২৬ সাল

जरा जरा बी बीजगरीम जरा

--:0:0:---

দিলেন নিরাপদ করি বীণাধন।
কল্য সন্ধা হ'তে নয়টা অবধি ছিমু অতি উচাটন,
তার পর স্নেহের ভ্রাতা আসিয়া নলিন,
করিলেন মোরে স্থ-সমাচার দান,
তথন পাইল শান্তি আমার জীবন।

শুনি নাই ব্যথা কবে এখানে আসিবে মাতা ভাহাই ভাবিতেছিল মোর মন :

জানিয়া অত্যন্ত উদিগ্ন মন প্রভু হয়ে অতি কুপাবান, নিশীথে দেখালে তাই কোন চিন্তা আর নাই

হয়েছে মা বাণাপাণির একটি পুত্র সন্তান, আশ্চর্য্য হইলাম তথন হেরি ফলে ফুলে প্রাতে এই শুভ সংবাদ পুনঃ প্রেরণ করিলে। পাই যেন চিব্ৰ দিন

বিশ্বনাথ তব দয়া স্থথে তুথে না থাকি ভূলিয়া

কভু অভয় চরণ,

ঙ্গদয়াসনে সভত থাকিও বিরাজমান।

মাগিতেছি এই ভিকা

ক্রুণাম্যু দীন স্থা

করে দাও উপশম ভেদাল বাথার যাতনা

শুনি যেন হইয়াছে স্থস্থ, মোর আদরের বীণা।

নিরাপদে মাতা পুত্রে রাখিও সৃতিকাগারে,

কুপাময় যাচি এই তোমার শ্রীপদ 'পরে.

করি মা ষষ্ঠীর পূজা

এথা এলে বীণামাতা

পতি কতা পুত্ৰ হু'টি সনে,

হেরি স্তম্থ সবার চাঁদ বদন প্রফুল্লিত হইবে মন

মহানন্দে ধন্যবাদ দিব অভয় চরণে,

ইতি বীণাপাণির জননী

৺ক্তাকবীত**ট**

মক্তলবার

বরাহনগর

২৩শে অগ্রহায়ণ ১৩২৬ সাল

প্রীপ্রীজগদীশ

চরণে প্রার্থনা করিভেছে বীণাপাণির ম। বীণাপাণির শুভ জ্বন্ন দিন।

বরাহনগরে

জননী জাহ্নবী তীরে

আজি প্রাণ ভরে মন গাওরে
জয় জয় জয় জগদীশ নাম।
যাঁর কুপায় বাণাপাণি করিলেন
নিরাপদে একুশ বৎসরে আজ আরোহণ,
সেই চরণ সরোজে করি ভকতি প্রণাম,
প্রেমানন্দে গান কর জয় ব্রহ্ম সনাতন।
হে প্রভু মঙ্গল ইচছায় ভোমার
রাত্রি ৮টা ১মিনিটে তেরই পৌষ মঙ্গলবার
অফ্ট বংসর পরে ১৩০৫ সনে
চন্দ্রগ্রহণ দিনে

ভায়মগু হারবারে পাইসু ধন কোলের উপরে, কভই যাতনা সয়ে, মাতা বীণাপাণি। তথন তব কুপায়

হইতে ছিল জয় জয়

সকল ভুবনময় শুভ হরি ধ্বনি।

বাজিল মঞ্চল বাদন

কাঁসর ঘণ্টা শব্ধ রতন,

পিত:, তব করুণায়

সে সময় আনন্দময়

হয়ে ছিল জগঙ্জন

ধরায়ে এলেন যখন মা আমার বীণাধন। নিরখি হইনু সুখী জননীর চন্দ্রানন,

সকল বেদনা তখন হইল উপশ্ম,

মায়া দেবী হৃদি রাজ্যে করিলেন আগমন,

আদরে লইনু বক্ষে জুড়াল জীবন।

মঙ্গলবারে করেছেন মাতা সর্বন মঙ্গলা শুভাগমন প্রভু তব শুভ আশীর্বাদে পালিয়াছি নিরাপদে

দিয়াছ ভূমি মায়েরে সর্ববগুণময় স্বামী।

দয়ায় তোমার বসিয়া স্থৃতিকাগারে আজি মা আমার

থোকা মণি কোলে করে

হইয়া জননী

মাগিতেছি পায়

ওহে কৃপাময়

নির্ভয়ে সৃতিকাগারে রক্ষা কর তুমি। তে দেব আজ কর শুভ আশীর্কাদ.

দিয়ে মার মাথে শ্রীকমল হাত।

পতি কন্থা পুত্ৰ হু'টী

লয়ে মোর বীণা সতী

স্থদীর্ঘ জীবনে সবে শান্তি স্থথে যেন রয়,

ধর্ম্মে রাখিও মতি

তব শ্ৰীপদে ভক্তি

থাকে যেন সকলের চির সুস্থ কায়,

যাচি আজ অভয় পদে এই দয়ানয়।

নিরাপদে ষষ্ঠা দেবী ক্রাপ পূজা

করি মোর বীণামাতা

পতি সনে ফুল্ল মনে লয়ে তিনটা সন্থানে,

নির্বিয়ে এলে এখানে,
প্রাণ ভরে ধন্থবাদ দিব করুণ চরণে।

পরাব মায়েরে আল্তা সিন্দৃর ফুল চন্দন,

শ্রীচরণায়ত আনন্দে করাব পান,

সকলের মাথায় দিব শুভ দূর্বাধান,
বনবাসী হই আমি, এই আমার মহাদান।
প্রভু হে রাখিও চির মোর এই শুভ দিন,

আজি শুভ জন্মদিনে কি আছে দিব গো আর,
বীণাপাণি, কণ্ঠে পর মায়ের শুভ স্নেহাশিস হার।

ইতি মঙ্গলপ্ৰাৰ্থী মা

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ১৩ই পোষ ১৩২৬ সাল

জয় জয় শ্রীহরি জয় জগদীশ

-:0;----

আজি এই শুভ দিনে প্রেমেন্ডে আনন্দ মনে
করি গান জয় জয় জয় পরমেশ,
নিরাপদে বিভাবরী করিন্থ প্রভাত,
জয় জয় জীহরি জয় জগদীশ।

যাঁহার কুপা বলে মণি নব খোকা লয়ে কোলে ধরে কন্তা পুত্র কর স্হিত নিজ্ঞ পিতার,

করেছেন মা বীণাপাণি শুভ আগমন, পুনঃ ষষ্ঠীতে আজ শ্রীপঞ্চমী হইল মম ভবন।

জগত জননী কমলা হয়ে মা ষষ্ঠী শীতলা রাখিতে শীতল এ তাপিত প্রাণ,

অতি দয়াশীলা সাথেতে আনিলা

আমার কোলের ধন,

আদরে লয়ে সবারে কোলের ধন কোলে করে জুড়াই এবে জীবন।

হেরিমু যাঁর করুণায় সকলের চন্দ্রানন,
শান্তিময়ী মাতা গল্পা তীরে
বিস আজ আঁথি প্রেম নীরে
ধোয়াইয়া দাওরে মন মন্সল চরণ তাঁর,
প্রাণ ভরে ধন্যবাদ দান কর প্রেম উপহার।
যাঁর দয়ায় এই বনালয় হইল আজি স্থখময়
মায়েরে পরায়ে দিয়ে শুভ চন্দন সিন্দূরাভরণ,
বন ফুল শ্রীচন্দনে ভগিনী ও ল্রাতাগণে

কুল্ল মূথে চাঁদ বদন করবে ভূমি চুম্বন আদরে আজি সবার,

> প্রাণ ভরে বক্ষে ধরে দাওরে প্রেমালিঙ্গন, প্রেম ফুলে সাজাও আজি দয়াময় বিভূচরণ, কানাই বলাই কোলে করে ভক্তি ভরে নমি তাঁরে সার্থক করি জীবন।

মাগি প্রভূ পায় ওছে দয়াময়

কুপায় করিও দান এ ছু'টা শিশুরে তুমি প্রেমধন, তব অমুগত হয় যেন মহাভক্ত এই ছুই জ্বন, মোর দাদামণি কৃষ্ণদাস আর মণি ভাই রাধানাথ প্রাণ ভরে ক্রিতেছি এই নিবেদন। মম লক্ষ্মী বেবী দিদিমণি হে জ্বগৎস্বামী
প্রেমিকা হয়েন যেন তুল্য রাধারাণী।
লয়ে শ্রীচরণামূত হয়ে অতি ক্ষয়িচিত

এই অমূল্য রতন করি সকলকে প্রদান,
পান করে হও সবে স্থায় ও বলবান।
বনবাসী দিদিমার এই স্নেহ ধন,
মঙ্গল প্রার্থনা করি ঈশ্বর সদন।

আজি দয়াময়

ट्ट्रेया अपय

শ্রীকমল করে সকলের শিরে শুভাশিস কর দান.

স্থদীর্ঘ জীবনে

স্থপবিত্র মনে

স্কুস্থ থাকে যেন শান্তিতে চিরদিন

নঙ্গল পদে করি ইহা নিবেদন।
বাবা ফণী সনে পুনঃ করাইও সবে শুভ দরশন,
ধান দূর্ব্বা দিয়া মাথে শুভ স্লেহাশিস করি সবাকে

সতত ভক্তিতে রাখিও চিতে

দয়াল হরির অভয় পদ, থাকিবে সদা নিরাপদে।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মা ও দিদিমা

৺**জা**হ্নবীতট বরাহনগর শনিবার ২৩শে মাঘ ১৩২৬ সাল।

जर बीजगरीम जर

:0:0:-

হে বিভূ করুণাময় তোমার মঙ্গল নাম আনিয়াছে নব বর্ষে আজি এই শুভ দিন। পতি সনে বীণাপাণি রবি ছবি চু'টি মণি সাথে লয়ে বেবীরাণী ভোমার রুপায়. ফুল্ল মনে মা আমার চলিলেন নিজালয়। হইবে হেন স্থদিন করেনি মন একদিন হইল কেবল প্রভু ভোমার দয়ায়, এর চেয়ে স্থুখ মোর আর কি আছে ধরায়। তথাপি যাইবার কথা শুনি ব্যাকুল হয়েছে প্রাণী যদিও আমি পাষাণী জানাব কি আর. সেই দিন হ'তে আঁখি ঝরিছে সদা আমার। নিতা কারে পাঠাইব ক্ষীর ও সর. পাষাণেতে মায়া কেন রহিয়াছে আর. वत्न व मीन कृषीत्त्र. এস নাথ দয়া করে আৰু বিমিশ্ৰিত নীরে ধুয়েদি পদ কমল, কুপায় হৃদয়ে রাথ অভয় পদ যুগল।

শুভক মনা

মাগি হে চরণে

মায়েরে যতনে

চির দিন সাজাইব সিন্দ্র ফুল চন্দনে, যত দিন জীবিত থাকিব এ ভুবনে,

নাহি কোন আর প্রয়োজন আমার মূল্য ধনে। শ্রীমঙ্গল করে আজি মার শিরে

শুভ আশীর্বাদ কর প্রভু দান,

পতি শিরোমণি

তন্যা হৃদ্যু মণি

নয়ন মণি ছু'টি সন্তান,

সকলের সনে

স্থন্থ শান্তি মনে

বীণাপাণি মা আমার রহে যেন স্থাথ স্থদীর্ঘ জীবন প্রভু, দান কর তুমি সবে।

জননী জাহ্নবী তীরে

আজি আমি প্রাণ ভরে

অভয় চরণ'পরে করি এই নিবেদন করুণায় কর গ্রহণ ভকতি প্রণাম।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী মা

৺**জা**হ্নবীতট বরাহনগর বুধবার ৮ই বৈশাখ ১৩২৭ সাল।

প্রার্থনানন্দ গাৰ

ভরস। মঞ্চলময় औহরি চরণ।

শুভ উষা বলিছেন

গাও জয় ত্রন্স নাম

আজ মণি ছবি ধনের শুভ অন্ধপ্রাশন, দ্যাল নাম সুধা রসে মনরে হও মগন.

যাঁর কুপায়

আজ মণি ভাই

ছবি ধনের শুভ অন্নপ্রাশন।

বলরে মন জয় জয়

হে সচ্চিদানন্দময়

করুণা করে আমারে এস এই বনাশ্রম.

বসে মা গঙ্গার কোলে আনন্দের প্রেম জলে

কমল পদ ধুয়ে দিয়ে প্রেমার্গ করি প্রদান। প্রভু দয়াময় যাচিতেছি পায়

> তব প্রিয় সন্তানে দাও স্থদীর্ঘ জীবন মঙ্গল কর শিরে তার করহ অর্পণ।

করি এই নিবেদন আৰু শুভ অন্নপ্রাশন.

পিতা মাতা ভগ্নী ভ্রাতা আত্মীয় সঞ্জন মণি ছবি ভবে লয়ে পাক সুখে

অধরে তার সুধা হাসি রেখ অসুকণ।

জানাতেছি শ্রীপদে রাখিও তারে স্তন্থ দেহে প্রভু তুমি কর এই দান,

দয়া ধর্মা শ্রন্ধা ভক্তি স্নেহ ক্ষমা জ্ঞান শক্তি,

বিশাস ও বিগ্লানিধি

সরলতা ও শান্তি.

প্রেম রত্ন অমূল্য ধন, তার চন্দ্র মুখে স্থধা হাসি করাও মোরে দরশন, হে রিয়া প্রফুল্ল হউক আমার অন্তঃকরণ।

স্থভাত হ'ল রজনী উদিল শুভ দিনমণি

আৰু ভাই মণি ছবি ধনের শুভ অন্নপ্রাশন

উঠ আমার বাবা ফণী উঠ মাতা বীণাপাণি

কন্যা পুত্রগণে তুলে সকলকে লইয়া কোলে

প্রাণ ভরে গাও জয় জগদীশ নাম.

যাঁর অমুগ্রহে আজি শুভ অন্নপ্রাশন।

ভক্তি ভাবে

ভার পদে

করিয়া প্রণাম

ভবে সবে নিজ কার্য্যে হস্ত কর দান।

হাসি মূথে মা বীণাপাণি, কোলে লয়ে ছবি মণি,

করিয়ে দাও গো শুভ স্নান.

শ্রীচরণামত তার মুখে দিয়ে তথ্য পান করাইয়ে.

শুভ নব পট্ট ধৃতি পরাইয়ে,

হইয়া প্রফুল্ল মন

আদরে যতন করে

সাজায়ে দাও মা তা'রে

আজি শুভ দিন বরের মতন ;
পাউডার ও স্থগন্ধি মাখাইয়া,
নাসিকায় তিলক দিয়া,
পরাইয়ে দাও মাগো ললাটে শুভ বর চন্দন।

আজি শুভ দিনে সাজিছে আদরের ছবি ধন

পদ্ম চরণ পদক দাওহে হরি হৃদয় ভূষণ,
পদক রতনে হৃদি হউক সুশোভন.
প্রভু মোর এই আকিঞ্চন,
সুন্দর তারে দেখে যেন জগতের জন,
পরিয়ে দিয়ে শুভ ফুলের মালা, শোভা করে দাও মা গলা,
দাও গো মা টোপর তুলে মস্তক উপর,
তব কোলের ধন মা, ছবিমণি সাজিতেছে আজ বর
নিরখিয়া অতি সুখী হইতেছে মম অন্তর,
চন্দ্র মুখখানি সুধা হাসি ভরা হেরিতেছি তার।

ঈশর রূপায় পুনঃ
শুভ বিবাহের দিন
সিন্দুর পরে আনন্দে মা সাজাইও তারে আবার,
যাচি এই ভিক্ষা বিভূ পাদ পদ্ম 'পর।
আজ ভাই মণি ছবি ধনের শুভ অন্ধপ্রাশন,
দাদা ভাই রবি মণি
সাজায়ে দাও আনন্দে আজি শুভ দিন।

ভাই ছবি মণির সনে. তাহারাও চুই জনে.

করিবে হরষ মনে প্রসাদ ভোজন. শ্রীচরণায়ত তোমরা সকলে করিও পান। ভাই ছবি মণি করিয়াছেন ঠাকুর প্রণাম জগদীশ শুভাশিস কর তারে দান।

প্রসাদ ভোজন পরে পান দর্ববা দিয়া শিরে

করিলে সকল গুরুজনে শুভ আশীর্বাদ.

মোর আদরের বাবা ফণী আদরের মা বীণাপাণি.

স্মরিয়া মঞ্চলময় পরমেশ পদ ফুল্ল মনে চুইজ্ঞানে

মস্তকে ধান দুৰ্ববা দানে

মণি আদরের ছবি ধনে কর স্লেছ আশীর্কাদ।

আদরের রবি মণির

আদরের বেবী রাণীর

মাথে দাও ধান দূৰ্বা শুভ ক্লেহাশিস হাত। শুভ দুৰ্ববা ধান

সোনার বোতাম

দিয়ে হুর্দান্তরে করিছেন আদরে

ছবি মণির দাদাবাবু শুভাশিস প্রদান

দীর্ঘায় হইয়া স্থাপে থাক চির দিন।

দিদিমা আদরের ধনে

শুভ ধান দুৰ্ববা দানে

পুলকিত হয়ে করিছেন এই সেহাশিস দান

লয়ে প্রীতি ও স্থদীর্ঘ জীবন অমূল্য রতন অভয় হরিচরণ,

মণি ভাই ছবি হও ভকত প্রধান।

আসিলে এথায়

সাজাব তোমায়

সে দিন বনফুলে চন্দনে মনের মতন, আদর করিয়া কমল হাসি বদন, হৃদে তুলে করিব চুম্বন,

মহানন্দে ঐচরণায়ত করাইব পান।

স্তুস্থ থাক চির দিন

এই বাসনা করে মন

মণি ভাই ছবি ধনের আজ শুভ অন্নপ্রাশন। মাগি এই যোড় করে ভগবান রূপা করে

আজি এই পরিবারে সবে দাও দীর্ঘ জীবন।
স্মন্ত্রল কর দান শান্তিময় থাক্ধাম

নিতাানন্দে তব জয় নাম হউক কীৰ্ত্তন।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মা ও দিদিমা।

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ৯ই শ্রাবণ ১৩২৭ সাল

প্রার্থনা

হে নিরাকার প্রভু পরাৎপর দেখিমু প্রভাতে স্বপনে হৃদয়ে ধরেছি আমি আদরের মা বীণাপাণি আমার কোলের ধন হৃদয় রতনে। তদবধি মম চিত্ত তৃষিত চাতক মত যাচি হে শান্তি বারি তোমার শান্তি চরণে। আঁথি তফা কর দুর দেখায়ে মায়েরে মোর বিশ্ব পিতা এই ভিকা তব বিল্লমানে। আদরের কন্যা ধন পতিরত্ব পুত্রগণ লয়ে আসেন মা বীণাপাণি যেন হাস্ত বদনে। হেরিয়া সবায় ভোমার কুপায় আনন্দে বসি মা গন্ধার কোলে, যুড়ি ছু'টি হাত দিব ধত্যবাদ জয় বিভূ দয়াময় সত্য সনাতন ব'লে। প্রভু নিরঞ্জন এই নিবেদন দীর্ণ আয়ু দান কর সর্ববজনে,

শান্তি স্থ রয়

সুস্থ দেহ হয়

যেন শ্রীচরণায়ত পানে
বনবাসী হই আমি কি দিব আর যতনে।
পিতাকে আদরে স্নেহেতে দিব বন ফুল উপহার
ভগ্নী ভ্রাতাগণে
চাঁদ মূখ চুম্বনে

দিয়ে বন ফুল করিব আদর,
আদরে মায়েরে পরাব শুভ সিন্দ্রাভরণ,
আজিকার এই প্রার্থনা করিও পূরণ।
অভয় চরণে রাখিও এ দীনে

প্রভু এই আকিঞ্চন শ্রীপদে বিশাস যেন থাকে চিরদিন। করুণায় গ্রহণ কর ভগবান হরি মোর ভকতি প্রণাম।

৺জ্ঞাক্ষবীতট বরাহনগর বৃহস্পতিবার ২১শে আখিন ১৩২৭ সাল

প্রার্থনা

ওছে হরি দয়াময়. আশায় নৈরাশ কেন করিলে হে আমায়. কাল সারা দিন আশা করে নিরাশ হইত্ব সন্ধ্যা'পরে লিখেছেন বাবা ফণী যাইবেন কৈলোয়ারে। যুচাও আমার ভ্রম ত্তব পদে রাখ মন মায়া যেন বলবতী হ'তে আর নাহি পারে. তুমি হে মঙ্গলময়, চিনিতে কে পারে তোমায় অন্ধকারে তিল ছুঁড়ে দেখি কোন্টা লেগে যায়। এনেছ মা গঙ্গার তীরে. কুপায় জ্ঞান জ্যোতিঃ দাও আমারে. ত্যো যেন নয়ন হইতে অপসারিত হয়, হেরি হে সত্যের জ্যোতিঃ মঙ্গলময় মুর্ভি অভয় পদে এই ভিকা মাগি হে করুণাময়. বনাশ্রমে শান্তি যেন হৃদয়ে সভত রয়।

তোমার সন্তান সবে

ফুস্থ যেন থাকে ভবে,

সম্পূর্ণ সারিয়া যেন আসেন হইতে কৈলোয়ার,

পুনঃ পদ্ম হাত বুলাইয়ে, দাও প্রভু সবার গায়ে,

ভাই মণি রবি ছবি মণির লুকায়ে যাক্ লিভর।

আদরের বাবা ফণী

মণি দিদি বেবীরাণী

মা মণি বাঁণাপাণি থাকে স্তুত্ত শান্তি মনে,

দীর্ঘায়ু করছে দান সবে নিজ দয়া গুণে।

জ্রীচরণে করিতেছি এই নিবেদন শেষ বাঞ্ছা হয় যেন পুরণ,

ভক্তি প্রণিপাত

হে বিশ্বনাথ

কুপাময় প্রভু করহে গ্রহণ।

৺**জাহ্ন**বীতট বরাহনগর শনিবার ২৩শে আখিন ১৩২৬ সাল

শ্রীহরি সহায়

---:0:0:---

মা মণি বীণাপাণি তোমার স্নেছ লিখন
পাইয়া বহুদিন পরে প্রফুল্ল হয়েছে মন।
তোমাদের কোন কথা তাহাতে নাহিক লেখা,
আমাদের কথা লয়েই পত্রখানির আয়তন,
তোমরা কেমন আছ লেখ নাই এক লাইন
ইহা কি মায়ের ভাল লাগে মা কখন ?
এই বার প্রত্যুত্তরে তোমাদের স্থখবরে

ভগবান কৃপায় করিও মায়েরে সম্ভোষ দান।

মোদের তরে

রথা চিন্তা করে

কেন সদা কফ পাও মা বীণা ধন, বেশী জলে আমি আর যাই না এখন, জানত সময় মোর না ধাকায়

> লিখিতে বিলম্ব হয়, পাও তব পিতার পত্রে সংবাদ প্রায়।

তাহার কারণ

চিন্তা অকারণ

ভবে কেন কর আর,

বিশাস নির্ভর

রেখ ঈশর উপর।

তোমার ছোট পিসিমা সাড়ে তিন বৎসর পর দেখেছেন চেহারা কিছুই খারাপ হয়নি' আমার।

অধিক আর কি লিখিব হৃদয় রতন, বেহান ঠাকুরাণীকে জানাইও আমার ভক্তি প্রণাম, মুম আদুরের ক্রিষ্ঠদের প্রদানিও ক্ল্যাণ।

বনবাসী মার

মা তুর্গাপূজার

স্নেহ উপহার পরিও মাথে, আদরের সিন্দ্র ভূষণ শুভ দূর্ব্বা ধান বাবা ফণীর কারণ

আর ভগ্নী ভাতাদের ভরে, বন ফুল পাঠাতে নারিলাম দূরে আল্তা পরিও নিজে আর পরাইও বেবীরাণীরে শ্রীচরণামৃত ভক্তিতে সকলকে করিও দান,

ও আপনি করিও পান পাঠাইন্ম যতনে,

দিয়াছি পবিত্র মনে জ্বগদীশ চরণে হরি দয়াময় হইয়া সদয় রাখিবেন স্কুন্থ সন্তানে। জ্বনীর স্লেহাশিস করহ গ্রহণ। পতি সনে

ফুল মনে

লয়ে পুত্রন্বয় ও কন্যাধন আনন্দেতে গান কর পরমেশ নাম।

> ইতি মঙ্গলপ্রার্থী ভোমাদের মা

৺**জা**হ্নবীতট বরাহনগর

শনিবার ৩০শে আখিন ১৩২৭ সাল।

জীহরি পদামুজে প্রার্থনা

ভভাশীর্বাদ।

পাষাণী হয়ে বনেতে করিতেছি বাস,
প্রভু ছিঁড়িতে নারি তথাপি এ মায়ার ফাঁস,
বেবীরাণীর পত্র পেয়ে মাহিত হয়েছে হিয়ে,
মাগি হে চরণে পুন: দেখাও শ্রীনিবাস।
আদরের বেবী দিদিরে বাবা মা ভাই দিগরে
হৈরি বরাহনগরে এই অভিলাষ।

मीर्चायु मत्व मात्न

শান্তি রেখ ছে মনে

না গঙ্গার তীরে মম এই আকিঞ্চন। আদরের সকলে সুস্থ থাকে যেন ভগবান গঙ্গা মার তীরে অভয় পাদপক্ষোপরে

করি হে ভক্তি প্রণাম।

কৃপায় করহ গ্রহণ

প্রভু নিরঞ্জন

শেষ বাঞ্চা রূপাময় এই বার কর পূরণ পদ্ম চরণে হরি করি নিবেদন।

আদরিণী বেবী মণি

তোমার লিপি থানি

পাইয়াছি কত দিন ভাই,

সকলে ভাল আছ জেনে

সুখী হইয়াছি মনে

সময়ের অনাটনে লিখিতে পারি নাই বিলম্ব কারণে তব কাছে ক্ষমা চাই।

মণি দাদা রবি

ভাই মণি ছবি

দিদি দাদাবাবু বলিছে দিদিমা

এ মধুর কথা শুনিভে হতেছে বড় বাসনা।

দিদি বেবীরাণী.

আজ কাল বেশ ফুল হইতেছে ভাই, পাঠাতে পারি না বলে বড় ব্যথা পাই,

এখানে আসিলে পরে

মনের মতন করে

সাজাব সকলে ফুলে এই ইচ্ছা সদাই, যাচি বিভূ পদে তাই। নিতা তুমি মার কাছে লেখা পড়া করিও বসে শিখিলে আপন হাতে লিখিবে উল্লাসে. মাকে লিখে দাও ব'লে বলিতে হবে না আর হইব প্রফুল্ল আমি দেখে তব হস্তাক্ষর। হও তুমি বিছাবতী গুণময়ী বৃদ্ধিমতী. সময়ে লভিবে পতি রূপ গুণাধার, রাথিও ধর্ম্মেতে মন পাইবে যোগ্য ভবন করিতেটি নিবেদন হরি পদে অনিবার।

বালিকাকে

রেখ স্থাথ

চির দিন হে ঈশর

আত্মীয় ও ভ্রাতাগণে পিতা আরু মাতা সনে শান্তিতে দীর্ঘ জীবনে থাকে নিরন্তর. সিন্দুর কোঁটায় সেজে অবনী ভিতর।

আদরের বেবীরাণী দাদিয়া ঠাকরাণী ভোমাদেরে লয়ে আসিবেন কলিকাভায় দয়াময় বিভুর কুপায়

হইয়াছে চিত শুনে পুলকিত

নিরখি সকলে, মোরা হইব প্রাফুল্লময়। আমার ভক্তি প্রণাম তাঁহার চরণে দান করিও ভাই তুমি।

ক্রিপ্রদের সকল আদরের

স্লেহাশীর্কাদ করিতেছি আমি.

কুশল সংবাদ দানে স্তুম্থ প্রোণী. মোরা সবে আছি ভাল জানিও ভাই ভূমি।

ইতি মঙ্গলপ্ৰাৰ্থী তোমাদের দিদি মা

৺**জা**হ্নবীতট বরাহনগর

বুহস্পতিবার ২৯শে বৈশাথ ১৩২৮ সাল

প্ৰাৰ্থনা, শুভাশীৰ্বাদ আনন্দোৎসব

জয় জয় জয় জগদীশ্বর জয় মা গঙ্গার ভীরে প্রাণ ভরে গাওরে হদয়। যাঁব মঙ্গল নাম করিল আনন্দ ধাম

আজি এই বনাশ্রয়.

আদরের বাবা ফণী

এসেছেন মা বীণাপাণি

ভগিনী মোর বেবীরাণী. ভাই রবি ছবি মণিদ্বয়. প্রেমানন্দে গাওরে মন জগদীশ জয়।

900

যাঁর করুণার নীরে শুক্ষ হৃদি সরোবরে कृष्टिल कमल पल, ४ छवाप पा ७ ठाँदि, প্রেম জলে নয়ন নদী বহিছে হে কুপানিধি. ধুয়েদি পদ কমল এস ভূমি দয়া করে। দীনের কুটীরে আজ হইয়াছে বিশ্ববাজ তোমার কুপায় শান্তি ধাম, ছুখারে নেহারি স্থুখী মা গঙ্গা প্রফুল মুখী তুলিয়া প্রেম লহরী গাইছেন জয় ব্রহ্ম নাম। ভরুবর প্রেম ভরে নমিছে পাদ পদ্ম'পরে বিহম্পমে গাহিতেছে বৈকালিক গান, জয় জগদীশর জয় সত্য সনাতন। বন লভা সখী যভ ভোড়া মালা ধরে কত দাঁড়ায়ে রয়েছে সবে পূর্ণ মনস্কাম। মাতা ভাগীরথী কুলে সমীরণ কুতুহলে ব্যজন করে স্থবাস করিতেছে বিভরণ। আদরের লয়ে সকলে বসে মা জাহ্নবী কোলে সন্ধাকালে অভয় পদতলে করি হে প্রণাম। जय जगमीचेत जय नित्रक्षन কর প্রভু আশীর্কাদ সন্তানগণেরে আজ थां कि मार्ग निवाश निर्देश मीर्घकीयन। কায় যেন স্বস্থ হয় চিরদিন শান্তি রয় এই ভিকা দয়াময় মাগি তব স্থান, সিন্দুরাভরণে সেজে থাকে মা ধরার মাঝে

শুভ সিন্দুর ভূষণ আমি করিছে প্রদান।

আদরে বাবার মাথায় দিই শুভ দুর্বগ্রান। ভগিনী ও প্রাতাগণে বন ফুলে স্থাপাভনে

আদরে লইয়া চন্দ্র বদনে করি চুম্বন। বনবাসীর এই শুভ দিন

রেখ কুপাময় চির্নদন

আজি মঙ্গল চরণে প্রাণ ভরে করি নিবেদন। আনন্দে শ্রীচরণায়ত নিতা করাইব পান

পিতা মাতার কোলে পুনঃ শোভে নব স্থসস্তান। এলে মা আগারে বৎসব পরে

আনন্দ করিতে দান প্রফল্ল বদনি আজি, স্নাথে বীণাপাণি পতি শিরোমণি

> কতা পুত্রগণে লইয়া সাজি। বনবাসী মাতা কি দিবে আদরে. মায়ের শুভ আশিস ধর গো মা শিরে. চির শোভা করি' সিঁথি মঙ্গল সিন্দুরে,

রতন পতি

সনে তুমি সতী

গাও পরমেশ জয় আনন্দ ভরে। তনয়া তনয়দিগরে লয়ে আদরে দীর্ঘন্ধীবী হয়ে সবে থাক ধরা'পরে।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী তোমাদের মা ও দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর

বৃহস্পতিবার ५७३ कार्क ५७२४ माल।

প্রার্থনা

দৰ্শন শুভ কামনা।

হরি দয়াময়

দীনের আশ্রয়

পড়ে আছি সিংহ বনে.

করুণা সাগর

জগত ঈশ্ব

রাখিও হে ড়াহা মনে।
বে ক'দিন প্রাণ পাখী থাকে এ দেহ পিঞ্জরে
শান্তিময় শান্তি বারি প্রদান করিও তারে।
চিন্তা বিষে জর জর হুইতেছে কলেবর

জান হে পরমেশ্বর জানাব কি আর ভোমারে,

নিত্য অস্থথের কথা নয়ন না ছাড়ে কুখা কি হবে বিশ্বের পিতা মাগি হে চরণোপরে।

বুলাইয়া পদ্ম কর মণি রবির লিভার উপর

স্থৃত্ব করে দাও শ্রীধর, মণি ছবি ও বেবীরাণীরে।
মা বীণাপাণি নিরাপদে সকলকে লয়ে সাথে
আসি দরশন দিয়ে জুড়ায় এ ব্যথিত প্রাণ.

আসি দরশন দিয়ে জুড়ায় এ ব্যাথত প্রাণ, এই ভিক্ষা পাদপল্নে মাগিতেছি ভগবান। বসে মা গঙ্গার কোলে কোলের ধন লয়ে কোলে ধনের ধন লয়ে সকলে গাইব তব জয় নাম, জয় হরি আনন্দময় হইল তব কুপায় আজি আনন্দিত বনাশ্রম।

কি দিব চরণে আর লও প্রেম অশ্রু ধার

ইহাই মম জীবনে আছে সার ধন।
তোমার মঙ্গল হাতে মা মণি বীণার মাথে

মঙ্গল আশিস কর দান,

চিরদিন পরিবেক সিন্দুর ভূষণ।

নির্নিবের প্রসব হয়ে চারিটি সন্তান লয়ে পতি সনে পুন: এসে করিবে আনন্দ দান দাও সকলকে হে প্রভু স্থদীর্ঘ জীবন।

সিন্দ্র মায়ের শিরে

দিব সবার মাথায় আমি শুভ দূর্ববা ধান,
বন ফুলে সাজাইব করিয়া যতন,
পরাইয়া দিব ভালে স্থগন্ধি চন্দন।
প্রেমানন্দে করাইব পান
অমূল্য চরণায়ত আমার রতন,
আভয় পদে ধন্যবাদ প্রাণ ভরে জগন্ধাথ
করিব প্রদান মম এই নিবেদন

বাসনা করিও পূর্ণ প্রভু নিরঞ্জন।

গ্রহণ কর হে আজি ভকতি প্রণাম জয় হরি দয়াময় ব্রহ্ম সনাতন।

৺জাহ্নবীভট বরাহনগর

সোমবার ৯ই শ্রাবণ ১৩২৮ সাল

প্রার্থনা

মাগি হে জীবন ভিক্ষা।

দয়াময় হরি

করুণা ভোমারি

নিরাপদে মোর রবি চাঁদে করহ প্রভু রকা। শ্রীচরণামৃত যখন পান করে.

ভক্তি ভরে

যোড় করে

প্রণাম তথনই করে.

শিশুর ভকতি

শুনিয়া শ্রীপতি

অতি বিশ্মিত হ'ল আমার মন। পেটে লাগাইবার তরে অমনি জামা তুলিয়া ধরে ভিতরে মহৌষধি রয়েছে তাহার জ্ঞান.

হইবে তোমার ভক্ত

নতুবা কি এই মত

বৃদ্ধি হয় ছগ্ধ পোষ্য বালকের, ভগবান ?

তুমি মোরে

দয়া করে

দীর্ঘ পরমায়ু দাও তারে.

করিবে ভুবন মাঝে প্রভু তব গুণ গান।

সেবককে না রাখিলে

বল এই ভূমগুলে

কে আর গাহিবে হরি প্রেমে তব জয় নাম,

যাচিহে জীবন ভিক্ষা আজি অভয় পদে নিরঞ্জন। হরি ভোমার চরণে ফেলিয়া রবি রভনে

রেখেছে মা বীণাধন.

তুমি তারে

কুপা করে

ভূলে দাও হাতে ধরে, ঙ্গদয়ে ধরুক পুনঃ হৃদয় রতন।

দিয়াছ তুমি তাহারে

যতনে পালন তরে

প্রাণপণে করিতেছে তোমার কার্য্য সাধন

জীয়ন্তে মা মাতৃহীনা

হয়েছে স্নেহের বীণা

করিও তুমি করুণা প্রাণ ভরে এই নিবেদন।

লয়ে পতি

मञ्जानानि

চির শান্তি স্থথে থাকে যেন,

স্থদীর্ঘ জীবন

প্রভু কর দান

সকলকে মণি রবির সাথে করাইও দরশন।

মা গঙ্গার তীরে

প্রেম ভরে

ধন্যবাদ করিব দান, মঙ্গল চরণে আজি ইহাই প্রার্থন, দয়াল হরি গ্রহণ কর ভক্তি প্রণাম।

> ইতি মঙ্গলপ্রার্থী রবি চাঁদের দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ১৫ই শ্রোবণ ১৩২৮ সাল।

র সহায়

৺कानी क्रक ভिन्न नग्र।

মা গঙ্গার তীরে

মনরে প্রাণ ভরে

গাও তুমি জয় জয় মা কালীর জয়,

আজি এই শুভ দিনে

বাহুতে রবি ধনে

ধরেছেন কালী মায়ের মঙ্গল বলয়।

হেরিতে বাসনা কত

করিছে হাদি অবিরত

দেখাইবেন জগদ্মাতা সম্পূর্ণ স্থস্থ করে তোমায়

নির্ভয়েতে

বিশ্বাসেতে

বল জয় জয় মা কালীর জয়।

রবি চাঁদে নিরাপদ করিবেন নাহি সন্দেহ
করুণা-গুণে মা কালী হয়েছেন যে প্রচারিত,

"সাধনের মায়ের" মুখে আজি তাহা শুনিলে কত।

দয়াময়ী কর দয়া দাও মোরে পদ ছায়া শান্তিতে রাখিও হিয়া রক্ষ মাতা রবি ধন, স্থদীর্ঘ জীবন দানে তোমার ভক্ত সন্তানে পদ্ম হস্তে কৃপাময়ী আজি শুভাশিস কর দান। হউক সুন্দর কায় যেন পূর্বন মত হয়

হাসি ভরা তার চন্দ্র বদন
শক্তিময়ী তার শক্তি রাখ এই নিবেদন।
রবি চাঁদের হাতে তব শুভ বালা মা থাকে যেন চিরদিন
ইহাই আজি প্রার্থন।

দাস করে

রেখ ভারে

আনন্দে গাহিবে মা কালী নাম।

দেখাইও কুপা করে, রবি মণির কোমল করে

মা ভোমার বালা ধরে হয়েছে কিবা শোভন।

লয়ে জনক জননী ভাতা ও ভগিনী

এলে ববি মণি এই বনাশ্রম,

জয় মা আনন্দে

ঐ অভয় পদে

করিব ধন্যবাদ অর্পণ,

260

এই আকিঞ্চন

পুরে মনস্কাম

গ্রহণ কর মা আজি ভকতি প্রণাম। ইতি মঙ্গলপ্রার্থী রবি মণির দিদিমা

আমার রবি রতন মা কালীর শুভ বালা করেছ আজি ধারণ। করি শুভাশীর্নবাদ থাক সদা নিরাপদ লইয়া দীর্ঘ জীবন,

কালী কৃষ্ণ দাস হয়ে সতত ফুল্ল হৃদয়ে জগৎ মাঝারে কর জয় নাম গোষণ।
মা কালীর দয়ায় আসিলে এথায়

তব চাঁদ মুখে করিব চুম্বন।

ইতি মঙ্গলপ্রার্থী
 ভোমার দিদিম।

৺**জাহ্ন**বীভট বরাহনগর

সোমবার ২৩শে ভ্রাবণ ১৩২৮ সাল

প্রাথনা

হে জগদীশর

কুপায় ভোমার

প্রফুল হইল মন,

নির্বিদ্নে মা বীণাপাণি প্রসবিয়াছেন একটি তর্নয়া রতন।

প্রভ লও ধন্মবাদ

রেখ নিরাপদ

মাতা ও কন্মায় সৃতিকাগারে,

এই নিবেদন

শীমধুসূদন

তোমার অভয় চরণোপরে।

নিতা স্থসংবাদ

দিও বিশ্বনাথ

শ্রীধর, আমার বন কুটারে,

দীনের শরণ

ঐ পক্ত চরণ

যেন প্রেমানন্দে পৃক্তি মা জ্বাহ্নবী তীরে।

ভুলে নাহি থাকি

দিবানিশি ডাকি

থেক হৃদি পদাসনে,

বীণাপাণি মা

মাতা ষষ্ঠী পূজা

করিয়া কোলেতে তনয়া রতনে।

লয়ে বেবীরাণী

ও ছবি মণি

পতি গুণমণি সহ আসেন আমার বনে,

এই আকিঞ্চন

সেই সহাস্থ বদন

ছেরি সকলের আনন্দ মনে।

শীচরণায়ত পান

করাইয়া ভগবান

আমি গাহিব জয় ব্রহ্ম নাম সবার সনে।

আজি এই প্রার্থন

দাও সবে দীর্ঘ জীবন

কুপাময় গ্রহণ কর ভকতি প্রণাম।

ইতি মন্ত্রলপ্রার্থী বীণাপাণির মা

৺জাহ্নবীতট বরাহনগর রবিবার ৯ট আখিন ১৩২৮ সাল

<u>এ</u>ীহরি

জয় সভা সনাতন।

আদরের মা বীণাপাণি

নির্বিবন্ধে প্রসব তুমি

হইয়াচ জেনে অতি স্থী আছে মূন,

ভেদাল বাথায়

কম্ট মা তোমায়

দিয়াছে বড়ই এই কয় দিন।

মঙ্গলময়

ঈশর কুপার

ভরসা করি মাতা কন্সা স্থস্থ আছ ছই জন;
আজি শুভ পাঁচুটের দিন,
শুভ লাল সাড়ী প'রে,
আদরে হররাণী কোলে করে,
মা তুমি চোরা পথা করিও ভোজন,
সতত প্রফুল্ল রেখ মাগো তব মন।

এ মেয়ে সামান্তা নয়

আসিয়াছেন ধরায়

তোমাদের জুড়াতে জীবন সদা কাঁদে ওমা ওমা স্নেহে ডাকে তোমায় জগতের মা,

শুভকামনা

আদরেতে স্তন্ম স্থা করাইও পান,

এসেছেন নিতে তব আদর স্নেছ যতন।

রেথ তারে সাবধানে থেক ভূমি স্থানিয়মে

নিরাপদে মা ষষ্ঠার শ্রীপদ করি পূজন।

পতি সনে হুফ মনে লয়ে পুত্র কন্যাগণে

আসিয়া আমায় বনে আনন্দ করিবে দান,

আমার হৃদয় মণি মা বীণা ধন।

ইতি মঙ্গলপ্রার্থী ভোমার মা

৺জাহ্নবীতট বরাহনগর বৃহস্পতিবার ১৩ই আখিন ১৩২৮ সাল।

মঙ্গল জয় গান

---:0:0:---

জালরে মঙ্গল দীপ, হ'ল শুভ সন্ধ্যার আগমন,
ভিটিয়ে দিয়ে পৃত গঙ্গা জল
শুদ্ধ কর ঘর সকল,
ধৃপ ধূনা দিয়ে কর আনন্দ বর্দ্ধন ও মঙ্গলাচরণ,
ভগবান করিবেন শুভ অধিষ্ঠান।

আজি হইল হররাণীর আটকোড়ের শুভ দিন অফ শিশু অফ কাটী ধর করে পরিপাটি বাজাও কুলা হাসি হাসি মধুর বাজন।

ছইল আজি হররাণীর শুভ আটকোড়ের দিন ছড়িয়ে কড়ি জলপান শুভ কার্য্য কর সমাপন কুলা খানি ভাক্ত সবে করিয়া যতন।

শুভকামনা

আজি হইল হররাণীর আটকোড়ের শুভ দিন জলপান মিপ্তি সনে খাও সকলে ফুল্ল মনে আশিস কর ভাহারে স্থাথ থাক চিরদিন।

হইল আজি হররাণীর শুভ আটকোড়ের দিন
মাগি বিভূ পাদপদ্মে
 রেখ সদা নিরাপদে
হররাণী সনে সবাকে দাও হে দীর্ঘ জীবন।
 হে প্রভূ গ্রহণ কর ভকতি প্রণাম
আজি হইল হররাণীর আটকোডের শুভ দিন।

৺জাহ্নবীতট বরাহনগর রবিণার ১৬ই আখিন ১৩২৮ সাল

প্রাথনা

--:0:0:---

क्य क्रामीयत

দহার সাগর

তোমার দ্বারে ভিথারী আমি দেব নিরস্তর
মণি ছবি ধনের একশ' তিন জর
কুঁচকিটি পাকিবে শুনে চিন্তায় আছি কাতর
মাগি এই দীন কন্যা অভয় চরণে
রক্ষা কর নিরাপদে মোর ছবি রতনে

হে শ্রীধর

বিশ্বেশ্বর

কুপায় কমল কর বুলাইয়া দিয়ে,

তুর্বল অবোধ শিশু সুস্থ করে হে প্রভু

রাখহ শাস্তিতে তুমি সকলের হিয়ে।

মা গঙ্গার তীরে এই বনপুরে

করবোড়ে প্রাণ ভরে করিভেছি নিবেদন, ঐ মক্ষল পদে মণি ছবি চাঁদে

দাও ছে নাথ স্থদীর্ঘ জীবন।

পিতা মাতা ভগিনিগণে লয়ে আসে যেন তটাশ্রমে হেরি' সবার চন্দ্রানন ধন্মবাদ করিব দান,

ಿ೬ಎ

শুভকামনা

লইয়া কোলেতে তুলে
আদরে দিব ভাই মণির ভালে শ্রীপদ শুভ চন্দন।
মা মণি ও ভগ্নিগণে
সাজায়ে দিব হে বাবা মণিরে শুভ দূর্ববাধানে
শ্রীচরণামৃত সকলকে আনন্দে করাব পান
কুপাময় গ্রহণ কর আজি ভকতি প্রণাম।

ইতি মঙ্গলপ্রার্থী ছবি চাঁদের দিদিমা

৺**জা**হ্নবীতট ব্রাহনগর বুধবার ১৯শে আখিন ১৩২৮ সাল

প্রার্থনা

जर जगनीयती जरा।

কত রূপে কত স্থানে কত নামে বিরাজ ধরায় এস বাগ্রাণী কণ্ঠে ব'স

প্রণমি জননী তব রাঙ্গা পায়। কর আশীর্বাদ দিয়ে পদ্ম হাত

বাসনা যেন গো পূরণ হয়, আজি গাই মা লক্ষ্মী দেবী ও দেবী কালী মায়ের জয়।

এসেছ মা লক্ষ্মী তুমি শুভ এই প্রদোষ কালে মা গঙ্গাতীরে বন ভিতরে

কি দিব শুভ পদ কমলে,
লও মাতা ভক্তি পূজা প্রেম নয়ন জ্বলে।
শ্রীচরণে করি স্তুতি থাকে ষেন কুপা দৃষ্টি
মা জাভাব না হয় কখন থাকিও জদি মন্দিরে

মা অভাব না হয় কখন, থাকিও হাদি মন্দিরে অলক্ষী লইয়া পূজা যাও মা নিজ আগারে। জয় জয় জয় মা কালী নামের জয় গাওরে আজি হৃদ্য

শুভ এ অমা নিশীথে এলেন মাতা ধর্ণীতে

দুৰ্বল সন্তানগণে করিতে নির্ভয়, আনন্দে গাও সকলে অভয়ার জয়।

জয় ত্রিলোকেশ্বরী

এলে মা করুণা করি

আদরে কি দান করি চরণ সরোজে. পডিয়া রয়েছি দেখ এই সিংহ বন মাঝে।

মাগো

সদা চিম্বায় আকুল প্রাণ মণি ভাই ছবি কারণ কিছুতেই জ্ব ট্রক যাইছে না আর. অভয় পদে নিবেদন তাই মা আমার।

দয়ামগ্ৰী কর রক। পাদ পদ্মে এই ভিকা জর যেন নাহি আর থাকে বাছার কায়, মোর হৃদয় রতন ছবি দীর্ঘজীবী হয়।

মা বীণাপাণি শাক্তিমনে পতি পুত্ৰ কন্যাগণে লয়ে থাকে ধরাধানে হয়ে নিরাপদ उव শুভ হস্তে দেবী কর শুভাশীর্নবাদ।

স্থদীর্ঘ জীবন

সকলে প্রদান

কর মাতা দয়া করে.

সবারে দর্শন

করাইও একদিন

আমারে এই বন পুরে।

य। जारूवी काल

লয়ে শান্তিতে সকলে

ধন্যবাদ দিব হৃদয় ভরে.

ভক্তি প্রণিপাত

লও বিশ মাতঃ

ও শুভ চরণ আদ্ধি পৃষ্টি প্রেমাসারে।

ইতি মন্তলপ্রাণী ছবি মণির দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর

রবিবার ১৩ই কার্ত্তিক ১৩২৮ সাল।

প্রাথনা

হে বিভু মঙ্গলময়

আজি তব করুণায়

এসেছেন হররাণী হেরিরারে দিদিমায়

লয়ে ভ্ৰাতা

ভগ্নী মাতা

প্রভু এই বনাশ্রয়

আসে মণি যেন

পিতা সনে পুনঃ

निर्दमन এই वाञ्चा मग्रामग्र।

নিরখিয়া মুখ শশী

আনন্দ সাগরে ভাসি

-স্থাথে তুঃথে বিমিশ্রিত করেছ সংসার

হুই আমি বনবাসী আদরে কি দিয়ে ভূমি

ডাকিভেছি প্রাণ ভরে ওহে কৃপাধার।

এল নাথ দয়া করে

জননী জাহ্নবী তীরে

শুভাশিস কর শিরে দিয়ে হে মঞ্চল কর

চন্দ্রাননে সুধা হাসি

থাকিবে অহনিশি

আদরিনী হয়ে রবে চিরদিন ধরা'পর।

শ্ৰদ্ধা ভক্তি

প্ৰভান শক্তি

হইবে ধর্ম্মে মতি নিরন্তর

সিন্দুর পুষ্প চন্দনে

সাজিয়া রবে ভ্রনে

মাগি ছে. মণি আমার

স্তুস্থ রহে তার কায় হে ঈশর

স্রেহ দয়া ক্ষমা গুণে প্রফুল্ল সদা অন্তর

স্থদীর্ঘ জীবন

প্রভ কর তারে দান

জনক জননী আখীয় স্বজন সনে ভগ্নী সহোদর।

জয় প্রমেশ জয়

রাণী নিত্যানন্দে গায়

করি মন্তল চরণে আজি ইহাই প্রার্থন,

লও ধন্যবাদ

श्वरह मीन नाथ

কুপাময় মোর জুড়ালে নয়ন।

প্রকালন করি

প্রেম নীরে হরি

তোমার অভয় শান্তি চরণ

এই বনাশ্রমে

নাম গুণ গানে

হয় বেন হে শেষ বাসনা পুরণ, দহাময় গ্রহণ কর ভকতি প্রণাম। পায় হররাণী

মনোমত স্বামী

বেন সময়ে হে প্রভু এই আবেদন দীর্ঘায়ু লইয়া সুখী হয় চুই জন।

> ইতি মঙ্গলপ্রার্থী হররাণীর দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর

বৃহস্পতিবার ২৯শে অগ্রহায়ণ ১৩২৮ সাল।

প্রার্থনা ও মদল গান

-:0:-

জ্বয় মুরারি

রূপে মা শক্রী

দিয়াছ শুভ বালা কোমল করে,

পরায়ে আদরে

নৃতন বৎসরে

নিয়ম তাই পালন করে,
হরষেতে হররাণী দেখাইতে দিদিমারে,
দাদামণি দিদিমণি মা মণিরে সঙ্গে করে,
প্রভু তোমারি রূপায় আজি
নবীন সাজেতে সাজি,
হাসি মুখে এসেছেন এই বন পুরে।

কি দিয়ে আদর করি

হই আমি বনচারী

এস হে দয়াল ছরি, মাতা ভাগীরথী তীরে।

দিয়ে আঁখির প্রেম জল

ধোয়ায়ে পদ কমল

আজ মঙ্গল চরণামৃত পান করাই আদরে সবারে,

স্থদীর্ঘ জীবন হবে

কায় সদা স্থস্থ রবে

র্চির শাস্তি ভোগ সবে করে যেন সংসারে। এই শুভাশিস হরি, কর সকলের শিরে,

মাতা ভগ্নী সনে

শুভ সিন্দূর চন্দনে

সেক্তে থাকে হররাণী যেন ধরা'পরে,
পুনঃ আনন্দ করিও দান আনিয়া বাবা ফণীরে.
শ্রীপাদ পলে নিবেদন আজি এই প্রাণ ভরে।

ইতি মঙ্গলপ্রার্থী হররাণীর দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর সোমবার ১১ই বৈশাখ ১৩২৯ সাল

প্রার্থনা

আশীর্কাদ কর দান

জ্য বন্ধ নারায়ণ

বাড়ী যাবে বলে

মন কুতৃহলে

মোর আদরের বেবী দিদিমণি

লয়ে পিতা মাতা

ভগিনী ও ভ্রাতা

হাসিতে হাসিতে এলেন ঐ বিধু বদনি।

আজি বনালয়

আনন্দিত ময়

তব করুণায় ওহে চক্রপাণি

সকলের হেরে চল্ডানন

অতীব প্রফুল্ল মন

হইয়াছে জনার্দ্দন, এস যতু মণি।

আনন্দের প্রেম জলে

মঙ্গল পদ কমলে

ধোয়ায়ে চরণামৃত আদরে করাব পান,

হইবে দীর্ঘ জীবন

এই মাগি ভগবান

স্থুস্থ দেহে সবার চির শান্তি থাকে যেন।

জননা ভগিনী সনে

শুভ সিন্দুর পুষ্প চন্দনে

সেক্তে থাকে মণি বেবীরাণী প্রভু হে ধরণী'পরে প্রাণ ভরে এই নিবেদন আজি মা জাহ্নবী তীরে।

999

নির্বিবন্ধে এনে সবারে

পুন: এই বন পুরে

ৰলি হরি কর যোড়ে সস্তোষ করিও দান,

অভয় পদ্ম চরণে কৃপায় লও হে ভক্তি প্রণাম। সবে মিলি করভালি

> দিয়ে গাইব জয় নাম, বাসনা পূরণ হয় যেন ব্রহ্ম সনাতন।

मिमि आमतिनी

ভাই বেবীরাণী

তুমি যাইতেছ বাঁকীপুরে,

লয়ে প্রাতা ও ভগ্নী

क्रमक क्रमनी

হয়েছ ফুল্ল অন্তরে।

কভ দিনে পাব পুনঃ দরশন

মুখ কমল স্বার হেরিবে নয়ন,
ভাই আঞ্চি হ'তে তাই ভাবিতেছে মন।

তোমাদের কথা

স্মরিয়া সর্বনদা

হৃদয় কতই পাইবে বেদন,

ভূমি একটু করে

লেখা গড়া করে

পাঠাইবে মোরে হাতের লিখন।

মনে রেখ ভাই

এ কথা সদহি

দিদিমা পড়িয়া রয়েছেন বনে,

তব হস্তাক্ষর

আঁখির উপর

দেখে কত পুলকিত হইবেক মনে।

স্নেহ উপহার

লও দিদিমার

সামান্ত এই কুস্থম, বনবাসীর অমূল্য ধন;

ভালে কর শুভ সাজ মাতা ও ভগ্নী সাথে আজ পরাই চিরদিন তরে সিন্দুর চন্দন মঙ্গল ভূষণ। পিতা আর ভাতা সনে শুভ দুৰ্ববা ধান দানে করি মঙ্গল আশীর্বাদ,

শ্রীচরণামৃত পানে

मकल मीर्च खीवतन

স্তুস্থ কায়ে শান্তি লয়ে থাক নিরাপদ। মঞ্চলময় ঈশর চরণে মাগি যুড়ি ছু'টা কর, তুমি সময়ে পাইবে সর্বব গুণাকর বর, ভক্তি মনে বিভু চরণে করিও নিতা নমস্কার।

> ইতি মঙ্গলপ্ৰাৰ্থী বেবীরাণীর দিদিমা

৺জাক্তবী**ত**ট বরাহনগর

রবিবার ১ মই জোর ১৩২৯ সাল

প্রাথ না

-:0:0:--

প্রণমি চরণে

প্রভু নিজ গুণে

ল'য়ে করছে মঙ্গল আশিস দান

ভোমারি করুণে

আজি শুভ দিনে

वामात क्रमग्रमि मा वीना धन.

গুণময় পতি

সাথে যাবে সতী

লয়ে আদরের পুত্র কন্যাগণ,

পাটনা বাঁকীপুরে

তাই যোড করে

মা গঙ্গার তীরে মাগি জনাদ ন,

অন্তরেতে শান্তি রয়

স্থুন্থ সবার কায়

দাও আজি দুয়াময় সকলে দীর্ঘ জীবন।

রোগে শোকে অভিভূত

হৃদয়েতে অবিরুত

জাগিতেছে মণি রবি ধনের চন্দ্রানন.

সেই হাসি ভরা মুথ থানি স্মরিয়া সদা জননী

পাইতেছে হৃদি মাঝে কডই বেদন,

দশ মাস বালকের না ছেরে চাঁদ বদন।

বসে দেবী জাহ্নবীর তীরে কলা নয়নের নীরে বীণাপাণি মাতা মোরে করেছে মগন, স্মরণে ফাটিছে দেব আমার পরাণ।

বাঁকীপুর হইতে মণি রবি ধন সাথে

এসেছিল ভগবান,

এবে যাইবার সময় ভাগ্যে পুনরায়

আমি রবি প্রাণ ধনে দিতে নারিলাম, পড়িতেছে মনে যাত্তর অমৃত সেই বচন আছে অঙ্গুলিটি তার শ্রীমুখ কমলোপর

যেন করিতেছি দরশন।

রেখেছ কত আদরে পারিস্কাতে শোভা করে
অসাধ্য ও তব সাধ্য হে নারায়ণ।
আবার মায়ের কোলে বাছারে দিও হে তুলে
ভূতলে নব স্তস্থ কায় দিয়ে স্থদীর্ঘ জীবন,
অভয় মঙ্গল পায় প্রাণ ভরে কৃপাময়

করি আজি এই নিবেদন করুণায় জুড়াইও প্রভু তাপিতের প্রাণ।

পেয়ে পুন: হারাধন মধুর সেই হাসি সেই আনন হেরে পিতা মাতা, হয় যেন পুন: আনন্দে মগন। তু'টি তনয় তনয়াৰ্য

> লয়ে চির প্রীতি পায় গায় বিভু নাম জম্ব এই আকিঞ্চন।

ওড়ক মনা

কন্সাগণ সাথে

শুভ সিন্দুরাভরণ মাথে

পরি সাজিয়া পাকেন জননী

পতি পুত্র সনে

কুস্থমে চন্দনে

রহেন শোভিতা চির এ মেদিনী আদরিণী মম মাতা বীণাপাণি।

আজি এই প্রার্থন

প্রভু করিও পূরণ

জান হে, সকলি অন্তৰ্গামী

আর মায়া ডোরে

বাঁধিও না মোরে

যেন লাল সাজে ধরা এই বার ছেড়ে যাই আমি.

গেয়ে জয় নাম

ওহে শ্রীমধুসূদন

দেখাইও সে দিন সকলকে এনে বাছাদের এই বনে, ঐ শাস্তিময় পায় হে করুণাময় রেখ এ পাপী তনয়া দীনে।

> ইতি মঙ্গলপ্রার্থী বীণাপাণির মা

৺জাহ্নবীতট বরাহনগর সোমবার ১৫ই জ্যৈষ্ঠ ১৩২৯ সাল।

জগজননী

ষষ্ঠা দেবী শীতলা চরণে প্রার্থনা।

ওগো মা করুণামগ্রী মাগি রাঙ্গা পায় মা শীতলা শীতলে রেখ আমারে কৃপায়। জগত জননী তুমি অনস্ক রূপিনী

> সুরাস্থর ত্রিজগৎ সবার বন্দিনী, জ্ঞান হীনা হই মাতা অতি মৃঢ় মতি জানিনা কি বলে তোমা করিব স্তুতি। লোহিত বরণে আজি এসেছ ধরায়, গদ কমলেতে শোভা ধরেছ জ্বায়,

শ্রীমুখের কিবা শোভা শান্তিময়ী মনোলোভা

নিরখি জুড়াল মম নয়ন ও পরাণ।

ব'স মা হৃদি আসনে কি দিয়ে তুষি যতনে কি দিয়ে পৃজ্জিব দেবী তু'খানি চরণ,

আজ চিত্ত বনে নাহি ফুল মা চিস্তায় হয়েছে আকুল পরায়ে দিই সীমন্তে সিন্দুর ভূষণ,

এই রত্ন রেখ ঘরে কুপাময়ী কুপা করে লও মাগো ভকতি প্রণাম।

পড়ে আছি মা গঙ্গা তীরে ভগ্ন এ বন কুটীরে

চিন্তার সমুদ্রে দেবী হইয়ে মগন, মা বীণাপাণির ফোডা

হয়েছে জননী তারা

ইহার কারণ।

পাইছে মা যাতনা কত

ভাবিতেছি অবিরত

বুলায়ে দাও মা পদ্ম হস্ত আপনি ফেটে যায় যেন.

শুখায় যেন নিরাপদে

এই ভিক্ষা অভয় পদে

মায়ের শুভ লেখা দেখে আনন্দে ধন্যবাদ করিব দান

পতি পুত্ৰ কন্যাগণে শুভ সিন্দুরাভরণে

লয়ে স্থস্থ শান্তি মনে

रगन मोर्च कीवतन

মা বীণাপাণি গায় দেবী তোমার জয় নাম শ্রীপাদপদ্মে প্রাণ ভরে আজি এই নিবেদন।

৺জাহ্নবীতট বরাহনগর

সোমবার

৮ই মাঘ ১৩২৯ সাল:

প্রাথ্না

--:0:0:---

কত রূপ ধরি

হে দয়াল হরি

পূরাও বাসনা তুমি হে মুরারি,

হও পরাৎপর

জগত ঈশ্বর

কি জানি মহিমা আমি হে ভোমারি,

হীন অকিঞ্চন

জানিনা ভজন

তথাপি কতই করুণা হেরি।

পড়ে আছি বনে

অশান্তি জীবনে

মম বীণাপাণি মাতা হৃদয় রতনে,

কয় দিন হ'ল ফোড়ার পীড়নে,

পাইছেন কম্ট কত

স্মরিয়া তাহা নিয়ত

যে ভাবনা হ'তেছিল মনে,

বাছা কত দূরে

আছে বাঁকীপুরে

হেরিতে নারিসু মায়েরে নয়নে,

CHE

যাতনা বিষম

হইবে অপারেশন

মোরা ব্যাকুল হইয়াছিলাম শুনে।

দয়াময় হরি

ভূমি কৃপা করি

का हो देश फिल्न अ कमन करत.

मिट्य शम ছाया

কর কত দয়

দেখিলাম আমি আঁ।থির উপরে।

ভোঁড় সাহেব নামে

জানালে স্বপনে

প্রভু আমার মা মণি বীণাপাণিরে,

ওহে বিশ্ব ভূপ

অনন্ত সরপ

কে তোমায় চিনিতে পারে ?

তুমি কভু পিতা মাত।

হও গুরু জ্ঞানদাতা

কড় ভগ্নী ভ্রাতা স্থল্ন সংসারে.

জয় জগৎপতি

করি ভকতি প্রণতি

লও দেব আজি করুণ অস্তরে।

আশীর্কাদ কর

প্রভু বিশেশর

চির সিন্দুর ভূষণ পরে বীণাপাণি শিরে,

স্তু হয় কায়

নিরাপদে রয়

সতত প্রফুল্ল মনে,

পতি রত্ন ধন

মণি পুত্ৰ কতাগণ

আত্মীয় স্বজন সনে।

मीवाश रय

গায় নাম জয়

শান্তিতে যেন এ ভূবনে

والمال

মাঙ্গি অভয় চরণে

এই ভটাশ্রমে

প্রভু রাখিও শান্তি পরাণে।

৺**জাহু**বীতট বরাহনগর

শুক্রবার ২৬শে মাঘ ১৩২৯ সাল

প্রাথ্না

---:0:-

মা গঙ্গা তীরে, প্রাণভরে করিতেছি পাদ পদ্মোপরে ধন্মবাদ লও নাথ জগত জীবন.

করুণা করি.

হে দয়াল হরি

দাস ব'লে দিলে হ'ল নৃত্ন প্রাণ। পলকে প্রলয়, না জানি বাপ মায়

ধুত্রার বীজে হরিল জ্ঞান,

সে অবোধ শিশু.

নাহি জানি' কিছু

বাদাম বলিয়া করিলা ভক্ষণ।

পাগলের প্রায়.

সারাটী নিশায়

অতি যাতনায় করিল রোদন,

প্রভু ৬ই ফাস্কন, দিদিমণি বেলার শুভবিবাহের দিন ভোমার রূপায় ওহে দয়াময়,

বরের পিতা সহিত ডাক্তার কয় জন বাড়ীতে তখন, বহু যত্ন করি তাঁরা বিষ উঠাইয়া, করিয়া দিলেন ইন্জেকসন হে মঙ্গলময়, তব বাসনায় হইল তাহাতে কুশল সাধন,

পিতা মাতার প্রাণ মণি হরিদাস ধন।
প্রভু তোমার অসুগ্রহে পরদিন কহিল কথা,
এ সব মোরা কিছুই না জানি হেথা।
ভাবিতেছিলাম বুঝি বিবাহ কার্য্যের কারণ,
বিলম্ব হতেছে, আসিতে বীণাপাণির লিখন।

৺ঙ্গাহ্নবীতট বরাহনগর বুধবার ১১ই ফা**ন্ধন ১৩২**৯ সাল।

প্রার্থনা

হে করুণাময় হরি ভোমার কপায় হেরি আজি মাতা বীণাপাণির হাতের লিখন, অন্তরে আনন্দ কভ নহ তুমি অবিদিত তুমি হে অন্তৰ্গামী প্ৰভু জনাৰ্দ্দন। দয়া করে শ্রীমাধব লও দেব ধন্যবাদ রেখ সদা নিরাপদ, করি এই নিবেদন. সিন্দুর চন্দন ভালে মা আমার ধরাতলে সেব্দে থাকে কুতুহলে সাজাইয়া কন্সাগণে, পতি রত্ন পুত্র ধন তনয়াদি বন্ধ জন আত্মীয় সবার সাথে বিভু দাও মাকে দীর্ঘ জীবন, স্থুত্থ কায়ে শান্তি লয়ে থাকে যেন মা অমুকণ। জননী জাহ্নবী কূলে মাগি নির্ভয়েতে পদতলে থাকি সদা গাই যেন প্রেমে জয় হরি নাম, ভক্তি প্রণতি প্রভু করহ তুমি গ্রহণ। মা আমার বীণাপাণি স্থেহময়ী জননী সকলের স্থৃতা সংবাদ মোরে কর নাই দান,

মা গো কত দিন পরে

তব হস্তাব্দর হেরে

তথাপি আমার আজি জুড়াইল প্রাণ।
কোড়াটি ভোমারে চারি মাস ধরে দিল গো কতই যাতনা
স্মরি নিরন্তর ব্যাকুল অন্তর করি মা কতই ভাবনা।
ভাই মম আদরের হরিদাস মণি

ভাই মম আদরের হারদাস মাণ আদরিণী ভগ্নী মণি হররাণী ভুগিতেছেন কর স্বাস নিত্য নিত্য স্করে, সে কারণে চিন্তাযুক্ত আছি বনপুরে। ভরসা করি আদরিণী মোর দিদি বেবীরাণী

আর আমার বাবা ফণী মণি ও বাটীর সকলে
দয়াময় বিভু কপায় আছেন কুশলে
বেহান ঠাকুরাণীকে জানাইও আমার ভক্তি প্রণাম
মাগো কনিষ্ঠ সবারে দিও ও লইও মম আশিস কল্যাণ
মোরা ভাল আছি জেনে স্থণী রেখ মন
স্থধবরে শান্তি দিও মা এই আকিঞ্চন।

৺জাহ্নবীভট ব্রাহনগর বুধবার ৭ই চৈত্র ১৩২৯ সাল।

প্রাথ না ও

জাগ জগত বাসী. ডাকিতেচে বিহলম. নিরাপদে বাঁর প্রসাদে হ'ল নব বর্ষ আগমন। নিৰ্জ্ঞনে এই তটাশ্ৰমে মন থাকিও তাঁর চরণে নমি, চির শান্তি হরি নাম জয় গানে পাই যেন অফুকণ। नव वर्ष मोर्च कीवन ও স্বস্থ শান্তিতে রয় জগভুন প্রীপাদপল্পে প্রাণ ভরে আজি মাগিতেছি জনাদর্শন। মঙ্গল আশিস কর প্রভু মোর বাঁণাপাণি কোলের ধনে, পতি রত্ন লয়ে সভী পুত্র ধন ও কন্সাগণে। সদা জয় নাম গায় ভগবান, স্থন্থ চির শান্তি মনে छमीर्घ कीवत्न मत्व आश्वीय खक्न मत्न। আমার মা মনি বীণাপাণি হৃদয় রতন. লও নব বর্ষের আশীর্ববাদ মাগো সদা থাক নিরাপদ শুভ সিন্দুরাভরণ পর হয়ে চির ফুল্ল মন। लहेशा मम जापतिनी दिवोदानी हतदानी हिनने हु'जन, মোর স্লেছের বাবা ফণী গুণমণি. আলরের ভাই আমার হরিদাস মণি

তু'জনার কলাগে তরে দিলাম শুভ দূর্বাধান,
নব বর্ষে সকলে লও বনবাসীর স্নেছ ধন
বন ফুল পাঠাইতে দূরে নারিলাম।
মাগো সে কারণ গেঁথে মালা
মা সিদ্ধেশরী ও মা ষষ্ঠী দেবী মাতা শীতলা,
আর শ্রীধর দেব চরণে তোমাদের মঞ্চল জন্মে
করেছি আমি প্রেরণ।
কুশলে রাখিবেন প্রভু কুপাময় ভগবান্।
আজি এ নূতন দিনে প্রণমি প্রেম চরণে

দীর্ঘ জীবনে গাও সবাই বিভুর জয় নাম।

৺**জাহ্ন**বীতট বরাহনগর শনিবার ১লা বৈশাখ সন ১৩৩০ সাল

প্রাথনা

-:0:0:----

হরি দয়ায় তোমার মন বীণাপাণি মার কল্য নির্বিদ্ধে হইয়াছে অপারেশন, মা গঙ্গা কিনারাতে মাগি যোড় হাতে হে শ্রীধর দেব রেখ নিরাপদে, স্কুন্থ হয় যেন,

মা কতই কাতর ছিল নিরন্তর
ভাবি তাহা মনে মনে,
কতই আকুল ছিলাম ব্যাকুল
প্রভু হে আমি এ মৃত-জীবনে

জ্ঞানাৰ কি আর দয়ার সাগর
পড়ে আছি এই সিংহ বনে,
আদৃষ্টের ফল কে থগুাবে বল
ভাই হেরিভে নারিম্ম নম্মনে।

මන්ල

সারা নিশি দিনে

অভয় চরণে

জানাতেছি প্রাণ ভরে

মায়ে স্থস্থ করি

হে দয়াল হরি

এনে দেখাইও সকলকে মোরে।

বাবা মণি ফণী

ও মা বীণাপাণি

আসিবে ফুল্ল বদনে,

চুইটি ভগিনী

त्रांगी (ववी इत्रतांगी

সাথে মণি ভাই হরিদাস আসিবেন প্রফুল্লিভ মনে।

আজি স্থদীৰ্ঘ জীবন

বিভু সবারে প্রদান

কর আত্মীয় স্বজন সনে.

করি প্রণিপাত

লও বিশ্বনাথ

তুমি হে করুণা গুণে।

এই নিবেদন

প্রভু জনাদর্ন

তোমার মঙ্গল চরণে।

মাতা ভগ্নিগণে

শুভ সিন্দুর ভূষণে

সাজাইব ফুল্ল মনে চিরদিন,

পিতা ও ভাতার

মস্তকোপর

দিব আদর করে শুভ দূর্ববাধান।

বন ফুল তুলে

ও পদ কমলে

আনন্দে করিব অঞ্চলি দান। প্রেম ভক্তি দিয়ে আর স্থচন্দন,

ঐ চরণ পুষ্পে

সাজাব সবাকে

আসিলে আমার হৃদয় ধন।

ক্রীচরণামৃত, হয়ে হৃফ চিত, করাব সকলকে পান।
এ দীনের বাসনা হরি করিও পূরণ,
প্রতিদিন স্থসংবাদে শান্তি পাই যেন।

ইতি মঙ্গলপ্রার্থী বাণাপাণির মা

৺জাহ্নবীতট বরাহনগর শনিবার ২৩শে চৈত্র ১৩৩০ সাল

প্রার্থনা

क्य क्रामीन क्य

প্রভু তব করুণায়

আজি এই বনের ভিতর,
নূতন দিনে শান্তি প্রাণে দিল মায়ের হস্তাক্ষর।
যে যাতনা ছিল প্রাণে
জ্ঞানাব হরি তাহা কেমনে
আমারে করেছ ভবে তুমি যে পাষাণী মা।

ভূগিছে কোলের ধন,
মা বলিয়া অনুক্ষণ
ডাকিছে বাছা কাতরে শুনে যাইতে নারি তথা,
কি বলিব প্রভু আর আমার ভাগ্যের কথা।
জীয়ন্তে মৃতের প্রায়
পড়ে আছি বনালয়
করিয়াছি কত পাপ নাহি নিরূপণ,
নতুবা কি এত দণ্ড পাইত হে মন,

আজি মাতা স্তরধুনীতে

প্রণমি মঙ্গল পদে

কুপাময় করহ গ্রহণ,

লাল সাজে নব বর্ষে মোর পাপ কর বিমোচন।
মাগিতেছি যোড় হাতে মা মণি বীণাপাণি মাথে
আশীর্কাদ কর পল্মপলাশ লোচন,

নির্বিদ্ধে ঘা খানি শুকায়ে যায় দিন দিন বল পায়

মা চির স্থন্থ শান্তি স্থথে রয় হাসিভরা চন্দ্রানন ৷

ইতি বীণাপাণির মা

৺জাহ্নবীভট বরাহনগর

সোমবার ১লা বৈশাখ সন ১৩৩১ সাল।

🎚 🗐 হরি সহায়

আমার মা মণি বীণাপাণি তব হস্তাক্ষর হেরে,
যে শান্তি পাইল হুদি তা জানাব মা কেমন করে ?
তব যাতনার কথা স্মরি সদা পাই ব্যথা
ভাবি কি করিব আর উপায় ত নাই

ভাবি কি করিব আর উপায় ত নাই অমনি আশ্চর্য্য আমি দেখিবারে পাই।

ছু:খহারিণী জগৎপালিনী

বিশ্ব জননী বসে তব বিছানায়, বুলাইয়া দিতেছেন পদ্ম হাত গায়। আমি কি করিব আর

তুমি মা সম্ভান যাঁর

তিনি সেব। করিছেন দেখিয়াছি তাঁরে মাগো আমি তাঁর দাসী বনে আছি মরে।

বিশাস থাক্ তোমার

আশীর্বাদ না আমার

চিরদিন হৃদাসনে দেখা পাও তাঁর, জগতের ধাত্রী দেবী জননী দুর্গার।

তব মাতৃভক্তি গুণে

আমায় অভয় দানে

এসেছেন এ আশ্রমে মঙ্গল চণ্ডী মা আমার.

বীণাপাণি জননী গে। যতনে তোমার।

মায়েরে হেরে নয়নে

পাইয়াছি শান্তি মনে

নিতা পাঠে শুনি মার বচন মধুর,

তাহাতে আনন্দ হয় অন্তরে প্রচুর।

বিশ্ব বিমোহিনী

কল্যাণদায়িনী

করুন তোমার আপদ খণ্ডন প্রতিদিন শ্রীপাদপদ্মে করি নিবেদন।

প্রাণ পতি সনে

আদরের পুত্র কন্সাগণে

লয়ে নির্কিন্দে এস মা দেখি ও চাঁদ বদন,
শুনাইব মধুময়া চণ্ডা চরিত্র জুড়াইব মন প্রাণ।
মণি বীণাপাণি মা আমার

একট ভাল আছ

দালানে গিয়াছ

জানিয়া এই শুভ সমাচার, অতি পুলকিত হইয়াছে হৃদয় আমার। থেক খুব সাবধানে

এখন মা নিশিদিনে

যেন গো নরম স্থানে না লাগে আঘাত,

চলিও বসিও লয়ে গোপিকার মত।

मिर्य इस्। सन

অমূল্য রতন

পেয়েছ জামাতা মনের মতন, ডাক্তার এম্, বি অভিধান গোপিকারঞ্জন।

নিভা কফ করে

আসিয়া তোমারে

সাহেব কতই যতনে ড্রেস করিছেন, সে জন্ম নিশ্চিম্ম কত রহিয়াছে মন।

মাগি বিভূ পদে

সদা নিরাপদে

থাকিয়া করুন উন্নতি সাধন,

স্থদীর্ঘ জীবনে

প্রফুল্ল বদনে

রাণী স্থা সনে লউন কোলে পুত্র রত্ন ধন।

মা আমার বীণাধন

দাইটি পেয়েছ ভাল

শুনে প্রাণ জুড়াইল

সেবার জন্ম মা বড় চিন্তিত ছিলাম, আজু মোর সে চিন্তার হ'ল অবসান।

নিজ পিতার খরচে ব্যথা

পাইছ মনেতে সদা

মাগো তবে কেন হও নাই পূৰ্বের সাবধান ?

মা তুমি ব্যাধিতে কফ পাইলে. তাঁর অর্থের কি প্রয়োজন ? মাগো স্বস্থ হয়ে এস কোলে করি আমার হৃদি রতন।

ইতি মঙ্গলপ্রার্ণী তোমার মা

৺**জা**হ্নবীতট বরাহনগর রবিবার ১৪ই বৈশাখ ১৩৩১ সাল

শ্রীবাগ্দেবী বন্দন। ও পাদপল্লে শুভাশিস

व्यार्थना ।

এলে দয়াবতী

দেবী সরস্বতী

আজি পূরাতে বাসনা জগৎ জননী,

বীণাখানি ধরে

স্থ্যপুর স্বরে

বাজাতে বাজাতে অবনী,

শুক্ল পঞ্চমীতে

শুভ খড়ি হাতে

প্রিয় সম্ভানেরে দিতে হে শুভ্র বরণী।

७ विधु वमन

করি দরশন

বনে এ ভগ্ন কুটীরে ফুল্ল মন প্রাণ

নৃত্তন বৎসরে

মা গঙ্গাতীরে

আজি বীণার ঝঙ্কারে জুড়াল শ্রবণ

অমল কমল

শ্ৰীপদ মুগল

নিরখি সফল হইল নয়ন।

সরোজ বাসিনী

দেবী বাগ রাণী

মোর হৃদি শতদলে বস মা এখন,

শুভ সিন্দুর চন্দনে

আদুরে সাজাই যুহুনে

রেখ জগন্মাতা দীনের এই মঙ্গলাভরণ।

প্রেম নেত্র নীরে ধুয়ে রাঙ্গা পা

বন ফুলে হার

গেঁথেছি স্থন্দর

দিতেছি অঞ্চলি জগতের মা।

ভকতি প্রণতি

লও ভগবতী

আজি আশিস কর প্রদান,

না তোমার পদ্ম করে

হরিদাস মণির শিরে

তা'র দাদা বাবু দিতেছেন শুভ দূর্বা ধান

মাগি মহামায়া

দাও পদ ছায়া

আমার হরিদাসেরে স্থদীর্ঘ জীবন,

তব কুপা বলে

এ ধরণী তলে

পায় ধন বিতা বুদ্ধি অমূল্য রতন জ্ঞান।

মাতঃ করিও যশস্বী

ভব ভৃতি আদি

যেন হয় কবিবর কালীদাস সম,

মম ফণী বীণাপাণি স্তৃত দেবী হয়ে তব বর পুতৃ
সতত হাসি মৃথে হরিদাস থাকে চিরদিন যেন।
পিতা মাতা ভগ্নিগণে আত্মীয় বন্ধুর সনে
স্তুম্ব কায়ে শান্ধি লয়ে করে যগল রূপ থানি

সুস্থ কায়ে শান্তি লয়ে করে যুগল রূপ ধান, ও যুগল পদান্বজে সদা প্রেম মধু করে পান। দীর্ঘ আয়ু জননী আজি সকলকে কর দান,

শ্রীচরণে মন প্রাণে করি এই নিবেদন।
শুভ খড়ী হাতে আজ দাদামণি কর সাজ
ধর দিদিমার আশীর্কাদ এই বন পুম্পের মালা গলে,

শতাধিক বর্ষ থাক সুখে তুমি মহাতলে।
ললাটে হরির শুভ চন্দন পরিয়া লাল বসন
হরিদাস ভক্তি ভরে কর প্রণাম অভয়ার পদ কমলে
মাগি আমি যুড়ি কর মা আভাশক্তি দাও বর
মহাধন বিভা রভন থাকে সদা তা'র কঠোপরে,
যেন হয় দীর্ঘ জীবন মা ধর্ম্ম করি উপার্জ্জন

গায় জ্বয় নাম অনুক্ষণ তোমার রুপায় দেবী যেন এই চরাচরে।

> ইতি মঙ্গলপ্রার্থী তোমার দিদিমা

৺জাহ্নবীতট বরাহনগর শুক্রবার ২৬শে বৈশাধ ১৩৩১ সাল।

প্রাথনা

8

वानीकात।

-:0:0:---

আজি শুভ জন্ম দিনে আছ তুমি নিজ ঘরে, হরিদাস দাদামণি তাই বন ফুল আমি পাঠাইতে ভাই নারিলাম দূরে। দাদাবাবুর ও দিদিমার

> শুভাশিস এই দূর্ববা ধান, হরষেতে মন্তকেতে করহ ধারণ।

শ্রীচরণামৃত করে পান হও তুমি বীর বলীয়ান স্থদীর্ঘ জীবনে গাও ঈশ্বরী ঈশ্বর নাম, পিতা ও মাতার বক্ষে চিরানন্দে থাক স্থথে আত্মীয় জনের সনে লইয়া ভগিনিগণ।

ও চন্দ্র বদনে হাসি

নির্থি জগৎবাসী

সকলেই যেন ভোমার করেন কল্যাণ.

গুরু জনে শ্রন্ধা ভক্তি

কনিষ্ঠ সবাবে প্রীতি

তুঃখী দরিদ্রে ভাই হইও কূপাবান।

এ ক্ষুদ্র কবিতা হার

যতনেতে দিদিমার

স্থকঠেতে চিরদিন করিও ধারণ, মন দিয়া লেখা পড়া কর যাত্রধন :

নীহারের মার মত ফুন্দরী পাবে গুণবতী নারী

নীহারের বাবার মত হও তুমি গুণবান।

ইতি মঙ্গলপ্ৰাৰ্থী ভোমার দিদিমা

৺জাহুবীতট বরাহনগর

মঙ্গলবার

২২শে অগ্রহায়ণ ১৩৩২ সাল।

প্রাথনা

-:0:-

নূতন দিনেতে আজি প্ৰেম ফুল দিয়ে পূজি মা গঙ্গার কুলে দেবদেবীর চরণে. ভক্তি প্রণতি করি যুগল রূপে বংশীধারী কুপাময় কুপাময়ী করহ গ্রহণ। ভোগার সন্তানগণে শান্তি ধন বিতরণে দয়াকরে দাও সবারে স্বাস্থ্য ও দীর্ঘ জীবন, মাগি ও রাক্ষা চরণে वाकि ध नुष्म मित्न পায় দিদিমণি বেবীরাণী স্থবিচ্চা জ্ঞান রতন। সদা হাসি মুখে রয় যেন কমলের প্রায় মনোমত পতি পায় স্থন্দর স্থঠাম। পিতা ও মাতার কোলে ভাতা ভগিনী মিলে আত্মীয়জনের সনে গায় গো মধুর নাম। সিন্দুর শুভ চন্দনে क्रमनी ও ভগी मत्न (मास्त्र थारक धताधारम व्यानीर्वताम कत मान. বেবীরাণীর দিদিমার প্রাণ ভরে এই নিবেদন।

দিদি আদরিণী মণি বেবীরাণী

ইংরাজী বৎসর শেষে,

দিদিমারে মনে করেছ যতনে

তুমি ভাই ভালবেসে।

তব শুভ হস্তাক্ষরে এই বনালয়ে হেরে

অতি পুলকিত হইয়াছি আমি,

নিত্য ফুল্ল মনে লিখিলে যতনে

হইবে দেখিতে মুক্তার গাঁথনি।

লেখা পড়া কর হবে বড় ঘর

পাইবে স্থন্দর গুণবান স্বামী,

সংসার ভিতরে প্রফুল অন্তরে

সতত শান্তিতে রহিবে তুমি।

গুরু জ্ঞানে সেবা করিবে সর্ববদা

শুনিবে সবার বাণী,

তুষিবে দিবা যামিনী।

দরিদ্র তু:খীরে নয়নেতে হেরে

कतिरव मना करूणा,

ক্ষতি আপনার করিয়া স্বীকার

তথাপি সকলে করিবে ক্মা.

মাতা ভগ্নী সাথে

সিন্দুর ভালেতে

পর চির দিন শুভ অলকার

ञ्जनीर्च कीवतन

বিভু জয় নামে

স্থথে কর গান ভুবন ভিতর।

আজি এই নৃতন দিনে

ক্ষুদ্র কবিতা প্রসূনে

গাঁথিয়াছি যতনেতে হার

স্কোশিস ধর বোন্ আদরে দিদিমার।

৺জাহুবী**ত**ট

শুক্রবার

বরাহনগর

১৬ই পৌষ ১৩৩২ সাল

এএইশ্রী তুর্গা সহায়

আমার আদরিণী

(ववी मिमियनि

ভাই পাইয়া তোমার শুভ হস্ত লিপিখানি, অতি আনন্দিত হইয়াছে চিত

এসেছেন শুভ সপ্তমীতে মহামায়। মায়ের কোলে শুনি।

দিদিমার আশীর্বনাদ ইহাই প্রার্থন

মহামায়ার সহিত পাও সকলে দীর্ঘ জীবন।

মা ষষ্ঠীর পূজা হ'লে মহামাগ্রা লয়ে সকলে

আসিয়া করিও আমায় আনন্দ প্রদান।

বসে মা গঙ্গার কোলে

প্রেম রঙ্গে সবে মিলে

গাহিব দয়াল হরির স্থমধুর নাম।

দিলাম শ্রীচরণামূত

মায়েরে চু'বেলা নিত্য

দিও ভাই ভক্তি মনে, তোমরা করিও পান। সুস্থ রাখিবেন সকলে কুপায় ভগবান।

> ইতি মঙ্গলপ্রাণী ভোমার দিদিমা

৺জাহাবীতট বরাহনগর

বুধবার

২৬শে আশ্বিন ১৩৩৩ সাল।

ঞ্জীঞ্জী মাতুর্গা চরণে প্রার্থনা

--:0:0:---

জগত জননী দুর্গা আসিয়াছ ভবধাম,
মা তব শুভ আগমনে ফুল্ল ভারত সন্তান।
ডাকিছে মা দুর্গা বলে সকলেই কুতৃহলে
কি দিব চরণোপরে রয়েছি মা গঙ্গাতীরে
রাঙ্গা পায় পুস্পাঞ্জলি করিতেছি অর্পণ,
শ্রীপদ কমলে মাগো লও ভকতি প্রণাম।

জগতের তুঃখহর!

প্রেম মূরতি তোমার করাইতে দরশন,
সপ্তমীতে নিশাকালে

এলে শুভক্ষণে মা বীণাপাণির লইতে যতন।
মা বীণারে করে দয়া
মা মা বলে স্তন্ত স্থধা করিবারে পান,
বাবা মা মধুর বোলে
ভগে। হর মনোহরা আনন্দ করিও দান।

नानामनि निनिम्निनिष्ठरय

ডাকিও ফুল্ল হৃদয়ে

সদা থাকিও প্রফুল্ল হয়ে, ভবানী এই আকিঞ্চন
সিন্দ্র আল্তা ফুল চন্দনে সেব্দে থাক এই ধরাধামে
তিনটি ভগিনী মোর মা মণির সনে,
এই মাগি দয়াময় ঈশ্বর চরণে।
ক্ষনক ক্ষননী লয়ে দাদামণি তু'টি দিদিমণির সনে মায়ারাণী

পায় যেন দেব স্থদীর্ঘ জীবন, মায়ারাণীর দিদিমার এই নিবেদন, কুপায় গ্রহণ কর ভক্তি প্রণাম।

৺জাহ্নবীতট বরাহনগর বুধবার ২৬শে আধিন ১৩৩৩ সাল।

প্ৰাৰ্থনা ও শুভাশীৰাদ

মা গঙ্গার ভটে থাকি আনন্দাশ্রনীরে ভাসি শ্রীযুগল পাদ পল্নে করিতেছি দান, প্রেম পুষ্পে মাখাইয়া ভক্তি চন্দন, দয়ামর দয়াময়ী করছ গ্রহণ। মোর মহামায়া মহারাণী কোলে লয়ে মা বীণাপাণি যাইছেন পতি সনে আপনার ধাম. যেন হাসি মুখে থাকে কমল সমান. মাগি দেব দেবী, কর আশিস প্রদান। আদরিণী বেবীরাণী মণি হরিদাস হররাণী স্তুস্থ থাকিয়া সদা শান্তি রাথে মন, আমার মা মণিকে চিরস্থথে রেখ ভগবান, সিন্দুর ভূষণে মাতা সাজে চিরদিন। বিশেশরী হে বিশ্বনাথ ল্ভ প্রেম প্রণিপাত যাচিতেছি দীর্ঘ আয় আজি সবারে করহ দান, আর আমারে মায়া ডোরে করিও না হে বন্ধন. অভয় রাঙ্গা চরণে করি এই নিবেদন। মা আমার বীণাপাণি. লয়ে কোলে মায়ারাণী পতি সাথে আনন্দেতে যাইছ বাঁকিপুরাগারে, আজি বিভুর কৃপায় মম আহলাদ কত অন্তরে।

তথাপি আঁখিতে জল

ঝরিছে মা অবিরল

কভদিন আর না হেরিব ও চন্দ্র বদন,
তাহাই ভাবিয়া আজি ব্যাকুলিত মন।
সদা মা ডাকিতে কত মা বলে মা অবিরভ
সর্বাদা করিত মম কর্ণ স্থাপান।

কভদিন সদায়ত খাবে না গো কাণ
ইহা ভাবি বিচলিত হইতেছে মোর চিত
কেমনে একেলা আমি থাকিব তথন,
ভোমার মায়ারাণী করেছেন মা আমারে বন্ধন।

আসি ছদিনের তরে মা স্থরধূনীর তীরে আপনার রাজ্যখানি করিয়া বিস্তার, বাঁকিপুরে যাইছেন আপনার ঘর।

ভার সে অমিয় হাসি নির্থিয়া দিবানিশি কভই আনন্দ হইত সদয়ে আমার

সেই চন্দ্রাননী কত দিনে দেখিব আবার।

অতি স্থলকণা মৈয়ে রাখিও সদা হৃদয়ে যতনেতে করিও মা তাহারে পালন, এসেছেন মহামায়া মহেশ্বরী রাখিও শ্বরণ।

> ফুল্লমুখে করিতেন কত শত কা**জ** সে সকল ভার মোরে দিয়া চলিলেন **আজ**।

মণি হরিদাস হররাণী

প্রভাত হলে যামিনী

হাসিমুখে কত সেবা করিত আমার.

আজি হইতে সে যতন কে করিবে গো আর।

বিভাবরী পোহাইলে

मिमिया मिमिया वटन

ডাকিয়া আনন্দ আর কে করিবে দান, বিচ্ছেদ বিষাদ আজি ঘেরিল জীবন।

ঘর্ষার অন্ধকার

ভাল না লাগিছে আর

কত কলরবে ভরাছিল এ ভবন,

সর্ববদাই পুলকিত থাকিত এ মন।

আজিকার কম্ট যত

লেখনী লিখিবে কত

শুন মাগো বীণাপাণি আদরের ধন

পূর্বব মত হইলাম আবার নিজ্জন।

তথাপি ও বিভূপদে

মাগিতেছি করপুটে

পুত্র কন্সাত্রয় স্থস্থ লয়ে নিজ ঘরে

পতিসেবা কর তুমি থাক ফুল্লান্তরে।

কভদিনে

শ্রীচরণে

করিয়া প্রণাম

लहरत मा च मार्की क्रांगीत आभिन तहन,

সাধ্যমত তাঁর সেবায় করিবে যতন।

জা গণে মা নমস্করি

তাঁদের আশিস ধরি

তুষিয়া সকলে সদা মিষ্ট আলাপনে, চিরত্রখে থাক মা এই মরত ভুবনে।

পিতামাতার আশিস ধর

মঙ্গল সিন্দুর পর

এই নারীর অলঙ্কার চির জীবনের মত, সকলকে নিত্য ভক্তি মনে দান পান করিও চরণামৃত

পতি সন্তানাদি সনে

থাক রত নাম গানে

সতত রেখ মা মতি ঈশর চরণে।
দীর্ঘায়ু লয়ে সকলে থাক মর্ত্ত্যুদ্দ,
তটবাসী মায়ে মাগো রাখিও স্মরণে।

৺জাহ্নবীতট ব্রাহ্নগর শুক্রবার ২৭শে ফান্ধন ১৩৩৩ সাল

8

वानीर्वात।

ভকতি পূর্ণ প্রণাম

কুপাময় জনাৰ্দ্দন

দেব করহ গ্রহণ,

আজি শুভ ষষ্ঠীবাঁটা জামাতুরর্চনং।

সকলেই হর্মযুতা

হেরিবে জামাতা স্থতা

সকল ঘরেই আজ আনন্দোৎসব কেবল আঁধার ঘর মোর কেশব।

কত দুরে

বাঁকীপুরে

মম গুণময় জামাতা ফণী

গুণবতা সাধ্বী কন্যা আমার বীণাপাণি

কেমনে এ আঁখি আর দিখিবে প্রভু আমার

তথাপিও আজিকার দিনে তটাশ্রমে,

হতেছে বাসনা হেরি ছ'টি চন্দ্রাননে;

মণি হরিদাস হররাণী বেবীমণি মোর মায়ারাণী

এ চারিজনের পদ্ম মুখ করিতে দর্শন, হুইতেছে বাঞ্চা অতি, দেব নারায়ণ। কি করি, নাহি উপায় নিবেদি তাই রাঙ্গা পায় আজি শুভ ষষ্ঠীবাঁটায় শুভাশিস কর দান হাসি মুখে যেন থাকে এ মরত ভুবন।

ত্বর্দান্ত গরম তথা তাই মাগি বিশ্বপিতা

আবরণ দিয়ে রেখ সকলের স্থন্থকায়।

চির শান্তি লয়ে যেন থাকেন নিজ আলয়

কমল হাত মাথে দিয়া এক করে রেখ চু'টি হিয়া

সন্তানাদি সনে দাও তু'জনে দীর্ঘ জীবন,

পুনঃ স্থুখ সন্মিলনে মোরা ধন্যবাদ করিব দান। মোর বাবামণি আদরের ফণী

> পাটনা সহরে আছ লয়ে মম বীণাপাণি, নির্থিতে তোমাদের ব্যাকুল আজি পরাণী,

শুভ ষষ্ঠীবাঁটা দিনে শুভ ধান জুৰ্ববা দানে

আজি মোরা শুভাশিস করিতেছি দান, লয়ে সম্ভানাদিগণ

ও চাঁদ বদনে

युषीर्घ कीवत्न

বাবা, বীণাপাণি সনে স্থথে গাও ব্রহ্মনাম. মণি মঙ্গলে মা বীণাপাণি পর চির সিন্দূর ভূষণ।

> ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মাতা

৺**জা**হ্নবীতট ব্যাহনগর

রবিবার ২২শে জ্যৈষ্ঠ ১৩৩৪ সাল।

:0:0:

মোর হরিদাসেরে রক্ষা কর, যুগল রূপে আমার দয়াল হরি
মা জাহ্নবীর তটে বসে জানাতেছি প্রাণ ভরি
ক্রমে জর কমিতেছিল কেন আবার বেশি হইল
যুগল কর কমল বুলিয়ে দাও হে স্কুস্থ করি।

শুনে টাইফয়েড ফিবার মোদের চিন্তিত সদা অন্তর
প্রভু জানিতেছ হে প্রীধর ও গো মা চণ্ডী জগদীশ্রী,
পাঠিয়েছি মা চরণ মালা চরণ তুলসী চিক্কণ কালা
চিন্তার সাগরে ভেলা হও দয়া করি।
শীক্তরণামৃত করে পান দীর্ঘায় সে ধরে যেন
শক্তি রেখ তার ভগবান্, আমারে করুণা করি,
ওহে ত্রিজগত ভূপ কতই তোমার রূপ
কত স্থানে কত নামে রয়েছ বিরাজ করি।
বাবা ভেঁছি সাহেবের ধুল ফুল ও সিমি
চেয়েছেন হরিদাস মণি আপনি

্ তাহাও পাঠামু দেব তোমার ভক্ত কারণ,
ভক্তরে করিও রক্ষা পাদ পদ্মে এই ভিক্ষা
যেন পিতা মাতা ভগ্নিত্রয় লয়ে এসে করে অভয় পদ দর্শন।
সেদিন আনন্দ মনে ধন্যবাদ শ্রীচরণে

দিব মোরা, আজি লও যুগলে ভক্তি প্রণাম, এই নিবেদন বিভূ স্থদীর্ঘ জীবন কর সকলকে দান।

> ইতি মঙ্গলপ্রার্থী হরিদাস মণির দিদিমা।

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ২৭শে আষাত ১৩৩৪ সাল

জ্রীজ্রী মাতুর্গার পদ কমলে প্রার্থনা

গুভাশীর্বাদ।

শুভ বিজয়া দশমী আজি যাবে মা কৈলাস ধাম,

এসেছেন লইতে ভোমায় আনন্দেতে ত্রিলোচন।

কি দিয়ে হই গো খুসী

যতনে গেঁথেছি তাই বন কুস্থমেতে মালা,

প্রেমানন্দে সাজিয়ে দিই মা তাহাতে তোমার গলা।

মাথে সিন্দ্র ভূষণ

ও চাঁদ কপালে স্থচন্দন

পরাইয়া দিই কুতূহলে শল্ভায় রঞ্জিত করি শ্রীপাদ পদ্ম তলে। ভকতি প্রণতি লও মা ভগবতী দেবী তুমি কুপা করে,

তব বিচ্ছেদ বেদনা দিবে মা যাতনা

সতত মম অন্তরে।
মা তুর্গা তুর্গা বলে ডাকিব যখন,
দেখাইও মোরে ঐ কমল চরণ,
ভয়ে অভয় করিও মা দান, এই মা জাহ্নবী কূলে,
মাগি তোমার ও কর কমলে।

আশীর্কাদ কর মা দান আমার ফণীন্দ মণি লইয়া দীর্ঘ জীবন মণি মোর বীণাপাণি

চির স্থন্থ শান্তি লয়ে সাথে পুত্র কতাগণ গায় মা আনন্দ মনে যেন তোমার জয় নাম। নির্বিদ্যে এনে সবারে দেখাইও মা গঙ্গা তীরে

ছয়টি মুখ-পদ্ম হেরে মোরা জুড়াই যেন নয়ন, গাই মা আনন্দে জয় বসে এই বনালয়

> আনন্দময়ী তুর্গা নাম করি গো কীর্ত্তন। কর দয়াময়ী আজি সকলকে দীর্ঘায়ু দান ছে দেবী রাঙ্গা পায় বনাশ্রয়ে এই নিবেদন।

হাদয় রতন মণি

আদরের বাবা ফণী

শিরে আজি ধর তুমি শুভ দূর্বা ধান, মণি হরিদাস সনে বিজয়ার আশিস মোদের স্লেহ ও কলাাণ।

মা মণি বীণাপাণি

তনয়া রতন মণি

মায়ারাণী হররাণী মণি বেবীরাণী সাথে,
না গো শুভ সিন্দ্রাভরণ প'র চির দিন মাথে।
বেহান ঠাকুরাণীকে দিও মা আমার ভকতি প্রণাম,
আদরের কনিষ্ঠ সবাকে দিও মম আশিস ও কল্যাণ।

ইতি মঙ্গলপ্রার্থী তোমাদের মা।

৺**জাহ্ন**বীতট বরাহনগর রুহস্পতিবার ১৯শে আখিন ১৩৩৪ সাল।

अड जानीर्वाम।

হে অথিলেশ্বর অথিল ঈশ্বরী
মা জাহ্নবী তীরে শ্রীচরণোপরে
ভক্তি প্রণিপাত লও করুণা করি।

তোমার দাসেরে আজি কৃপা করে
উঠাইলে দশ বছর উপরি,
আশিস প্রদান কর ভগবান

যুগল করেতে হে ভুবনেশ্বরী।

মা চণ্ডী কমলা শ্রীচরণ মালা দিয়াছি তাহার তরে,

তোমার কৃপায় ফুল এ হৃদয়

মাগি আজি তাই পরাণ ভরে,

শ্রীরূপ যুগলেতে হরিদাসের অন্তরেতে থাকি চির স্থন্থ ও শান্তি দিও মা তারে।

क्रनक क्रननी

তিন্টী ভগিনী

লইয়া আত্মীয় স্বজনে,

নাম গুণগান

প্রেমে অবিরাম

যেন গায় মণি ছরিদাস দীর্ঘ জীবনে।

ইতি মঙ্গলপ্রার্থী হরিদাস মণির দিদিমা।

৺জাহ্নবীতট

শনিবার

ব্রাহনগর

২২শে অগ্রহায়ণ ১৩৩৫ সাল

শুভাশীৰ্বাদ

আদরের দাদামণি হরিদাস ভাই

রয়েছ ঝামাপুকুরে,

বসে মা গঙ্গার ভীরে

গেঁথে বনফুলে শুভ মালা শ্রীচরণে দিয়ে তাই আজি তব জন্ম দিনে পাঠাইত

পাঠাইমু সযভনে

আদর করে বনমালা গলে তুমি দিও ভাই,

নিত্য ভক্তি ভরে ঠাকুর প্রণাম করিও মণি সদাই। ললাটে শুভ চন্দন শিরে ধর দুর্ববা ধান

ভোমার দাদাবাবু ও দিদিমার এই আশীর্কাদ জেন।

স্তদীর্ঘ জীবন লয়ে

বিদ্বান স্থবৃদ্ধি হয়ে

স্থু শান্তি ধন লয়ে ভোগ কর ধরাধাম,

শ্রীচরণামৃত পান করে

প্রেম ও আনন্দ ভরে

পিতা মাতা ভগ্নিত্রয়ে গাও ব্রহ্ম নাম।

ইতি মঙ্গলপ্রার্থী তোমার দিদিমা।

৺**জাহু**বীতট ব্যাহুনগর শনিবার

২২শে অগ্রহায়ণ ১৩৩৫ সাল

প্ৰাৰ্থনা ও শুভাশীৰ দ

জয় বিশ্বনাথ জয় জয় মাগো বিশেশরী।

মাতা ভাগীরথী কূলে ও রাঙ্গা পদ যুগলে প্রেমার্য হৃদয় খুলে আজি দিতেছি লও কুপা করি। প্রেম ভক্তি প্রণিপাত বিশ্বেশ্বরী হে বিশ্বনাথ যুগল কমল পদে লও গো করুণা করি, করি যোড় হাত ত্রিভুবননাথ ও গো মা ভুবনেশ্বরী।

আজি দয়) করে তিরিশ বছরে

তঠালে আমার মনি বীণাপানি,
পদ্ম হাত মাথে জগতের নাথে

কর আশীর্কাদ জগত জননী।
শুভ জন্ম দিনে স্থন্থ শান্তি মনে

স্থানির্দি জীবনে পতি পুত্র সনে,
লয়ে কয়া হিলে আনন্দ বদনে

যেন রত থাকে মা বীণাপাণি সদা নাম গুণ গানে।

মা ভোমার শুভ সিন্দ্র চির শোভে ভাব শিব শ্রীচরণ পল্নে আজি মোর এই নিবেদন, চক্রানন হেরে স্থাই হয় যেন মন প্রাণ। শ্রীচরণ ফুলে সাজাইব এই করি আকিঞ্ন, পূর্ব হয় দেব দেবা যেন আগার মনকাম।

প্রাণাধিকা বাণাপাণি

आपतिनी गा जननी

শুভ জন্ম দিন তব হ'ল মাগো আজি.

নির্খিতে চকুানন

বডই ব্যাকুল মন

পতি পুত্র কন্সাত্রয়ে লয়ে এস সাজি।

বনবাসী মা ভোমার

আদরে কি দিব আর

মা চন্ডী সর্বন মঙ্গলার সিন্দুরাভরণ,

ধর শুভ স্নেহাশীর্বাদ

সর্বন স্থাথ থাক মা নিরাপদ

ইহাই প'ব মাথায় চিব্রদিন।

শ্রীচরণ ফুলে কর সাজ পতি সন্তানাদি লয়ে আজ

তব পিতার শুভাশিস শিরে ধর দূর্বা ধান,

চির স্থন্থ শান্তি ধন ভোগ কর এই ভব ধাম।

কর শ্রীচরণামৃত সকলকে লয়ে পান,

দীর্ঘ জীবনে গাও মিলে সবে ব্রহ্মনাম।

ইতি মঙ্গলপ্রার্থী ভোমার মা।

৺**জা**কবীতট বরাহনগর

শুক্রবার ১৩ই পোষ ১৩৩৫ সাল ।

820

3

अञानीकीन ।

জয় জগত জননা জগতের নাথ মা ভাগীরথী কলে করি ভক্তি প্রণিপাত। যুগল চরণে লও কুপা গুণে আজি মা বীণাপাণির মাথে কর আশীর্বাদ, লইয়া ত্ৰয়া তিনে পতি পুত্র সনে যাইছে মা নিজ ভবনে, রহে তথায় নিরাপদ। युमीर्घ जीवन मात्न চির স্তুস্থ ফুল ননে রেখ ছে দেব দেবী ছয় জনে এই আজি নিবেদন পরিবে মা বীণাপাণি চির সিন্দুর আভরণ। তুদিন দেখায়ে মোরে . কেন আর মায়া ডোরে व्यावात वांधिया पित्न कपर्य (वषन। নিতা স্তসংবাদ দিয়ে শান্তিতে রেখ এ হিয়ে শুভ দর্শন পুনঃ পেয়ে ধত্যবাদ করিব দান. পুরাইও দয়াময় দয়াময়ী এই মনকাম।

কদি রাণী বীণাপানি সেহ ময়ী মা জননী নির্বিদ্যে যাইছ আজি আপনার ঘর, পতি পুত্র কন্থা তিনে লয়ে থাক শান্তি মনে ঈশর কুপায় ফুল্ল মোদের অন্তর;

তথাপি হৃদয় বাঁণে কত দিন চন্দ্রাননে মা হেরিতে পাবে না জেনে হতেচে বিকল মা গঙ্গার কোলে বসি ওগো মা হৃদয় শণী নয়নে কেবল মোর বর্ষিছে জল

তৃদিন দেখা দিয়া মোরে মায়ারাণী মায়া ডোরে
বেঁধে রেখে বাঁকীপুরে করিছেন গমন,
হররাণী হরিদাস খাইতে এসে প্রসাদ
মা, দিয়ে গলে স্লেহ ফাঁস ঘরে এখন যাইতেছেন।

আদরিণী বেবীরাণী যেন গো প্রেমের খনি এলে পরে যতু করে দিদিমারে কত কান্ধ করিতেন, এ সব শ্বরি এখন মা কফ পাইতেছে মন দিদিমণি কভ গল্প দিদিমাকে শুনাতেন।

নিরানন্দ তটাশ্রম হইল মাগো এখন
মন্তলে এসে আবার সকলে মিলে আনন্দ করিও দান,
প'র মা চির শুভ সিন্দ্র, ধর সকলে মাথায় দূর্না ধান,
দীর্ঘায় লইয়া সবে গাও পরব্রন্দের জয় নাম।

ইতি মঙ্গলপ্রার্থী তোমার মা।

৺জাক্তবীতট বরাহনগর বুধবার ৩রা মাঘ ১৩৩৫ সাল

---:0:0:---

ওহে দীন স্থা

এ অমা নিশিতে

কেন হে বনেতে

আজি আমারে রাখিলে একা সারা দিন থাকি বিজন আশ্রমে,

আশা করে মন

ব্রহা সনাতন

মিলিয়া নিশীথে প্রাণ পতি সনে

হয়ে প্রীত মন

গাহিব হে নাম

চিত শান্তি পাবে হরি গুণ গানে, আর সকলের স্থথবর শুনে কেন হে তাহাতে করিলে বঞ্চিত।

জ্ঞানিনা যে দন্তে আছমে বেদন কেন বা হঠাৎ হইল এমন, শুনিয়া আকুল হতেছে পরাণ প্রভু স্কুম্ব করে দাও দিয়ে পদ্ম হস্ত।

स्रुमीर्च खीवन

কর তাঁরে দান

সন্তানাদি সনে হে ভগবান

মা গঙ্গার কোলে

নমি শ্রীপদ কমলে

মাগি অভয় আমায় কর হে দান।

*৺জাহ্ন*বীতট

শনিবার

বরাহনগর

২রা অগ্রহায়ণ ১৩২৯ সাল।

-:0:---

আজি তাগ পূরিল কই তুমি আমি ভিন্ন ঠাই
সকলি আমার কর্মফল,
তুমি আছ ঝামাপুকুরে আমি পড়ে মা গঙ্গাতীরে
আসিও পাইলে দেহে বল।
মাগি ঈশ্বর শুভ চরণে থাক তুমি চির শান্তি মনে
তুদীর্ঘ জীবনে লয়ে সন্তানাদি বন্ধুগণ,
আমি জীবনের শেষ দিনে যেন নিরখি তব চরণে
আমানদে জয় নাম গেয়ে যাই ছেড়ে ভবধাম।

প্রার্থনা

--:0:0:---

আজি এ নৃতন দিনে পুষ্প নাই হৃদি বনে

কি দিব চরণে বিভূ লও ভক্তি নমক্ষার,
আমার হৃদয় নাথে রাখিলে যদি দূরেতে
তবে দাও হে এ হিয়া মাঝে অভয় পদ ভোমার।

স্থান তাঁরে দাও ভূমি রুপা করে

সন্তান ও আত্মীয় সনে হে পরমেশর।

একা পড়ে আছি বনে রাখিও শান্তি পরাণে

নিরখি তুদিনে যেন স্তম্থ তাঁর কলেবর

মা গঙ্গা তীরে কর যুড়ি মাগি আজি হে দয়াল হরি
লাল সাজে অভয় পদে এইবার স্থান যেন হয় আমার।

প্রিয়তম,

নূতন দিনেতে আজি তুজনাতে নাহি দেখা আমার করম ফল কি আর হইবে বল নিরাপদে সুস্থ হয়ে দেখা দিও হে প্রাণস্থা। নৃতন দিনের সম্ভাষণ

করিমু আমি গ্রহণ

আজি মোর ভক্তি প্রণাম লইও চরণ তলে এই ক্ষুদ্র কবিতা কুস্তমমালা ধরিও অধীনা ব'লে।

> ইতি ভোমার চিরদাসী পম।

৺জাহ্নবীতট বরাহনগর মঙ্গলবার ১লা জামুয়ারি ১৯২৯ সাল।

জীজিগদীশ্বর

-:0:--

অভয় চরণে

মাগিতে ছি বনে

বসি মাতা স্তরধুনী তীর

যুড়ি ছটি কর

হে ব্রহ্মাণ্ডেশর

মস্ত্রক শীতল রাখ এ দীন কলার। হৃদয় কমলাসনে

্থাক পিতঃ নিশিদিনে

ভয় যেন নাহি পায় আমার অন্তর, নির্ভয়ে রাখিও এই বনের ভিতর: ভূলে কভু নাহি থাকি শ্রীপদ তোমার এই আশীর্বাদ কর মাথে দিয়ে পদ্ম কর।

ব্যণীর শিবোমণি

মম স্বামী গুণমণি

মাথার কোডাটি তাঁর দাও *হুস্থ* করে বুলাইয়া প্রভু তব শ্রীকমল করে।

সবল রাখিও কায়

ক্লদে যেন শান্তি রয়

পিতা ও মাতার ভার করেছ অর্পন স্থদীর্ণ জীবন দেব কর তাঁরে দান নিরাপদে তব কার্যা করুন সাধন।

স্থেম্ব রাথ সকল সন্তানে আর মোর বীণাপাণি ধনে কুপায় এনেছ মোরে জননী জাঙ্গুবী কোলে সদা প্রেমানন্দে ডাকিব ভোমায় জয় জগদীশ বলে। এমনি পাপের কায় নিতা মায়া চিন্তায়

এখনও জড়িত করে রাখিয়াছে মন মায়া ও চিস্তা হইতে প্রভু কর পরিত্রাণ, এই বার কুপায় অভয় চরণে প্রভু পিতঃ, দাও মোরে স্থান।

৺**জা**হ্নবীতট বরাহনগর

২০শে পৌষ ১৩২৬ সাল

শ্রীশ্রীঈশ্বর সহায়

-- 000 ---

বিশ্বরাজ কুপাগুণে

বাঁধিলান তব জন্মে

তোড়া বন ফুল আজি করিয়া যতন

আদরেতে ধর তুমি

আমার হৃদয় স্বামী

পূর্ণ হউক মনোসাধ আজ শুভ ন্তন দিন। গত সনে নৃতন দিনে ছিন্ম দোঁহে ভিন্ন স্থানে

ফোড়ার ছিলে কাতর

কতই চিন্তিত ছিল আমার অন্তর গাঁহার করুণায় আজ উভয়ের সন্মিলন এস তুইজনে সেই ভগবানে প্রাণভরে করি প্রণাম। মাগি পদে রেথ মোদের চিরদিন এই শুভ মিলন।

৺জাহ্নবীতট ব্যাহ্নগ্র

১লা জামুয়ারি ইং ১৯২১ সন

